

•			
		,	
	·		
	1	•	

बिबिमग्रश्य एत नवदीश-दावा।

িট্ৰীয় খণ্ড

(मशु नीना)

চত্র্বিংশতি অধ্যায় গয়া হইতে প্রভুর নর্ম্বীপে প্রভ্যাগমন।

ৰে প্ৰভু ৰাছিলা ভোলা মহাৰিক্সায়লে। এবে কৃষ্ণ বিশু আয় কিছু ৰাছি বালে।।

প্রভ্গয়াধামে পিতৃকর্ম করিয়া পৌষ মাসের শেবে
আসিলেন। আসিবার পথে পুনরায় মন্দারে
ধুক্রনন দর্শন করিয়া আসিলেন। পূর্বে এই মন্দার
তের কথা বলিয়াছি। শাস্ত্রে কথিত আছে এই
হান মন্দার পর্বতে আরোহন করিলে "নরোনারায়ণো
"(১) মন্দার হইতে প্রভ্লু বৈভনাথে আসিলেন।
মিতাহার প্রিয়ভক মহাদেবের শ্রীমন্দিরে আজাহলিতি
ভুজ উর্ব্বে তুলিয়া প্রভ্লু বহক্ষণ মধ্র নৃত্য করিলেন।
মানন্দে বিভার ইইয়া হক্ষার গর্জন করিলেন (২)। বৈভ

(>) विवरणनात्राव देश सम्बद्ध नाम गर्सकः । जजात्राहम नात्व्य नात्वामानात्रात्रा व्यवस्य ।। मन्त्रात्र निवतः वृद्दे । वृद्धे । व मनुष्यम्यः । जीवतम् वृद्धः वृद्धे श्रीवर्णकं न विकरणः ।।

(१) तम्बी क्षांटक देवस्थान एन्डेस संदत्त। हेर्न तास कृति नाटक नसीत स्थारत ॥ सः देशः तः নাথের পাণ্ডাগণ প্রভূকে দেখিয়া ক্ষান্তি সমাদরে মা
ভূষিত করিলেন। প্রভূ তাহাদিগের প্রতি শুভদৃষ্টিপাত করিয়া
সেখান হইতে কংশনদে আসিয়া রাজি যাগন করিলেন।
"সব সরোবরে গৌরচক্র স্থান করি।

কংশনদ গিয়া বঞ্চিল শর্কারী"॥ জঃ চৈঃ মঃ
যথা যময়ে শুশ্রীনবৰীপচন্দ্র নবৰীপে আসিয়া পৌছিলেন।
শ্রীপাদ চন্দ্রশেধর আচার্য্য প্রভৃতি প্রভৃত্য স্বলীগণের প্রাণ বাঁচিল। প্রভৃত্বে নবৰীপে আনিয়া আচার্যারত্ম শচীমাভার বড় আদরের প্রাটকে শচীমাভার হত্তে সমর্পন করিয়া
নিশ্চিন্ত হইলেন। প্রভৃ যখন গরাধাম হইতে শ্রীবৃন্দাবন যাত্রা করিতে উভত হইয়াছিলেন, তখন আচার্যারত্মের মনে বিষম ভূমু হইয়াছিল। তিনি শচীমাভার নিকট গিয়া কি বলিবেন গ এত দিনে ভাহার সেই ভর দ্র হইল।
তিনি নদীয়ায় আসিয়া একণে স্বভৃতিত্তে আহার করিলেন।

সর্ব্ধ নদীয়ায় ঘোষণা পড়িয়া গেল প্রভু গয়াধাম হইতে প্রত্যাগমন করিয়াছেন। নদীয়ার ঘরে ঘরে আনন্দ্র্পনি উঠিল। প্রতি গৃহবারে আম্রণাণা সহ মাদলিক ঘটছাপিত হইল। গৃহতোরণ পত্রপুশে স্থাণাভিত হইল। নদীয়া-স্থানীয়ন্দ্র মহাসমারোহে নদীয়ায় শ্রীশ্রীনব্দীপ চল্লের ভভা-গমন উৎসব সম্পন্ন করিলেন (১)। ঠাকুর প্রানন্দ ভাহার

⁽⁵⁾ युद्ध युवस वर्गः परिदर्शक्षमः भवन काहम कर्तृत्व स्वसूद्ध क्रेट ृतृत्रभद्धम् स्वतुः पतिकास्त्रभाव स्वति । ति

শ্রীচৈতন্যমঙ্গল শ্রীগ্রন্থে এই শুভ আনন্দোৎসবের এন স্থানর চিত্র অন্ধন করিরীছেন। কুপামর পাঠকর্দের বিন্যোদনার্থ সেই মধুকার চিত্রট এন্তরে উদ্ধৃত ইইল 🚱

ঠাকর আইলা বলিয়া প্রভিল গোষণা। প্রতিদারে স্বর্ণটি পল্লব তোরণা॥ নাছে বাটে নৃত্য গীত বাছ শংগদান। প্রতি দারে দীপ হাথে রসিকা রমণী। মাল্য চন্দন চ্য়া কুন্ধুম কন্তুরি। তৰ্পাণাত হাথে নবদ্বীপ পুরনারী॥ দ্ধি লাজ চুতাঙ্কুর হরিদ্রামলকী। खिरुक मिन्दुत श्री हि चारत चारत रह ये। भःश घन्ते मुम्ब शांशाक मशुक्रता। উপান্ধ ররাব ডম্প বাজে চন্দ্রতারা॥ মুরজ ডিভিম সরমগুল ধুসরী। কাংসা করতাল বাজে ভেরি মছরি। č ক্রন্থ বীণা করিনাশ বাজে সপ্তস্থা 3 উপাঙ্গ ররাব। করতাল ঝাঝবা॥ শত শত বাহ্য সব বাজে নাছে বাটে। প্রতি মুখে হরি ধ্বনি শুনি হাটে ঘাটে॥ শত শত লোক যায় আগু বাড়াইয়া। চরণ বন্দনা করে ক্ষিতিতে পড়িয়া॥ গঙ্গাপার হয়। নবদীপে প্রবেশিলা। ৰুদ্ধ বাল্য যুবা সবে আনন্দে ভাসিলা। নাছে বাটে হাটে ঘাটে জয় হলাহলি। পুষ্প ফেলায় কেহ অঞ্চলি অঞ্চলি॥ তের দেখ গৌরচন্দ্র প্রকাশ করিল। কেহ বোলে নবদীপ অন্ধকার ছিল। আজি নবদ্বীপের শোভা হৈল এত দিনে বৈকৃষ্ঠ অধীশ্বর গৌরচক্র দরশনে ॥ দুৰ্ব্বাধান্ত গোরোচন। দধি লাজ মধু। প্রতি ছারে নির্মঞ্চন করে কুলবধু॥

নদীয়া-পুরন্দর প্রভু আমার নদীয়ানদ স্বরূপ প্রভুব বিব্যান্ত 'নদীয়াবাসী 'নরনারীবন্দ নিরানন্দে ময় ছিলেন একণে তাঁহার দর্শনলাভে তাঁহারা আনন্দোৎসবে মন্ত হইয়াছেন। এত দিন শীলীনব্দীক্তি বিশ্বন নদীয়া অন্ধলার ছিল, একলে ছাঁহার স্বালাকিছিল কর্ম নদীয়া দেন আলোকিত হইল। নদীয়াবাসীর চিত্তের অন্ধলার নাশ হইল। শীগোরাঙ্গরপালোকে সর্ব্ব জীবের হৃদ্য আনন্দে উৎফুল হইল।

নদীয়া পরিজ্ञমন করিয়া প্রভু নিজ মন্দিরে শুভাগমন করিলেন। জননীকে সাষ্ঠাকে প্রণিপাত করিয়া চুই হতে তাঁহার পদপুলি গ্রহণ করিলেন (১)। শচী মাতার নয়নছ। দিয়া দরদরিত প্রেমাশ্রদারা বিগলিত হইল। তিনি সম্মেহে পুত্রের শিরোদেশ আঘাণপুর্কাক চক্রবদনে লক্ষ্ণ ক্ষেহ চুমন দান করিয়া প্রভুকে ক্রোড়ে লইয়া আঙ্গিনায়, বিসলেন (২)। শ্রীবাসপণ্ডিক্ত-গৃহিনী মালিনী দেবী, শ্রীআহ্বৈত-গৃহিনী সীতাদেবী, শচীমাতার ভগিনী সর্ক্রমা দেবী প্রভৃতি আত্মীয়া ও পুরনারীরুদ্দ সকলে মিলিয়া প্রভুর মঙ্গল কামনা করিলেন। শচীমাতা নানা প্রকার শাক ও ব্যঞ্জন রন্ধন করিয়া পুত্রকে পরম পরিতোষ করিয়া ভোজন করাইলেন। পুত্রের শুভাগমন উপলক্ষে শ্রীগোরাঙ্গ জননী ব্যক্ষণ, বৈষ্ণব, দীনদরিক্র ও বান্তকরগণকে নানাবিধ ধনবন্ধাদি দান করিলেন (৩)। বিরহিনী শ্রীমতী বিষ্ণান্থ্যা দেবী বছদিন প্রের প্রতিমুধ্ধ সন্দর্শন করিয়া

⁽১) প্রত্রথো জননী পদলং চলঃ কর্ডলেন শিরভ দ্ধামূহ: ।

অব পপাত স দওবছংক্লো ভূবি নরং বিষরং বিষধন্মূহ: ।।

শীকৈভভচিত্রভাত্তর বহাকাব্য

⁽২) চৌদিকে জানন্দময় হইল সৰ্বীপে।

দ্বৰ হ'য়ে বৈল মায়ের স্বীপে।

শচী ঠাকুরাণী পুত্রে করিল নিম্প্রিণ।
কুলব্ধু পদাপুদ্ধ করিল বলনা।।

লক্ষ্ণ লক্ষ্পু দিল পৌরাক্ষ ক্ষালে।
আলিক্ষ্পু দিয়া শচী বসাইল ক্ষোল্ধে লঃ চৈঃ বঃ

⁽৩) বিজগণার সন্তক্ষণাদ্ধ প্রভূতরেংশিত ক্লিস্থণার সা।

ক্লিক্লিজাগ্রনোল্লিতা দ্দৌ নিভূত সংখ্য সম্প্রিকার্ত ক্লোকার।

স্মানন্দর্শাগরে ভাগিলেন। তাঁহার সকল ত্র্থ দ্র হইল। তাঁহার পিতৃগ্রে আনন্দধনে উঠিল।

লন্দীর জনকরুলে আনন্দ উঠিল।

পতিমুখ দেখিয়া লন্ধীর ত্থে গেল। চৈঃ ভাঃ
তিনি পতির চরণে পুনঃপুনঃ প্রণাম করিয়া পদধূলি
লইয়া মন্তকে দিলেন। তাঁহার প্রাণবল্পতের সঙ্গে চারিচক্ষের
মিলন হইল মাত্র, তখন আর কোন কথা হইল না। কারণ
গৃহে অনেক লোক, তাঁহারা সকলেই প্রভুকে দেখিতে
আদিয়াছেন। প্রভু তাঁহাদের সহিত কথাবার্তা কহিতেছেন,
ভীর্থযাত্রার বিবরণ কহিতেছেন। যথা শ্রীচৈতক্য ভাগবতে—

ধাইলেন সভে যত আপ্তবর্গ আছে।
কেহো আগে কেহো মাঝে কেহো অতি কাছে।
যথাযথ করে প্রভু সভারে সম্ভাষ।
বিশ্বস্তর দেখি হইল সভার উল্লাস।
আগুবাড়ি সভে আইলেন নিজ্মরে।
তীর্থকথা সভারে কহেন বিশ্বস্তরে।

প্রভু অতি নম্রভাবে সকলের সহিত মিষ্টকথা কহিয়া কি বলিলেন শুকুন—

প্রভু বলে তোমা স্বাকার আশীর্কাদে।
গ্যাভূমি দেখি আইলাঙ নির্কিরোধে ॥ চৈঃ ভাঃ
উদ্ধৃত শিরোমণি নিমাই পণ্ডিতের বিনয়নম মধুর ভাব
দর্শনে সকলেই বিশ্বিত হইয়া তাঁহার বদনচন্দ্রের প্রতি
অনিমেষ নয়নে চাহিয়া আছেন। গুরুজন সকলে তাঁহার
শিরম্পর্শ করিয়া মনের আনন্দে আশীর্কাদ করিতে লাগিলেন। কেহ বা প্রভুর প্রসর স্থন্দর বক্ষস্থলে হস্ত স্পর্শ
করিয়া আশীর্কাদ করিলেন, প্রাণের আবেগে বৃদ্ধ ব্রাহ্মণগণ
প্রভুর স্ক্রাক্ষে হাত বৃলাইয়া মন্ত্রপাঠপূর্কক তাঁহাকে
ভালাবীর্কাদ করিতে লাগিলেন। (১)

(১) পরম হাত্ত প্রভু কথা করে।
সতে ভুট হইল বেশি প্রভুর বিনরে।।
শিরে হাত বিরা কেহে। চিরজীবি করে।
সর্ব্ব অলৈ হাত বিরা কেহে মগ্রণড়ে।
কেহো বক্ষে হাত বিরা করে আলীব্যাদ।
গোবিদ্দ দীত্দানক কম্প প্রসাদ।। তৈঃ ভাগ

শচীমাতার আজ আনক্ষের অবধি নাই। বছদিন পরে পুত্রমুখ দর্শন করিয়া তিনি যে কোথায় আছেন তাহা জানেন না।

> হইল আনন্দময় শচী ভাগ্যবতী। পুত্র দেখি হরিষে না জানে আছে কতি॥ চৈঃ ভাঃ

প্রভূমিষ্ট রুথায় একে একে সকলকে বিদায় দিয়।

তৃই চারিজন অন্তর্গ ভক্তসঙ্গে নির্জ্জনে বসিয়া মনের কথা

বলিতে লাগিলেন। প্রভূকি বলিতেছেন শুফুন—

প্রভূ বলে বন্ধু সব! শুন কৃহি কথা।
কুষ্ণের অপূর্ব্ধ যে দেখিল যথা তথা।
গ্যার ভিতরে মাত্র হইলাঙ প্রবেশ।
প্রথমেই শুনিলাম মঙ্গল বিশেষ।
সহস্র সহস্র বিপ্র পড়ে বেদলান।
দেখ দেখ বিষ্ণুপাদোদকতীর্থগানি।
পূর্ব্বে কুষ্ণ যবে কৈলা গ্যা আগ্যমন।
দেই স্থানে রহি প্রভূ ধুইলা চরণ।
গাঁর পাদোদক লাগি গঙ্গার মহত্ব।
শিরে ধরি শিব জানে পাদোদক তত্ব।
দে চরণ উদক প্রভাবে সেই স্থান।
জগতে হৈলা পাদোদক তীর্থনায়। চৈঃ ভাঃ

এই কথা বলিতে বলিতে প্রেম্মর প্রভুর কমল নয়ন ব্যে অবিরল প্রেমাখাবারা প্রবাহিত হইল। তিনি "হা কৃষ্ণ! হা কৃষ্ণ!" বলিয়া অঝোর নয়নে ঝুরিতে লাগিলেন। কৃষ্ণবিরহ-ছঃথ তিনি আর হৃদয়ে চাপিয়া রাথিতে পারিলেননা। উচ্ছসিত প্রেম-তরক্ষাঘাতে তাঁহার আবেগময় হৃদয়ন্মুদ্র উদ্বেলিত হইয়া উঠিল। প্রভুর তাংকালিক প্রেম্বিকারাবস্থা ঠাকুর বৃন্দাবন দাস তিনটা পয়ার শ্লোকে ফ্রন্সর বর্ণনা করিয়া গিয়াছেন যথা—

শেষে প্রাভূ হইলেন বড় অসমর।
ক্ষা বলি কান্দিতে লাগিলা বছতর॥
ভারিল পুলোর বন অহাপ্রেমজনে।
মহা শাস ছাড়ি প্রাভূ ক্ষাক্ষা বলৈ।
শিক্ষাক পূর্ণিত হইল সকা কলেবর।

স্থির নহে প্রভু কম্পভরে থর থর॥
প্রভুর এরূপ অবস্থা দেখিয়া নদীয়াবাসী বৈষ্ণবর্দ্দ
আনন্দে গদগদ হইলেন। তাঁহাদের নয়নেও প্রেমাঞ্চধার।
দৃষ্ট হইল। প্রভুর এতাদৃশ প্রেমবিহ্বলভাব দর্শনে সকলেই
বিস্মিত হইয়া মনে মনে ভাবিতে লাগিলেন—

"এমত ইহানে কভু দেখি নাই আরু"। জাঁহারা মনে মনে স্থির করিলেন—

শ্রীক্ষের অনুগ্রহ হইল ইহানে।
কি বিভব পথে বা হৈল দরশনে ॥ চৈঃ ভাঃ

শীমান পণ্ডিতাদি উপস্থিত বৈষ্ণবর্দ যথন মনে মনে এইরূপ ভাবিতেছিলেন, প্রভুর তথন বাহুজ্ঞান হইল।
তিনি আত্মদংবরণ করিয়া সকলকে সম্বোধন করিয়া
কান্দিতে কান্দিতে মধুর বচনে কহিলেন—

বন্ধু সব! আজি ঘরে যাহ।
কালি যথা বোলো তথা আসিবারে চাহ॥
তোমা সভা সহিত নির্জ্জন এক স্থানে।
মোর তৃঃথ সকল করিব নিবেদনে॥
কালি সবে শুক্লাম্বর ব্রহ্মচারী ঘরে।
তুমি আর সদাশিব চলিবে সহরে॥

একথা প্রভূ শ্রীমান পণ্ডিতকে উদ্দেশ করিয়া বলিলেন।
সদাশিব কবিরাজ প্রভূর একাস্ত ভক্ত ও অতিশয় প্রিয়
পাত্র। তিনি শ্রীকৃষ্ণলীলায় চন্দ্রাবলী ছিলেন (১)।
তাই প্রভূ শ্রীমান্ পণ্ডিতকে কহিলেন, সদাশিব কবিরাজকে
সঙ্গে লইয়া চলিবে। শুক্লাম্বর ব্রহ্মচারীর উপর প্রভূর
বিশেষ কৃপা। শ্রীবাস অঙ্গনে নৃত্যাবেশে প্রভূ তাঁহার
ভিক্ষার তপুল কাড়িয়া ধাইয়াছিলেন। তাঁহার গৃহে
যসিয়া প্রভূ মনের কথা নদীয়ার ভক্তবৃদ্ধকে কহিবেন।
সেধানে কল্য তাঁহারা মিলিত হইবেন। প্রভূক্ষ-

বিরহকথা কহিবেন। এই সময় হইতে ইচ্ছাময় প্রভূ আত্মপ্রকাশ করিতে ইচ্ছা করিলেন।

সকলকে বিদায় দিয়া প্রভু জননীর নিকট গিয়া বসিলেন। প্রভুর প্রীম্পে জার জন্ত কথা নাই, কেবল রক্ষ
বিরহকথা, রক্ষলীলাস্থলীর কথা। প্রেমময় প্রভু জাবিট
হইমা জননীকে রক্ষকথা জনাইতেছেন। প্রীমতী বিঞ্প্রিয়া
দেবী গৃহান্তরালে বসিয়া একান্ত মনে তাহা জনিভেছেন।
দেবীর দৃষ্টি প্রভুর রক্ষবিরহছঃথকাতর মলিন বদনচক্ষের প্রতি। শচীমাতা দেখিতেছেন, তাঁহার পুরাট গয়া
হইতে জাসিয়া থেন কেমন কেমন হইয়াছেন। রক্ষনাম
করিবামাত্রই তাঁহার স্থলর কমল নয়নদ্বয় বাম্পাকুল
হইয়া জাসিতেছে, কণ্ঠম্বর গদগদ হইয়া জাসিতেছে।
রক্ষকথা ভিন্ন জন্ত কোন কথা তাঁহার মূথে নাই! শচী
মাতা রন্ধনাদি করিয়া উত্তম করিয়া পুত্রকে ভোজন
করাইলেন। প্রভু জাহারে বসিয়াও রক্ষ কথা কহিতেছেন,
তাঁহার বদনে রক্ষকথার বিরাম নাই। শচীমাতা পুত্রকে
সংসারের কথা বলিবার জার সময় পাইলেন না।

প্রভূ আহারান্তে শয়নগৃহে গেলেন। বছদিন পরে শ্রীমতী বিষ্ণুপ্রিয়াদেবী পতিদেবতার অধরামৃত প্রদানার ভোজনে কৃতার্থ মনে করিলেন। প্রদাদ গ্রহণান্তর বন্ধালকার ভূষিতা হইয়া তামুলের বাটা হতে স্বামীর শয়নগৃহে প্রবেশ করিলেন। প্রভু তাঁহার শয়ার এক পার্বে বসিয়া প্রেমাবিষ্ট হইয়া আবেগভরে ক্লফনাম জ্প করিতেছেন। প্রিয়াজি যে গুহে গিরাছেন, তাহা তাঁহার লক্ষ্যই নাই। প্রিরাজি গৃহদ্বারে দাঁড়াইয়া প্রাণবলভের অপূর্ব্ব শ্রীঅককান্তি সন্দর্শন করিতেছেন। পুলকো-দামে প্রভুর শ্রীঅকের জন্দর শোভা হইয়াছে, আজাছ-লখিত স্বলিত স্নার করবয় স্কোমল জান্নদেশে ক্তাহ করিয়া, অ**র্জ**নিমিলিত নয়ন্ত্র **ঈবং উর্জ ক**রিয়া প্রেমাবেশে শঘায় বদিয়া তিনি মধুর খবে কৃঞ্নাম क्तिराज्या । सर्था सर्था "हा कृष्णः! हा कृष्णः!" विनिश्री আবেগভরে ক্রন্সন করিতেছেন। ভাঁহার বাহ্সান নাই। 🕮 মতী বিষ্ণুপ্রিয়া দেবী ধীরে ধীরে ভাষুলের বাটা শব্যাপার্বে

^{(&}gt;) পুরা চক্রাবলী বাসীব্রকে কৃষ্ণপ্রির। পরা ।

ব্যুক্রা বেণিড্রেপে সা ক্রিরাক্ত স্বালিব: ।)

সৌরবংশাদেশকীপিকা ।

গাথিয়া প্রাণবল্পভের পাদমূলে গিয়া বদিলেন। প্রভূর তথন বাহুজ্ঞান হইল। প্রিয়তমাকে দেখিয়া জাঁহার कृष्णवित्रहृष्टःथनागत উथनिया उठिन। প্রিয়জনকে **त्रिल मञ्जलकार जैत्रिल इहेगा मनदः य**ङावजः हे বুদ্ধি হয়। প্রভুরও তাই হইল। তিনি বিহ্নলভাবে "হা কৃষ্ণ! হা কৃষ্ণ'! বলিয়া বালকের মত কান্দিতে লাগিলেন। নবীনা প্রিয়াজি তাঁহার প্রাণবল্লভের ঈদৃশ অবস্থা দেখিয়া কি করিবেন কিছুই স্থির করিতে না পারিয়া ভীতিবিহ্বলচিত্তে প্রভূর পদদেবায় নিযুক্ত হইলেন। প্রভূ বাহজানশৃশ্ব ; তিনি ইহা দেখিয়াও দেখিতে পাইলেন না। কতক্ষণে প্রভু আত্মসংবরণ করিয়া প্রিয়তমাকে পদতলে মাসীনা দেখিয়া মধুরস্বরে কহিলেন "বিষ্ণুপ্রিয়ে! আমি গ্যাধানে অমৃল্যধন পাইয়া তুর্ভাগ্যবশতঃ হারাইয়া আদিয়াছি। এই জন্ম আমি বড়ই কাতর আছি। আমার প্রাণধন জ্রীক্লফ আমাকে একবার মাত্র দেখা দিয়া কোথায় চলিয়া গিয়াছেন। আবার কি করিয়া কত দিনে তাঁহার দাকাৎ পাইব তুমি বল দেখি? তুমি আমার দক্ষেধন বুন্দাবনচন্দ্ৰকে দেখিয়াছ কি ১" এই কথা বলিতে বলিতে প্রভু কান্দিয়া আকুল হইলেন। নবীনা প্রিয়াজি একথার কি উত্তর দিবেন ভাবিয়া দ্বির করিতে না পারিয়া তিনিও প্রভুর চরণ ধরিয়া কান্দিতে লাগিলেন। ইহা দেখিয়া ভক্ত-वरमन और जो तक जवारन व मरन महात छ एक क इहेन। প্রভূ ভাবিলেন অবলা সরলা বালিকাকে কাঁদাইয়া লাভ কি? বছদিন পরে তিনি গুহে আসিয়াছেন। আজ তাঁহার প্রাণবদ্ধভার বড় আনন্দের দিন। এখন ক্রন্দ্রন শোভা পায় না। ভক্তহঃথকাতর শ্রীগৌরভগবান এই ভাবিয়া আত্মসংবরণ করিলেন। তীর্থযাত্রার নানা কথা छुनिया कृष्णकथा श्राम अबू डीहात श्रियं प्राप्त जूडे 🔄 করিলেন। কৃষ্ণকথারকে উন্মন্ত হইয়া সে দিন উভয়ে শমন্ত নিশি জাগিলেন।

পরদিন প্রভাতে শ্রীবাস পণ্ডিতের আন্দিনায় কৃন্দ রুক্ষ তিলে নদীয়ার বৈফ্রগণ মিলিড হইলেন। এই কুন্দ রুক্ষের ঝাড়ে প্রতিদিন পর্যাপ্ত পরিমানে পুলা ফুটিড (১)। নদীয়ার বৈক্ষববৃদ্দ সকলেই এই স্থবৃহৎ কুন্দপুলার ক হইডে বিষ্ণু প্রার জন্ম পুলা আহরণ করিতেন এবং পুলা চয়ন করিতে করিতে নানাবিধ রুক্ষকথা কহিতেন। শ্রীবাস পণ্ডিড, গদাধর, মুরারি গুণ্ড, গোলীনাথ, রামাঞি পণ্ডিত প্রস্তৃতি সকলেই সেথানে গিয়াছেন। এমন সময়ে শ্রীমান্ পণ্ডিড হাসিতে হাসিতে সেখানে গিয়া উপস্থিত হইলেন। সকলেই তাঁহাকে জিজ্ঞাসা করিলেন—"পণ্ডিত! অহা তেমার মুখে এত হাসি কেন ?" শ্রীমান্ পণ্ডিত হাসিয়া উত্তর ক্রিলেন, "হাসিবার কারণ আছে।" সকলেই তথন তাঁহাকে ধরিয়া বসিলেন—"পণ্ডিত! বল বল এত হাসির কারণ কি ?" তথন শ্রীমান্ পণ্ডিত কি বলিলেন শুন্থন—

পরম অভুত কথা মহা অস্ভব। নিমাঞি পণ্ডিত হৈল পরম বৈষ্ণব॥ গয়া হইতে আইলেন সকল কুশলে। ভনি আমি সম্ভাষিতে গেলাও বিকালে ॥ পরম বিরক্তরপ সকল সম্ভাঘ। তিলার্দ্ধেক ঔদত্যের নাহিক প্রকাশ।। নিভূতে যে লাগিলেন কহিতে ক্লফকথা। रय रय ज्ञान रमिश्रानन रय ज्यभूकी यथा॥ পাদপদ্ম তীর্থের লইতে মাত্র নাম। নয়নের জলে সব পূর্ণ হৈল স্থান। সর্বা অঙ্গে মহা কম্প পুলকে পূর্ণিত। "হা রুঞ্।" বলিবা মাত্র পড়িলা ভূমিত। मर्क ज्ञाल भाजू नारे देशना मृष्टि । কথো কণে বাহ্বদৃষ্টি হৈলা চমকিত। । **(भारव रच विनिद्धा "क्रक्य" कैं। निरक माजिमा ।** ८२न द्वि शकांद्रिती आंत्रिश मिलिला ॥

(>) এক বাড় কুল আছে-জীবানবলিরে।
কুলরপে কিবা করতক অবভরে।
বজেক বৈক্ষব ভোলে তুলিতে না পাছে।
জন্ম অব্যয় পুলা সর্বাদশ করে।। হৈঃ ভাঃ

বে ভাল দেখিল আমি ভাহান নরনে।
তাহানে মহায় বৃদ্ধি নাহি আর মনে॥
সবে এই কথা কহিলেন বাছ হৈলে।
ভক্লীদর গৃহে কালি মিলিবা সকালে॥
তৃমি আর সদাশিব পণ্ডিত ম্রারি।
তোমা সভা স্থানে তৃংখ করিব গোহারি॥
পরম মলল এই কহিলাঙ কথা।
ভবায় কারণ ইথে আচ্যে সর্বথা॥ হৈ: ভাঃ

শ্রীমান্ পণ্ডিতের কথা শুনিয়া মহানন্দে সকলে হরিধ্বনি করিতে লাগিলেন। সকলেই বয়োজ্যেষ্ঠ প্রবীন বৈষ্ণব। নিমাঞি পণ্ডিত তাঁহাদের তুলনায় বালক। শ্রীবাস পণ্ডিত প্রথমেই বলিয়া উঠিলেন—

"গোত্ৰং নো বৰ্দ্ধতাম্" "গোত্ৰ বাড়াউক কৃষ্ণ আমা স্বাকার"।

এই কথা শুনিয়া সকলেই মহানদ্দে "তথাস্ত তথাস্ত"
বলিয়া রুক্ষ কীর্ত্তন আরম্ভ করিলেন। এইরপে পৃশ্প চয়ন
কার্যা শেষ হইলে তাঁহারা গৃহে গিয়া পৃজা সমাপন
করিলেন। শ্রীমান্ পণ্ডিত পৃর্কাদিনের কথামত গঙ্গাতীরে
শুক্লাম্বর ব্রহ্মচারীর কুটারের দিকে গমন করিলেন। পথে
তাঁহার সহিত গদাধর পণ্ডিতের সাক্ষাৎ হইল। তাঁহার
মৃথে গদাধর পণ্ডিত পুনরায় শুনিলেন প্রভু শুক্লাম্বর ব্রহ্মচারীর কুটারে আজ রুক্ষকথা কহিবেন। ইহা শুনিয়।
বৈক্ষবহুজামণি গদাধরের মনে হইল—"কি আখ্যান
রুক্ষের কহেন শুনি গিয়া"; এই ভাবিয়া তিনি অত্রে গিয়া
শুক্লাম্বর ব্রহ্মচারীর কুটারে শুকাইয়া রহিলেন।

শ্রীমান্ পণ্ডিত স্নাশিব কবিরাজকে সঙ্গে নইয়। তদাদর বন্ধচারীর কুটারে উপস্থিত হইলেন। একে একে ম্রারি গুপ্ত প্রভৃতি অন্তর্ম ভক্তর্গণ আসিয়া সেথানে মিলিত হইলেন। সকলেই প্রভুর অপেকা করিতেছেন—

হেনই সময়ে বিশ্বস্তার বিজরাজ। আসিয়া মিলিল যথা বৈষ্ণব সমাজী । ১৮: ভাঃ পঞ্চবিংশতি অধায়।

নদীরার প্রভূর প্রেমন্ডক্তি প্রকাশ। শচীমাতার উবেগ।

বে প্রভূ আহিলা অতি পরম গভার। নে প্রভূ হৈলা প্রেমে পরম অছির।। শ্রীচৈতভভাগবত।

প্রভু কৃষ্ণপ্রেমে টলমল হইয়া যথা সময়ে শুক্লাম্ব ব্রহ্মচারীর কৃটীরে আসিয়া উপস্থিত হইলেন। পরম সমাদরে
তাঁহাকে উপস্থিত বৈষ্ণবগণ সম্ভাষণ করিলেন। প্রভুর বাষ্থদৃষ্টি নাই। সাধু বৈষ্ণব দর্শনমাত্রেই তাঁহার শ্রীবদন হইতে
ভক্তিবিষয়ক উত্তম উত্তম শ্লোকাবলী উচ্চারিত হইতে
লাগিল। ভক্তগণ তাহা শুনিয়া হরিধ্বনি করিতে লাগিলেন।
প্রভু কৃষ্ণ বিরহে আত্মহারা হইয়া "হা কৃষ্ণ! তুমি কোণা
গেলে"? এই বলিয়া আকুল প্রাণে ক্রন্দন করিতে লাগিলেন। কৃষ্ণপ্রেমে তিনি উন্মত্ত,—কৃষ্ণবিরহে জ্ঞানশৃশ্য।

"পাইলুঁ ঈশ্বর মোর কোন দিকে গেলা?"

এই বলিয়া শুক্লাম্বর ব্রহ্মচারীর গৃহের শুপ্ত ক্রোড়ে ধারণ করিয়া প্রকৃ কান্দিতে কান্দিতে ভূমিতলে পতিত হইলেন। প্রভুর প্রেমাবেগ ধারণে অসক্ত হইয়া শুপ্ত শুক্ত শুক্ত হইয়া গেল। তথন তিনি আনুলায়িতকেশে "হা ক্লফ! কোণা ক্লফ?" বলিয়া মুদ্ভিত হইয়া ভূতলে পড়িলেন(১)। ভক্তগণ শকলেই প্রভুর সহিত ভূমিতে পড়িয়া কান্দিতে লাগিলেন। গৃহের ভিতরে গদাধর লুকাইয়া ছিলেন। তিনিও মুদ্ভিত হইয়া পড়িয়া আছেন। কেহ কাহাকেও দেখিবার শক্তিনাই; শুক্লাম্বর ক্রন্ধারীর গৃহের নিম্নদেশে পাবিত্রসলিলা স্বর্ধণি প্রবাহিতা। তিনি আজ আনন্দে উচ্ছেসিত হইয়া তর্মভুকী দ্বারা প্রভুর প্রেমভক্তিবিকারলীলারক দর্শনে মৃত্নুমক্ষ হাসিতেছেন।

সবেই হইলা প্রেম আনন্দে মৃচ্ছিত। হাসেন জাহুবী দেবী দেখিয়া বিস্মিত ॥ চৈঃ ডাঃ

⁽১) ভাঙ্গিল গুৰের ওছ প্রভূর আবেশে। "কোৰা কুক" বলি গড়িলেন সুক্ত কেলে। চৈঃ ভাঃ

কিছুকণ পরে প্রভ্র বাছু জান হইল। তিনি ভূমিশযা। হইতে গাজোখান করিয়া "ক্ষ রে! প্রভু রে! মোর কোন্দিকে গোলা" বলিয়া পুনরায় আকুল প্রাণে উক্তঃবরে কান্দিতে লাগিলেন। কান্দিতে কান্দিতে পুনরায় অক আছাড়িয়া ভূমিতলে পতিত হইলেন। ক্ষণপরে পুনরায় উঠিলেন, আবার শ্রীঅক আছাড়িয়া ভূমিতলে পড়িলেন।

আছাড়ের সমুচ্চয় নাহিক খ্রীঅকে।

না জানে ঠাকুর কিছু নিজ প্রেমরত্বে ॥ চৈঃ ভাঃ

রক্ষপ্রেমে প্রভু একেবারে উন্মন্ত। বাহুভাবানদে তিনি পুনংপুনং আছাড় গাইতেছেন, প্রেমরকে প্রেমময় প্রেমের ঠাকুর শ্রীগোরাক প্রভু ইহার কিছুই বৃদ্ধিতে পারিতেছেন না। ভক্তবৃদ্ধের ইহা দেখিয়া প্রাণ ফাটিয়া যাইতেছে। প্রভু প্রেমারেশে আকুলভাবে কেবল ক্রন্দন করিতেছেন। ব্রশ্বচারীর কুটীর রুক্তক্রন্দনকোলাহলে পরিপূর্ণ হইল, রুক্প্রেমানন্দে মুখ্রিত হইল।

> উঠিল প্রমানন্দ ক্লেফর ক্রন্দ্ন। প্রেম্ময় হইল শুক্লাম্বরের ভ্রন্ন। চৈঃ ভাঃ

অনেককণ পরে প্রভূ প্রকৃতিস্থ হইয়া স্থিরভাবে বসি-লেন; কিন্তু তখনও তাঁহার নমনে অবিরল প্রেমাঞ্চার প্রবাহিত হইভেছে; তিনি শুক্লাস্ব ব্রন্ধচারীকে লক্ষ্য করিয়া জিজ্ঞাসা করিলেন—

"
কোন্ জন গৃহের ভিতরে

"
জ্ঞাষর ব্রহ্মচারী কান্দিতে কান্দিতে উত্তর করিলেন:

"
তোমার গদাধর ॥", চৈঃ ভাঃ

গদাধর পণ্ডিত গৃহকোণে বসিয়া হেটমুখে অঝোরনুমনে কেবল ঝুরিতেছেন। প্রভু গদাধরকে দেখিয়া পরম
দক্ত হইয়া কান্দিতে কান্দিতে কহিলেন:—

"— গদাধর! তোমার স্কৃতি।

শিশু হইতে কুঞ্চেতে করিলা দৃঢ়মতি॥

আমার সে হেন জন্ম গেল বুথা রসে।

পাইতু অমূল্য নিধি গেল দিন দোবেনা চৈঃ ভাঃ

এই বলিয়া কান্দিতে কান্দিতে প্নরায় আৰু ভূমিতলে নিণতিত হইলেন তিহার সোনার অঠ ধুলায় ধুসরিত হইল। তিনি উন্নাদের স্থায় একবার উঠেন, আবার অক
আহাড়িয়া ভূমিতলে পতিত হন। দৈববলে প্রভুর জীবদন
ও নাদিকা আহাড়ের লেই বিষম আঘাত হইতে রকা
পায়। তিনি চক্ উন্মিলন করিতে পারিতেহেন না।
জীবদনে কেবল "হা কৃষ্ণ! কোথা কৃষ্ণ! কৃষ্ণ কি
করিলে!" এই মাত্র বলি। যাঁহাকে সমুণে পান তাঁহারই
গলা পরিয়া কান্দেন আর বলেন—

কৃষ্ণ কোথা বন্ধুসব বোলহ সন্ধর। চৈ: ভা:
প্রভুর এতাদৃশ আর্জি দেখিয়া কাহারও মুণে বচর ফুর্নি
হয় না। সকলেই কেবল কান্দিতেছেন। গদাধর প্রভুর
বাল্যবন্ধু। প্রাণ অপেকাও প্রভু তাঁহাকে ভাল বাসেন;
তাঁহাকে দেখিয়া প্রভুর কৃষ্ণবিরহসমূদ্র উপলিয়া উঠিল।
গদাধর পণ্ডিত আজন্ম কৃষ্ণভক্ত। তাই প্রভু তাঁহার
ভাগ্যকে প্রশংসা করিয়া কান্দিতে কান্দিতে কহিলেন
"গদাধর তুমি ভাগ্যবান্। তুমি শিশুকাল হইতে কৃষ্ণভক্ত।
আমার সে স্কৃতি নাই। আমার বুথা জন্ম। বিদ্যা ও
সংসারবসে নিমগ্র হইয়া আমি বুখা কাল ক্ষ্ম করিয়াছি।
তাই অম্ল্যনিধি কৃষ্ণধন পাইয়াও আমি ভাগ্যদোবে
হারাইলাম। এখন তোমরা দ্যা করিয়া আমার হারানিধিকে আনিয়া দিয়া আমার সকল তুংখ মোচন কর"।

প্রভূ বোলে মোর ছঃথ করহ খণ্ডন। আনি দেহ মোরে নন্দ গোপের নন্দন॥ চৈঃ ভাঃ

এই বলিয়া প্রভূ ঘন ঘন দীর্ঘনিংশাস ত্যাগ সার ক্রন্সন করিতে লাগিলেন। ক্রন্সন করিতে করিতে ভূমি-তলে গড়াগড়ি দেন। তাঁহার অমরক্রম্ম কুমিত মনোহর কেশনাম ধূলায় বিল্প্তিত দেখিয়া ভক্তগণের হৃদয় বিদীর্গ হইতেছে। কেহ কিছু বলিতে পারেন না, কেহ তাঁহাকে ধরিতেও সাহস করেন না। সকলেই নির্মাক, নিত্তর ! বিশায়ে অভিভূত হইয়া সকলেই যেন জড়বং হইয়া-ছেন (১)।

^{(&}gt;) श्रक्तांचन च कि महस्र स्टेन किन्सा । १८ १००० व्यवस्था । द्वाद्य समित्राम स्थान महन्द्र स्थानक ॥ व्यवस्था

এইরপে সমন্ত দিন অতি বাহিত হইল। কোথা দিয়া যে সে দিন গেল তাহা কেহ বৃদ্ধিতেই পারিলেন না।

"এই স্থাথ সর্বাদিন গোল কণপ্রায়।" চৈঃ ভাঃ

বেলা তৃতীয় প্রহর অতীত হইলে প্রভূ জনে জনে সকল বৈষ্ণবের নিকট বিদায় লইয়া সেদিন নিজ মন্দিরে ফিরিলেন। শচীমাতা রাঁধিয়া বাড়িয়া ঠাকুরের ভোগ দিয়া পুজের আগমন প্রতিক্ষায় বসিয়া আছেন। নবীনা প্রিয়াজি শুদ্ধবদনে শাওড়ীর নিকট বসিয়া সংসারের কথা কহিতেছেন। শচীমাতা জানেন না প্রভূ কোথায় গিয়া-ছেন; জানিলে সেখান হইতে পুজকে ডাকিয়া আনিতেন।

নদীয়ায় প্রভার এই যে প্রেমভক্তিবিকার লীলার্ক, ইতা সর্বপ্রথমে একার অন্তর্ম ভক্তগণ মধ্যে প্রকটিত হইল। নদীয়াবাসী অপর ভক্তরন্দ প্রভুর এই অপুর্বন লীলা-রঙ্গকাহিনী সকল বৈষ্ণবমুখে ভনিলেন। ভঙ্গাপর ব্রহ্মচারীর ক্টীরে প্রভুর আদেশে শ্রীমান্ পণ্ডিত, গদাগর পণ্ডিত, সদাশিব পণ্ডিত, মুরারি গুপু এই চারিজন প্রম স্কুতিবান একান্ত অমুগত অন্তর্ক ভক উপস্থিত ছিলেন। ইহারাই সর্ব্ধপ্রথমে প্রভুর এই অপূর্ব্ব প্রেমভক্তি-বিকারভাব দেখিয়া ধন্ত হইলেন। মান্তুষের হৃদয়ে যে এরূপ অপূর্ব্ব প্রেমভক্তি ভাবের উদয় হয়, ভগবদ্বিরহে মাস্তবের প্রাণে যে এত ব্যাকুলতা, এত কাতরতা, এত আর্দ্তির প্রকাশ হইতে পারে তাহা তাঁহারা পূর্বে জানিতেন না। এমান পণ্ডিত প্রমুথ প্রবীন বৈষ্ণবর্গণ প্রভুর এই অপুর্ব্ব ও অলৌকিক প্রেমভক্তিলক্ষণযুক্ত কৃষ্ণবিরহভাবকাহিনী সকল নদীয়ার বৈষ্ণবমণ্ডলীর নিক্ট আমুপর্বিক বিস্তারিত क्तिरलन (১)।

সকলে এই অপূর্ক বিবরণ শুনিয়া আনন্দে হরি হরি ধ্বনি করিতে লাগিলেন। কেহ কেহ বলিলেনঃ—

"---- ঈশর বা হইল বিদিত।" চৈ ভাঃ

(১) বৈক্ষৰ সমাজে সভে আইলা ছরিবে। আফুপ্রিক কছিলেন অপের বিশেবে।। চৈঃ ভাঃ কেহ বলিলেন---

"——নিমাঞি পণ্ডিত ভাল হৈলো।
পাষতীর মুণ্ড ছিণ্ডিবারে পারি ভালো॥" চৈঃ ভাঃ
কেহ বলিলেন—

"——হইবেক ক্লফের রহস্য।

সর্বাধা সন্দেহ নাহি জানিহ অবস্থা । চৈঃ ভাঃ
কেহ বলিলেন—

'ক্ষমর পুরীর সঙ্গ হৈতে।

কিবা দেখিলেন রুফ প্রকাশ গ্রাতে।'' চৈঃ ভাঃ

সকলে মিলিয়া প্রভুকে প্রেমানন্দে শত সহস্রবার
আশীর্ষাদ করিতে লাগিলেন। সকলেই বলিলেন—

"হউক হউক সত্য ক্লফের প্রসাদ।" চৈঃ ভাঃ

প্রভু আজ এই দিন মাত্র হইল গ্যাণাম হইতে নবদ্বীপে আসিয়াছেন। সর্ব্ব নদীয়ায় আনন্দ ধ্বনি উঠিয়াছে। সর্ব্ব লোকে নিমাঞি পণ্ডিতকে দেখিতে আসিতেছে। শুক্তাম্বর বন্ধচারীর গৃহে প্রভুর অপূর্ব্ব কৃষ্ণপ্রেমভক্তি উদ্দীপক লীলা রক্তবাহিনী নদীয়ার গৃহে গৃহে প্রচার হইয়াছে। নদীয়া বাসী নরনারী দলে দলে প্রভুর শ্রীমন্দিরে আসিয়া তাঁহার প্রেমানন্দময় ভূবনমঙ্গল শ্রীমৃতিটি দর্শন করিয়া কৃতার্থ হই-তেছেন। প্রভু নিজ মন্দিরে সর্ব্বদাই আবিষ্টভাবে থাকেন।

"ঠাকুর আবিষ্ট হই আছেন স্ববাদে।" চৈ: ভা:

তিনি একণে সংসার-বিরক্ত । প্রেমাবেশে আবিট হইয়া কেবল কৃষ্ণকথা বলিতেছেন। শচীমাতা পুত্রের অদুত চরিত্র কিছুই বৃঝিতে পারেন না। পুত্রের অঞ্চাসিক্ত চক্রবদন দর্শন করিয়া তাঁহার মনে বড় ছংথ হয় (১)। "হা কৃষ্ণ! হা রুষ্ণ!" বলিয়া য়্পন প্রভু করুণস্বরে রোদন করেন, শচীমাতার আহ্নিনা তাঁহার করুণ ক্রন্দনের রোলে পূর্ণ হয়। কৃষ্ণবিরহোমান্ত প্রভুর দিবারাত্রি জ্ঞান নাই। তিনি রাত্রিকে দিন মনে করেন, দিনকে রাত্রি মনে করেন;

(:) নির্থমি কুকাবেশে প্রভুর শরীরে।
মহা বিরক্তের প্রার ব্যবহার করে।।
বৃদ্ধিতে না পারে আই পুতের চরিত।
তথাপিত পুত্র দেখি মহা আনন্দিত।। চৈঃ তাঃ

তাঁহার কথার ভাবে ইহা প্রকাশ পায়। শ্রীপাদ কবিকর্ণপুর গোস্বামী একথা লিখিয়াছেন:—

প্রভাগপ্রভৃতিদিনং সমস্তমেব
প্রেমাশ্রু প্রচুরবহৈক্ষদন্ বিনীয়।

যাসিন্তাং ভবতি সতি প্রভুং প্রবাধে
বৈকল্যাদিনমিতি তর্কয়াপভূব॥

সন্ধ্যায়াং কিমপি রুদন্ বিমুক্তকণ্ঠঃ
প্রাতঃস্থাৎ কথমপি চেছহিং প্রবোধং।
তক্ষক্তং ব্রজতি কিয়ৎ কদেতি গৌরো
বৈকল্যাদ্বদতি ন তক্স কালভেদং॥

শ্রীচৈতক্যচরিতামূত মহাকাব্য।

শচীমাতা কোন উপায় না দেখিয়া, গললগ্নীকৃতবাদে কর্যোড়ে ঠাকুরদ্বারে গিয়া সর্ক্ষিত্রবিনাশন নারায়ণের শুর্ব লয়েন।

কিছু নাহি বুঝে আই কোন্ বা কারণ।
করযোড়ে গেলা আই গোবিন্দ শরণ॥ চৈঃ ভাঃ
তিন্ি ঠাকুরের নিকট কান্দিতে কান্দিতে এই বলিয়া
প্রার্থনা করেন—

স্বামী নিলা কৃষ্ণ মোর নিলা পুত্রগণ।
অবশিষ্ট সকলে আছ্যে এক জন॥
অনাথিনী মোরে কৃষ্ণ! এই দেহ বর।
স্থৃচিত্তে গৃহে মোর রছ বিশ্বস্তর ॥ হৈঃ ভাঃ
শচীমাতার মনঃকট্টের অবধি নাই। পুত্রের এই অঙ্ত ত্র তিনি কিছুই বৃঝিয়া উঠিতে পারেন না। পুত্রের লার্থে তিনি গঙ্গাদেবীর পূজা দেন, বিফুমন্দিরে মাথ।
নি, গৃহে শান্তি স্তায়ন করান। গয়াধাম হইতে আসিয়।
স্থ প্রভু জননীর সহিত সংসার সম্বন্ধে কোন কথাই
নে নাই। প্রভু যখন গৃহে থাকেন শচীমাতা কোশল
য়ো পুত্রবধ্কে আনিয়া পুত্রসমীপে বসান, কৃষ্ণবিরহচর প্রভু আমার স্বর্ণপ্রতিমা শ্রীমতি বিষ্ণুপ্রিয়া দেবীকে
গয়াও দেখেন না।

লক্ষীরে আনিয়া পুত্র-সমীপে বদায। দৃষ্টিপাত করিয়াও প্রভু নাহি চায়॥ চৈ: ভা:

তিনি রাত্রিদিন কেবল ভক্তিবিষয়ক শ্লোক উচ্চৈংশ্ববে পাঠ করেন আর আকৃলভাবে ক্রন্দন করেন। কখন কখন বিরহোন্নভভাবে ভীষণ হস্কার গর্জন করেন। তাহা শুনিয়া প্রিয়াজি শঙ্কিতা হইয়া দূরে প্রায়ন করেন। শচীমাতাও ভয় পান।

কথনো কথনো যে বা ছঙ্কার করয়ে।
ভয়ে পলায়েন লক্ষ্মী শচী পায় ভয়ে॥ চৈঃ ভাঃ

প্রভুর রাত্রিতে •নিদ্রা নাই। কৃষ্ণবিরহ-বানে তাঁহার হৃদ্য জর্জ্জরিত। তিনি একবার উঠেন, একবার বদেন, মনে যেন দারুণ উদ্বেগ, কিছতেই স্বস্থি পান না। নবীনা প্রিয়াজি সমন্ত রাত্রি জাগিয়া অতিবাহিত করেন। প্রাণ-বল্লভের পদদেবা করিতে যান, তিনি উঠিয়া বদেন, কোন কথা কহিলে প্রভু উত্তর দেন না। এক একবার তিনি প্রিয়তমার প্রতি করুণ নয়নে চাহেন, আর অঝোর নয়নে ঝুরেন। তাঁহার এই করুণ চাহনির মর্ম "প্রিয়তমে! বিষ্ণু-প্রিয়ে! তুমি আমার হারানিধি রুঞ্ধনকে খ্রাজয়। আনিয়া দিয়া আমার প্রাণ রক্ষা কর, আমার তুঃখ দূর কর।" নবীনা প্রিয়াজি স্বামীর এরপ অভুত চরিত্রের মর্ম কিছুই বুরিয়া উঠিতে পারেন না। তিনি বালিকা, প্রভুর এই কৃষ্ণবির্হোন্মাদদশার মর্ম তিনি কি বুঝিবেন ? তাঁহার বৃদ্ধা খাভড়ীই যখন ইহা বুঝিতে অক্ষম, তখন তিনি কি করিয়া বুঝিবেন ? প্রিয়াজি ভাবেন "মাস্টবের একি বিষম রোগ হইল। ইহার কি কোন চিকিৎসা নাই ? মা কেন ভাল চিকিৎসক ভাকেন না ? এ রোগের কি ঔষধ নাই ?" নবীনা প্রিয়াজির চিস্তার বিরাম নাই। দিন দিন তিনি মলিনা হইতেছেন, তাঁহার বদনচন্দ্রে ভীমণ চিস্তার রেখা দৃষ্ট হইতেছে। শচী মাতা সকলই বুঝিতে পারিতেছেন, কিন্তু কি করিবেন কিছুই উপায় স্থির করিতে পারিতেছেন না। শ্রীবাদ পণ্ডিত, চন্দ্রশেখর আচার্যারত্ব, মুরারি গুপ্ত প্রভৃতি প্রভূর শুভাকান্দী আত্মীয়দিগের নিকট গিয়া শচীমাতা জিজ্ঞাসা করেন, "ওগে!! নিমাঞির আমার একি হইল? গয়া হইতে আসিয়া সোনার বাছার আমার একি রোগ হইল ? কিসে

এ রোগের শাস্তি হইবে ? বাছা আমার এত কান্দে কেন ?" তাঁহার৷ শচীমাতাকে নানা কথায় শাস্ত করেন, প্রবোধ দেন, এবং বলেন "মাগো! উহা কোন রোগ নহে; তোমার ভাগ্যবান্ পুত্র গ্য়াধামে ক্লফের সাক্ষাৎ দর্শন পাইয়াছিলেন, এক্ষণে ক্লফের অদর্শনজনিত বিরহে তিনি কাতর। এই নদীয়ায় বসিয়া তিনি ক্লফের পুনর্দর্শন পাইবেন। এই যে ক্রন্দন ও আর্ত্তি দেখিতেছেন, উহাই কৃষ্ণপ্রাপ্তির মূলমন্ত্র। আপনার পুত্তের কল্যাণে আপনিও কৃষ্ণদর্শনানন্দ লাভ করিবেন।" পুত্রত্বং-কাতর। স্নেহময়ী শচীমাত। এ সকল কথার মর্মা কিছু বুঝিলেন না। কলিকালে ক্লফের দর্শন কি মাহুষে পায় ? এক পাইন্নাছিলেন সত্যযুগে ধ্রুব। সাধনা করিতে ধ্রুবকে শিশুকালে বনে যাইতে হইয়াছিল। অনা-হারে, অনিস্রায় কঠোর তপস্থা করিয়া বালক গ্রুবের রুঞ্চ-দর্শন লাভ হইয়াছিল। আমার নিমাঞি নদীয়ায় বসিয়া কুষ্ণের সাক্ষাৎ দর্শন লাভ করিবে, একথা'ত কাজের কথা নহে। তবে কি আমার নিমাঞি বনে যাইবে? তবে কি আমার সোনার বাছা আমাকে ছাড়িয়া পলাইবে ?" এইরপ চিন্তায় শচীমাত। কাতরা হইলেন। তিনি গৃহে ফিরিয়া আদিয়া দেখিলেন গৃহে নিমাঞি নাই। তিনি म्यानिक একেবারে অন্ধকার দেখিলেন, পুত্রের চন্দ্রবদন না দেথিয়া তাঁহার প্রাণ আকুল হইল, তিনি কাহাকেও কিছু না বলিয়া পুনরায় বাড়ীর বাহির হইলেন। খ্রীমতী বিষ্ণু-প্রিয়া দেবী একাকিনী গৃহে রহিলেন। শান্তড়ী বাড়ী আসিয়া এঘর ওঘর দেখিয়া পুনরায় চলিয়া গেলেন কেন, নবীনা প্রিয়াজি তাহা বৃঝিতে পারিলেন না। শচীমাতা পথে ভনিলেন, প্রভু গঙ্গাদাস পণ্ডিতের গৃহে গমন করিয়া-ছেন। তিনি সেগানে ছুটিলেন। সেথানে গিয়া দেখি-লেন তাঁহার পুত্রটি গঙ্গাদাস পণ্ডিতের সঙ্গে বসিয়া আবিষ্ট ভাবে মধুর কৃষ্ণকথা কহিতেছে ও কান্দিতেছে। শচীমাতার দেহে প্রাণ আদিল। তিনি ভাবিয়াছিলেন নিমাঞি বুঝি কোথায় চলিয়া গিয়াছে। তিনি ধ্রুবের কথা ভাবিতেছিলেন; ধ্রুব বনে গিয়া তপস্থা করিয়া সাক্ষাৎ কৃষ্ণদর্শন লাভ করিয়াছিলেন। ডাঁহার পুত্রটিও

কৃষ্ণদর্শনলাভপ্রয়াদী। কি জানি নিমাঞিও যদি ধ্রুবের মত করে। এই ভাবনায় তিনি এতই কাতর হইয়াছিলেন, যে তাঁহার বাহাজ্ঞান ছিল না।

প্রভু তাঁহার অধ্যাপক-শুরু গঙ্গাদাস পণ্ডিতের আশীর্কাদ গ্রহণ করিতে তাঁহার গৃহে শুভাগমন করিয়াছেন। গঙ্গাদাস পণ্ডিত পরম ভাগবত; তিনি তাঁহার প্রিয়তম ছাত্রের অবস্থা সকলি লোকমুখে শুনিয়াছেন। প্রভু যেমন শুরুর চরণ বন্দন করিলেন, অমনি অধ্যাপকশিরোমণি গঙ্গাদাস পণ্ডিত সসম্বমে গাত্রোখান করিয়া তাঁহাকে প্রেমালিঙ্কন করিয়া সম্বেহে বলিলেন—

— "ধন্য বাপ্! তোমার জীবন।
পিতৃকুল মাতৃকুল করিলে মোচন॥
তোমার পড়ুয়া সব তোমার অবধি।
পুঁথি কেহে। নাহি নিলে ব্রহ্মা বোলে যদি।
এখনে আইলা তুমি সভার প্রকার্শ।
কালি হৈতে শিখাইবা আজি যাহ বাস॥ চৈঃ ভা

প্রভাব নয়নে অবিরল বারিধারা, বদনে মধুর কৃষ্ণনাফ গদগদ কণ্ঠস্বর; তিনি আর কোন উত্তর করিলেন না তিনি অধ্যাপক-গুরুকে নম্বার করিয়া তাঁহার চরণততে উপবেশন করিয়া তাঁহার সহিত কৃষ্ণকথা কহিতে আর্থ করিলেন; তীর্থ ভ্রমণের কথা তুলিয়া কৃষ্ণদর্শনকথ বলিতে বলিতে প্রভু আবিষ্ট হইয়া পড়িলেন। এই সময়ে শচীমাতা তাঁহাকে অন্বেষণ করিতে গঙ্গাদাস পণ্ডিতে গৃহে আসিলেন। প্রভুর সেদিকে লক্ষ্য নাই। তিনি পড়ুয়াগণ বেষ্টিত হইয়া প্রেমানন্দে মধুর কৃষ্ণকথা কহিতে ছেন, সকলে বাহাজ্ঞান শৃষ্য হইয়া শ্রবন করিতেছেন।

এই সকল ঘটনা প্রভ্র গয়াধাম হইতে নবছী আদিবার ত্ই তিন দিন মধ্যে সংঘটিত হইয়াছিল গয়াধাম হইতে আদিয়াই প্রভ্, এইরূপ রুফ্পেমোয়া ভাবে সমগ্র নদীয়াবাসীর ছারে ছারে শ্রমন করিতে লাগি লেন। তিনি গঙ্গাদাস পণ্ডিতের গৃহ হইতে মৃকুন্দ সঞ্জয়ে গৃহে আদিলেন। এই মৃকুন্দ সঞ্জয়ের চণ্ডীমণ্ডপে প্রভ্
চতুস্পাটি ছিল। তিনি প্রসন্ত চণ্ডীমণ্ডপে ছাত্রগ্

পরিবেষ্টিত হইয়া বসিলেন। সগোষ্ঠী মৃকুন্দ সঞ্জয় প্রভূ
দর্শনে আনন্দসাগরে ভাসিলেন। মৃকুন্দ সঞ্জয়ের
পুত্র পুক্ষধোত্তমকে প্রভূ কোড়ে করিয়া নিজ নয়ন জলে
তাঁহার অঙ্গ সিঞ্চিত করিলেন। এই পুক্ষধোত্তম সঞ্জয়
'প্রভূর অতিশয় প্রিয়ভক্ত ছিলেন। পুরনারীবৃন্দ আনন্দে
শুভ ছলুধ্বনি করিতে লাগিলেন। প্রভূ সেখানে বসিয়া
ও সেইরূপ কৃষ্ণকথারকে সকলকে তুট করিলেন।

ইহার পর প্রভু নিজ মন্দিরে আসিলেন। আসিয়া বিষ্ণুমন্দিরদ্বারে উপবেশন করিলেন। শচীমাত। ভয়ে ভয়ে পুত্তের নিকটে আদিয়া বদিলেন। খ্রীমতী বিষ্ণুপ্রিয়া দেবী গৃহান্তরে থাকিয়া সতৃষ্ণনয়নে পতিপাদপদ্ম দর্শন করিতেছেন। প্রভু অবনত মন্তকে অঝোর নয়নে ঝুরিতেছেন, এবং মধ্যে মধ্যে "হা কৃষণ! কোথা কৃষণ!" করুণ ধ্বনি করিয়া দীর্ঘ নিশাস পরিত্যাগ করিতেছেন (১)। কথনও হুংস্কার গর্জন করিতেছেন। শচীমাতা পুত্রের এই অদ্ভুত চরিত্র কিছুই বুঝিতে পারিতেছেন না! তিনি ভাবিতেছেন "একি হইল ? আমার সোণার বাছাকে কে এমন করিয়া পাগল করিল ? কি কুক্ষণে বাছা আমার গয়ায় গেল।" শ্রীমতী বিষ্ণুপ্রিয়া দেবী কিংকর্ত্তব্যবিমৃঢ়া হইয়া দাঁড়াইয়া তাঁহার প্রাণবল্লভের এই অদ্ভূত ভাব লক্ষ্ণ সকল পুঋান্তপুঋরপে পর্যাবেক্ষণ করিতেছেন। তিনি দেখিতেছেন, তাঁহার প্রাণ্বল্লভের ভাবগতিক ভাল নহে। এই ধে তাঁহার করুণ আর্ত্তি, অবিরল ক্রন্দন, এবং সংসার বৈরাগ্য, ইহার মূলে কোন বিশেষ ঘটনা আছে। তিনি সরলা বালিকা; প্রথমেই তাঁহার মনে উদয় হইল, তিনি ত স্বামীর নিকট এমন কোন অপরাধ করেন নাই যাহার জন্ত তাঁহার স্বামী সংসারে বিরাগী হইবেন। প্রিয়াজির মন তথন নিতান্ত চঞ্চল, নানাবিধ চিম্ভায় তিনি কাতরা। তিনি পুনরায় ভাবিলেন, তাঁহার প্রাণবরভের মনে বুঝি তাঁহার প্রথমা ঘরণীর শোকস্বৃতি উদয় হইয়াছে। প্রিয়াজি জানেন প্রভূ শীমতী नन्त्री প্রিয়াদেবীকে কিরপ ভাবে রূপা করিয়াছিলেন, তাঁহার অদর্শনে কিরূপ মন:কষ্ট পাইয়াছেন। যথন তথন এমতী লক্ষীপ্রেয়া দেবীর কথা তুলিয়া প্রভু দশমুথে তাঁহার গুণগান করিতেন। শ্রীমতী विकृथिया (पवीत गतन इहेन तृति वा প्राणवन्न ७३ সংসার**বৈরাগ্যভাবের** সহিত তাঁহার প্রথমা ঘরণীর তিনি বালিকা, স্বামীর পূর্বাশ্বতির সমন্ধ আছে। শ্রীচরণদেবাকার্য্যে সম্পূর্ণ অনভিজ্ঞা ও অযোগ্যা। বোধ হয় পতিদেবার কোনরূপ ক্রটি লক্ষিত হইয়াছে, কিম্বা তিনি কি বলিতে কি বলিয়াছেন; তাহাতেই প্রাণবন্ধভের মনে ব্যথা লাগিয়াছে। এই ভাবিয়া नवीना প্রিয়াজি অফ্রিরা হইলেন। এসকল কথা বলিবার নহে। তিনি মনের কথা মনেই রাখিলেন। কিন্তু এই চিন্তাবহিতে তাঁহার কোমল হাদম দম হইতে লাগিল।তিনি আর সোজা ইইয়া দাঁড়াইতে পারিলেন না : বদিয়া পড়িলেন। ইহা কেহ দেখিল না, প্রিয়াজির মনের ভাব কেহ বুঝিল ন।। সর্বাঞ্চ খ্রীগৌরভগবান সর্বান্ত-য্যামী, তাঁহার অবিদিত কিছুই নাই। তিনি ভক্ত-তু:থহারী প্রিয়াজির মনের অবস্থা বৃঝিয়া আত্মসম্বরণ করিলেন। জননীর প্রতি চাহিয়া কহিলেন "মা! আমার ক্ষ্ণা পাইয়াছে। ক্ষের ভোগ প্রস্তুত কর"! শচীমাতা তংক্ষণাং দেখান হইতে উঠিয়া পুত্রবধুর হস্ত ধারণ করিয়া রন্ধনগৃহে প্রবেশ করিলেন। আজ তিন দিনের পর তাঁহার প্রাণের নিমাঞি মুথ ফুটিয়া বলিয়াছে ভাহার ক্ধা পাইয়াছে। শচীমাত। মহা ব্যস্ত হইয়া পাক করিতে বসিলেন। শ্রীমতী বিষ্ণুপ্রিয়াদেবী সমন্ত উঠোগ করিয়া দিলেন। প্রভূ বিষ্ণুগৃহদারে বিদিয়া নাম জপ করিতেছেন। তাঁহার মনে নিদারুণ কষ্ট। ক্বফবিরহকাতর প্রভু আমার ভক্তত্বংথ নিবারণের জন্ম তাঁহার প্রকৃত মনোভাব গোপন করিতে বাধ্য হইলেন। ভক্তবংসল ভগবান ভক্তের জন্ম সকলি করিতে পারেন। তিনি ভোজনে বসিয়া আজ তিন দিনের পর জননীর সহিত হুই একটি সাংসারিক কথা কহিলেন। ইহাতে শচীমাতার মনে বড়ই আনন্দ

⁽২) সোৎকঠং নিম্বাধি কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণেড্যজন্তন কচন বিভিন্নবন্ধকঠঃ।

হর্বোদ্ধি অনুসহস্কলৈ বিভাতি প্রায়োহয়: প্রভিদিনমের মেব ভূষা।।

শীচেভভাচনিভায়ভকারা।

হইল। প্রিয়াজিও মনে আনন্দ পাইলেন। ভক্ত বংসল শ্রীগোরভগবান এইরূপে ভক্তত্বংখ নিবারণ করিলেন! সে দিন রাত্তিতে প্রভূ স্থথে নিজা গেলেন। শ্রীমতী বিষ্ণুপ্রিয়া দেবী পতিপদদেবার স্থযোগ পাইয়া আনন্দে আত্মহারা হইলেন।

পরদিন প্রভাতে প্রভু গঙ্গাস্থান করিয়া গৃহে আসিবা মাত্র তাঁহার ছাত্রমণ্ডলী তাঁহার নিকট পাঠ লইতে আসিল। বহুদিন তাঁহারা প্রভুর নিকট পাঠ লয়েন নাই। বড় আশা করিয়া আজ তাহারা পুঁথি হতে করিয়া প্রভুর গৃহে পাঠ লইতে আসিয়াছে। প্রভু নিজ বহিবাটিতে বিসিয়া আছেন। ছাত্রমগুলী তাঁহাকে বেষ্টন করিয়া বিসিয়াছে। প্রভু যেন তারকামগুলীবেষ্টিত পূর্ণ শশ-ধরের তায় শোভা পাইতেছেন। তাঁহার পুলকপূর্ণ **শ্রীঅঙ্গের শো**ভায় চতুর্দ্দিক আলোকিত করিয়াছে। যোগ পট্টছান্দে বন্ত্র পরিধান করিয়া চন্দন ও তিলক মালায় সর্বাঙ্গ বিভূষিত করিয়া প্রভূ যোগাসনে উপবেশন করিয়া ষ্ঠ্ মৃত্ নাম গান করিতেছেন। প্রভুর বদনে রুঞ্নাম ভিন্ন অশ্ত কোন কথা আদে না, একথা ছাত্রবুন্দ জানে না (১)। তাহার। প্রভুর ভাবগতিক কিছুই বুঝিল না। তাহা-দের বিশেষ অঞ্রোধে প্রভু পড়াইতে বসিলেন। তাঁহার নয়নে প্রেমাশ্রধারা বিগলিত হইতেছে, গদ গদ বচনে পাঠ বলিতেছেন।

"অমুরোধে প্রভু বদিলেন পড়াইতে"। চৈঃ ভাঃ

ছাত্রবৃন্দ "হরি হরি" বলিয়া পুঁথির ডোর মুক্ত করিলেন। মধুর হরি ধ্বনি শুনিবা মাত্র প্রভু আনন্দে বাহজ্ঞান শৃত্ত হইলেন। সকলের প্রতি শুভ দৃষ্টিপাত করিয়া আবিষ্ট ভাবে তিনি স্থুত্রবৃত্তি ও টীকায় কেবল হরি নাম ব্যাপ্যা করিতে লাগিলেন। ছাত্রবৃন্দকে সম্বোধন করিয়া প্রভু গদ গদ বচনে কহিলেন—

> —— দৰ্বকাল সত্য কৃষ্ণনাম। দৰ্বাশান্ত্ৰে কৃষ্ণ বই না বোলয়ে আন ॥

(১) কুঞ বিজ্ ঠাকুরের না আইনে বদনে। পড়ুয়া দকল ইয়া কিছুই না ভাবে।। টেড ভাড

কর্ত্তা হর্ত্তা পালয়িতা কৃষ্ণ সে **ঈর্থ**র। অজ ভব আদি যত কুঞ্চের কিম্বর॥ ক্বফের চরণ ছাড়ি যে আর বাখানে। ব্যর্থ জন্ম যায় তার অকথ্য কথনে॥ আগম বেদান্ত আদি ষড় দরশন। সর্বাশাস্ত্রে কহে ক্লম্পদে ভক্তিধন॥ মুগ্ধ সব অধ্যাপক ক্লফের মায়ায়। ছাড়িয়া ক্লফের ভক্তি অন্ত পথে যায়॥ করুণা সাগর কৃষ্ণ জগত জীবন। সেবক বৎসল নন্দ গোপের নন্দন॥ হেন কৃষ্ণ নামে যার নাহি রতি মতি। পড়িয়াও সর্বশাস্ত্র তাহার হুর্গতি॥ मतिज अभग यमि नय कृष्ध नाम। সর্বাদেশ্য থাকিলেও যায় কৃষ্ণধাম। এই মত সকল শান্তের অভিপ্রায়। ইহাতে সন্দেহ্ যার সেই তঃথ পায়। কৃষ্ণের ভজন ছাড়ি যে শাস্ত্র বাথানে। সে অধম কভু শাব্র মর্ম নাহি জানে। শান্তের না জানে মর্ম অধ্যাপনা করে। গৰ্দ্ধভের প্রায় মাত্র শাস্ত্র বহি মরে॥ পড়িয়া শুনিয়া লোক গেল ছারখারে। কৃষ্ণ মহা মহোৎসবে বঞ্চিলা তাহারে। পৃতনারে যে প্রভু করিলা মৃক্তি দান। হেন কৃষ্ণ ছাড়ি লোক করে অন্ত ধ্যান। অঘাস্থর হেন পাপী যে কৈল মোচন। কোন্ মুখে ছাড়ে লোক তাঁহার কীর্ত্তন। যে ক্বঞ্বে নামে হয় জগত পবিত্র। না বোলে হুঃখিত জীব তাঁহার চরিত্র॥ त्य कृत्यक्त मरहादमत्व बक्तानि विख्वन । তাহা ছাড়ি নৃত্য গীত করয়ে মক্ল ॥ অজাসীল উদ্ধারিল যে ক্নফের নামে। ধন কুল বিভামদে তাহা নাহি জানে॥ ভন ভাই দব সত্য আমার বচন।

ভদ্ধ অমূল্য কৃষ্ণপাদপদ্ম ধন।

যে চরণ সেবিতে লক্ষ্মীর অভিলাষ।

যে চরণ সেবিয়া শঙ্কর শুদ্ধ দাস।

যে চরণ হৈতে জাহ্নবী পরকাশ।

হেন পাদপদ্মে ভাই সবে হই দাস।

দেখি কার শক্তি আছে এই নবদ্বীপে।

থড়ক আমার ব্যাণ্যা আমার সমীপে ॥" চৈঃ ভাঃ প্রভূনিজ মন্দিরে বসিয়া ছাত্রমণ্ডলী মধ্যে এইরূপে কৃষ্ণনামমাহাত্ম্য ব্যাখ্যা ও কীর্ত্তন করিলেন। পড়্য়াগণ নিঃশব্দ হইয়া এক মনে প্রভুর শ্রীমুখনিঃস্ত মধুর বাণী শ্রবন করিয়া পরমানন্দ লাভ করিলেন। প্রভু যাহা ব্যাখ্যা করেন তাহাই পড়ুয়াগণের মনে যেন শব্দময় ব্রহ্ম বলিয়। বোদ হইতে লাগিল। তাঁহার। মন্ত্রমুগ্রের স্থায় প্রভুর শ্রীবদনের প্রতি চাহিয়া আছেন, আর তাঁহার বচনস্থা পান করিতেছেন। প্রভু প্রেমাবিষ্ট হইয়া রুফ্তক্থা কহিতেছিলেন। তাঁহার বাহ্যজ্ঞান নাই। কিছুক্ষণ পরে যথন তিনি বাহাজ্ঞান পাইলেন, তথন কিছু লজ্জিতভাবে জিজ্ঞাস। করিলেন "আমি আজ কিরপ সূত্র ব্যাখ্যা করি-লাম ?" পভ্যাবুন্দ সকলেই উত্তর করিলেন "পণ্ডিত ঠাকুর! আমরা ত আপনার ব্যাখ্যা কিছুই বৃঝিলাম না। যত কিছু আজি আপনি ব্যাখ্যা করিলেন, কেবল কৃষ্ণনাম-মাহাক্ষ্য। আমরা বালক, কি করিয়া তাহা বৃঝিব ?" প্রভূ হাসিয়া উত্তর করিলেন "অগ্ন পুঁথি বান। চল সকলে গঙ্গাস্বানে যাই (১)। প্রভুর কথা শুনিয়া পড়ুয়াগণ পুঁথি বান্ধিয়া গঙ্গাম্বানে চলিল। নদীয়ার জনাকীর্ণ প্রসন্ত রাজপথ দিয়া অগণিত ছাত্র ও বয়স্ত সঙ্গে রাজপুত্রের তার প্রভু গন্ধান্ধানে চলিয়াছেন। আজাত্মলম্বিত স্থবলিত বাহ-যুগল দোলাইতে দোলাইতে গজেন্দ্রগমনে মধুর কৃষ্ণকথারকে নিমাই পণ্ডিত নদীয়ার পথে চলিয়াছেন। তাঁহার শ্রীঅক-জ্যোতিতে নদীয়ার পথ আলোকিত হইয়াছে। সহস্র সহস্র লোক তাঁহাকে দর্শন করিয়া ভূমি বিলুষ্ঠিত হইয়া

> (১) হাসি বোলে বিষম্ভর গুল সবে ভাই । পু'থি বাজি আজি চল গঙ্গাখানে ধাই ।। চৈঃ ভাঃ

প্রণাম করিতেছে। প্রভূ তাহাদিগের প্রতি শুভদৃষ্টিপাত করিলেন। গঙ্গাতীরে গিয়া প্রভূ গঙ্গাবন্দনা করিয়া গঙ্গাজল শিরে স্পর্শ করিয়া একেবারে জলে ঝস্প প্রদান করিলেন। প্রভূ পদরজস্পর্শে স্থরধুনীদেবী আনন্দে উৎফুল্লা হইলেন। তরঙ্গের ছলে তিনি আনন্দে নৃত্য আরম্ভ করিলেন।

গঙ্গার বাড়িল প্রভূ পরশে উল্লাস।
আনন্দে করমে দেবী তরঙ্গ প্রকাশ।
তরঙ্গের ছলে নৃত্য করমে জাহ্নবী।
অনস্ত বন্ধাণ্ড যাঁর পদযুগ সেবি॥
চতুদ্ধিকে প্রভূকে বেড়িয়া জহ্নুস্তা।
তরঙ্গের ছলে জল দেই অলক্ষিত।॥ চৈঃ ভাঃ

গঙ্গাঘাটে যত লোক স্নান করিতেছিলেন, সকলেরই দৃষ্টি প্রভুর বদনচন্দ্রের প্রতি পতিত হইল। তাঁহারা সক-লেই একবাকো বলিলেন—

"ধরু মাতা পিতা যাঁর এহেন নক্ন"।

প্রভূ গঙ্গাম্বান করিয়া গৃহে ফিরিলেন। ছাত্রবৃদ্ধ প্রভ্বেক গৃহে রাথিয়া স্ব স্ব গৃহে গমন করিল। প্রভূব পুরাতন ভূত্য ঈশান তাহার শ্রীচরণ ধৌত করিয়া দিলেন। তিনি বস্ত্র পরিবর্ত্তন করিয়া শ্রীভূলদীকে জল দান করি-লেন। তাহার পর বিষ্ণুমন্দিরে গিয়া যথাবিধি বিষ্ণুপুজা করিলেন। শচীমাতা ও শ্রীমতি বিষ্ণুপ্রিয়াদেবী উভয়ে মিলিয়া যথাদময়ে ঠাকুরের ভোগ প্রস্তুত করিয়া দিলেন। ঠাকুরের ভোগ লাগিল। শচীমাতা তুলদীমঞ্জরীযুক্ত প্রশাদ আনিয়া প্রভূকে আহার করিতে দিলেন।

> তুলদী মঞ্জরীর দহিত দিব্য আয় । মায়ে আনি দমুখে করিল উপদয়॥ চৈঃ ভাঃ

প্রভূ ভোজনে বদিলেন। শচীমাতা পুত্রের সমুধে বদিলেন। শ্রীমতী বিষ্ণুপ্রিয়া দেবী গৃহাভ্যস্তরে বদিয়া পতিদেবতার ভোজন-লীলা দর্শন করিতে লাগিলেন।

> সমুথে বসিলা শচী জগতের মাজা। গৃহের ভিতরে দেথে লম্মী পতিব্রতা॥ চৈঃ ভাঃ

কহিলেন-

শচীমাতা পুত্রকে আদর করিয়া জিজ্ঞাসা করিলেন—
"আজি বাপ্! কি পুঁথি পড়িলা।
কাহার সহিত কিবা কন্দল করিলা"॥ চৈঃ ভাঃ
জননীর কথা শুনিয়া প্রভু ঈষং মধুর হাসিলেন। কৃষ্ণ
কথা ভিন্ন অন্ত কথা প্রভুর মুথে আসে না, সে কথা পূর্বের
বলিয়াছি। জননীকে উপলক্ষ্য করিয়া তিনি ভোজনে
বিসিয়া কৃষ্ণনাম মাহাত্ম্য কীর্ত্তন করিছে লাগিলেন। কপিল
দেবের ভাবে তিনি জননীকে কৃষ্ণভক্তিমূলক উপদেশ দিতে
লাগিলেন। প্রভু উত্তর করিলেন—

—— ''আজি পড়িলাঙ কৃষ্ণনাম।

সত্য কৃষ্ণ চরণ কমল গুণধাম॥

সত্য কৃষ্ণনাম গুণ প্রবন কীর্ত্তন।

সত্য কৃষ্ণচন্দ্রের সেবক বে জন॥

সেই শাস্ত্র সত্য কৃষ্ণভক্তি কহে যায়।

অন্তথা হইলে শাস্ত্র পাণ্ডিত্য পলায়॥(১)

চপ্তাল চপ্তাল নহে, যদি কৃষ্ণ বোলে।

বিপ্রা নহে বিপ্রা, যদি অসৎ পথে চলে॥ চৈঃ ভাঃ

এই কথা বলিয়াই প্রভু কপিলদেবের ভাবে আবিষ্ট

ইইলেন। পুনরায় জননীর প্রতি চাহিয়া অন্তরাগভরে

"শুন শুন মাতা কৃষ্ণভক্তির প্রভাব।
সর্বভাবে কর মাতা কৃষ্ণে অস্থরাগ॥
কৃষ্ণের সেবক মাতা কর্তৃ নহে নাশ।
কালচক্র ডরায়েন দেখি কৃষ্ণদাস॥
গর্ভবাসে যত হৃঃথ জ্বন্মে বা মরণে।
কৃষ্ণের সেবক মাতা কিছুই না জানে॥
জগতের পিতা কৃষ্ণ যে না ভজে বাপ।
পিতৃলোহী পাতকীর জন্ম জন্ম তাপ॥
চিত্ত দিয়া শুন মাতা জীবের যে গতি।
কৃষ্ণ না ভজিলে পায় যতেক তুর্গতি॥

(১) বিশিন্ শাজে পুরাণে বা ছরিডজিন দৃশুতে।
শোভবাং নৈৰ তৎ শালং যদি একাা বন্ধ বন্ধে।।
কৈমিনি ভারত।

মরিয়া মরিয়া পুনঃ পায় গর্ভবাস। সর্ব অঙ্গে অমেধ্য পঙ্কের পরকাশ। কট্ট অম লবন জননী যত থায়। অঙ্গে গিয়া লাগে তার মহা মোহ পায়। মাংসময় অঙ্গ কুমিকুলে বেড়ি খায়। ঘুচাইতে নাহি শক্তি মরয়ে জালায়॥ নিজিতে না পারে তপ্ত পঞ্চরের মাঝে। তবে প্রাণ রহে ভবিতব্যতার কাজে॥ কোন অতি পাতকীর জন্ম নাহি হয়। গর্ভে গর্ভে হয় পুনঃ উৎপত্তি প্রলয়॥ শুন শুন মাতা জীবতত্ত্বের সংস্থান। সাত মাদে জীবের গর্ভেতে হয় জ্ঞান॥ তখন দে সঙ্গ্রিয়া করে অন্তর্তাপ। স্তৃতি করে ক্লফেরে ছাডিয়া ঘনখাস। রক্ষ কৃষ্ণ জগত জীবন প্রাণনাথ। তোম। বৈ জীব হঃথ নিবেদিব কাত ॥ যে করমে বন্দী প্রভু ছাড়ায়ে সেই সে। সহজ মৃতেরে প্রভু মায়া কর কিসে॥ মিথ্যা-ধন-পুত্র রুসে বঞ্চিলু জনম। না ভজিলুঁ তোর ছই অমূল্য চরণ॥ যে পুত্র পোষণ কৈলু অশেষ বিধর্মে। কোথা বা দে সব গেল মোর এই কর্মে॥ এখন এ হুংখে মোরে কে করিবে পার। তুমি যে এখন বন্ধু করিব উদ্ধার॥ এতেক জানিলুঁ সত্য তোমার চরণ। রক্ষ প্রভু কৃষ্ণ তোর লইলু শরণ॥ তুমি হেন কল্পতক ঠাকুর ছাড়িয়া। ভূলিলাঙ অসৎ পথে প্রমন্ত হইয়া॥ উচিত তাহার এই শান্তি যোগ্য হয়। করিলা ত এবে রূপা কর মহাশয়॥ এই রূপা আর যেন তোমা না পাসরি। যেখানে সেখানে কেনে না জন্মি না মরি॥ যেখানে তোমার নাঞি যশের প্রচার।

ম্থা নাঞি বৈষ্ণবগণের অবতার। যেখানে ভোমার মহা মহোৎসব নাই। ইন্দ্ৰলোক হইলেও তাহা নাহি চাই ॥ (১) গর্ভবাদ হঃখ প্রভু এহো মোর ভাল। যদিও তোর শ্বতি মোর রহে সর্বকাল। তোর পাদপদ্মের স্মরণ নাহি যথা। হেন রূপা কর প্রভুনা ফেলিবা তথা। এই মৃত তুঃখ প্রভু কোটি কোটি জন্ম। পাইলুঁ বিন্তর প্রভু! সব মোর কর্ম। সে তৃঃখ বিপদ প্রভু রহু বারে বার। যদি তোর শ্বতি থাকে সর্ব্ব বেদসার॥ হেন কর রুষ্ণ এবে দাস্য যোগ দিয়া। চরণে রাখহ দাসীনন্দন করিয়া॥ বারেক করহ যদি এ তঃথের পার। তোমা বৈ তবে প্রভু না গাইমু আর॥ এই মত গর্ভবাদে পোড়ে অক্সণ। তাহো ভাল বাদে রুফ্স্মতির কারণ। ন্তবের প্রভাবে গর্ভে তঃখ নাহি পায়। কালে পড়ে ভূমিতে আপন অনিচ্ছায়॥ ভন ভন মাতা জীব তত্ত্বের সংস্থান। ভূমিতে পড়িলে মাত্র হয় অগেয়ান॥ মুৰ্চ্ছাগত হয় ক্ষণে ক্ষণে কান্দে খাসে। কহিতে না পারে চুঃথ-সাগরেতে ভাসে॥ কুফের সেবক জীব কুফের মায়ায়। কৃষ্ণ না ভজিলে এই মত তঃথ পায়॥ কথো দিনে কালবশে হয় বৃদ্ধি জ্ঞান। ইথে যে ভদ্তয়ে ক্লফ সেই ভাগ্যবান॥ অক্তথা না ভজে রুফ দুষ্ট সঙ্গ করে। পুন: সেই মত মায়াপাপে ডুবি মরে॥ অনায়াসে মরণ জীবন হৃঃখ বিনে।

বত্ৰ বৈকুঠ কথা হথা পগা, ন সাধৰে। ভাগবডা গুদাশ্ৰনা:। ত্ৰ ৰজ্ঞেশস্থা মহোৎস্বা: সুৱেশ লোকোৎপি ন বৈ স সেবাডাং।। শ্ৰীমন্ত্ৰাগৰত। রুষ্ণ ভজিলে সে হয় রুষ্ণের শারণে।
এতেকে ভজ্ঞ রুষ্ণ সাধু সন্দ করি।
মনে চিস্ত রুষ্ণ মাতা মুখে বোল হরি।
ভজ্জিহীন কর্মো কোন ফল নাহি পায়।
সেই কর্মা ভক্তিহীন পরহিংসা যায়।" চৈঃ ভাঃ
এইরপে ত্রিজগংনাথ প্রভু আমার কপিল দেবের
ভাবে বিভাবিত হইয়া জননীকে শিক্ষা ও উপদেশ প্রদান
করিলেন। শচীমাতা পুত্ররপী শীভগবানের উপদেশ

কপিলের ভাবে প্রভু মায়েরে শিখায়।
ভান সেই বাক্য শচী আনন্দে মিলায়॥ চৈ: ভা:
প্রভুর শ্রীবদনে রুফকথার বিরাম নাই। এইরূপে
তিনি কি ভোজনে কি শয়নে কি জাগরণে রুফকথা ও
ভক্তিতব, ভিন্ন অহা কোন কথা কহেন না। দিবা রাত্রি
তিনি রুফকথারসরকে বিভোর হইয়। থাকেন। নদীয়া
বাসী সকলেই প্রভুর এইরূপ অবস্থা দেখিয়া মনে মনে
তর্ক-বিতর্ক করেন—

কিবা কৃষ্ণ প্রকাশ হইলা সে শরীরে।
কিবা সাধু সঙ্গের কিবা পূর্বের সংস্কারে॥ চৈঃ ভাঃ
এইরপ সকলে চিস্তা করেন, আর প্রভুর অপরূপ
রূপের কথা তাহাদের স্মরণপথে উদিত হয়। এত রূপ
ত মান্ত্যের হয় না। প্রভুর এক্ষণে নবীন যৌবন।
তাঁহার অপরূপ রূপরাশি যেন উছলিয়া পড়িতেছে।
প্রভুর রূপস্থাপানে নদীয়াবাসীর চিত্তবৃত্তি স্থাময় ও
স্থাময় হইয়াছে। তাহাদের সকল হঃথ দূর হইয়াছে।
পাষ্ণীগণের মনে বিষম ত্রাস উপস্থিত হইয়াছে। প্রভুর
এই আত্ম-প্রকাশে নদীয়ার সর্ব্ধ-বিদ্ধ নাশ হইল, নদীয়াবাসীর সর্ব্বিধ হঃথ দূর হইল, ক্লফ্বহির্ম্থ পাষ্ণভীগণ
জীয়স্তে মরিল। শ্রীগোরাক্ষ-লীলার
বুন্দাবন্দাস লিথিয়াছেন—

থণ্ডিল ভজের তৃঃথ পাষণ্ডীর নাশ মহাপ্রভূ বিশ্বন্তর হইলা প্রকাশ।

ষষ্ঠবিংশতি অধ্যায়

নদীয়ায় প্রভুর আত্ম-প্রকাশ।

যুগধন্ম-সংকীর্ত্তনারস্ত।

---:*:---

এই হৈতে পরিপূর্ণ বিচার বিলাস। সংকীর্ত্তন আরম্ভের হইল প্রকাশ॥

শ্রীচৈত্য ভাগবত।

প্রভুর বিজাবিলাস-ঐশ্ব্য-লীলা এই সময় হইতে পরিপূর্ণ হইল। তিনি শ্রীল রামানন্দ রায়কে প্রশ্ন করিয়া-ছিলেন "বল দেখি বিজার মধ্যে কোন্ বিজা সার"। রামানন্দ রায় উত্তর দিয়াছিলেন "কৃষ্ণভক্তি ভিন্ন অন্ত কোন বিজা নাই" যথা শ্রীকৈতন্ত চরিতামতে—

> প্রভূ কহে কোন বিজা বিজা মধ্যে সার। রায় কহে কুফভক্তি বিনা বিজা নাহি আর॥

প্রভুষয়ং এই সত্য বাক্যের সফলতা দেখাইলেন গ্যাধান হইতে নদীয়ায় ফিরিয়া আসিকা। প্রভুর বিজ্ঞাবিলাস ঐশ্ব্য-লীলা এতদিনে পূর্ণ হইল। তিনি বিজ্ঞারসে উন্মত্ত ছিলেন, এক্ষণে কৃষ্ণরসে উন্মত্ত হইলেন। বিজ্ঞা শিক্ষার প্রকৃত ফল জীবকে দেখাইবার জন্মই নদীয়ায় তাঁহার এই অভূত প্রেমভক্তিবিকারলীলারক্সপ্রকাশ। দিয়িজয়ীপণ্ডিত প্রভুর নিকট বিজ্ঞাশিক্ষার প্রকৃত ফল প্রাপ্ত হইয়াছিলেন। প্রভু তাঁহাকে উপদেশ দিয়াবলিয়াভিলেন—

সেই সে বিজার ফল জানিহ নিশ্চয়।
ক্রম্ণ পাদপদ্মে যদি চিত্তর্তি লয়। চৈঃ ভাঃ
নদীয়ার নিমাই পণ্ডিতের বিজাগৌরব জগত বিখ্যাত।
তাঁহার পাণ্ডিত্যপ্রতিভার সমগ্র ভারতের পণ্ডিতমণ্ডলী
স্বস্থিত হইয়াছিলেন। সর্ব্বজগতপূজ্য বিজাভিমানী
স্বধ্যাপক শিরোমণি নিমাই পণ্ডিত আজ নিজ চতুম্পাটিতে
বিসাম ছাত্রবুদকে কি পড়াইতেছেন শুকুন।

পড়াইতে বৈদে গিয়া ত্রিঞ্গত রায়। কৃষ্ণ বিস্কু কিছু আর না আইদে জিহুবায়॥ "সিদ্ধবর্ণ সমামায়" বোলে শিশ্যগণ।
প্রভু বোলে "সর্ব্ধ বর্ণে সিদ্ধ নারায়ণ॥
শিষ্য বোলে "বর্ণ সিদ্ধ হইল কেমনে।"
প্রভু বোলে "কৃষ্ণ দৃষ্টিপাতের কারণে॥"
শিষ্য বোলে "পণ্ডিত উচিত ব্যাখ্যা কর।"
প্রভু বোলে "সর্বাহ্ষণ শ্রীকৃষ্ণ স্মান্তর॥
কুষ্ণের ভদ্ধন কহি সমাক আম্লায়।
আদি মধ্য অন্তে কৃষ্ণ ভদ্ধন ব্যায়॥ চৈঃ ভাঃ

প্রভার শ্রীমুখের ব্যাখ্যা শুনিয়া পড়ুয়াগণ মনে মনে ভাবেন বােদ হয় অধ্যাপক মহাশয়ের বায়রোগ পুনরায় প্রবল হইয়াছে। কিন্তু প্রভূকে কেহ কিছু বলিতে সাহস করেন না। এক জন বিজ্ঞ ছাত্র সাহসে ভর করিয়া প্রভুকে জিজ্ঞাসা করিলেন" পণ্ডিত মহাশয়! আপনার নিকট আমরা অধ্যয়ন করিতে আসিয়াছি। আপনি এসকল কি ব্যাখ্যা করিতেছেন, কিছুইত আমরা বৃঝিতে পারিতেছি না। প্রভু ঈষং হাসিয়া উত্তর করিলেন—

——"যদি নাহি বুঝাই এখনে।
বিকালে সকল বুঝাইব ভাল মনে॥
আমিহ বিরলে গিয়া বসি পুঁথি চাই।
বিকালে সকল যেন হই এক ঠাই॥ চৈঃ ভাঃ

প্রভাৱ কথা শুনিয়া হাসিতে হাসিতে পড়্যাগণ তথন
পুঁথির ডোর বান্ধিলেন। সকলে মিলিয়া গঙ্গালাস পণ্ডিতের
নিকট গিয়া প্রভার নিকট পাঠাভ্যাসের অস্কবিধার কথা
বলিলেন। তাঁহাদের পাঠ বন্ধ হইবার উপক্রম হইয়াছে।
নিমাই পণ্ডিত ভাল করিয়া পড়ান না। ছাত্র বৃন্দ তাঁহার
নিকট এই রূপ নালিশ করিলেন। গঙ্গালাস পণ্ডিত
তাঁহাদের প্রাচীন অধ্যাপক। তাঁহার নিকট পড়্যাগণ
কিরূপ অসুযোগ করিলেন শুম্বন।

"এবে যত বাথানেন নিমাঞি পণ্ডিত। শব্দসনে বাথানেন ক্লফসমীহিত॥ গয়া হৈতে যাবত আসিয়াছেন ঘরে। তদবধি কৃষ্ণ বৈ ব্যাথ্যা নাহি ক্ষুরে॥ সর্বাদা বোলেন কৃষ্ণ পুলকিত অঙ্গ।
ক্ষণে হাসে হুকার করয়ে বহুরন্ধ।
প্রতি শব্দে পাতৃ সূত্র একত্র করিয়া।
প্রতিদিন কৃষ্ণ ব্যাপ্যা করেন বসিয়া॥
এবে ভাল ব্রাবারে না পারি চরিত।
কি করিব আমি সব বোলহ পণ্ডিত॥" চৈঃ ভাঃ

া গঙ্গাদাস পণ্ডিত প্রাচীন অধ্যাপক শিরোমণি। পড়্যা গণের মুগে নিমাই পণ্ডিতের ক্লফভক্তির কথা ভনিয়া তিনি হাসিয়া উত্তর করিলেন—

——"ঘরে যাহ আসিও সকালে।
আজি আমি শিখাইব তাঁহারে বিকালে।
ভাল মতে যেন পড়ায়েন পুঁথি।
আমিহ বিকালে যাব তাঁহার সংহতি"।। চৈঃ ভাঃ
প্রভও ছাত্রসককে বলিয়াছিলেন—

"বিকালে সকল বৃদাইব ভাল মনে।" গ্লাদাস পঞ্জিও বলিলেন—

"আজি আমি শিথাইব তাঁহারে বৈকালে।"

এই বে "বৈকালে" কথাটি, ইহা রহস্ত পূর্ণ। ইচ্ছাম্য
প্রভুর ইচ্ছাশিক্তি প্রভাবে গদাদাস পণ্ডিতের মৃথ দিয়াও —
এই কথাটি প্রকাশ করাইলেন। অত্য বৈকালে প্রভু কি
করিবেন, নদীয়ার অবতার কি অদ্ভুত লীলারক্ষ প্রকট্
করিবেন, তাহা ভিনিই জানেন, গদাদাস পণ্ডিত তাহা
ানেন না। পড়ুয়াগণ অপরাহকালে প্রভুর গৃহে গিয়া
পন্থিত হইলেন। নিমাই পণ্ডিতকে ধরিয়া লইয়া
কাদাস পণ্ডিতের চতুম্পাটিতে হাজির করিলেন। তাহারর পাঠ বন্ধ হইয়াছে, দেই জন্ম মনে বড় তৃঃখ। তাঁহারা
ডু সাধ করিয়া দূরদেশ হইতে নিমাই পণ্ডিতের নিকটে
ডিতে আসিয়াছেন। তাঁহাদের সে সাধে বাদ পড়িল।
মাই পণ্ডিত বায়ুরোগগ্রন্থ হইয়াছেন, ভাল করিয়া পড়ান

আজ প্রাচীন অধ্যাপক গঙ্গাদাস পণ্ডিত ইহার একটা বস্থা করিবেন, এই আনন্দে তাঁহারা নিমাই পণ্ডিতকে সঙ্গে লইয়া গঙ্গাদাস পণ্ডিতের নিকট উপস্থিত হুইলেন।

প্রভূ তাঁহার শিক্ষাগুলকে প্রণাম করিয়া তাঁহার চরণ-ধূলি গ্রহণ করিলেন। সর্বধর্মনর্যাদারক্ষক প্রভূ আমার লোকশিক্ষার জন্ম স্বয়ং আচরিয়া সর্ববিধ নিয়ম পালন শিক্ষা দিয়া গিয়াছেন। গঙ্গাদাস পণ্ডিত প্রভূকে "বিছালাভ হউক" বলিয়া আশিকাদ করিলেন (১)।

প্রভূমস্তক অবনত করিয়া শিক্ষাগুরুর পাদমূলে উপ-বেশন করিলেন। পড়্যাগণ চতুর্দিকে বেষ্টন করিয়া বসিলেন। তথন গঙ্গাদাস পণ্ডিত প্রভূকে সংখাধন করিয়া বলিলেন—

——"বাপ্ বিশ্বস্তর ! শুন মোর বাক্য ।
রান্ধণের অধ্যয়ন নহে অল্প ভাগ্য ॥
নাতামহ যার চক্রবর্তী নীলাম্বর ।
বাপ্ যার জগন্ধাথ মিশ্র পুরন্দর ॥
উভয় কুলেতে মূর্থ নাহিক তোমার ।
তুমিহ পরম যোগ্য ব্যাখ্যাতে টীকার ॥
অধ্যয়ন ছাড়িলে সে যদি ভক্তি হয় ।
বাপ মাতামহ কি তোমার ভক্ত নয় ॥
ইহা জানি ভাল মতে কর অধ্যয়ন ।
অধ্যয়ন হইলে সে বৈঞ্চব রান্ধণ ॥
ভল্লভন্র মূর্থ বিপ্র জানিব কেমনে ।
ইহা জানি কৃষ্ণ বল, কর অধ্যয়নে ॥
ভাল মতে গিয়া শাল্র বিস্মা পড়াও ।
ব্যতিরিক্ত অর্থ কর মোর মাথা খাওঁ ॥ হৈঃ ভাঃ

গঙ্গাদাস পণ্ডিত প্রভুকে যে উপদেশ দিলেন ইহাতে
চুইটি বিশেষ কথা আছে। প্রথম কথা অধ্যয়ন ও অধ্যাপনা ছাড়িলে কি ভক্তিলাভ হয় ? দিতীয় কথা, অধ্যয়ন
করিলে তবে সে ভাল ব্রাহ্মণ বৈষ্ণব বলিয়া পরিগণিত হয়।
প্রথম কথাটি দিতীয় কথাটির পরিপোষক। শাস্তজ্ঞানার্জ্জন

(১) গুরুর চরণধূলি প্রভুলর শিরে। বিদ্যালাভ হট গুরু সাণীর্বাদ করে। চৈঃ ভাঃ বিছালাভের মুখ্য উদ্দেশ্য বলিয়া পণ্ডিতগণ বিবেচনা করেন। কিন্তু প্রভুর মত তাহা নহে। তাঁহার মতে বিদ্যালাভের উদ্দেশ্য ক্ষণ্ডক্তি লাভ, জ্ঞানের ফল ভক্তি। একথা পূর্কে বলিয়াছি। গঙ্গাদাস পণ্ডিত প্রভুর বিছাভিক্ত। তাঁহার সহিত এই বিষয় লইয়া প্রভু তর্ক বা বিচার করিলেন না। মনের ভাব মনেই রাখিলেন; এই কথা ভনিয়া কিন্তু নিমাই পণ্ডিতের মনে একট রাগ হইল। তিনি রাগ ও দন্তাশিক্ত অরে তাঁহার শিক্ষা ওক্তকে সংঘাধন করিয়া বলিলেন—

"তোর ছই চরণ প্রশাদে।

নবদ্বীপে কেই মোরে না পারে বিবাদে॥

আমি যে বাখানি স্থা করিয়া খণ্ডন।

নবদ্বীপে ইহা স্থাপিবেক কোন্ জন॥

নগরে বিশ্বা এই পড়াইব গিয়া।

দেখি কার শক্তি আছে ছয়ক আসিয়া॥

" চৈ: ভাঃ

প্রভাৱ শেষ কথাটির কিছু গঢ় মর্ম আছে। প্রভু বলিলেন, "নগরে বিদয়া আমি সকল লোককে ভক্তি শিক্ষা দিব, দেখি কে সামাকে কি বলে।" এই যে প্রভু একটি প্রতিজ্ঞা করিলেন, ইহা জীবের পক্ষে অতি শুভকর। জীব জগতের মঙ্গল বিধানের জন্তই প্রভুৱ এই প্রতিজ্ঞা বাক্য। তিনি কলিযুগাবতার; যুগবর্ম হরিনাম সংকীত্রন প্রচার করিবেন,—এই তাঁহার ইচ্ছু।। ইচ্ছাময় শ্রীগোরাঙ্গ ভগবান তাঁহার বিদ্যাগুরু গঙ্গাদাস পণ্ডিতের নিকট সর্বা প্রথমে কৌশলের সহিত তাঁহার অবতার গ্রহণের অন্তত্ম উদ্দেশ্য প্রকাশ করিলেন। প্রভুর এই প্রতিজ্ঞাবাদ্য কেহ কিছু ব্ঝিতে পারিলেন না। পরে তিনি কার্যো তাহা বুঝাইবেন।

গঙ্গাদাস পণ্ডিত প্রভুৱ অন্তরের কথা বুঝিলেন না।
তিনি নিমাই পণ্ডিতের উত্তর শুনিয়া আনন্দিত হইলেন।
প্রুয়াগণ স্থা হইলেন। প্রভু তাঁহার বিভাগুরুর নিকট
সগর্কো বিদায় গ্রহণ করিয়া প্রুয়াগণসঙ্গে নদীয়াভ্রমনে
বহির্গত হইলেন। কতক্ষণ পরে এক জন নদীয়াবাসীর
দুয়ারে গিয়া যোগাসনে বসিলেন। সেখানে অনেকে এক-

জিত ইইলেন। তাহার মধ্যে ভট্টাচার্য্য ও পণ্ডিতগণও আছেন। প্রভু যোগপট্ট চান্দে বস্ত্র বান্ধিয়া পড়ুয়াসকে বসিয়াছেন। স্করের খণ্ডন মণ্ডন স্থাপন করিতেছেন আর বলিতেছেন—

"সন্ধি কার্য্য জান নাহ্ যার।

কলিযুগে ভট্টাচার্য্য পদবী তাহার ॥

শক্ জ্ঞান নাহ্ যার সে তক্ বাখানে।

আমারে ত প্রবোদিতে—নারে কোন জনে ॥

যে আমি পণ্ডন করি করিয়ে ভাপন।

দেখি তাহা অভ্যথা করুক কোন জন ॥" চৈঃ ভাঃ

সর্বলোক সনক্ষে প্রভু অতিশয় দম্ভ সহকারে এই সকল

কথা বলিলেন। নদীয়ার অভ্যন্ত ব্রাহ্মণপণ্ডিতগণ্ও সেই
পথ দিয়া গদাতীরে চলিয়াছেন। প্রভু তাঁহাদিগকে শুনাইয়া শুনাইয়া এই সকল কণ্য বলিলেন। উত্তর দিবার
কাহারও শক্তিও নাই, সাহস্প নাই। জীল বুদাবন্দাশ

কার শক্তি আছে বিশ্বস্তুরের সমীপে। শিক্ষাক দিবেক তেন আছে নুবুৰীপে। চৈঃ ভাঃ

ঠাকুর ম্যাথই লিখিয়াছেন --

প্রভুরাত্রি চারি দণ্ড প্রান্থ সেদিন সেখানে বসিয়া এইভাবে হত্ত ব্যাখ্যা করিলেন,—আর নদীয়ার পণ্ডিত-গণকে উপলক্ষ্য করিয়া ব্যক্ষোক্তি করিলেন। আজ যেন প্রভুর শ্রীমূথে ঈষং বিরক্তিভাব দৃষ্টি হইল। তাঁহার মূথে আজ কুফকথা নাই--্বেন আনন্দ নাই; তাঁহার মনটি যেন কেমন উদাস উদাস। রাত্রি চারি দণ্ডের পর প্রভ সেথান হইতে বিষয় মনে উঠিলেন। নিকটে রুত্রগত আচার্যা পণ্ডিতের বাটী। প্রাভূ তাহার ত্যারে গিয়া পুনরায় বদিলেন। এই রত্নগভ আচার্যা প্রভুর পিতৃবন্ধু ছিলেন। মিশ্রপুরন্দর ঠাকুরের স্থিত তাঁহার বিশেষ সম্প্রীতি ছিল। উভয়ের এক স্থানে জন্ম। রত্বগর্ভ আচার্য্য পণ্ডিতের তিন পুতা। তিন জনের নাম কৃষ্ণানন্দ, জীব এবং যতুনাথ। রত্বগর্ভ আচাঘ্য পণ্ডিত পর্ম ভাগ্বত। ভাগবত শাস্ত্রে তাঁহার বিশেষ অধিকার। তাঁহার পুত্র তিনটিও পরম কৃষ্ণভক্ত। প্রভু তাঁহার গৃহদ্বারে গিয়া

বদিবামাত্র বিপ্রবর তাঁগুকে দেথিয়া ভাগবতের একটি ভক্তিউদ্দীপক শ্লোক আর্তি করিয়া প্রভুকে শুনাইলেন। সেই শ্লোকটি এই—

> খামং হিরণ্যপ্রিধিং বন্যাল্য বহ-ধাতু প্রবাল-নটবেশ্মন্তব্যাংদে। বিহাস্ত হ্যমিত্রেন ধুনান্মক্তং কর্ণোৎপলাল ক্রোল মুখাক্তব্যাণ ॥ (১)

প্রভুর কর্ণে এই শ্লোক প্রবেশ করিবামাত্র তাঁহার শ্রীআক্ষে অষ্ট সাত্তিক ভাবের উদয় হইল। তিনি মৃচ্ছিত হইয়া ভূমিতলে পতিত হইলেন। পড়্যাগণ প্রভুৱ এই অবস্থা দেখিয়া বিশ্বিত হইলেন। ইহার কারণ ভাহার। কিছুই বুরিতে পারিলেন না: ভাগারা ভারিলেন এ কি হইল ৮ সকলেই প্রাভূকে বেইন করিখা ব্যাস্থা তাঁহার সেবঃ স্তামায় রত হইলেন। কভকণে প্রভর মচ্ছা অপনোদন হইল। তিনি বাহ্যজান পাইফা কেবল "বোল্ বোল" শব্দ উচ্চারণ করিতে লাগিলেন্--জার প্রেমাবেশে ভূমি-তলে গছাগছি দিতে লাগিলেন। রব্ধত আচায়া পণ্ডি-তের প্রতি চাধিয়া প্রেমোরত প্রত্ন জলদগন্তীর স্বরে বলিতে লাগিলেন "নোল্ বোল্"; অর্থাৎ যে শ্লোকটি পাঠ করিলে দেইটা পুনরাবৃত্তি কর"। প্রভু "বোল বোল্' বলেন আরু অবোরে নয়নে বালকের ন্যায় কানেন। ভাহার মঞ্জলে ভূমিতল সিক্ত হইল। প্রভুর ক্ঞ-বিরহ-সমুদ্র উথলিয়া উঠিয়াছে। প্রাভুও ঘতই "বোল, বোল্" বলেন, রত্বগর্ভ আচার্যা পণ্ডিত তত্তই উৎসাহের সহিত পুনঃ পুনঃ "ছামং হিরণাপরিধিং" এই শ্লোকটি আবৃত্তি করেন। প্রভু তাঁহার মূথে এই উত্তম ভাগবতীয় শ্লোকের মধুর পঠনরীতি শুনিয়া আন্দে গদগদ হইয়া তাহাকে

লোকার্থ। যজ্ঞপত্নীগণ দেখিলেন, তিনি শ্রামকান্তি, পরিধানে কণকফলর পীতবাস; বনমালা, ম্যুর্বর্ছ, গৈরিকাদি ধাতুও প্রবাস সমূহে
নটসদৃশ ভাষার বেশ; তিনি একখানি কর অনুগত সহচরের ফজদেশে
অর্পন-পূর্বেক অপর করে একটা লীলাপন সঞ্চালিত করিতেছেন;
ভাষার কর্ণন্বরে ছুইটি পন্ন, কপোলন্বরে কুঞ্জিত কুঞ্জল আর মৃথপন্নে
স্মধুর হাস্ত শোভমান।

বার্মার প্রেমালিক্সন দানে কুতার্থ করিলেন। কুপালিন্দন প্রাপ্তে বিপ্রবরের সর্ব্ব অঙ্গ প্রেমে পরিপূর্ণ হইল; প্রেমপুলকিত অঙ্কে, তিনি প্রভুর চরণতলে নিপ্তিত হইলেন। শ্রীগৌর ভগবানের অজ্ভববন্দিত রাতৃল চরণ তই গানি নিজ বংক্ষ ধারণ করিয়া বৃদ্ধ বিপ্র অঝোর নয়নে কান্দিতে লাগিলেন। তিনি প্রেন্ময় প্রভুর প্রেমফাঁদে পতিত হইলেন(:)। প্রভু প্রেমোরতভাবে আবিষ্ট হইয়া কেবল "বোল বোল" বলিতেছেন। বৃদ্ধ ব্ৰাহ্মণ, প্ৰেমান**ন্দে** প্রভুর চরণ পরিয়া পড়িয়া আছেন। সেথানে বছ-জন-সংঘট্ট হইয়াছে ; লোকে লোকারণা। সর্বালোকে আশ্চর্যা হুইয়া প্রভুৱ অদুত প্রেমোঝাদদশা দর্শন করিয়া তাঁহাকে ভক্তিভরে দুওবং প্রণাম করিতেছে। প্রভুর সঙ্গে গদাধর-পণ্ডিত আছেন ; তিনি তাঁহার এতাদৃশ প্রেমবিধ্বলভাব দেখিয়া মনে বছ ব্যথা পাইয়া রত্নগুর্ভ আচার্য্যকে কর-যোডে ইন্সিত করিলেন "আর শ্লোক পাঠ করিবেন না।" তথ্য সকলে মিলিয়া প্রভুকে ধরিলেন। গদাধর পঞ্জিত প্রভবে ক্রোড়ে করিয়া বসিলেন (২)।

কিছুক্ষণ পরে প্রাস্থর বাহাজ্ঞান হইল। লক্ষিতভাবে তিনি জিজ্ঞাসা করিলেন "আমি কি চঞ্চলতা করিলাম ?" পড়ুয়াগণ উত্তর করিলেন "আপনি কু হকুতা। আপনি কি করিলেন, তাহা বুলিবার ওর্ঝিবার শক্তি আমাদের নাই"। গদাধরপণ্ডিত ইদিতে পড়ুয়াদিগকে স্তৃতি করিতে নিষেধ করিলেন। প্রভু বাহাজ্ঞান পাইয়া আত্মসম্বরণ করিয়া সেখান হইতে সকলের সঙ্গে গদাদশনে গমন করিলেন।

- (২) দেখিয়া তাঁহার ভক্তিযোগের পঠন।
 তুই হইয়া প্রস্কৃতারে দিল আলিসন।
 পাইল বৈক্ঠনায়কের আলিসনে।
 প্রেম পূর্ণ রঙ্গার্ভ হৈলা নেইফলে।
 প্রভূর চরণ ধরি রজ্গার্ভ কালে।
 বন্দী হৈলা বিপ্র চৈডক্তের প্রেমকানে।
- (২) দেখিয়া সভার হৈল অপরূপ জ্ঞান।
 নগরিরা সব দেখি করে পরণাম।।
 "না পড়িছ আরে" বলিলেন গদাধর।
 সভেমিলি ধরিলেন প্রভু বিশ্বর।। হৈঃ ভাঃ

পরম স্কৃতিবান রত্বগর্ত্ত আচার্য্য সেদিন হইতে আর প্রভ্রুর সঙ্গ ছাড়িলেন না। প্রভ্রুতাহাকে আলুদাং করিয়া নিজ জন করিয়া লইলেন। এই বৃদ্ধ ব্রাহ্মণ প্রভুর পিতার সমবয়দ, পরম ভাগবত, ইপ্ট-নিষ্ঠ ও সদাচারী। নদীয়ায় ইহার সবিশেষ প্রতিপত্তি ছিল। প্রভুর বয়ক্রম তখন ছাবিংশতি বর্ষ মাত্র। সক্রসমক্ষে এই বৃদ্ধ ব্রাহ্মণ প্রভুর চরণে নিপতিত হইয়া কান্দিয়া আকুল হইয়া তাহার কৃপা প্রাথনা করিলেন। ইহা দেখিয়া উপস্থিত লোক সকল একে একে সকলে প্রভুকে দওবং প্রণাম করিলেন। এই লীলারক্ষে প্রভু তাহার ঐত্বর্গ্য কিছু প্রকাশ করিলেন। প্রভ্রুর আয়প্রকাশের একণে শুভ সয়য় উপস্থিত। গয়ায়াম হইতে আদিয়াবদি তিনি প্রেমপ্রকাশলীলারক্ষ তইতেই প্রভুর আয়প্রকাশ অক্তরত হইতে লাগিল।

প্রভূ গঙ্গাতীরে আদিয়া পতিতপাবনী গঙ্গাদেবীকে
নমস্কারপূর্বক শিরোদেশে জল স্পর্শ করিয়া পড়ুয়া ও
বয়স্তগণ সহ মওলী করিয়া গঙ্গাতটে উপবেশন করিলেন।
তথন তাঁহার কিরপ শোভা হইল শুরুন।

যম্নার তীরে বেন বেজি গোপগণ।
নানা রস করিলেন নন্দের নন্দন।
সেই মত শচীর নন্দন গঞ্চাতীরে।
ভকত সহিত রুফ-প্রসঞ্চে বিহরে। ৾ চৈঃ ভাঃ

দেদিন রাজি দেড় প্রহরের সময় প্রভূ নিজ মন্দিরে আদিলেন। শহীমাতা ও প্রিরাজি রাজিয়া বাড়িয়া উৎক্ষিতিতিত প্রভূর আগমন প্রতাক্ষা করিতেছেন। শাশুড়ী বধুতে বিদিয়া সাংসারিক কথা হইতেছে। উভয়েই বিময়। কাহারও মনে স্থুখ নাই। কিন্তু কেহ কাহাকেও মনের ছঃথ প্রকাশ করিয়া বলিতেছেন না। শহীমাতা ভাবিতেছেন পুত্রের সংসার বৈরাগ্যের কথা বলিলে বালিকা পুত্রবধ্ মনে ব্যাথা পাইবেন, শ্রীমতা বিষ্ণুপ্রিয়াদেবা শাশুড়ীর নিকট তাঁহার প্রাণবন্ধভের এ সকল কথা আর কি বলিবেন পুর্দিমতী প্রিয়াজি তাঁহার মনের কথা মনের মপ্রেই রয়পেন। কারণ ছিনি ভাবেন ইয়াতে শাশুড়ী সনে

কষ্ট পাইবেন। এইরূপে উভয়ে উভয়ের নিকট নিজ নিজ মনভাব গোপন করেন। শাশুড়া-ববৃতে বাহাভাবে সাংসারিক কথা হইতেছে। এমন সময়ে রুঞ্প্রেমোক্সন্ত প্রভূ পূহে আদিলেন। শতীমাতা উঠিলা আদিলা পুত্রের হস্ত ধরিষা আদর করিয়া পূহে লইয়া গেলেন। শ্রীমতী বিষ্ণুপ্রিয়াদেবী সেখান হইতে উঠিলা রন্ধনশালার গেলেন। পুরাতন ভূত্য ঈশান প্রভূর শ্রীচরণ বৌত করিয়া দিলেন। কিছুক্ষণ পরে প্রভু ভোজনে বিদলেন। কননীর সহিত তৃই একটি সাংসারিক কথা বলিয়া ভারতেক তৃষ্ট করিলেন। ভোজনাক্ষে প্রভূ শ্রন্মনিদরে গিয়া নিমাভিতত ইউলেন।

ভোজন করিয়া সকাতৃবনের নাথ। যোগনিজা প্রতি করিবেন দৃষ্টিপাত। চৈঃ ভাঃ

শ্রীমতা বিষ্ণুপ্রধা দেবা প্রভুৱ প্রসাদ পাইয়া শয়ন গুহে আশিষা দেখিলেন প্রভূতি নিজিত। তিনি ধারে প্রভূত শ্রীচরণতলে বসিয়া ভাগার পদসেব। করিতে লাগিলেন। প্রভুর ইহা কপট নিদ্রা তিনি জানেন তাঁহার প্রাণ-প্রিরতমা কিরুপ মনস্থাপে দিন ধাপন করিতেছেন। তিনি অন্তগ্যামী ভগবান। তাহার অধিদিত কিছুই নাই। ক্লফ্ৰেথা-ৰূপে তিনি উন্নত্ত, সাংসাৱিক কথাতে তিনি কর্ণপাত করেন না। নবীনা প্রিয়াজি প্রভুৱ মনভাব বুঝিতে পারেন না। প্রিয়াজির হৃদ্ধ হইতে ক্লফ্বিরহবাথা ব্রিবার শক্তি প্রভূহরণ করিয়। লইয়াছেন। প্রভূর বির**হোনাদ** দশা দেখিয়া প্রিয়াজি মনে বছু কট্ট পান। ভক্তবংসল প্রভু ভক্তের মনের ব্যথা দিতে চাংহন না। তাই প্রভু কপট নিজার ভাগ করিয়া শ্রায় শর্ম করিয়া আছেন। সরল। প্রিয়াজি প্রভুর নিদ্রাভন্স ভয়ে অতিশয় সশ্বিতভাবে বীরে বীরে পদদেব। করিতেছেন। প্রভু নিজাঘোরে এক একবার "হা ক্ষণ। কোথা কৃষ্ণ।" বলিয়া চমকিয়া উঠিয়া পার্থপরিবর্ত্তন করিতেছেন। শ্রীমতা বিষ্ণুপ্রিয়া দেবীর মনে হইল প্রভুর নিদার ব্যাথাত হইতেছে; তিনি ধীরে বীরে শব্যা হইতে উঠিয়া ভূমিতলে অঞ্চল পাতিয়া শয়ন করিলেন। তাঁহার চিন্তার কুলকিনারা নাই। তিনি ভূমিশ্যায় সমস্ত রাজি জাগবণ কবিলেন।

প্রভাত হইবামাত্র প্রভ্রুর পড়ুয়াগণ পুঁথি লইয়। তাঁহার গৃহে আদিয়া উপস্থিত হইলেন। বহিবাটির চণ্ডামণ্ডপে তাঁহারা পুঁথি খুলিয়া পাঠাভ্যাস করিতে বসিলেন। প্রভ্ গঙ্গামান করিয়া আদিয়া পড়ুয়াদিগকে পাঠ দিতে বসি-লেন। কৃষ্ণকথা ভিন্ন প্রভ্রুর শ্রীবদনে অন্ত কথা আসিতেছে না। তিনি প্রতি শব্দের ব্যাপ্যার সঙ্গে সংস্কৃষ্ণভক্তি ও কৃষ্ণনামের মহিমা ব্যাপ্যা করিতে লাগিলেন।

> প্রান্থর ক্লাফ বাতিরিক্ত আন। শব্দ মাত্র ক্লাফ ভক্তি কর্মে ব্যাধ্যান॥ চৈঃ ভাঃ

পভূরাগণ প্রশ্ন করিলেন "ধাতু সংজ্ঞা কার ?"

"প্রভু উত্তর করিলেন "শ্রীক্ষেরে শক্তি নাম যার।"

কৃষ্ণপ্রেমরসান্দী প্রভু আমার পভূরাগণকে সম্বোধন

করিয়া ধাতুস্তাের বাগ্যা করিতে লাগিলেন—

পাতুস্ত্র বাখানি শুনহ ভাইগণ। দেখি কার শক্তি আছে করুক খণ্ডন। থত দেখ রাজা দিব্য দিব্য কলেবর। কনক ভূষিত গন্ধ চন্দনে স্থলর॥ যম লক্ষ্মী বচনে যাহারে লোক কতে। পাতৃ বিনে শুন তার যে অবস্থা হয়ে॥ त्रांथा यथ अकारकत त्रीन्त्या ठांनाम्। কেহ ভশ্মাকার কারে এড়েন পু তিয়া। भक्तरमध्य भाजुक्तरभ देवरम कृष्ण्यां । তাহা সনে করে স্নেহ তাহানে সে ভক্তি॥ ভ্ৰমবশে অধ্যাপক না বুঝয়ে ইহা। হয় নয় ভাই সব বুঝ মন দিয়া॥ এবে যবে যারে নমন্ধরি করি মান্ত জ্ঞান। ধাতু গেলে তারে পরশিলে করি স্নান। যে বাপের কোলে পুত্র থাকে মহাস্থথে। ধাতু গেলে দেই পুত্র অগ্নি দেই মুখে। ধাতু সংজ্ঞা কৃষ্ণাক্তি বল্লভ সভার। দেখি ইহা হুষুক আছয়ে শক্তি কার॥ এই মত পবিত্র পূজা যে ক্লফের শক্তি। হেন ক্লে ভাই সৰ কর দৃঢ় ভক্তি।

বোল কৃষ্ণ ভঙ্গ কৃষ্ণ ভন কৃষ্ণ নাম। অহর্নিশি কৃষ্ণের চরণ কর ধ্যান। বাঁহার চরণে তর্কা জল দিলে মাত। কভূ যম তান অধিকারে নহে পাত্র॥ অঘ বক পূতনারে যে কৈল মোচন। ভঙ্গ ভঙ্গ সেই নন্দনন্দন চরণ। পুত্র বৃদ্ধো অজামিল বাঁহার স্মরণে। চলিল বৈকুণ্ঠপুরী ক্লফের চরণে॥ যাঁহার চর্ণ রসে শিব দিগধর। যে চরণ সেবিবারে লক্ষীর আদর॥ যে চরণ মহিমা অনস্ত গুণ গায়। দন্তে তুণ করি ভজ হেন কৃষ্ণ পায়॥ যাবত আছয়ে প্রাণ দেহে আছে শক্তি। তাবত ক্ষেত্র পাদপন্মে কর ভক্তি॥ কৃষ্ণ মাতা কৃষ্ণ পিতা কৃষ্ণ প্রাণ ধন। চরণে ধরিয়া বলি কৃষ্ণ দেই মন ॥" চৈঃ ভাঃ

এইরপ রুফপ্রেমানন্তাবে প্রভু এক প্রহর কাল পর্যান্ত পড়ুরালিগকে রুফভক্তির মহিমা বুরাইলেন। পড়ুরাগণ স্থিরভাবে এক মনে প্রভুর শীমুপ নিংস্ত অমিরমাপা রুফ ভক্তি উপদেশবাদা প্রবন করিয়া বিশ্বিত ও মোহিত হইলেন। কাহারও মুথে ছিক্লজি নাই। সকলেই পরমানন্দরসে ময়। এই যে প্রভুর পড়ুয়াগণ, ইহারা সামান্ত মানব নহেন। ইহারা জন্মে জন্মে প্রভুর নিত্যদাস। তাই স্বয়ং ভগবান শচীনন্দনের ক্রপাপাত্র হইয়াছেন। ঠাকুর বুন্দাবন্দাস লিথিয়াছেন—

সে সব ক্লক্ষের দাস জানিহ নিশ্চয়। কুষ্ণ যারে পড়ায়েন সে কি অন্ত হয়॥

ইহাঁদের চরণে কোটি কোটি নমস্বার! ইহাঁরাই পরে প্রভুর অন্তরন্ধ ভক্ত হইয়াছিলেন। ইহাঁদিগের প্রতি প্রভুর রূপার অবধি নাই। প্রীগোরান্ধ প্রভু যাঁহাদিগকে কুপা করিয়া শিশু বলিয়া অন্ধীকার করিয়াছিলেন, তাঁহাদিগের ভাগ্যের কথা আর কি বলিব ? বছ ভাগাবলে তাঁহারা প্রভুর ছাত্র হুইয়াছেন।

রক্ম কথা ১

সে ব শিষোর পায় মোর নমস্বার।

চৈতত্তের শিষাতে হইল ভাগ্য যার॥ চৈ: ভা:
কৃষ্ণকথারদে পরম আবিপ্ত হইয়া প্রভু ছাত্রমণ্ডলী মধ্যে
বিদিয়া ধাতু-স্ত্র ব্যাখ্যা করিতেছিলেন। তাঁহার বাহ্যজ্ঞান ছিল না। তিনি কিছুক্ষণ পরে কিঞ্চিৎ লক্ষিতভাবে
পড়ুয়াগণের ম্থের প্রতি চাহিয়া জিজ্ঞানা করিলেন ''ধাতুস্ত্রের কেমন ব্যাখ্যা শুনিলে '' পড়ুয়াগণ উত্তর
করিলেন ''অধ্যাপক মহাশয়। আপনি যে পাতু-স্ত্রের
ব্যাখ্যা করিলেন তাহাই সত্য। তবে উহা বৃঝিবার শক্তি
আমাদের নাই। আমরা যে উদ্দেশ্যে আপনার নিকট
পাঠাভাান করি, এই অর্থ তাহার অন্তর্জুল নহে।''

যতেক বাখান তুমি সব সতা হয়।
তবে যে উদ্দেশে পড়ি তার অর্থ নয়। চৈঃ ভাঃ
প্রান্থ এই কথা শুনিয়া হাসিয়া উত্তর করিলেন "ভোমর।
সকলে সতা করিয়া বল দেখি আমাকে কি বায়রোগে
পাগল করিয়াছে? আমি স্ত্রুতির কি বাাগ। করি ?
পড়ায়াগণ উত্তর করিলেন :—

—— ''সবে এক হরিনাম।

হত্ত্র, বৃত্তি, টীকায় বাগান কৃষ্ণমাত্র।

বৃত্তিতে ভোমার ব্যাগান কে আছ্য়ে পাত্র ॥

ভক্তির শ্রবনে যে ভোমার আদি হয়ে।

ভাহাতে ভোমারে কভু নরজ্ঞান নহে ॥ চৈঃ ভাঃ

প্রভু প্রেম-বিহ্নলভাবে পুনরায় জিজ্ঞাসা করিলেন

'ভবে ভোমরা আমাকে কিরপ দেগ পু প্রুয়াগণ ভগন
রন্ধ্রণভ আচার্য্যের গৃহের পুর্বাদিনের বৃত্তান্ত সকল আছুপুর্বিক বর্ণনা করিয়া প্রভুকে কহিলেন—

অপূর্ক সে সব লীলা দেপে মত জন।
সভেই বোলেন এ পুরুষ নারায়ণ॥
কেহো বোলে ব্যাস শুক নারদ প্রহলাদ।
তাঁহা সভাকার যোগ্য এমন প্রসাদ॥ চৈ: ভা:
এই কথা বলিয়া পুনুরায় তাঁহারা কহিলেন—
এ সব বৃত্তান্ত তুমি কিছুই না জান।

আর কথা কহি তাহা চিন্ত দিয়া ভন ॥

দিন দশ ধরি কর যতেক ব্যাপ্যান।
সর্কা শব্দে কৃষ্ণ ভক্তি কর কৃষ্ণনাম।
দশ দিন ধরি আদি পাঠ বাদ হয়।
কহিতে তোমারে সভে বছ বাসি ভয়। চৈ: ভা:
প্রভু এতকণ স্থির হুইয়া শুনিতেছিলেন। কোন
কথা কহিতেছিলেন না। লীলামর শ্রীপৌরভগবানের
ইহাই লীলারঙ্গ। তাঁহার কুপাপাত্র পরম স্কুরুতিবান্ ছাত্র
দিগের মুখ দিয়া কৃষ্ণ-ভক্তি যে সক্ষরিভাসার, তাহা
বলাইয়া লইবেন, ইহাই প্রভুর অন্তরের ইচ্ছা। বাহিরে
তাহা প্রকাশ নাই; সবিস্ময়ে ছাত্রবন্দের প্রতি কটাক্ষ
করিয়া প্রভু বলিলেন "তোমাদের দশ দিন পাঠ বাদ্ গেল,
ভার আমাকে এক্থা। একবার বলিলে নাই একি

প্রান্ত বিলে দশদিন পাঠ বাদ যায়।
তবে কি আমাকে কহিবারে না জুয়ায়। টেঃ ভাঃ
প্রান্তর কপা ইপ্তিতে ভাগাবান পড়ুয়াগণের দিব্যক্তরান
লাভ হইল। তাঁহার। কর্যোড়ে প্রাভুকে নিবেদন করিলেন
'অবাপিক মহাশ্য়! আপনি উচিত ব্যাথানিই করেন,
উপযুক্ত পাঠই দেন। সর্বশাস্তের সারত্ত্ব কৃষ্ণক্পা, কৃষ্ণনাম; আর ভক্তিশাস্ত্রই সর্বশাস্তের সারত্ত্ব কৃষ্ণক্পা, কৃষ্ণনাম; আর ভক্তিশাস্ত্রই সর্বশাস্তের সারত্ত্ব কৃষ্ণক্পা, কৃষ্ণনাম; আর ভক্তিশাস্ত্রই সর্বশাস্তের সারত্ত্ব কৃষ্ণক্পারী হই
নাই; দে দোষ আমাদের। আপনি যে ব্যাথ্যা করেন
তাহাই মূলতত্ত্ব। কিন্তু আমাদের নিজ নিজ কর্মাদোয়ে
তাহাতে চিত্তবৃত্তি গায় না। আপনি কুপা করিয়া এবিষয়ে
উপদেশ প্রদান কর্মন।" (১) প্রভু তাঁহার ছাত্রস্ক্রের মূথে
এই কথা শুনিয়া আনন্দে গদ গদ হইয়া তাঁহাদিগের প্রতি
কুপাদৃষ্টি করিয়া কহিতে লাগিলেন—

(২) পড় রা সকল বোলে বাধান উচিত।
সভ্য কুঞ্চ সকল শাল্রের সমীহিত।।
অধ্যয়ন এই সে সকল শাল্র সার।
তবে যে না লই দোব আমাসভাকার।।
মূলে বে বাধান তুমি জ্ঞান্তব্য সেই সে।
ভাইাতে না লর চিত্ত নিজ কর্ম দোবে।। চৈ: জ্ঞাঃ

-"ভাই সব কহিলা হুসত্য
আমার এ সব কথা অগ্যত্র অকথ্য ॥
কৃষ্ণবর্গ এক শিশু মুরলী বাজায়।
সভে দেখো তাই ভাই বোলো সর্ব্যায় ॥
যত শুনি শ্রবনে সকল কৃষ্ণনাম।
সকল ভুবন দেখো গোবিন্দের ধাম ॥
তোমা সভা স্থানে মোর এই পরিহার।
আজি হৈতে আর পাঠ নাহিক আমার॥
তোমা সভাকার যার স্থানে চিত্ত লয়।
তার ঠাঞি পড় আমি দিলাঙ নিভ্য।
কৃষ্ণ বিজ্ আর বাক্য না কুরে আমার।
সতা আমি কহিলাঙ চিত্ত আপনার॥
তৈঃ ভাগ আমি কহিলাঙ চিত্ত আপনার॥

কৃষ্ণপ্রেনোরাদী নিনাই পণ্ডিত নিজ ছাত্রগণের
নিকট আজ প্রাণ খুলিয়া তাহার মনের কথাটি কহিলেন।
মার তিনি মনের কথা লুকাইয়া রাখিতে পারিলেন ন।
মানীয়ার ছাত্রবৃদ্দ শ্রীবৃদ্ধাবনের গোপবালক। তাহার
প্রাণ অপেক্ষাও প্রিয়তম। অহুরাগা ভক্তই শ্রীভগবানের
প্রাণ, ভক্তই তাহার জীবন, ভক্তই তাহার স্বরূপ।
শ্রীগোরভগবান যথন দেখিলেন তাহার ভক্তবৃদ্দ অকপটে
তাহার নিকট তাহাদের মনের ভাব প্রকাশ করিলেন,
তথন তিনিও ভক্তের নিকট অকপটে নিজ মনের ভাব
প্রকাশ করিলেন। ভক্তের ভগবান ভক্তের নিকট মনের
কথা বলিলেন। আর কাহারও নিকট তিনি এ সকল
কথা বলিতে পারেন না, তাই প্রভু বলিলেন—

"আমার এ সব কথা অন্তত্ত অকথ্য"। প্রভুর ছাত্তবৃন্দ তাঁহার নিত্যদাস। তাঁহাদিগের সহিত প্রভুর নিত্য
সংক্ষা প্রভুর সংক্ষ তাঁহার। ভূতলে অবভার্গ হইয়াছেন।
লীলারসপুষ্টিসাধন তাঁহাদের কার্যা। প্রভু আমার
আনন্দলীলাময়বিগ্রহ। ভূবনমঙ্গল নবদীপলীলার পুষ্টি
সাধন করিতে প্রভুর ছাত্ররূপী নিত্য পরিকরবৃন্দ সত্ত
ব্যাগ্র। শ্রীগৌরভগবান একণে ক্রমে ক্রমে আত্ম-প্রকাশ
করিতেছেন। তাহা তাঁহার নিত্য পরিকরবৃন্দ ব্রিতে
পারিতেছেন, এবং ইচ্ছামুয় স্বত্ত ইশ্বরের ইচ্ছায়

তাঁহারা তাঁহার লীলাপুষ্টির সহায়তা করিতেছেন। এই যে নদীয়ার ছাত্র রন্দের নিকট প্রভ্র মনভাব প্রকাশ, এবং প্রভ্ কর্ত্ব আদিই হইয়া তাহাদের বিভাভাসে শিথিলতা এবং তাঁহারই প্রেরণায় তাঁহাদের হদয়ে কৃষ্ণ প্রেমান্থরাগের হচনা, ইহা নদীয়ার অবতার শ্রীগৌরভগবানের লীলারক মাত্র। চতুর চূড়ামণি প্রভূ যথন তাঁহার পভ্রাগণকে কহিলেন—

তোম। সভাকার থার স্থানে চিত্ত-লয়।
তার ঠাঞি পড় আমি দিলাঙ নির্ভয়। **চৈ: ভা:**তথন তাঁহার। কান্দিতে কান্দিতে পুথিতে ভোর বান্ধিয়া প্রভকে প্রণাম করিয়া কি বলিলেন ভ্রমন,—

> শিশ্বাগণ বোলেন করিয়া নমকার। ''আমরাও করিলাঙ সংকল্প তোমার॥ তোমার স্থানেতে পড়িলাঙ আমি সব।

মার স্থানে করিব কি গ্রন্থ অন্তর ॥'' চৈঃ ভাঃ
নিমাই পণ্ডিতের ছাত্রবুলের মনে আছ বড় ছংখ।
কারণ তাঁহাদের বড় সাধের পাঠ বন্ধ হইল। বড় আশা
করিয়া তাঁহারা নিমাঞি পণ্ডিতের নিকট পড়িতে আসিয়াছিলেন। সে আশায় নিরাশ হইয়া তাঁহাদের বালহাদ্য
মথিত হইল। তাঁহারা তরলমতি নবীন ছাত্র। তাঁহাদের
পবিত্র অন্তঃকরণে সরল ও সহজ ভাবে পরিপূর্ণ। তাঁহারা
প্রভুকে অকপটে বলিলেন 'আপনার নিকট পাঠ বন্ধ
করিয়া অন্ত কোথাও আমরা যাইব না। আমাদেরও
আজি হইতে পাঠাভ্যাদ বন্ধ হইল"। প্রভুর সঙ্গলাতে,
তাঁহার শ্রীমুথে কৃষ্ণকথা প্রবনে তাঁহাদের বিনা সাধন
ভজনে সর্কার্থিদিদ্বিলাভ হইল। শুদ্ধ কৃষ্ণভিত্রসে
তাঁহাদের হৃদয় আগ্রুত হইল। তাঁহাদের অন্তর বাৃষ্
শুরুর শ্রীচরণকমলে নিবেদন করিলেন—

তোমার ম্থেতে যত শুনিল ব্যাখ্যান। জন্ম জন্ম হৃদয়ে রহুক সেই ধ্যান॥ চৈঃ ভাঃ

প্রভূর শ্রীমৃথে টুট্টারা যে ভূবনমঙ্গল মধুর কঞ্চনাম শুনিয়াছেন, ভক্তি মাহাত্মের অপুর্ব স্যাথ্যান, শুনিয়াছেন, সেই সকল মূল ধর্মতত্ব উল্লেখ করিয়া ছাত্রবৃদ্ধ পূর্ব্বোক্ত কথাটি বলিলেন। আর তাঁহাদের রূথা বিচ্চাবিলাসরক ভাল লাগিল না। প্রভু স্বয়ং বিচ্চাবিলাসরক পূর্ণ করিয়া যে পথের পথিক হইয়াছেন, তাঁহার নিত্যপরিকর ছাত্রবৃদ্ধও সেই পথ অক্সরণ করিতে কৃতসংকল্ল হইলেন। তাঁহারা প্রভুভক্ত: প্রভু স্বয়ং আচরিয়া ধর্মশিক্ষা দিতে নদীয়ায় অবতীর্ণ ইইয়া-ছেন। তিনি যাহা করিবেন তাঁহার অক্সগত ছাত্রবৃদ্ধের তাহাই অক্সরণীয়। তাঁহারা তাহাই করিলেন।

পুঁথির ডোর বান্ধিয়। ছাত্রবৃদ্দ আনন্দে ইরিপ্রনি করিতে লাগিলেন। প্রাভূ তাঁহাদিগকে প্রত্যেককে প্রেমা-লিন্দন দানে শক্তিসঞ্চার করিয়া ক্রতার্থ করিলেন। মনের আবেগে এবং করুণাময় প্রভূর স্নেহাতিশয়া দর্শনে সকলেই প্রেমানন্দে কান্দিয়া ফেলিলেন। প্রভূও সকলকে ক্রোড়ে করিয়া প্রেমানন্দে কান্দিয়া আকুল ইইলেন।

''সভা কোলে করি কান্দেন দিজমণি''।

সেন্ধানে প্রেমের তরঙ্গ উঠিল। সর্ল শিষ্মগণের অনে।
বদন; নয়নে দরদরিত নীর্নারা, কণ্ঠপর কন্ধ। তাঁহাদের
প্রাণের মধ্যে যে আজ কি এক অদুত ভাবতরঙ্গ উঠিয়াছে.
কি এক অপূর্ব পর্মানন্দের উৎস উঠিয়াছে তাহা তাঁহারা
নিজেই বৃঝিয়া উঠিতে পারিতেছেন না। তাঁহাদের বদনে
কণা নাই, শরীর নিম্পন্দ, সকলেরই দৃষ্টি প্রভুর রাতুল
পাদপদ্মের প্রতি; প্রভু আনন্দে বিহ্বল হইয়া ছাত্রবন্দের
মন্তকে তাঁহার পদ্মহন্ত দিয়া কি বলিয়া প্রাণ খ্লিয়া
আশীর্ষাদ করিলেন শুকুন—

"দিবদেকে। আমি যদি হই কৃঞ্চলাস।
তবে সিদ্ধ হউ তোমা সভার অভিলাম॥
তোমরা সকলে লহ কুঞ্চের শরণ।
কুঞ্চ নামে পূর্ণ হউ সভার বদন॥
নিরবুধি শ্রবনে শুনহ কুঞ্চনাম।
কুঞ্চ হউ তোমা সভাকার ধন প্রাণ॥
যে পড়িলে সেই ভাল আর কার্য্য নাই।
সবে মেলি কুঞ্চ বলিবাও এক ঠাঞি॥
কুঞ্চের কুপায় শাস্ত্র স্কুক্তক সভার।

তুমি সব জন্ম জন্ম বান্ধৰ আমার । চৈঃ ভাঃ
প্রভাব শ্রীম্থের অমিয়মাথা মধুর বচন শ্রবনে ছাত্রবৃদ্ধের
প্রাণে আজ এক গভিনব আনন্দের তরঙ্গ উঠিল। প্রভূ
বিলিলেন—

"যে পড়িলে সেই ভাল আর কার্য্য নাই॥"
ইহাতেই তাঁহারা বুঝিলেন প্রভুর আদেশ ও উপদেশ,
এই নবীন ব্য়স হইতেই শীক্ষণভেজন কর্ত্র্য। প্রভুর
আশীর্কাদ মন্তকের ভ্যাণ করিয়া তাঁহারা সাধনপথের
পথিক হইলেন। প্রভুর সজ ছাড়িয়া তাঁহারা কোপাও
গোলেন না। একান্ত মনে তাঁহারা প্রভুর শর্ম লইলেন।
নদীয়ায় প্রভুর বিজ্ঞাবিলাস এখ্যালীলা এইরপে পরিপূর্ণ
হইল, প্রভুর ছাত্রন্দেরও বিজ্ঞাভাগি কর্ম সাল হইল। এই
সময় হইতে শীসংকী ভূনারন্তের প্রকাশ।

এই হৈতে পরিপূর্ণ বিদ্যার বিলাস। সংকীর্ত্তন আরু হেইল প্রকাশ ॥ চৈঃ ভাঃ

প্রভ্গাত্রোপান করিয়া অশ্রুসিক্ত কর্নণাপূর্ণ ক্ষমলান্যনে তাঁহার প্রিয়তম ছাত্রবৃদ্দের প্রতি শুভদৃষ্টিপাত করিন্দ্রেন। ছাত্রবৃদ্দ প্রভুকে বেইন করিয়া দাঁঘাইলেন। প্রভুর শীমন্দিরের বহিবাটীতে উল্পক্ত স্থানে সকলে একবিত হইলেন। মধ্যন্থলে প্রেমাবতার শ্রীগোরান্ধ প্রভু তারকাবেষ্টিত পূর্ব শশ্রমরের লায় শোভা পাইতে লাগিলেন। সকলেই নিস্তন্ধভাবে প্রভুর বদনচন্দ্রের প্রতি অনিমেয় নয়নে চাহিয়া আছেন। প্রভু কি বলেন শুনিবার জন্ম সকলেই, যেন উদ্গীব হইয়া রহিয়াছেন। কর্নণাময় প্রভু ধীরে ধীরেন্ধ তাঁহার পর্ম স্থলর শ্রীবদন্থানি তুলিয়া তাঁহার প্রিয়ত্ম ছাত্রবৃন্দের প্রতি শুভ দৃষ্টিপাত করিয়া প্রেমাশ্রমনে গদগদ বচনে কহিলেন—

"পড়িলাঙ শুনিলাঙ এতকাল ধরি। কুষ্ণের কীর্ত্তন কর পরিপূর্ণ করি॥" চৈঃ ভাঃ

ভাগ্যবান ছাত্রবুল অতিশয় আগ্রহের সহিত অঞ্পূর্ণ লোচনে প্রভূকে জিজ্ঞাসা করিলেন "প্রভূ! সে কিরপ কীর্ত্তন ?" সংকীর্ত্তন-যজেশ্বর জীজীনবদ্বীপচন্দ্র স্বয়ং আচ-রিয়া কলির শীবকে ধুগ্রধ্য সংকীর্ত্তন যজ্ঞাস্কানের শিক্ষা দিলেন। প্রভু নবদীপে এই প্রথম কৃষ্ণকীর্ত্তন প্রকাশ করিলেন। প্রভু হাতে তালি দিয়া ভূবনমঙ্গল কৃষ্ণ সংকীর্ত্তনের প্রথম স্বর ধরিলেন—

दक्तांत्र त्रांग।

"হরি হরয়ে নমং ক্লফং যাদবায় নমং। গোপাল গোবিন্দ রাম শ্রীমধুস্দন॥

প্রভ্র শ্রীবদন হইতে এই ভ্বনমন্ধল মধুর হরিনাম সংকীর্ত্রনধনি বাহির হইবা মাত্র চতুর্দিকে আনন্দধনি উঠিল। পুরনারীবৃন্ধ মাঞ্চলিক হলুধ্বনি করিলেন, অন্তঃপুরে শুভ শুখ বাজিয়া উঠিল। ছাত্রবন্ধ উকৈঃস্বরে প্রভুর মধুক্ঠস্বরের সহিত হার মিলাইয়া ভ্বনমন্ধল হরি নাম সংকীর্ত্তনে যোগ দিলেন। স্বনামগায়ক প্রভু আমার প্রেমাবিষ্ট হইয়া নিজনাম উক্তঃস্বরে কীর্ত্তন করিতে লাগিলেন। প্রেমানন্দে উন্মত্ত হইয়া তিনি মধুর নৃত্য করিতে করিতে ভ্নিতলে পতিত হইয়া ধূলায় গড়াগড়ি দিতে লাগিলেন। প্রেমান্মন্ত ছাত্রবৃন্ধও প্রভুর সহিত ধূলার গড়াগড়ি দিতে লাগিলেন। কর্ণাময় প্রভু তাঁহা-দিগের প্রতি করুণ নয়নে চাহেন আর উদ্ধ্বাহ হইয়া হাতে তালি দিয়া বলেন—

হরি.হরয়ে নমঃ ক্বফঃ যাদবায় নমঃ গোপাল গোবিন্দ রাম শ্রীমধুস্দন॥

প্রভূ এক একবার উঠেন আর প্রেমানন্দে মধুর নৃত্য করেন, পুনরায় প্রেমাবেশে ভূমিতলে আছাড় খাইয়া পড়েন। সেই আছাড়ের আঘাতে পৃথিবী যেন বিদীণ হুইয়া যায়

দিশা দেখাইয়া প্রভু হাথে তালি দিয়া।
আপনে কীর্ত্তন করে শিশুগণ লৈয়া॥
আপনে কীর্ত্তন নাথ করমে কীর্ত্তন।
চৌদিকে বেড়িয়া গায় সব শিশুগণ॥
আবিষ্ট হইয়া প্রভু নিজ নাম রসে।
গড়াগড়ি যায় প্রভু ধূলায় আবেশে॥
বোল বোল বলি প্রভু চতুদ্দিকে পড়ে।
প্রাথিবী বিদীপ হয় আছাড়ে আছাড়ে॥ চৈঃ ভাঃ

প্রভূর শ্রীবাসমন্দিরে কীর্ন্তনের মহা কোলাহল উঠিল। কোলাহল ভানিয়া নদীয়ার আবাল্যুদ্ধবনিতা শচ্নী আদিনায় ধাইয়া আসিল। বৈষ্ণবগণ সকলে আসিয়া কীর্ন্তনে যোগদান করিলেন। প্রভূর শ্রীমন্দিরে আজ মহানন্দোৎসব। প্রেমময় প্রভূর প্রেমাবিষ্ট ভাব দেখিয়া সকলেই আনন্দে বিহ্বল হইলেন। শ্রীবাসাদি বৈষ্ণবগণ আনন্দ সহকারে বলিতে লাগিলেন—

"এবে সে কীর্ত্তন হৈল নদীয়া নগৱে। এমত হুর্লভ ভক্তি আছ্য়ে জগতে। নয়ন সফল হয় এ ভক্তি দেখিতে॥ যত উদ্ধত্যের সীমা এই বিশ্বস্তর। প্রেম দেখিলাঙ নারদাদির হৃষ্কর॥ হেন উদ্ধতের যদি হেন ভক্তি হয়।

না বৃঝি ক্ষের ইচ্ছা এবা কিবা হয়। চৈ: ভা: প্রভু বাহাজ্ঞানহার। হইয়া কীর্ত্তন করিতেছিলেন। কতক্ষণ পরে তাঁহার বাহাজ্ঞান হইল। তিনি বাহাজ্ঞান লাভ করিয়া কৃষ্ণপ্রেমে উন্মন্তভাবে "হা কৃষ্ণ! কোথা কৃষ্ণ!" বলিয়া, আকুল প্রাণে একে একে সর্কা বৈষ্ণবের গলা ধরিয়া ক্রন্ধন করিতে লাগিলেন। সকলে মিলিয়া প্রক্রিপ্রমান করিলেন। এই হইল নদীয়ায় সর্ক্রপ্রথম সংকীর্ত্তনারস্ভ।, এই হইল সংকীর্ত্তনযক্তেশ্বর জীগোর ভগবানের আত্মপ্রকাশারস্ভ। এই হইতেই ভৃত্তবৃদ্দের সকল তৃঃখ দূর হইল। জীগোরাঞ্গলীলার ব্যাসাবতার তাই লিখিয়াছেন—

আরম্ভিলা মহাপ্রস্কু আপন প্রকাশ। সকল ভক্তের ছঃখ হইল বিনাশ॥

শ্রীময়হাপ্রভুর শ্রীম্থের বাণী—

"সংকীর্ত্তন আরভে প্রেমভক্তির বিলাস।

অতএব কলিষ্গে মোর পরকাশ। হৈঃ ভাঃ

প্রভুর অগণিত ছাত্রবৃন্ধ প্রভুর সঙ্গ ছাড়িলেন না।
এই ভুভদংযোগে তাঁহারা অনেকেই উদাসীনের পথ অবলম্বন বরিলেন। আকুমার অন্ধচারী হইয়া মৃগধর্ম হরিনাম
সংকীর্ত্তন-যজ্ঞে কলিহত জীবের মন্ধলকামনায় ভুচ্ছ

প্রাণকে আছতি প্রদান করিলেন। এই সকল মহাত্মাগণের
দারা প্রভূ বিশুদ্ধ বৈষ্ণবধর্ম প্রচার করাইয়াছিলেন।
ইহারা প্রভূর রূপায় ভক্তিপথ অবলম্বন করিয়া কলিক্লিষ্ট
জীবকে যুগধর্ম শিক্ষা দিয়াছিলেন।

প্রভাৱ যে এই নদীয়ায় আত্মপ্রকাশ এবং সংকীর্ত্তন দীলারম্ভ ইহাতেই শ্রীগোরাক অবতারতত্বের মূলমন্ত্র নিহিত্ত রহিয়াছে। এই তত্ত্ব ক্রমশং প্রকাশ পাইবে। ক্রপাময় পাঠকরন্দ ! ক্রপা করিয়া সংকীর্ত্তনযজ্ঞেশর শ্রীগোরাক প্রভুর রাতৃল চরণকমল ধ্যান করিয়া যুগধর্মাচরণ করুন, ভগবানের নাম কীর্ত্তন করুন। শ্রীগোরাকপ্রভু দীনদয়াল। কলির অধম জীবের প্রতি তাঁহার করুণার অবধি নাই। পূর্বন্ধ সনাতন স্বয় ভগয়ান শ্রীগোরগোবিন্দরূপে নদীয়ায় অবতীর্ণ হইয়া স্বয়ং আচরিয়া যে যুগধর্ম প্রচার করিয়া গিয়াছেন, কলিহত জীবের তাহাই সর্ব্বণা পালনীয়। কলি যুগে একমাত্র হরিসংকীর্ত্তন দ্বারাই সর্ব্ববিধ ধর্মাচরণের ফলপ্রাপ্তি হয়, সর্ব্বসিদ্ধি লাভ হয়। ইহা শান্তবাক্য যথা—

वृह्बात्रनीय भूतारन-

ক্লতে যদ্ধ্যায়তো বিষ্ণুং জ্বেতায়াং যদ্ধতো মথৈ:।

দাপরে পরিচর্য্যায়াং কলৌ তদ্ধরিকীর্ত্তনাৎ॥

হরের্নাম হরের্নাম হরের্নামৈব কেবলম্।

কলৌ নাস্থ্যেব নাস্থেব নাস্থ্যেব গভিরন্তাথ॥

ধর্মসংস্থাপক শ্রীগোরাকপ্রভু যুগধর্ম প্রবর্তনের জক্ত নদীয়ায় এই সর্বপ্রথম শ্রীনামসংকীর্ত্তনয়জের অফ্রচান করিলেন। কলির অধম জীবকে হরিনাম মহামন্ত্র দানের এই প্রথম উন্থোগ আরম্ভ হইল। সংকীর্ত্তনারজেই প্রভুর আবির্ভাব ও আত্মপ্রকাশ। অন্তরক ভক্তবৃন্দ প্রভুর আত্মপ্রকাশ বুঝিতে পারিয়া এই সময় হইতেই তাঁহাকে ভগবানভাবে পূজা করিতে আরম্ভ করিলেন। শ্রীমারিত প্রভুর হিরদাস, শ্রীনিত্যানন্দ প্রভু, শ্রীবাস পণ্ডিত, গদাধর পণ্ডিত এবং প্রভুর নিত্য পার্যদর্শক তাঁহাদিগের অভীইদেবকে চিনিয়া লইলেন। ক্রমে ক্রমে তাঁহারা একে একে আস্থিয়া প্রভুর চরণে শরণ লইলেন। এসকল কথা পরে বলিব।

এই সময়ে প্রভ্র ইচ্ছায় এ অবৈত প্রভ্ শান্তিপুর হইতে নবদীপে আসিয়া বাস করিলেন। নবদীপে তাঁহার প্রভ্ত প্রতিপত্তি। ভজিশান্ত আলোচনা করিবার জ্ঞানদীয়ায় এ অবৈত-সভা নামে একটি সভা বছদিন পূর্বে প্রতিষ্ঠিত হইয়াছিল। এ এমি দিখরপ প্রভ্র গৃহত্যাগের পর হইতে এই অবৈতসভার প্রভাব হাস হইয়াছিল। নামমাত্র সভা ছিল। এক্ষণে প্রভ্র ইচ্ছায় ও অবৈত প্রভ্র চেষ্টায় এই সভার বছ উন্নতি সাধন হইল। সংকীর্ত্তন যজ্ঞেরর প্রীগোরাক্ত্রভুর আত্মপ্রকাশের সময় নদীয়ায় বৈষ্ণবগণ প্রতিবে তাঁহারা সকলে এক্ষণে প্রভ্র সহায় হইহইলেন।

পূর্ব্বে বলিয়াছি পৌষমাদে প্রভ্ গয়াগাম হইতে নদীয়ায় প্রত্যাবর্ত্তন করেন। ভুভ মার্গশীর্ষের প্রথম দিবদ হইতেই দংকীর্ত্তনযজ্ঞেশ্বর কলিযুগাবতার শ্রীশ্রীগৌরভগবান নিত্য ধাম নদীয়ায় যুগধর্ম প্রচার উদ্দেশে হরিসংকীর্ত্তন যজ্ঞাম্ব-ষ্ঠান করিলেন (১)।

শ্রীশ্রীগোরগোবিন্দ মায়।পুর যোগপীঠে বসিয়া যেদিন

যুগধর্ম ভ্বনমঙ্গল হরিসংকীর্তনারম্ভ করিলেন জগজ্জীবের
পক্ষে সেদিন বড় শুভদিন। বিশ ব্রহ্মাণ্ডের ভাগ্যে এমন
শুভদিন কোন যুগেই উদয় হয় নাই। কলি-কল্মিত

ব্রিতাপ দক্ষ জীবের আগ্যান্থিক পরমমন্সল কামনায় শ্রীগোর
ভগবান সর্ব্বসিদ্ধিপ্রাদ, সর্ব্বত্থহারী, পরম মঙ্গল শ্রীহরিনাম
সংকীর্তনের জয় ঘোষণা করিয়া তাঁহার শিক্ষাইকের প্রথম
শ্রোক রচনা করিয়াছিলেন। সেই ভ্বনমঙ্গল শ্লোকরম্বাট
নিয়ে উদ্ধৃত হইল—

চেতোদর্পণমার্জনং ভবমহাদাবাগ্নিনির্বাপণং শ্রেয়: কৈরব চক্রিকা বিতরণং বিছাবধু জীবনম্।

(>) গৰাৰা ইত্যেধং বগৃহৰাগমভ্বিকলণ প্ৰভূ পৌৰস্তাভে সকল তল্ভ্ডাপণমন:। তভো বাবস্তাহো বিৱৰধিবিজৈ: কীৰ্ত্তন্ত্ৰিকা প্ৰকাশং চাৰেশং ভূবি চিকিন্তিলাক্দিৰসং।। শ্ৰীকৈভ্ডচন্তিত স্থাকাৰ্য

আনশাৰ্ধিবৰ্জনং প্ৰতিপদং পূৰ্ণামৃতাস্বাদনং সর্বাত্মক্রপনং পরং বিজয়তে জ্রীকৃষ্ণসংকীর্ত্তনম ॥ (২) এই শ্লোকের পতাস্থবাদও নিম্নে প্রদত্ত হইল-শ্রীক্লফের সংকীর্ন্তন, চিত্তরূপ দরপণ. অনায়াসে করেন মার্জন। এ সংসার দাবানলে, **पियानि** शिया **का**ल. শীঘ্র তাহা করে নির্বাপন ॥ কৌমুদী বিস্তার করে কল্যাণ কুমুদ পরে বিছারপ বধুর জীবন। আনন্দরপ অমৃধি, বাড়ান চরমাবধি, পদে পদে হথা আস্বাদন॥ সকল ইক্রিয়গণ, দেহ আত্মা প্রাণ মন, সম্ভোষ জন্মান স্বাকার। জয় জয় সর্কোত্তম. क्रथनाम मःकीर्छन. ইহা বিনা গতি নাহি আর॥

ভূবনমঙ্গল এই ইরিনাম সংকীর্ত্তন কলির যুগধর্ম। যুগ ধর্মপ্রবর্ত্তন করাইবার জন্ম কলিযুগাবতার শ্রীগৌরাঙ্গ প্রভূর নদীয়ায় শচীগর্ভে উদয়। শ্রীগোরাঙ্গভগবানের অবতার গ্রহণের বহু উদ্দেশ্য। যুগধর্ম প্রবর্ত্তন তাহার মধ্যে একটি।

পূর্ব্ব থুগে কষ্টপাধ্য ধ্যান, যজ্ঞ, জপ, তপ, পূজা-র্কনাদির অষ্টান দারা যে ফললাভ হইত, কলিযুগে এক হরিনামসংকীর্ত্তন দারাই সেই ফল প্রাপ্ত হওয়া যায় . স্বতরাং হরিনাম সংকীর্ত্তনই কলিক্লিষ্ট জীবের পরিত্রাণের একমাত্র উপায়। ইহা শাস্ত্রবাক্য। "হরেনামৈব" শ্লোকের ব্যাখ্যার প্রভু তাহা অতি বিষদরূপে বুঝাইয়া দিয়াছেন। সে সকল কথা পরে বলিব।

শ্রীল কবিকর্ণপুর গোস্বামী তাঁহার রচিত একটি স্থান্দর লাকে প্রভুর শ্রীমুখের হরিনাম সংকীর্ত্তনের মহাত্মা ও জয় ঘোষনা করিয়া যাহা লিখিয়া গিয়াছেন, তাহা চিরদিন গৌরভক্তবৃন্দ কণ্ঠমণিহার করিয়া রাখিবেন। সেই পূণ্য-শ্রোকটিও শ্রীচৈতক্মচন্দ্রোদয় নাটক হইতে এক্লে উদ্ধৃত হইল—

ক্ষোভং মোনীমৃগাক্ষ্যাঃ স্থগনমিহরবেঃ কম্প্রমাশাবধ্নাং ভক্তং বা তত্ত কুর্বরমরপরিবৃঢ়ক্তাশ্রম ক্ষাং সহত্রে। স্বেদং সপ্তর্থি গোষ্ঠ্যাঃ পরম রসময়োলাসমোভানপাদে-ধ্যানধ্বংসং বিরিক্ষেঃ স জয়তি ভগবং কীর্ত্তনানন্দ্রনাদঃ॥

অর্থাৎ প্রভ্র শ্রীম্থে মধুর হরিনাম শ্রবণে ভূমগুলের কামিনীবৃন্দ বিমোহিত হন, দিবাকর স্থগিত ও দিগক্সাগণ কম্পান্থিত হন, সদাগতি পবনদেবও গতিবিহীন হন,
এবং ত্রিদিবেক্স পুরন্দরের সহস্র নেত্র হইতে অশ্রুধারা
বিগলিত হয়। সেই কলিপাবনাবভার ভগবান
শ্রীশ্রীগৌরচক্রের শ্রীম্থনিঃস্থত মধুর শ্রীহরিসংকীর্ত্তননিনাদ
সপ্তর্বিগণকে স্বেদান্থিত, গ্রুবকে আহ্লাদিত, এবং পদ্ধযোনিকেও ধৈর্যবিহীন করত জয়যুক্ত হউক।

স্বয়ং প্রভ্র শ্রীমুথে যাঁহারা স্থমধুর কৃষ্ণকীর্ত্তন শ্রবণ করিয়া ধন্ম হইয়াছিলেন, শ্রীপাদ কবিকর্পপুর গোস্বামী তাঁহাদিগের মধ্যে একজন। কৃপামর পাঠকরৃন্দ! কবি-কর্ণপুর গোস্বামী পাদের বর্ণনায় অভ্যুক্তি দোবারোপ করিয়া অপরাধী হইবেন না। তিনি লিথিয়াছেন শ্রীগৌরাঙ্গলীলা ও কথা তিনি যেরপ স্বচক্ষে দেখিয়াছেন ও স্বকর্ণে শুনিয়াছেন তক্ষপ বর্ণনা করিয়া গ্রন্থরূপে নিবন্ধ করিয়াছেন। তাঁহার বর্ণনা যেন কেহ স্কর্পোলক্ষিত মনে না করেন।

এই সময়কার প্রভূর একটা লীলারজ-কাহিনী প্রীচৈতক্স চরিত মহাকাব্যে বর্ণিত আছে।

গয়াধাম হইতে নবদীপে আসিয়া প্রকৃ একদিন মুকুক সঞ্জয়ের চণ্ডীমগুপে বসিয়া ছাত্রদিগকে পাঠ দিতেছেন এবং সেই সক্ষে সক্ষে হরিনাম-মহিমা কীর্ত্তন করিতেছেন। এমন

⁽२) চীকা। - জীকুক সংকীর্তনং রামকুক সোবিলেতি নাবোচ্চারণং পরং সর্বোৎকর্ম বিজরতে। কর্মজুতং কীর্তনং ? চেতো দর্পবার্জনং চিতরপ দর্পতে মলাসকর্মণং। পূনঃ কীদৃশং ? ভবমহাদাবান্তিনির্বোপনং দংসাররপ মহাদাবান্তিনাশনং। পূনঃ কীদৃশং ? ভেরঃ কৈরবচন্তিকা বিভরণং মললরপ কৌহদী জ্যোৎসা বিভারিত শীলং। পূনঃ কীদৃশং ? বিদ্যাবধু জীবনং বিদ্যারূপ। ব্যু ভঙ্গাঃ জীবনং প্রাণং। পূনঃ কীদৃশং ? লানলাব্ধি বর্মনং আনন্দরপসমূলত ব্রহ্মকরণং। পূনঃ কীদৃশং ? প্রতিপনং পূর্ণায়ভারাদনং পরং পাদং প্রতি সকল রসাবাদকারণং। পূনঃ কীদৃশং ? স্বর্মারা সপনং আলা মনঃ ইন্দ্রির মন তৃত্তিক্রবক্লীল্মিতি।

সময়ে একটা ব্রাহ্মণবালক তাঁহার সন্মথে আসিয়া কহিল ''অধ্যাপক মহাশয়! আমি আপনার কথা কিছুই বুঝিতে পারিতেছি না। আপনি যে হরিনামের মহিমা কীর্ত্তন করিতেছেন, উহা নিশ্চয়ই অর্থবাদ অর্থাৎ প্রশংসা মাত্র"। প্রভু এই কথা ভনিবাদাত মুণায় শ্রীমুখ বিক্লত করিয়া তুই হতে কর্ণমুম অববোধ করিয়া গঙ্গাতীরে চলিলেন। আন্ধণ বালক তাঁহার সঙ্গে সঙ্গে চলিল। গঙ্গাতীরে গিয়া প্রভ গঙ্গাস্থান করিয়া শুচি হইলেন। হরিনামের অর্থবাদ শ্রবণ করিয়া তাঁহার মনে অতিশ্য মানি হইয়াছিল এবং তিনি আপনাকে অওচি মনে করিয়াছিলেন। করিয়া প্রভু গ্রহে গমন করিলেন (১)। এই লীলাটিতে ধর্মসংরক্ষক প্রভু দেখাইলেন, খলপ্রকৃতিবিশিষ্ট লোক যথন শ্রীভগবানের নাম ও গুণের নিন্দাবাদ করে তাহা ভগবদানের শ্রোতবা নহে। যদি কোনগতিকে এরপ নিদাবাদ ভক্তের কর্ণে প্রবেশ করে, তবে তৎক্ষণাৎ দেস্থান হইতে তাঁহার উঠিয়া গিয়া গঙ্গান্ধান করিয়া তাহার প্রায়শ্চিত্ত করিতে হয়।

প্রভ্ এখন ক্ষণপ্রেমে উন্মন্ত; ব্রজরদে তাঁহার হাদয়, মন, তক্ন, টলমল। তিনি ব্রজভাবে বিভাবিত হইয়া একদিন ভক্তগণকে বলিতেছেন "চল, সকলে মিলিয়া আজ আমরা গঙ্গাতীরে গিয়া পশুপতির পূজা করিব, আমাদের সকল বিপদ দূর হইবে।" পূর্ববলীলার স্মৃতি তাঁহার হৃদয়ে উদয় হইল, আর তিনি স্থির থাকিতে পারিলেন না। ব্রজরদে

(২) অধ্যাপয়ন দ্বিজ হতাদপরেত্র রীলঃ
শখং অনাম গুণকীর্জন মতিতান।
দৈবাত্বাচ প্রতো দিজস্কুরেকো
নাথং ন কিঞ্চিদপি জাতু বিদং গুদজে।।
নায়ো য এই মহিমা খলু সোহর্থবাদ
ইথং পলপ্ত বচনং পরিকর্ণ সর্কাং।
কণৌ পিধায় সহ তেন প্রঃসরেন
গঙ্গাতটং সমগ্মদ্বণয়া মহত্যা।।
স্নাথা নচেল উদ্গাৎ সহচেল বুন্দঃ
তিজঃ শুচি নিজগৃহং মুদিজো জগাম।

ক্রীচেতক্সচিরিভাম্ভ মহাকাব্য।

মাতিয়া উঠিলেন। শ্রীবাসাদি ভক্তগণ প্রভুর ইচ্ছাহরপ এবং ভাবামুযায়ী সকল উচ্ছোগ করিলেন; গদাধর ও নরহরি তাঁহাকে উত্তমরূপে সাজাইলেন, ফুল চন্দন হত্তে করিয়া গোপীভাবাবেশে শ্রীগৌরাকপ্রভু মৃত্যুন্দ পদবিক্ষেপে গঙ্গা-তীরে বুদ্ধ মহেশ্বরের শ্রীমন্দিরাভিমুপে গমন করিলেন। সঙ্গে সকল ভক্তগণ চলিলেন ৷ ব্ৰন্ধবালাগণ গোপেশ্বর পুজার আয়োজন করিয়া যেমন ব্রজনাথ যশোদানন্দনকে পতি কামনা করিয়া তাঁহার পূজা করিতে যমুনাতীরে গিয়া-ছিলেন, ঠিক সেই ভাবে শচীনন্দন নিজ্জন সঙ্গে গঙ্গাতীরে যাইতেছেন। ব্ৰন্ধলীলার প্রতি অঙ্গ নবদ্বীপলীলাতে বর্ত্তমান একথা পূর্বের বলিয়াছি। কলির প্রচ্ছন্ন অবতার লীলারঙ্গপ্রিয় খ্রীগৌরাঙ্গস্থনর তাঁহার নবদীপলীলায় ব্রজ-লীলার প্রতি অন্ধ অভিনয় করিয়া গিয়াছেন। ব্রজরুস লোল্প রসিক ভক্তগণ নবদীপলীলাফ্শীলনে ব্রজর্ম পান করিয়া থাকেন। প্রাচীনপদকর্ত্তাগণ এই সকল লীলা স্বচক্ষে দেথিয়া মধুর পদ রচনা করিয়া গিয়াছেন। পদকল্পতক হইতে নিম্নলিখিত প্রাচীন প্রাট (১) অবলম্বন করিয়। এই মধুর লীলাটি বর্ণিত হইল।

এই সময়ে প্রভূ নবদীপে আর একটি অতি স্থানর লীলা প্রকট করেন। সেই লীলাটি রঙ্গের গোবর্দ্ধনপূজা লীলা। নবদীপলীলায় গোবর্দ্ধনপূজা লীলাটি কি, তাহা অনেকে জানেন না। তাহা এস্থলে ব্যাপ্যাত হইল।

বংশীবদন ঠাকুর শ্রীগোরাঙ্গপ্রভুর আদেশে তাঁহার গৃহে থাকিয়া শচী-বিষ্ণুপ্রিয়া-দেবায় জীবন যাপন করেন শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর আদেশে নবদ্বীপে তিনি শ্রীগোরাঙ্গ-

(১) গৌরাঙ্গ-চরিত কিছু কহনে না যায়।
প্রব সঙরি প্রভু মৃত্র মৃত্র ধার।।
নিজন্ধনে কংহ চল প্রধুনী ভীরে।
পশুপতি পুলিব বিপদ যাবে দূরে॥
এছন বচন যবে রচন করিরা।
অগৌর চন্দন ফুল হল্ডেডে করিরা।।
নিজ জন সজে চলে গোরা বিজন নি।
ক্তেই বিশ্বত্ব গোরার ঘাইবে নিছনি।। পদক্র

মূর্ত্তি প্রতিষ্ঠা করেন। এই আদি মূর্ত্তি এখন পর্যান্ত নবদ্বীপধামে সর্ব্বরের করের দারায় প্র্জিত হইতেছেন।
বংশীবদন ঠাকুরের পুত্র চৈতক্তদান প্রভুর নবদ্বীপলীলারসাবাদী ছিলেন। তিনি একটি পদে শ্রীগৌরাঙ্গপ্রভুর
গোবর্জনধারণ লীলাটি অতি স্থন্দররূপে বর্ণনা করিয়া
গিয়াছেন। এই পদটি অবলম্বন করিয়া প্রভুর এই মধুর
নবদ্বীপলীলাটি কিছু বিস্তার করিয়া বর্ণনা করিবার
বড় সাধ হইয়াছে। শ্রীগৌরাঙ্গচরণ মারণ করিয়া জীবাধম
গ্রন্থকার, এই ত্র্পাহ্সিক কার্য্যে প্রবৃত্ত হইল। কুপাম্য
গৌরভক্তগণ কুপা করিয়া শুভাশীর্কাদ কর্জন।

ব্রজে দেবরাজ ইন্দ্রপূজার রীতি ছিল। এই প্রাচীন রীতি নন্দনন্দন শ্রীকৃষ্ণ উঠাইয়া দিয়া গোবর্দ্ধন গিরিরাজের পূজা প্রচলন করেন। প্রাচীন পদে লিখিত আছে—

একদিন ব্রজে, ইন্দ্রপূজা কাজে,
সাজে গোপগোপী যত।
জানিয়া কারণ, শ্রীনন্দনন্দন,
কংগন আপন মত॥
"শুন ব্রজরাজ, গোপের সমাজ
না পূজ দেবের রাজা।
মোর লয় মনে, গিরি গোবর্দ্ধনে,
সার্বধানে কর পূজা॥
এই সে উচিত, মোর অভিমত
পাইবে বাঞ্ছিত ফল।
নানা উপচারে বন্ধ অলঙ্কারে
সম্বরে সাজিয়া চল॥"

শ্রীকৃষ্ণের এই আদেশ মতে চিরস্তন ইন্দ্রপূজা বজে বন্ধ হইল। ইহাতে দেবরাজ ইন্দ্রের অপমান করা হইল, স্থতরাং তাঁহার রাগ হইল। তিনি ক্রোধে কম্পমান হইয়া, মহা অহস্বারের সহিত শ্রীকৃষ্ণের নিন্দাবাদ করিতে লাগি-লাগিলেন। আর কি করিলেন শুমুন—

ডাকি মেঘগণে, যতেক প্ৰনে স্থাক্তা দিল স্থান্থ ।

শিলাবৃষ্টি করি, ভাল ব্রজপুরী যাহ যাহ শীঘ্ৰগতি ॥ আপনি তথনে, চড়িয়া বাহনে বজ্রহন্তে দেবরাজ। ছাইয়ে গগন সঙ্গে সেনাগণ আইল গোকুল মাঝ॥ তথন ব্রজের অবস্থা কি হইল শুমুন— চভুদ্দিকে মেঘে স্থায় বায়ু বেগে 😑 দিনে হইল অন্ধকার। থর বরিষণে, বছের ক্ষেপনে ভাঙ্গিল ঘর হ্যার॥ প্রলয়ের হেন বুষ্টি ধারা ঘন ঝঞ্চনা চিকুর পড়ে। হাহাকার করি, পথাপথ ছাড়ি ত্ৰজবাসী সব নড়ে।"

এইরপ উপদ্রব সাতদিন অনবরত সহ্য করিয়া ব্রজবাসীগণ শহুটে পড়িয়া তথন শ্রীক্ষেত্র নিকটে আসিলেন;
যথে যুথে ধেত্ব বংসগণও তাঁহার নিকটে আসিয়া দাঁড়াইল;
নন্দ মহারাজ ও ব্রজের অক্যান্ত গোপগোপী বিকলচিতে
দকলেই জানিলেন, ইহা ইন্দ্রের কোপ। নন্দনন্দনকে
একথা তাঁহারা জানাইলেন। তিনিও তাহা ব্ঝিলেন।
তিনি তথন কি করিলেন শুক্ষন—

"এতেক ভাবিয়া কৃষ্ণ নন্দের নন্দন।
এক হত্তে তুলিয়া ধরিলা গোবর্দ্ধন॥
কন্দুকের প্রায় গিরি ধরিয়া কৌতুকে।
সবারে ডাকেন আর জননী জনকে॥
আইস আইস সবে শিশু বৎস লৈয়া।
এহি গর্জে থাক আসি নির্ভয় হৈয়া॥"

শ্রীক্ষের এই আখাসবাণী পাইয়া নন্দ মহারাজ প্রম্থ গোপগোপীগণ , ধেন্ত বংস লইয়া গোবর্দ্ধন গিরিতলে আশ্রয় লইলেন। শ্রীক্ষণ্টের এই ঐশর্য্যপূর্ণ লীলা দেখিয়া সকলেই বিশ্বয়ান্বিত হইলেন। শ্রীক্ষণ্টের নিকট ইন্দ্র পরাভব স্বীকার ক্ষরিলেন, তাঁহার চরণে স্থাতি বন্ধনা গন্ধার পরশ হইলে পশ্চাৎ পাবন।
দর্শনে পবিত্র কর, এ তোমার গুণ॥
হরি ঠামে অপরাধে তারে হরি নাম।
তোমা ঠামে অপরাধে নাহি পরিত্রাণ॥
তোমা সবা হদয়েতে গোবিন্দ বিশ্রাম।
গোবিন্দ কহেন মোর বৈষ্ণব পরাণ॥
শ্রীচৈতন্তভাগবতকার গৌরান্দলীলার ব্যাসাবতার
শ্রীল বৃন্দাবন দাস ঠাকুর লিখিয়াছেন—

সবার করিল গৌরচন্দ্র সে উদ্ধার।
ব্যতিরিক্ত বৈশ্বনিন্দৃক ছ্রাচার॥
তিনি আরও লিথিয়াছেন—
বৈশ্বের ঠাই যার হয় অপরাধ।
ক্লফরপা হইলেও তার প্রেম বাধ॥
ত্রীগৌরাঙ্গ প্রভুর শ্রীম্থ বাক্য—
প্রভু বোলে উপদেশ করিতে যে পারি।
বৈশ্বনাপরাধ আমি খণ্ডাইতে নারি॥ চৈঃ ভাঃ
অতএব হে পাঠকরন্দ! পুনরায় মিনতি করিয়া বলি

বৈষ্ণবনিন্দা পাণে লিপ্ত হইও না, প্রচর্চ্চা করিও না,

মূলকথা ছাড়িয়া অনেকদুর আসিয়া পড়িয়াছি। নবদ্বীপলীলায় গোবর্দ্ধনপূজার উত্যোগ কি ভাবে হইল,
মহাজন কবির কথায় তাহা এক্ষণে শুমুন। কলিজীবের
কুমতি ও হর্মাতি, এবং তাহাদিগের পাপপথে গতি ইহা
ভগবন্দত্ত ও নির্দিষ্ট। কলির ধর্মারাজ ইন্দ্র কলিহত জীবের
এই হর্মাতি দেখিয়া ক্রোধে কম্পবান হইয়া তাহাদিগের
শান্তি দিতে প্রস্তুত হইলেন। তিনি অধর্মারূপ ঐরাবতের
পূষ্ঠে আরোহন করিয়া কুমতি রূপ ইন্দ্রানীকে সঙ্গে লইয়া
সন্দৈত্তে কলিজীবের পাপের শান্তি দিতে আসিলেন।
কামরূপ মেঘের অজস্র বর্ষণে, ক্রোধরূপ বজ্রের অবিরল
গর্জনে ও আঘাতে কলিহত জীবের প্রাণে বড় ভয় হইল।
লোভ ও মোহরূপ শিলাঘাতে, মদমাৎসর্যাদিরূপ তীক্ষ
ঝঞ্জাবাতে লোকের ধৈর্য্য ও ধর্ম একেবারে উড়িয়া গেল।
লোকের হুর্গতির একশেষ হইল। ক্রিল পাবনাবতার

শ্রীগোরান্ধ প্রভূর কলিহত জীবের প্রতি বড় দয়। জীবের ছঃগে তাঁহার কোমল হাদয় দ্রব হইল তথন তিনি কি করিলেন শুমুন—

জানিয়া জীবের দায়, শ্রীগোরাঙ্গ দ্যাময়
উপায় চিন্তিলা মনে মনে।
ভক্তভাব সারোদ্ধার, নিজে করি অঙ্গীকার,
ভক্তগিরি করিলা ধারণে॥

তিনি ভক্তভাব অধীকার করিয়া, ভক্তিরূপ গিরি ধারণ পূর্ব্বক কলিহত জীবকে আশ্রয় দান করিলেন, তাহাদের সকল ছংথ দ্র হইল, কলির ভয় থণ্ডন হইল। মহা-পরাক্রান্ত কলিরাজ পরাভব হইলে, তিনি শ্রীগোরাঙ্গচরও স্থতি করিতে লাগিলেন "হে সর্ব্বেশ্বর! হে সর্ব্বাবতারসার আমার অপরাধ ক্ষমা কর, তোমার নাম ও গুণগানকারীর কোন ভয় নাই, আমার প্রভাব তাঁহাদের স্পর্শপ্ত করিতে পারিবে না; নির্ব্বিবাদে তাঁহারা তোমার নাম গান করুন, আমি তাহাদের প্রতি আর কোন উপদ্রব করিব না, তোমার নিকট আমি এই সত্য করিলাম"। কলিরাজের এইরূপ দৈক্যোক্তি শুনিয়া পরম দ্যাল শ্রীলিগৌরাজপ্রভূ তাঁহার প্রতি সদ্য হইলেন এবং কুপাপরবশ হইয়া তাঁহার নাম রাখিলেন "ধন্য কলিরাজ"। এইজন্য কলিমুগ্ ধন্য হইল।

প্রভু গ্যাধাম হইতে আদিয়া এই গোবর্দ্ধনপূজা লীলাটি প্রকট করিলেন অতি গুপ্তভাবে। প্রেম প্রকাশ ও সম্বীতর্ন লীলা প্রকাশের পূর্বে জীবোদ্ধার কল্পে এই লীলা প্রকট করিয়া ভক্তপূজা ও বৈষ্ণব-দেবার ফলে যে প্রেমধন প্রাপ্তি হয়, তাহাই প্রভু দেখাইলেন। অত্যান্থ যুগের কথা বলিতে চাহিনা, এই কলিকালে বৈষ্ণব-সেবাই প্রেমপ্রাপ্তির একমাত্র উপায়। কুপাময় সাধু বৈষ্ণবগণই প্রেমপ্রাতা। শ্রীগৌরাঙ্গপ্রভূ স্বয়ং ভক্তপূজা করিয়া গিয়াছেন, ভক্ত আশীর্কাদ অতিশয় আদ্বাপুর্বক শিরে ধারণ করিয়া গিয়াছেন।

দোষ দর্শন করিও না।

ভক্ত আশীবাদি প্রভূ শিরে করি লয়।
ভক্ত আশীবাদে সে কৃষ্ণতে ভক্তি হয় চৈ: ভা:
তিনি শীন্থে বলিয়াছেন—
কৃষ্ণ ভজিবারে যার আছে অভিলায।
সে ভজুক কৃষ্ণের মঙ্গল প্রিয় দাস। চৈ: ভাঃ।
ভক্তই কলিয়ুগে গিরি গোবর্দ্ধন, ভক্তই ভগবানের
কপ, ভক্তই মুর্তিমন্ত ভগবান।

সপ্তবিংশতি অধ্যায়।

থী এতি তাতু ও হরিদাস ঠাকুর।

অবৈত আচার্য্য গোঁসাঞি সাক্ষাৎ ঈশ্বর। বাঁহার মহিমা নহে জীবের গোচর। শ্রীচৈত্**ত**চরিতামত।

শীঅধৈতপ্রভু আমাদের গৌর-আনা-গোঁসাঞি। ই গৌর-আনা-গোঁসাঞির তত্ত্ব শ্রীপাদস্করণ গোস্বামী ার করচার ছুইটি শোকে লিপিয়া গিয়াছেন। সে ইটি শ্লোক এই:—

> মহা বিষ্ণুজগংকতা মায়গ্রা যা স্বজ্ঞান । তক্ষাবতার এবায়মদৈতাচার্য্য ঈশ্বরঃ ॥ অদৈতং হরিণাদৈতাদাচার্য্য ভক্তিশংসনাৎ । ভক্তাবতারমীশং তম্বৈতাচার্য্যমাশ্র্যে॥

যে জগৎকর্ত্তা মহাবিষ্ণু মায়া দ্বারা এই চরাচর বিশ্ব ট করিতেছেন, শ্রীঅদৈতাচার্গ্য ঈশ্বর তাঁহারই অবতার। গনি হরি অর্থাৎ শ্রীগোরাঙ্গ প্রভুর সহিত দৈতভাব-হিত্য প্রযুক্ত বলিয়া অদৈত, তিনি ভক্তির উপদেশ প্রদানরেন বলিয়া আচার্য্য। তিনি ভক্তরূপ গ্রহণ করিয়া তলে অবতীর্ণ ইইয়াছিলেন। তাঁহার শ্রীচরণাশ্রয় ব্যতীত গোরাঙ্গপ্রকৃর কুপালাভ স্কুর্ঘট। শ্রীচৈতকাচরিতাতকার শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী শ্রীঅদৈতপ্রপুর

বিষদরূপে বুঝাইয় দিয়াছেন। তিনি লিখিয়াছেন—
মহাবিষ্ণু সৃষ্টি করেন জগদাদি কার্য।
তাঁর অবতার সাক্ষাৎ অদৈত আচার্য।

যে পুৰুষ সৃষ্টি স্থিতি করেন মান্বায়। অনন্ত ব্রহ্মাণ্ড স্বৃষ্টি করেন লীলায়। ইচ্ছায় অনন্ত মূর্ত্তি (১) করেন প্রকাশ। এক এক মূর্ত্তে করেন ব্রহ্মাণ্ডে প্রবেশ ॥ (২) সে(১)পুরুষের অংশ(২)অদৈত নাহি কিছু ভেদ। শরীর বিশেষ তাঁর নাহিক বিচ্ছেদ (৩)॥ সহায় করেন তাঁর লইয়া প্রধান (৪)। কোটি ব্রহ্মাণ্ড করেন ইচ্ছায় নির্মান। জগৎ মঙ্গলাধৈত মঙ্গল গুণধাম। মঙ্গল চরিতে সদা মঙ্গল যাঁর নাম। কোটি অংশ কোটি শক্তি কোটি অবতার। এত লঞা সজে পুরুষ সকল সংসার॥ মায়া থৈছে ছই অংশ নিমিত্ত উপাদান। মায়া নিমিত্ত হেতু উপাদান প্রধান॥ (৫) পুরুষ ঈশ্বর ঐছে দিমর্ত্তি করিয়া। বিশ্ব সৃষ্টি করে নিমিত্ত উপাদান লঞা॥ আপনে পুরুষ বিশ্বের নিমিত্ত কারণ। অদৈতরূপে উপাদান হয় নারায়ণ॥ নিমিত্তাংশে করে তিঁহো সায়াতে ঈক্ষণ। উপাদান অদৈত করেন ব্রহ্মাণ্ড স্তজন।

- (>) অনন্ত মূর্ত্তি গর্ভোদকশারী ক্লপ অনংখ্য মূর্ত্তি।
- (২) এক এক মূর্ত্তি অর্থাৎ সেই গর্ভোদশায়ী রূপ অনন্ত মূর্ত্তির এক এক মূর্তিতে।
 - () সে পুরুষের = মহাবিঞুর।
 - (২) অংশ== প্রকাশ।
 - (७) विष्ण्य = भार्थका।
- (৪) "সহার করেন ''তাঁর লইয়া প্রধান" = প্রধান = প্রকৃতি। তাঁর লইয়া অর্থাৎ তাঁর শক্তি লইয়া। সহায় = স্ট্যাদি কার্য্যে সাহায়।
- (॰) উপাদান ও নিমিত্ত রূপে মারা ছই প্রকারে আবছান করে। তল্পাধ্যে উপাদান রূপে প্রধান ও প্রকৃতি নাম হয়। এবং নিমিত্তাংশে মারাই নাম। যাহাকে গ্রহণ করিয়া কার্য্য হল ভাছার নাম উপাদান, এবং যাহা বিনা কার্য্য হল না ভাহার নাম নিমিত্ত। বেমন কুন্তালের উপাদান অর্থ এবং কুন্তালের নিমিত্ত অর্থকার,।।

অকৈত আচাৰ্য্য কোটি ব্ৰহ্মাণ্ডের কৰ্ম্তা।
আর এক এক মূর্ত্তে ব্রহ্মাণ্ডের ভর্ম্তা॥
সেই নারায়ণের মুখ্য অঙ্গ অকৈত।
অঙ্গ শব্দে অংশ করি কহে ভাগবত॥
ইশ্বরের অঙ্গ অংশ চিদানন্দ ময়।
মায়ার সমন্ধ নাহি এই শ্লোক কয়॥
নারায়ণ স্তং নহি সর্ব্ব দেহিনা-

মা**খ্যান্য** ধীশাথিল লোকসাক্ষী। নারায়ণোহঙ্গং নরভূজলায়না-

ভচ্চাপি সভাং ন ভবৈব মায়া॥ (৬)

শ্রীমন্ত্রাগবত।

অংশ না কহিয়া কেন কহ তারে অস।
অংশ হৈতে অস নাতে হয় অস্তরক।
নহালিফ্ল মহা অংশ অগৈত গুণপান।
ঈশবে অভেদ তেঞি অগৈত পূর্ণ নাম।
পূর্দে বৈছে কৈল সর্দ্য বিশ্বের সজন।
অবতার কৈল এবে ভক্তি প্রবর্তন।
জীবে নিস্কারিল রুফ্ছেক্তি করি দান।
গীতা ভাগবতে কৈল ভক্তির ব্যাশ্যান।
ভক্তি উপদেশ বিস্কু তাঁর নাহি কার্যা।
অতএব নাম হৈল অগৈত আচার্যা।

(৬) অর্থ। তুমি যথন সর্বন্থের আন্ধা, তথন তুমি কি নারায়ণ নহ ? নার শব্দের অর্থ জীব সমূহ, অয়ন শব্দের অর্থ আশ্রয়। জীব সমূহ ঘাঁহার আশ্রয়, দেই পরমান্ধাই নারায়ণ শব্দ বাচা। অতএব তুমি পরমান্ধা বলিয়াই তুমি নারায়ণ। কারণ নারের অর্থাৎ জীব সমূহের বা তথ্য সমূহের প্রবর্তক ঈথরকেও নারায়ণ বলা যায়। তুমি সর্বলাক সাক্ষী বলিয়া নারায়ণ। কারণ যিনি লোক সকলকে জানেন বা সাক্ষাৎ দর্শন করেন, তাঁহাকেও নারায়ণ বলা যায়। আবার নর অর্থাৎ পরমান্ধা হইতে উদ্ভূত যে চতুর্বিশতি তত্ম এবং তাহা হইতে উৎপর থ্য জ্ঞলা, এই ছুইটি ঘাঁহার আশ্রয়, দেই প্রসিদ্ধ নারায়ণ জ্ঞোমারই আংশ অর্থাৎ মূর্ত্তি বিশেষ। তিনি তোমা হইতে ভিন্ন নহেন। তবে সেই নারার্যণের যে তাদৃণ পরিচ্ছিন্নজ তাহা সভানহে। পরস্ত তোমার লীলাই সত্যা যুবা অথবা নারায়ণ রূপ ভোমার দেই মূর্ত্তিও সভা; উছা নারিক নহে।

কমল নয়নের তিঁহো যাতে অক অংশ।
কমলাক (১) করি ধরে নামঅবতংশ।
কীপর স্বারুপ্য পায় পারিষদ গণ।
চতুর্জু পীত বাস গৈছে নারায়ণ।
অধৈত আচার্য্য ঈশরের অংশ বর্য্য।
তাঁর তত্ত্ব নাম গুণ সকল আশ্চর্য্য।
বাঁহার তুলসী জলে বাঁহার হুংকারে।
স্বাণ সহিত চৈতত্ত্যের অবতারে।
বাঁর দ্বারা কৈল প্রভু জগত নিস্তার।
আচার্য্য গোঁসাঞির গুণ মহিমা অপার।
জাঁবকাট কোথায় পাইবেক তার পার॥

কুপান্য গোরভক্ত পাঠকরুল ! শ্রীঅইছততত্ত্ব আপনার অব্শুই জ্ঞাত আছেন। তত্ত্বকথা অতি রুহং বস্তু। স্কুত্ত মন্তুগুর্দ্ধিতে তাহার লাগ পাওয়া যায় না। তত্ত্বসিদ্ধিংস্থ গোরভক্ত পাঠকরুল সদ্পুক্তর নিকট এই সকল তত্ত্বাস্থসদান করিবেন। জীবাধন গ্রন্থকার শ্রীঅইছতপ্রভুর একটি তত্ত্ উত্তম বৃঝিয়াছেন। তিনি আমাদের গোর-আনা-গোসাঞি ইহা অপেক্ষা উত্তন তত্ত্ব আরু কিছুই নাই। ইহা ছাড়িয়া অন্ত তত্ত্বের অন্ত্রসদ্ধানে প্রবৃত্ত হইতে আরু ইচ্ছা হয় না। গোর-আনা-গোসাঞির তত্ত্ব স্বয়ং শ্রীগোরান্ধ প্রভু তাঁহার শ্রীমুখনিংস্থত বাণী দ্বারা জগতে প্রচার করিয়া গিয়াছেন। শ্রীক্রপ সনাতন যখন নীলাচলে গিয়া প্রভুর চরণে আফ্রন্স্বর্পণ করিলেন, প্রভু তথন তাঁহাদিগকে শ্রীঅইছত প্রভুকে দেখাইয়া দিয়া কহিলেন—

"প্রেমভক্তি যদি বাঞ্ছা করহ এখনে।
তবে ধরি পড় এই অবৈতচরণে ॥
ভক্তির ভাগুারী অবৈত মহাশয়।
অবৈতের কুপায় সে কুঞ্চক্তি হয়॥ চৈঃ ভাঃ
প্রভু তখন শ্রীঅবৈতপ্রভুর প্রতি চাহিয়া কহিলেন—
"অমায়ায় কুঞ্চক্তি দেহ এ ত্রেরে।
জন্ম জন্ম আর যেন কুঞ্চনা পাসরে॥

⁽১) শ্ৰীক্ষৈতপ্ৰভুৱ শিভ্দন্ত নাৰ ''ক্ৰলাক্ষ্য''

ভক্তির ভাগ্ডারী তুমি বিনে তুমি দিলে। কুষ্ণভক্তি কুষ্ণভক্ত কুষ্ণ কারে মিলে॥ চৈঃ ভাঃ

শ্রীবাদ পণ্ডিতকে চতুর চূড়ামণি প্রভূ এক দিন কোতৃক রিয়া জিজ্ঞাদা করিলেন "শ্রীবাদ পণ্ডিত! আমাকে বল দথি, তুমি আচার্য্যকে কিরপ বৈষণ্ডব মনে কর?" শ্বীঅদৈতাচার্য্য দেখানে উপস্থিত ছিলেন। প্রভূ শ্রীবাদ ণ্ডিতকে পরীক্ষা করিতেছেন, তিনি তাহা বৃঝিতে পারি-লন। অনেক ভাবিয়া চিন্তিয়া শ্রীবাদ পণ্ডিত সভয়ে উত্তর গরিলেন—

"শুক বা প্রহলাদ যেন মোর চিত্তে লয়"। ইহা শুনিয়া প্রভু ক্রোধে উন্মন্ত হইয়া বৃদ্ধ ব্রাহ্মণের টেষ্ঠ এক বিষম চপটাঘাত করিয়া কহিলেন—

"কি বলিলি কি বলিলি পণ্ডিত শ্রীবাস!
মোহোর নাড়ারে কহ শুক বা প্রহলাদ!
যে শুকেরে মৃক্ত তুমি বোল সর্ব্বমতে।
কলির বালক শুক নাড়ার আগেতে॥
এত বড় বাক্য মোর নাড়ারে বলিলি।
আজি বড় শ্রীবাসিয়া মোরে হঃখ দিলি"॥ চৈঃ ভাঃ

শীবাস পণ্ডিতকে চড় মারিয়াও প্রাভুর রাগ যায় নাই।
তিনি ক্রোধে কম্পবান কলেবরে দীপ্যপ্তি হস্তে করিয়া
নেরায় তাঁহকে "থেদাড়িয়া" মারিতে উদ্যত হইলেন।
১ই সময়ে শ্রীঅদৈতপ্রভু তাঁহার হাত ধরিয়া নিবারণ
দরিলেন (১)। প্রভু তথন শাস্ত হইয়া শ্রীবাদ পণ্ডিতকে
দহিলেন—

''ওহে শ্রীনিবাস মহাশয়।

মোহোর নাড়ারে এই তোমার বিনয়॥

শুক আদি করি সব বালক উহার।

নাড়ার পাছে সে জন্ম জানিহ সভার॥

অবৈত লাগি মোর এই অবতার।

(১) এত বলি ক্রোধে হল্তে দীপ বস্তি লৈরা।
শীবাদেরে মারিবারে যান থেদা ড়িরা।
সসন্তমে উঠিরা শীক্ষাবৈত মহাশর।
ধরিরা প্রভুর হল্তে করিলা বিনর। চৈ: ভাঃ

মোর কর্ণে বাজে আসি নাড়ার ছন্ধার।

শয়নে আছিলুঁ মৃঞি ক্ষীরোদ সাগরে।
জাগাই আনিল মোরে নাড়ার হন্ধারে'। চৈঃভাঃ
শীবাস পণ্ডিত মহা অপ্রতিভ হইয়া প্রভুর নিকট
করযোড়ে নিজ অপরাধের ক্ষমা প্রার্থনা করিলেন। তিনি
প্রেমে গদগদ হইয়া কান্দিতে কান্দিতে সভয়ে প্রভুর চরণে
নিবেদন করিলেন—

"তোমার অধৈত তত্ব জানহ তুমি সে। তুমি জানাইলৈ সে জানয়ে অন্ত দাসে। আজি মোর মহা ভাগ্য সকল মঙ্গল। শিখাইয়া আমারে আপনে কৈলা বল। চৈঃ ভাঃ

প্রভূ শ্রীবাদ পণ্ডিতের দৈন্যোক্তিতে সম্ভষ্ট হইয়া তাঁহাকে প্রেমালিঙ্গন লানে ক্তার্থ করিলেন।

তাই বলিতেছি গৌর-আনা-গোঁদাঞির তত্ত্ব**ীগৌরাক** প্রভুই জানেন। তিনি রূপ। করিয়া জানাইলে **অত্তে** পারে। তিনি যথন বলিয়াছেন—

''মোর নাড়া স্থানিবারে আছে কোন জন''।

তথন আর কথায় কাজ কি ?

শ্রী মনৈ তপ্রভুর দান্তভাব। নবদীপে প্রভু যধন
সংকীর্ত্তনারত্তে আত্মপ্রকাশ করিলেন শান্তিপুরে গৌরআনা-গোঁদাঞির নিকট সকল সমাচার পৌছিল। সর্বজ্ঞ
শ্রী অবৈতপ্রভু তংক্ষণাৎ নবদীপে চলিয়া আসিলেন। তাঁহার
কভাব পরম গন্তীর। কথন যদি কিছু কাহাকেও বলেন
তথনই তাহা আবার অন্য কথা তুলিয়া সঙ্গোপন করেন।
নদীয়ার বৈষ্ণবগণ প্রভুর প্রেমভক্তিভাব দর্শনে মৃশ্ধ হইয়া
এবং তাঁহার শ্রীমুথে অপূর্বর মধুর হরিসংকীর্ত্তন শ্রবণ করিয়া
যথন অবৈত্রভাৱ গিয়া শ্রী অবৈত্র প্রভুর নিকট সকল কথা
বলিলেন, তিনি স্থিরভাবে সকলি শুনিলেন। প্রভুর অপূর্ব্ব
প্রেমভক্তির কথা শুনিতে শুনিতে তিনি আবিষ্ট হইয়া
বৈষ্ণবন্দকে সন্ধোধন করিয়া কহিতে লাগিলেন—

মোর আজুকার কথা শুন ভাই সব। নিশিতে দেখিলুঁ আজি কিছু অছভব ॥

গীতার পাঠের অর্থ ভাল না বঝিয়া। থাকিলাঙ তুঃখ ভাবে উপাস করিয়া॥ কথো রাত্রে আমারে বোলয়ে একজন। উঠহ আচার্য্য। ঝাট করহ ভোজন। এই পাঠ এই অর্থ কহিল তোমারে। উঠিয়া ভোজন কর পূজহ আমারে॥ আর কেন ত্বংথ ভাব পাইলে সকল। य नाशि मःकन्न देकरन रम देशन मकन ॥ য়ত উপবাস কৈলে যত আরাধন। যতেক করিলে ক্লফ বলিয়া ক্রন্দন ॥ যা আনিতে ভুজ তুলি প্রতিজ্ঞা করিলা। সে প্রভু তোমারে এবে বিদিত হৈল।॥ मर्ख (मर्भ इट्रेंविक क्रूरफ्ड कीर्खन। ঘরে ঘরে নগরে নগরে অফুক্র।। বন্ধার হল্লভ মূর্ত্তি জগতে যতেক। তোমার প্রসাদে মাত্র সভে দেখিবেক। এই শ্রীবাদের ঘরে যতেক বৈফব। ব্রহ্মাদির হল্লভ দেখিব অন্থভব ॥ ভোজন করহ তুমি আমার বিদায়। আর বার আদিবাঙ ভোজন বেলায়॥ চক্ষু মেলি দেখি চাহি এই বিশ্বস্তার। দেখিতে দেখিতে মাত্র হইল অন্তর। কুষ্ণের রহস্ত কিছু ন। পারি বৃধিতে। কোনরূপে প্রকাশ বা করেন কাহাতে॥ ইহার অগ্রজ পূর্ব্ব বিশ্বরূপ নাম। আমা সঙ্গে আসি গীতা করিত ব্যাখ্যান। এই শিশু পরম মধুর রূপবান। ভাইকে ডাকিতে আসেন মোর স্থান॥ চিত্ত বৃত্তি হরে শিশু স্থন্দর দেখিয়া। আশীর্কাদ করে ভক্তি হউক বলিয়া। আভিজাত্যে আছে বড় মান্ত্ৰের পুত্র। নীলামর চক্রবর্ত্তী তাঁহার দৌহিত। আপনেও সর্বা গুণে উত্তম পণ্ডিত।

তাঁহার ক্লম্পেতে ভক্তি হইতে উচিত ॥
বড় স্থী হইলাঙ একথা শুনিয়া।
আশীর্কাদ কর সবে তথাস্ত বলিয়া ॥
শীক্ষের অন্থাহ হউক সভারে।
কৃষ্ণনামে মত্ত হউ সকল সংসারে॥
যদি সত্য বস্ত হয় তবে এইথানে।
সভে আসিবেন এই বামনার স্থানে॥" চৈঃ ভাঃ

অতিশায় সতর্কতা এবং চতুরতার সহিত সর্বান্ধ শ্রীআছৈত প্রভু এ সকল কথাগুলি বলিলেন। তিনি সকল কথাই বলিলেন; কিন্তু আবার সকল কথাই ঢাকিলেন। তিনি তাঁহার এই অভূত স্বপ্প বৃত্তান্থের কথা শেশ হইলে বলিলেন—

"চক্ষু মেলি চাহি দেখি এই বিশ্বস্তর"।
এই নদীয়ার আদ্ধাবালক শচীনন্দন জগন্নাথ মিশ্রপুর
ন্দরপুত্র বিশ্বস্তর তাঁহাকে স্বপ্রে দর্শন দিয়া কি বলিলেন—
আর কেন ছঃখ ভাব পাইলে সকল।
থে লাগি সংকল্প কৈলে সে হৈল সকল॥
শ্রীঅহৈত প্রভুর সংকল্প কি, কুপাম্য পাঠকর্ন্দ তাহা
জানেন। স্থপ্তুর পুক্ষ আর কি বলিলেন শুকুন—

যা আনিতে ভুত্ন তুলি প্রতিজ্ঞা করিলা। সে প্রভু তোমারে এবে বিদিত হৈলা।।

তাঁহার অভীষ্টদেবই যে শচীনন্দন, শ্রীমদৈতাচার্য্য তাহা বিলক্ষণ ব্ঝিলেন। সকল কথাই শ্রীমদৈত প্রভু প্লষ্ট কথায় খ্লিয়া বলিলেন, কিন্তু সঙ্গে সঙ্গে আবার সকল কথাই লুকাইলেন। তিনি সর্ব্যোগে হাসিয়া বলিলেন "নিমাই পণ্ডিত মিশ্রপুরন্দরের পুত্র, নীলাম্বর চক্রবর্ত্তীর দৌহিত্র শাস্ত্রাধ্যায়ণ করিয়াছেন, তাঁহার ক্লফভক্তি হইবে না ত কাহার হইবে ?" এই কথায় শ্রীমদৈতপ্রভু তাঁহার ব্যক্ত মনভাব পুনরায় গুপ্ত রাখিবার চেষ্টা করিলেন। উপস্থিত বৈষ্ণবগণ আনন্দে জয় জয় ধ্বনি করিলেন, শ্রীমদৈত প্রভুর কথার প্রকৃত মর্ম কেহই ব্ঝিতে পারিলেন না শান্তিপুরনাথ আনন্দে ছকার করিন্তে করিতে শেষ কথাটি বলিলেন। "যদি সত্য বস্তু হয় তবে এইথানে। সভে আসিবেন এই বামনার স্থানে॥"

প্রান্থ যথন শচীগর্ভে নদীয়ায় উদয় হন, তথন শ্রীঅদৈতপ্রভু শান্তিপুরে বাস করিতেছিলেন। প্রভর আবির্ভাবের শুভবার্তা শ্রবণ করিয়া প্রেমানন্দে হুস্বার করিয়া কুফ্কীর্ন্তন করিতে লাগিলেন। অধৈত-গহিনী সীতা ঠাকুরাণী শচীনন্দনকে দর্শন করিতে নদীয়ায় আদিলেন। কিন্তু শ্রীঅদৈতপ্রভু তথন আদিলেন না। দীতাঠাকুরাণী জিজ্ঞাদা করিলে উত্তর দিয়াছিলেন, "তোনাকে তিনি ক্রপা করিয়া ডাকিয়াছেন তুমি যাও। আমার প্রান্ত এখানে আসিয়া আমাকে দর্শন দিয়া বাইবেন। ভক্তবংসল প্রায় ভক্তের মনবাঞ্চা পূর্ণ করিতে চিরনিন তংপর। অভিযানী ভক্তের মান ও অভিযান স্থচক প্রিয়বাক্য শ্রীভগবানের নিক্ট বিশেষ আদরণীয়। শ্রীঅবৈত প্রভুক্তাবতার। অভিমানী ভক্তের কথার মর্ম্ম বুরিবার শক্তি আমাদের নাই। ভক্তের ভগবানই ভক্তের কথার মর্ম বুঝেন শ্বন্দ জীবশক্তি ভক্তমহিমার মশ্ম বুঝিতে অক্ষম। শ্রীঅদৈতাচার্য্য শ্রীগোরাঙ্গপ্রভুর অভিমানী মন্দ্রী ভক্ত। তাঁহার এই অভিমানমিখিত দাসভাবে শ্রীগোরভগবান मुक्ष ।

হরিদাস ঠাকুর শ্রীঅবৈতপ্রভ্র সহিত শান্তিপুরে ছিলেন।
শান্তিপুরের নিকট ফুলিয়া পাহাড়ের গহররে বসিয়া
তিনি ভজন করিতেন। দিবানিশি উচ্চ নামসংকীর্ত্তন
তাঁহার ভজনের প্রধান অঙ্গ ছিল। তিনি লক্ষ নাম গ্রহণ
না করিয়া জলস্পর্শ করিতেন না। শ্রীগোরাঙ্গ অবতারে
তাঁহার দ্বারা প্রস্তু নামমাহাল্লা প্রচার করিয়াছিলেন।
নাম প্রচার কার্য্যে তিনি শ্রীনিত্যানন্দপ্রভ্র প্রধান সহাম
ছিলেন। তাঁহার পবিত্র নাম স্মরণে শ্রীগোরভগবানের নামে
কচি হয়, সর্ব্বপাপ দ্র হয়। শ্রীগোরাঙ্গলীলায় তিনি
বন্ধার অবতার। এই জন্ম তাঁহাকে মহাজনগণ "বন্ধ
হরিদাস" আখ্যা দিয়াছিলেন। হরিদাস ঠাকুর ব্রাহ্মণ
সন্তান ছিলেন। কিন্তু শিশুকাল হইতে তিনি যবন
কত্ত্ব প্রতিপালিত হওয়য়, লোকে তাঁহাকে যবন বলিয়া

জানিত। কেই কেই তাঁহাকে ঘবন হরিদাস বলিয়া ভাকিত। যশোহর জেলার বুচুন গ্রামে এই সিদ্ধ মহা-পুরুষের জন্ম হয়। ইহার মাতার নাম গৌরীদেবী, পিতার নাম স্থমতি। ঠাকুর হরিদাদের পিতামাতা অত্যন্ত ধর্মপরায়ণ ছিলেন। দিবানিশি নাম কীর্ত্তনরসে উভয়ে মগ্ন থাকিতেন। ঠাকুর হরিদাস পিতার বৃদ্ধ বয়সের পুত্র। যথন তাঁহার বয়:ক্রম ছয়মাস মাত্র, তথন তাঁহার পিতার দেহত্যাগ হয়। পতিপ্রাণা গৌরীদেবী স্বামী শোকে পতির সহগমন করিলেন। তাঁহাদের আত্মীয়-স্বজন সেখানে কেহই ছিলেন না। বুচন গ্রামে তাঁহাদের একজন প্রতিবেশী ধার্মিক মুসলমান ছিলেন। তিনি ও তাঁহার দয়াবতী পত্নী এই পিতৃমাতৃহীন অনাথা বালকটিকে প্রতিপালন করিয়াছিলেন। কিন্তু য্বনাল তাঁহার উদরে প্রবেশ করে নাই। প্রীল ঈশান নাগর তাঁহার প্রীঅধৈত প্রকাশ শ্রীগ্রন্থে একথা স্পষ্টই লিখিয়াছেন—

যবন পালিত শিশু চ্গ্ন মাত্র পায়।
দিনে দিনে বৃদ্ধি হয় কোটি ইন্দু প্রায়॥
ত্রন্ধা হরিদাস লোকে জাতিমার কয়।
পূরব সংস্কারে সদা হরিনাম লয়॥

এই যবনপালিত অপূর্ক শিশু অতি শিশুকাল হইতেই হরিভজিপরায়ণ ছিলেন। বয়োর্দ্ধি সহকারে তিনি একজন সত্যনিষ্ঠ বিশিষ্ঠ সাধু ভক্ত বলিয়া গণ্য হইলেন। সাধারণ লোকে জানিত হরিদাস ঠাকুর যবন বংশজাত। যবনে হিন্দু ধর্ম গ্রহণ করিয়াছে, হিন্দু আচারে হিন্দুর দেবতা পূজা করিতেছে, হরিনাম কীর্ত্তন করিতেছে, এ সকল কথা তাৎকালিক যবনরাজ মূল্কপতির কর্পে গেল। তিনি হরিদাস ঠাকুরকে ধরিয়া আনিতে আদেশ দিলেন। কুলোকের কুমন্ত্রনায় এবং কাজির আদেশে হরিদাস ঠাকুর রাজদরবারে আনীত হইলেন। তাঁহাকে প্রথমে ভাল কথায় যবনরাজ স্বধর্মে অনিবার চেটা করিলেন। কিছুতেই তিনি তাহা পারিলেন না। তথন কাজির বিচারে তাঁহার প্রতি বাইশ বাজারে বেত্রাঘাতের আদেশ হইল। যথা শ্রীচৈতঞ্বভাগবতে—

কাজি বোলে বাইশ বাজারে নিঞা মারি।
প্রাণ লহ আর কিছু বিচার না করি।
বাইশ বাজারে মারিলেহ্ যদি জীয়ে।
তবে জানি জ্ঞানী সব সাঁচা কথা কহে।
রাজাজ্ঞা শুনিয়া হরিদাস ঠাকুর নির্ভয়ে উত্তর করিলেন:—

থও থও করি দেহ যদি যায় প্রাণ। তবু আমি বদনে না ছাড়ি হরিনাম। চৈ ভাঃ

ছষ্ট রাজদূতগণ হরিদাসঠাকুরকে লইয়। বাজারে বাজারে বেত্রাঘাতে নির্য্যাতন করিতে আরম্ভ করিল। তিনি অমানবদনে বেত্রাঘাত সহা করিতেছেন। তিনি মার থাইতেছেন, আর মুথে হরিনাম করিতেছেন। তাঁহার অঙ্গ ভীষণ বেত্রাঘাতে কতবিক্ষত হইতেছে, তিনি রক্তাক্ত কলেবর, তাহাতে তাঁহার কিছুই হুঃথ নাই,দুকপাতও নাই। তাঁহার প্রসন্ন বদন, হাসি মুখ; তাঁহার বদনে কেবল মধুর হরিনাম ধ্বনি। দৈহিক ক্লেশাত্মভৃতি তাঁহার একেবারে নাই। তাঁহার মনে একটি মাত্র তুংখের তরঙ্গ উঠিয়াছে। হরিদাস ঠাকুর মনে মনে ভাবিতেছেন "এই তুই যবনগণ কি পাপী ? আমি ত ইহাদের নিকট কোন অপরাগই করি নাই। তবে কেন আমাকে ইহার। এরপ নিদ্যু ভাবে প্রহার করিতেছে গুহা ভগবান ! ইহাদের গতি কি হইবে গ হা ক্বফ! ইহারা আমার উপর অত্যাচার করিতেছে বলিয়া ইহাদের কোন অপরাধ লইও না (১)। হরিদাস ঠাকুরের এই অপুর্বে প্রার্থনা ওধু তাঁহার মনের কথা নহে। তিনি সর্ব্ব সমক্ষে শ্রীভগবানকে উদ্দেশ করিয়া উদ্দর্থে উচ্চৈঃ স্বরে এই অপূর্ব্ব প্রার্থনা করিলেন। উপস্থিত লোক সমূহ এবং যাহারা তাঁহাকে প্রহার করিতেছিল, তাহারাও এই অম্বত প্রার্থনা শুনিয়া কিছুক্ষণ শুস্তিতের ক্যায় তাঁহার প্রসন্ধ ও জোতির্ময় বদনের প্রতি চাহিয়া রহিল। বেক্সাঘাত বন্ধ

(১) হাসিরা বোলেন হরিদাস মহাশর।
আমি জীলে বদি ভোষা সঞ্চার মন্দ হর।।
ভবে আমি মরি এই দেখ বিভাষান।
এত বলি আবিষ্ট হৈলা করি গান।। চৈঃ ভাঃ

করিয়া তাহার। জড়বং কাষ্ট পুত্তলিকার ফ্রায় দাঁড়াইয় বহিল। তাহারা মহাপাষণ্ডী বিধর্মী যবন। ভক্তির মাহাত্মা, শ্রীভগবানের নামের বল, তাহারা কি জানিবে ! তাহারা ভাবিল হরিদাস ঠাকুর একটি সিদ্ধ পীর। ইহার মৃত্যু নাই। রাজার আদেশ ইহার প্রাণবধ করিতেই হইবে। তাহা ত হইল না। রাজাক্তা পালন না করিলে তাহাদের প্রাণবধ হইবে। তথন তাহাদের প্রাণবধ বড় ভয় হইল; তাহারা ঠাকুর হরিদাসকে তথন বিনয়বচনে কহিল—

———"ওহে হরিদাস। তোমা হৈতে আমা সভার হইবেক নাশ। এত প্রহারেও প্রাণ না যায় তোমার।

কাজী প্রাণ লইবেক আমা সবাকার॥ হরিদাস ঠাকুর প্রেমানন্দে হরিনাম করিতেছেন। তিনি অত্যাচারীদিগের মুখে এই কথা শুনিয়া একটু নধুর হাসি-रलन । "जीरव महा नारम क्रि" हित्रमान ठाकुरतत ज्ञानत মূলমন্ত্র। অত্যাচারী যবনদিগের তাঁহার জন্য প্রাণ নাশ হইবে, এই আশক্ষায় বৈষ্ণব সাধুর কোমল হৃদয় ব্যথিত হুইল। তথ্য তিনি হাসিয়া কহিলেন "আমি বাঁচিলে যদি তোমাদের মন্দ হয়, তবে দেখ আমি তোমাদের সাক্ষাতেই মরিতেছি"(১)। এই বলিয়া তিনি ধ্যানানন্দে মগ্ন হইলেন। তিনি প্রেমাবেশে নিপান ও নিশ্চেষ্ট হইয়া রহিলেন। অত্যাচারী যবনগণ ভাবিল, তাঁহার প্রাণবায় বহির্গত হইয়া গিয়াছে। সকলে মিলিয়া হরিদাস ঠাকুরের নিশ্চেষ্ট দেহকে वर्न कतिया यवनतारकत निक्षे उपिष्टि रहेन। भूनूक-পতি হরিদাস ঠাকুরের সমাধিস্থ নিষ্পন্দ দেহকে কবরস্থ করিতে আদেশ দিলেন। কিন্তু তাঁহার প্রধান মন্ত্রী গোরাই কাজি তাঁহাকে বুঝাইয়া বলিলেন "মুসলমান হইয়া এই লোকটি হিন্দুধর্ম গ্রহণ করিয়া অতিশয় নীচ কর্ম

(>) তবে যে সকল পাপীগণ তাঁরে মারে।
তার লাগি ছ:খ মাত্র ভাবেন অন্তরে।
এসব জীবেরে কৃষ্ণ। করত প্রসাদ।
মোর সোঁতে নতু এ সভার অপরাধ।। তিঃ ভাঃ

হরিয়াছে। ইহাকে মাটি দিলে ইহার সদগতি লাভ হইবে। নীচ পাপকর্ম্মের ফল তবে কি হইল? ইহাকে গলায় ফেলিয়া দেওয়া হউক; ইহাতে তাহার অসদগতি হইবে এবং পরকালে ছঃখ পাইবে।" যবনরাজ মন্ত্রীর পরামর্শ শুনিয়া হরিদাস ঠাকুরের সমাধিস্থ দেহকে গলাজলে নিক্ষেপ করিতে আদেশ দিলেন। তাঁহার আজ্ঞা প্রতিপালিত হইল। লোকে জানিল হরিদাস ঠাকুর এইভাবে দেহতাগ করিলেন।

কৃষ্ণভক্তিপ্রদায়িনী স্থরধুনীর পরম প্রিত্র সলিল-স্রোতে ভাসিতে ভাসিতে ধ্যানানন্দে মগ্ন হরিদাস ঠাকর কলিয়া নগরে আসিয়া উপস্থিত হইলেন। এথানে তাঁহার স্মাধি ভঙ্গ হইল। তিনি বাহাজান লাভ করিয়া হরিনাম কীর্ত্তন করিতে করিতে তীরে উঠित्नन । বিহবল হইয়া তিনি উদ্ধ নৃত্য করিতে করিতে ফুলিয়া। নগরের অভ্যন্তরে প্রবেশ করিলেন। অভ্যাচারী যবনবুদ ইহা স্বচক্ষে দেখিল এবং যবনরাজা মূলুকপতিও ঠাকুর হরিদাসের পুনর্জীবন লাভের কথা ভনিলেন। কৌতুহল পরবশ হইয়া তিনি স্বয়ং কলিয়া গ্রামে হরিদাস ঠাকুরকে দেখিতে আদিলেন। পরম জ্যোতির্মায় প্রদন্ন মূর্ত্তি হরিদাদ ঠাকুরকে দেখিয়া যবনরাজ তাঁহাকে পীরজ্ঞানে বহু সন্মান করিয়া পূর্ক অপরাধের জন্ম সর্বাসমকে কর্যোড়ে ক্ষ্মা প্রার্থনা করিলেন। তিনি ঠাকুর হরিদাসের চরণ ধরিয়া কহিলেন-

শত্য শত্য জানিলাম তুমি মহাপীর।

এক জ্ঞান তোমার যে হইয়াছে স্থির ॥

যোগী জ্ঞানী দব যত মুথে মাত্র বোলে।

তুমি যে পাইলা দিদ্ধি মহা কুতৃহলে॥

তোমারে দেখিতে মুঞি আইলু হেথায়।

দব দোষ মহাশয় ক্ষমিবে আমার॥ চৈঃ ভাঃ

হরিদাস ঠাকুর পরম সন্ত্রমের সহিত যবনরাজাকে অভার্থনা করিয়া তাঁহার সহিত তত্তকথা কহিতে লাগিলেন। সাধুর ক্লপায় যবনরাজ মূলুকপতির দিব্যক্তান-লাভ হইল। তিনি হরিদাস ঠাকুরের শরণাপন্ন হইলেন। তাঁহার অন্তরবর্গও এই বৈশ্বব সাধুর ক্লপায় শাস্ত-শিষ্ট সজ্জনের ছ্যায় বাস করিতে লাগিল। এইরপে মুসলমান রাজ্যে ঠাকুর হরিদাস নিরাপদে ও সসম্ভ্রমে শ্রীহরিভজন করিতে লাগিলেন। শ্রীভগবানের নামের জয় হইল।

শ্রীগোরাঙ্গাবতারে শ্রীভগবান এক একটি ভক্ত ছারা এক একটি ভজনাঙ্গের মহিমা প্রচার করিয়াছেন। হরিদাস ঠাকুরের ছারা তিনি নামমাহাত্ম্য প্রচার করাইয়াছেন। এই নাম মাহাত্ম্য কি রূপ, শ্রীভগবানের নামের বল কতদূর, ঠাকুর হরিদাস স্বয়ং আচরিয়া তাহা কলির জীবকে দেখাইলেন। শ্রীভগবানের নামকীর্ত্তনকারী ভক্তের মনের বল কতদূর, তাঁহার হৃদয়ের উদারতা কিরূপ, ঠাকুর হরিদাসের অলোকসাধারণ পরম পবিত্র চরিত্রে তাহা পূর্ণভাবে পরিস্কৃট রহিয়াছে। মধুর হরিনামগান ঠাকুর হরিদাসের অতি প্রিয় বস্তু ছিল, তিনি সদর্শে যবন রাজাকে বলিয়াছিলেন—

থণ্ড থণ্ড হয় যদি যায় দেহ প্রাণ। তবু আমি বদনে না ছাড়ি হরিনাম।

হরিদাস ঠাকুরের মহিনা বলিয়া শেষ করা যায় না।
পূর্ব্বে লিথিয়াছি—শ্রীগোরাঙ্গলীলার নামমাহাত্ম্য কীর্ত্তনে
এই মহাপুরুষ প্রভুর প্রধান সহায় ছিলেন। শ্রীচৈতন্যভাগবতকার শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর ব্রহ্ম হরিদাস ঠাকুরের
মহিমা কীর্ত্তন করিয়া লিথিয়াছেন—

সর্ব-ভূত বংসল সভার উপকারী। প ঈশ্বরের সঙ্গে প্রতি জন্মে অবতারী॥ তিলার্দ্ধ উহান সঙ্গ যে জীবের হয়। সে অবশ্য পায় কৃষ্ণপাদপদ্মাশ্রয়॥ হরিদাস স্পর্শে বাহুণ করে দেবগণ। গঙ্গাও বাহুেন হরিদাসের মজ্জন॥ স্পর্শের কি দায়! দেখিলেও হরিদাস। ছিণ্ডে সর্ব্ব জীবের অনাদি কর্ম্ম পাশ॥ হরিদাস আশ্রেয় করিবে যেই জন। তারে দেখিলেও খণ্ডে সংসার বন্ধন॥ শত বর্ষে শত মুথে উহান মহিমা। কহিলেও নাহি পারি করিবারে সীমা। সক্ষত যে বলিবেক হরিদাস নাম। সত্য সত্য সেই যাইবেক ক্ষণাম।

নীলাতলে প্রভু আমার হ্রিদাস ঠাকুরের মৃতদেহ স্কন্ধে করিয়া প্রেমানন্দে উন্মত হইয়া নৃত্য করিয়াছিলেন। ক্রিয়াজ গোস্থামী লিপিয়াছেন—

নমামি হরিদাসং তং চৈতক্তং তঞ্চ তং প্রভুং।
সংস্থিতামপি ধ্রুপ্রিং স্থাকে ক্রুখা নন্ত সং॥ চৈঃ চঃ

ঠাকুর হরিদাসের অত্যন্তুত পরম পবিত্র চরিতস্থনা বর্ণনা ও আস্থাদন করিবার স্থান এ গ্রন্থে নাই। প্রসঞ্চ ক্রমে আত্মশোধনের জন্ম যৎকিঞ্চিৎ তাঁহার মহিমা কীর্তন করিয়া ধন্ম হইলাম। প্রভুর রূপা হইলে, আর গোরভক্ত রূপাময় পাঠকগণ অন্তমতি করিলে হরিদাস ঠাকুরের বিস্তারিত চরিতস্থাকাহিনী পৃথক গ্রন্থে বর্ণনা করিবার অভিলাষ রহিল। এই গ্রন্থের প্রথমাংশ লিখিত হইয়াছে।

নদীয়ার সংকীর্তনারছে প্রভুর আত্মপ্রকাশের সময় এই মহাপুরুষ শ্রীঅবৈতপ্রভুর সহিত নবদীপে আসিয়াছিলেন। গৌর-আনা-গোসাঞিটির গৌর-আনার কার্য্যের প্রধান সহায় ছিলেন ঠাকুর হরিদাস। তাঁহার ছফার গর্জনে আর হরিদাস ঠাকুরের উচ্চহরিনাম সংকীর্ত্তন যজ্ঞামুষ্ঠানে গোলোকের স্থেখর্য্য ছাড়িয়া শ্রীগৌরভগবানকে নদীয়ায় শচীগর্চে অবতীর্ণ হইতে হইয়াছিল। শ্রীঅবৈতপ্রভু ও ঠাকুর হরিদাস তত্বে মহাবিষ্ণু ও ব্রহ্মা। প্রভু যথন নদীয়ায় আত্মপ্রকাশ করিলেন, এই ছই জনে প্রথমে তাঁহাকে চিনিয়া ফেলিলেন। প্রভুর আদেশে ইহারা জীবোদার কার্যাক্ষেত্রে অবতীর্ণ হইলেন। পরে শ্রীনিত্যানন্দপ্রভু আসিয়া ইহাদের সহিত যোগদান করিলেন। সেকথা পরে বলিব। পৃজ্যপাদ হরিদাস ঠাকুরের পুণ্যচরিত-কাহিনী বহুভাবে বহুস্থানে বর্ণিত আছেন। শ্রীগ্রন্থর যথাস্থানে তাহা প্রস্কক্র মে বিস্তারিত লিখিত হইবে।

এস্থলে প্রসক্ষক্রমে হরিদাস ঠাকুরের বেশ্রা-উদ্ধার লীলারকটি বর্ণনা করিবার লোভ সম্বরণ করিতে পারিলাম না। কৃপাময় পাঠকর্দ ক্ষমা করিবেন। হরিদাস ঠাকুর গৃহত্যাগ করিয়া যথন বেনাপোলের বনমধ্যে নির্জন কুটীরে বাস করিতেছিলেন, তথন এই লীলারঙ্গটি অভিনীত হয়। তাঁহার পর্ণকুটীরের চারি পার্শ্বে তুলসী কানন ছিল। তিনি সেই কুটীরে বসিয়া তিন লক্ষ নাম জপ ও কীর্ত্তন করিতেন। রান্ধণের ঘরে ভিক্ষা করিয়া দিন কাটাইতেন। সে দেশের সর্বলোকে তাঁহাকে সম্মান করিত (১)। সেই দেশের জনীদার রামচন্দ্র থান নামে এক জন বৈষ্ণবদেখী পরম অধার্ম্মিক লোক ছিলেন। ঠাকুর হরিদাসকৈ সর্বলোক মাক্ত করিতে, ইহা রামচন্দ্র থানের সহু হইত না। তিনি নানাভাবে ও উপায়ে ঠাকুর হরিদাসের সম্মান হানি করিবার চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু এই পর্ম বৈষ্ণব সাধুপুরুষের কোনরূপ ছিদ্রাহেষণে অসমর্থ হইয়া শেষে এক পর্মা স্কুল্মরী বেস্তাকে বহু অর্থলোভ দেখাইয়া ঠাকুর হরিদাসের কুটীরে পাঠা-ইলেন। তিনি এই বেক্সাকে বলিয়া দিলেন—

"তুমি গিয়া কর ইহার বৈরাগ্য ধর্ম নাশ।" এই বেখা রমণী মহানন্দে সমত হইলে, রামচন্দ্র খান পুনরায় তাহাকে কহিলেন—

——"নোর পাইক যাউক তোনার সনে।

তোমার সহিত একত্রে তারে ধরি যেন আনে ॥ চৈঃ চঃ
এক্ষণে এই স্থন্দরী বারাঙ্গনা নানাবিধ বেশভ্যা করিয়া
একদিন রাত্রিকালে ঠাকুর হরিদাসের কুটারে গিয়া উপস্থিত
হইল। সেথানে গিয়াই প্রথমে তুলসীকে নমপ্রার, পরে হরিদাস ঠাকুরকে দশুবং প্রণাম করিয়া নানাপ্রকার ভাবভন্দী
দর্শন পূর্বক গাত্রবন্ধ উন্মোচন করিয়া। কুটারদ্বারে উপবেশন
করিল। ঠাকুর হরিদাস তথন সংখ্যানাম জপে ময়।
কিছুকাল পরে তুইজনে চোখোচোখি হইলেই সেই
বারাঙ্গনা মধুর বচনে নয়নভন্দী করিয়া ঠাকুর হরিদাসকে
সম্বোধন করিয়া নিল্ল জ্লভাবে কহিল—

ঠাকুর ! তুমি পরম স্থন্দর প্রথম যৌবন। তোমা দেখি কোন নারী ধরিতে পারে মন॥

(>) , ব্রাহ্মণের খরে করে ভিক্সা নির্বাহন। প্রভাবে সকল লোক কররে পুজন।। চৈ: চ:। তোমার সন্ধ লাগি সুক্র মোর মন।
তোমা না পাইলে প্রাণ না যায় ধারণ॥ চৈঃ চঃ
ঠাকুর হরিদাস পরম গন্তীরভাবে উত্তর করিলেন—
"তোমায় করিব অঙ্গীকার।
সংখ্যানাম সমাপ্তি যাবৎ আমার॥
তাবৎ তুমি বসি শুন নামসন্ধীর্ত্তন।
নাম সমাপ্তি হৈলে করিব যে তোমার মন॥ চৈ চঃ

এই বলিয়া তিনি প্রেমানন্দে নামসংকীর্ত্তন করিতে গণিলেন, আর সেই সোভাগ্যবতী বারান্ধনা তাঁহার কুটার বিরে বিসিয়া নামসংকীর্ত্তর শুনিতে লাগিল। এইভাবে মস্ত রাজি কাটিয়া গেল; প্রাত্তংকাল হইল। ইহা দেখিয়া দই বেশ্যারমণী তৃঃখিত হইয়া সেখান হইতে সেদিন লিয়া গেল। সে গিয়া জ্বিদার রামচক্রখানকে কহিল—

"আজি মোরে অঙ্গীকার করিয়াছে বচনে। কালি আসি তাঁর সঙ্গে হইবে সঙ্গনে॥" চৈঃ চঃ রামচন্দ্রপান কহিলেন "উত্তম"। তাহার পরদিন াত্রিকালে পুনরায় সেই বেখা হরিদাসঠাকুরের কুটীরে

ঠাকুর হরিদাস তাহাকে আশ্বাস দিয়া পরম নম্র ইমা কহিলেন—

কালি তুংখ পাইলে অপরাধ না লবে আমার।
অবশ্য করিব আমি তোমা অন্ধীকার॥
তাবং ইহা বসি শুন নামসংকীর্ত্তন।
নাম পূর্ণ হৈলে তোমার পূর্ণ হইবে মন॥ চৈঃ চঃ
তথন সেই বেশ্যা তুলসীকে ও ঠাকুর হরিদাসকীর্ত্তন
মন্ধার করিয়া কুটীরন্ধারে বসিয়া হরিনামসকীর্ত্তন
নিতে লাগিল, এবং মধ্যে মধ্যে তাহার মুথে "হরি হরি"
নি শ্রুত হইল।

"দ্বারে বসি নাম ওনে বলে হরি হরি"
এইভাবে সে দিনও রাত্রি শেষ হইল দেখিয়া সেই
গ্রারমণী কিছু অধৈষ্যভাব দেখাইল। ইহা দেখিয়া

হুর হরিদাস তাঁহাকে বিনয়-নম্র বচনে কহিলেন—

"কোটি নাম গ্রহণ যজ্ঞ করি এক মাসে। এই দীক্ষা করিয়াছি, হৈল আসি শেবে॥ আজি সমাপ্ত হইবেক হেন জ্ঞান ছিল।
সমস্ত রাত্রি নিল নাম সমাপ্ত না হইল ॥
কালি সমাপ্ত হবে তবে হবে ব্রতভঙ্গ।
স্বচ্ছলে তোমার সঙ্গে হইবেক সঙ্গ।

टेंड: हः বারান্ধনা এই কথা ভ্রমিয়া ছঃখিতমনে সেদিনও প্রাতঃকালে চলিয়া গেল এবং সে দিনকার সমাচার জমিদার রাম**চন্দ্রখানকে** দিল। রামচন্দ্রথান বলিলেভ "কাল আবার যাইও, শিকার ছাড়িও না"। প্রদিন সন্ধ্যাকালে পুনরায় সেই বেখারমণী যথারীতি বেশভ্যা করিয়া ঠাকুর হরিদাসের কুটীরে গেল। সে দিনও সে গথারীতি তুলসীকে নমস্কার করিয়া কু**টা**রদ্বারে নাম স্কীর্ত্তন শুনিতে বসিল। ঠাকুর হরিদাস তাহাকে প্রম সমাদর করিয়া বলিলেন "আজ আমার সংখ্যানাম-ব্রত পূর্ণ হইবে, তোমার অভিলাষও পূর্ব হইবে (১)। নাম স্কীর্ত্তন করিতে করিতে পূর্ব্ব পূর্ব্ব দিনের মত, রাজি শেষ হইয়া গেল, প্রাতঃকাল হইল। সেদিন এই শোভাগ্যবতী বারাঙ্গনার মন ফিরিয়া গেল, **ভাঁ**হার মনে অগ্র এক ভাবের উদয় হইল। সে ভাবিল "আমি কুপরামর্শে পড়িয়া কি করিতেছি? এই সাধু বৈষ্ণবের অধঃপতন শাধন করিয়া আমার কি লাভ হইবে ? আমি অধ্যা পতিতা স্ত্রীজাতি, এই মহাপুরুষ পতিতপাবন এবং অগতির গতি। ইহার চরণে শরণাপন্ন হইলে আমার উদ্ধার হইবে, আমার সর্ব্যপাপ ধ্বংশ হইবে।" এইরূপ অন্তাপানলে দগ্ধ হইয়া সেই রমণী তথন জ্মিদার রামচন্দ্রখানের কুপরামর্শের কথা সকলই অকপটে ঠাকুর श्रीमारमञ চরণে কর্যোড়ে নিবেদন করিল। কান্দিতে কন্দিতে কহিল-

"বেশ্যা হঞা মৃঞি পাপ করিয়াছি অপার।

কুপা করি কর মৃঞি অধমে নিস্তার॥ চৈঃ চঃ

তথন সর্বজ্ঞ হরিদাসঠাকুর ঈষৎ হাসিয়া উদ্ভর
করিলেন—

^{(&}gt;) নাম পূৰ্ণ হবে আজি বলে হরিদান। ভবে পূৰ্ণ করিব ভোমার অভিলাব।।

''রামচন্দ্র থানের কথা সব আমি জানি। অজ্ঞ মূর্থ সেই, তাহে ত্বংথ নাহি মানি॥ সেই দিন যাইতাম এস্থান ছাড়িয়া। তিন দিন রহিলাম তোমার লাগিয়া॥ চৈঃ চঃ

হরিদাস ঠাকুরের শেষ কথাটির কিছু নিগৃঢ় মর্ম্ম আছে। তিনি বেখাকে সম্বোধন করিয়া বলিলেন ''তোমার জন্ম আমি এখানে তিন দিন থাকিলাম।" এই পতিতা স্ত্রীলোক-টিকে উদ্ধার করাই তাঁহার উদ্দেশ্য। অক্সতম উদ্দেশ্য এই পতিতার উদ্ধারসাধন দারা জগতে হরিনাম সন্ধীর্তনের মাহাত্ম্য প্রচার করা। এই পতিতোদ্ধার কার্য্যে তিন দিন এই পতিতার মহাপাপের শাস্ত্রবিধিমত প্রায়শ্চিত্ত অমুষ্ঠানের কোনই প্রয়োজন হইল না। কেবল মাত্র হরিনামস্কীর্ত্তন প্রবনেই এই পতিতা স্থীলোকের স্ক্রিপাপ ধ্বংশ হইয়া গেল। ন্রাঞ্চক্তির প্রথমাঞ্চ "শ্ৰবণ"। তিনি এই কাৰ্যোর ছার। জগতকে বুঝাইলেন কত অল্প সময়ের মধ্যে নবান্ধ ভক্তিশাজনের দারা চিত্ত 🔊 कि হয়। অগি বেমন তুলারাশিকে মৃহর্ত মধ্যে ভস্মীভূত করিতে পারে, দেইরূপ নবাঙ্গভক্তির যে কোন অঙ্গ যাজনে স্বপীকৃত পাপপুঞ্জ অতি অল্ল সময়ের মধ্যে সমূলে বিনাশ প্রাপ্তি হয়। এই সঙ্গে সাধুসঙ্গের মহিমার ও প্রভাবের কথাও মনে রাখিতে হইবে। প্রকৃত সাধু বৈষ্ণবের সঙ্গ ত দ্রের কথা, তাঁহাদিগের দর্শন মাত্রেই সর্বাপাপ ধবংশ হয়। ইহা শাস্ত্রবাক্য। ঠাকুর হ্রিদাসের শুভদ্ষিতে এবং শুভ ইচ্ছায় এই পতিতোদ্ধার কার্যাটি স্থদপদ্ম হইল। ইহাতে विन्यां मत्नर नारे। भाषुमत्नत कनरे এर। भाषु সক্ষের গুণরাশি স্মরণ করিয়া সাধুবৈষ্ণবকে উপলক্ষ করিয়া ঠাকুর নরোত্তমলাস যথার্থ ই বলিয়াছেন—

> গন্ধার পরশ হইলে পশ্চাৎ পাবন। দর্শনে পবিত্র কর এ তোমার গুণ॥

অতএব সাধুসঙ্গই এই বেখারমণীর চিত্তবৃত্তি পরি-বর্ত্তনের মূল হেতু।

এই পতিতা নারী এখন সাধুদঙ্গ ও নামসন্বীর্ত্তন শ্রবণফলে নিজকত পাপের অমুশোচনা করিতে লাগিল। অম্তাপাগ্নিতে তাহার হাদয় হ হ জ্বলিয়া উঠিল, তথন সেই বেখারমণী ঠাকুর হরিদাসের চরণে নিপতিতা হইয়া কাঁদিতে কাঁদিতে গলে বস্ত্র দিয়া কর্যোড়ে নিবেদন করিল—

"প্রভূ! রূপা করি কর উপদেশ। কি মোর কর্ত্তব্য ? যাতে যায় সর্ববেরশে॥ চৈঃ চঃ অর্থাৎ সে বলিল "আমি মহাপাপী, পতিতা, আমাকে

তুমি দয়া করিয়া মজোপদেশ দান কর, আর আমার এখন কি কর্ত্তব্য তাহা বলিয়া দাও, যাহাতে আমার সদগতি হয়"। তথন ঠাকুর হরিদাস মঞ্জী বচনে কহিলেন—

> তুমি, ''ঘরের দ্রব্য ব্রাঞ্চণে কর দান। এই ঘরে আদি তুমি করহ বিশ্রাম॥ নিরস্কর নাম লই, (কর) তুলদী দেবন। অচিরাতে পাবে তুমি ক্লফের চরণ॥'' চৈঃ চঃ

এই কথা বলিয়াই তিনি সেই পতিতা বেশারমণীকে হরিনাম মহামন্ত্র উপদেশ দান করিয়া সেস্থান হুইতে 'হৈরি হ্রি' বলিতে বলিতে প্রস্থান করিলেন।

এত বলি তারে নাম উপদেশ করি।
উঠিয়া চলিলা ঠাকুর বলি হরি হরি॥ চৈ: চ:
তথন সেই বেখারমণীর কি হইল ও সে কি করিল
তাহা পূজ্যপাদ কবিরাজ গোসামীর কথায় শুভ্ন—

তবে এই বেখা গুরুর আজ্ঞা লইল।
গৃহ বিত্ত যাহা ছিল ব্রাহ্মণেরে দিল॥
মাথা মৃড়ি এক বস্ত্রে রহিলা সে ঘরে।
রাত্রিদিনে তিন লক্ষ নাম গ্রহণ করে॥
তুলসী সেবন করে চর্ক্রণ উপবাস।
ইন্দ্রিয় দমন হৈল প্রেমের প্রকাশ॥
প্রাসিদ্ধ বৈষ্ণ্রবী হৈল পর্ম মহান্তী।
বড় বড় বৈষ্ণ্যব তার দর্শনেতে যান্তি॥
বেখার চরিত্র দেখি লোকে চমৎকার।
হরিদাসের মহিমা কহে করি নমস্কার॥

ঠাকুর হরিদাদের মহিমার কথা আর কি বলিব ? এই যে বেশ্যা-উদ্ধার-কাহিনী, ইহা কি তাঁহার মহামহিমার জ্বলস্ত দৃষ্টান্ত নহে ? পূজ্যপাদ কবিরাজগোস্বামী লিখি-য়াছেন—

"সব কহা না যায় হরিদাদের অনস্ত চরিত্র।
'কেহ কিছু কহে আপনাকে করিতে পবিত্র ॥"
স্থ্ মাত্র আত্মশোধনের জন্ম এই স্থমহৎ পুণ্যচরিত
কাহিনীর কিয়দংশ এস্থলে বিষ্তুত হইল। ঠাকুর হরিদাদের
লীলা অনস্ত, অপার।

এই প্রসঙ্গে জমিদার রামচন্দ্রথানের পাপের প্রায়-কিন্তের কথা না লিখিলে 'মহৎ অপরাধের ফল কি' তাহা কেহ জানিতে পারিবেন না। এই জন্ম পূজাপাদ কবিরাজ গোস্বামী সে কথাও লিখিয়া রাথিয়াছেন। তিনি এই প্রস্তাবের প্রারম্ভে লিখিয়াছেন—

রামচন্দ্রথান অপরাধ-বীজ রোপিল।
সেই বীজ বৃক্ষ হঞা আগেতে ফলিল।
মহদপরাধের ফল অন্তুত কথন।
প্রস্তাব পাইয়া কহি শুন ভক্তগণ।

রামচক্রথানের ক্লি হইল এখন তাহা শুমুন। সহজেই এই ধনীসন্তান বৈষ্ণবদেষী ছিলেন। ঠাকুর হরিদাদের চরণে তিনি যে অপরাধ করিলেন, ইহাই তাঁহার পাপের भीमा इहेन । वह मित्नत मिक्क देवकविनमा अवः अभमान-দ্ধপ অপরাধ বা পাপের পরিণাম ফল ফলিল। গ্রীনিত্যানন্দ প্রভূ যথন শ্রীমন্মহাপ্রভুর আদেশে নীলাচল হইতে গৌড়-**एमर्ग आमिशाहित्मन, भाषखम्मन जाहात এकि कार्या** ছিল। প্রেম ও নামপ্রচার এবং পাষতীদলন এই হুইটি কার্য্য লইয়া তিনি গৌড়দেশে আদেন। সর্বজ্ঞ শ্রীনিতাই চাঁদ আসিয়া প্রথমেই এই মহাপাষ্ণীর বাটীতে উঠিলেন। তাঁহার সঙ্গে অনেক লোক ছিল। রামচক্রথানের চণ্ডী-মণ্ডপ লোকে ভরিয়া গেল, গৃহপ্রাঙ্গনী লোকে লোকারণ্য ^{হইল।} রামচ**ন্দ্রথান বাড়ীর ভিতরে ছিলেন, তিনি ভিত**র হইতে ইহা দেখিলেন, তাঁহার বৈষ্ণব-দ্বেষ তথনও প্রবল: তিনি লোকখারা বলিয়া পাঠাইলেন "এই বাটী গৃহস্থের यांगे, ष्टान अथात्न महीर्व, जानमात्र लाकजन जातक, নিকটে একটা বড় গোয়ালার গোশালা আছে, সেই স্থানে

আপনারা চল্ন"। শ্রীনিতাইটাদ ছ্র্গামগুপের ভিতর ছিলেন, তিনি এই কথা শুনিয়া ক্রোধভরে বাহিরে আসিয়া ব্যক্ষোক্তি করিয়া বলিলেন—

"সত্য কহি এঘর মোর যোগ্য নয়। মেচ্ছ গোবধ করে তার যোগ্য হয়॥" চৈ: চ:

এই কথা বলিয়া তিনি সদলবলে দেখান হইতে উঠিয়া
চলিয়া গেলেন। সে গ্রামেই তিনি রহিলেন না। এদিকে
বৈষ্ণবদেষী রামচন্দ্রখান কি করিলেন শুসন। ফুর্গামগুপের
যেখানে শ্রীনিত্যানন্দপ্রাভু আসন করিয়াছিলেন লোকদারা
সেই স্থানের মৃত্তিকা উঠাইয়া ফেলিলেন; গোবর দিয়া
সেই স্থান এবং বাড়ীর সমস্ত প্রাঙ্গন উত্তম করিয়া খৌড
করাইলেন। তব্প তাঁহার মন শুদ্ধ হইল না (১)। রামচন্দ্র
খান এত বড বৈষ্ণবদেষী ছিলেন।

এই জনিদার মহাশয় অতিশয় ছবৃত্ত ছিলেন, তিনি দস্থাবৃত্তি করিয়া অর্থ-সঞ্চয় করিতেন, তাৎকালিক ম্সলমান রাজসরকারে তিনি থাজনা দিতেন না বলিয়া একদিন রাজার উজির আসিয়া তাঁহার সেই তুর্গামগুপে বাসা করিলেন। তারপর কি হইল পূজ্যপাদ কবিরাজ গোস্বামীর ভাষায় শুত্বন—

উজির আসি সেই তুর্গামগুপে বাসা কৈল। অবধ্য বধ করি ঘরে মাংস রান্ধি থাইল। জীপুত্র সহিত রামচন্দ্রেরে বান্ধিয়া। তার ঘর গ্রাম লুটে তিন দিন রহিয়া। সেই ঘরে তিন দিন অমেধ্য রন্ধন। আর দিন সবা লঞা করিলা গমন। জাতি ধন জন থানের সকল লইল। বহুদিন পর্যন্ত গ্রাম উজাড় করিল।

শ্রীনিত্যাননপ্রভূকে অসন্মান করিয়া জমিদার রামচক্র খানের কি তুদিশা হইল দেখিলেন? স্বধু তাঁহার এবং

^{(&}gt;) ইহা রামচত্রপান সেবকে আজা দিল।
গোদাঞি বঁহা বদিলা তার মাটি থোদাইল।।
গোমর জলে লেপিল দব মন্দির আক্ষন।
তবু রামচন্দের মন না হইল প্রদর।। হৈচঃ চঃ

তাঁহার পরিবারবর্গের ত্র্দশা ও অপমান হইল তাহা নহে, সেই গ্রামবাদী সকলেরই তুর্গতির দীমা রহিল না। তাই কবিরাজ গোস্বামী লিথিয়াছেন—

> মোহাস্তের অপমান যে গ্রামে দেশে হয়। একজনের দোষে সব দেশ উজাড় হয়।

গোপাল চক্রবর্তী নামক একজন ধনী বিপ্রকুমারের সহিত ঠাকুর হরিদাসের একদিন "নামাভাসে মৃক্তি হয়" এই কথা লইয়া তর্ক উঠে। ঠাকুর হরিদাস শাস্ত্রবিধিমত তর্কযুক্তি দারা আহ্মাপকুমারকে বৃঝাইয়া দিলেন নামাভাসে মৃক্তি হয়। কিন্তু ইহাতে আহ্মাপকুমারের মনস্তুষ্টি হইল না, তিনি সর্বাসমক্ষে তাঁহাকে অপমানস্চক বাক্য বলিলেন। তাহার ফলে তিন দিনের মধ্যে সেই দান্তিক বিপ্রকুমারের কুষ্ঠ-ব্যাধি হইল, তাঁহার নাসিকা থসিয়া পড়িল।

তিন দিন মধ্যে সেই বিপ্রের কুষ্ঠ হইল।
অতি উচ্চ নাসা তার থসিয়া পড়িল॥
চম্পক কলিকা সম হস্ত পদাঙ্গুলি।
কৌকড় হইল সব কুষ্ঠে গেল গলি॥ চৈঃ চঃ

ঠাকুর হরিদাস বিপ্রকুমারকে কোন অভিসম্পাতই করেন নাই, কিন্তু তবুও তাঁহার এই দশা হইল। তাহার কারণ কি শুহন—

ভজের স্থভাব অজ্ঞের দোষ ক্ষমা করে।
কৃষ্ণস্থভাব ভক্তনিক্ষা সহিতে না পারে ॥ চৈঃ চঃ
অতএব সাধুবৈষ্ণব ও মহৎজনের অপমান দূরে
থাকুক, তাঁহাদের সম্বন্ধে অম্থ্যাদাস্চক কথা পর্যান্ত শুনিতে
নাই। শ্রীচৈতক্মভাগবত বলিয়াছেন—

যে সভায় বৈষ্ণবের নিন্দা মাত্র হয়। সর্ব্ব ধর্ম থাকিলেও তার হয় ক্ষয়॥

ঠাকুর হরিদাস সম্বন্ধে আর একটি কথা বলিয়া এ প্রসন্ধ শেষ করিব। শ্রীমন্মহাপ্রভুর আবির্ভাবের পূর্বেধি ঠাকুর হরিদাস যথন শান্তিপুরে আসিলেন, তিনি শ্রীঅধৈত আচার্য্য গোঁসাঞির সহিত মিলিলেন। শান্তিপুরে গঙ্গা-তীরে একটি নির্জ্জন স্থানে গোফা নির্মাণ করিয়া তিনি উচ্চ মামসংকীর্জন যজে শ্রীহরিকে আহ্বান করিতে লাগিলেন। হরিদাস করে গোফায় নাম সংকীর্ত্তন।
কৃষ্ণ অবতীর্ণ হন এই তাঁর মন ॥ চৈঃ চঃ
এদিকে গঙ্গাজল ও তুলসী লইয়া শ্রীঅধ্যৈত আচার্যা
সেই গঙ্গাতীরে বসিয়া সেই একই উদ্দেশ্যে শ্রীকৃষ্ণভগবানের পূজা, আরাধনা ও আবাহন করিতে লাগিলেন
ছই জনের মধ্যে এই জন্ম পরম প্রীতি সম্বন্ধ, ছই জনে একএ
হইলেই সেই একই কথা, একই প্রতিজ্ঞা।

কৃষ্ণ অবতারিতে আচার্য্য প্রতিজ্ঞা করিলা। গঙ্গাজন তুলসী লইয়া পূজিতে লাগিলা॥ চৈঃ চঃ

ঠাকুর হরিদাস নিত্য অধৈতাচার্য্যের গৃহে প্রসাদ পান একদিন একসঙ্গে প্রসাদ পাইতে বসিয়া ঠাকুর হরিদাস শ্রীঅধৈতপ্রভুকে সদৈত্যে নিবেদন করিলেন—

"গোসাঞি করি নিবেদন।

মোরে প্রত্যহ অন্ন দেহ কোন প্রয়োজন।

মহা মহা বিপ্র হেথা কুলীন সমাজ।

নীচে আদর কর, না বাসহ লাজ।

অলোকিক আচার তোমার কহিতে পাই ভয়।

সেই রূপা করিবে যাতে মোর রক্ষা হয়।" চৈঃ চঃ

এই কথা শুনিয়া শ্রীঅবৈতপ্রভু হাসিতে হাসিতে কহিলেন—

"হরিদাস! তুমি না করিহ ভয়। সেই আচরিব যেই শাস্ত্র মত হয়॥" চৈঃ চঃ তিনি পুনরায় বলিলেন— "তুমি থাইলে হয় কোটি আন্ধণ ভোজন।"

একদিন তিনি সর্বসমক্ষে আদ্ধণাত্ত আনিয়া হরিদাস ঠাকুরকে ভোজন করিতে দিলেন। শান্তিপুরের কুলীন ত্রাহ্মণসমাজ ইহাতে মহাক্রুদ্ধ হইয়া শান্তিপুরনাথকে সমাজচ্যুত করিয়াছিলেন। কিন্তু অবৈতপ্রকু তাহাতে ক্রুক্ষেপও করেন নাই। এই সম্বন্ধে একটি স্থন্দর কাহিনী আছে, তাহা ঠাকুর হরিদাসের চরিতস্থায় বিবৃত হইবে

এখন দেখুন ও ভারুন হরিদাস ঠাকুরের কিরূপ মহিমা। সাধ করিয়া কি জীল বৃন্দাবনদাস ঠাকুর লিখি-য়াছেন— হরিদাস স্পর্শ বাস্থা করে দেবগণ।
গঙ্গাও বাস্থেন হরিদাসের মজ্জন॥
স্পর্শের কি দায় দেখিলেই হরিদাস।
ছিত্তে সর্ব্ব জীবের অনাদি কর্ম ফাঁস॥
হরিদাস আশ্রয় করিবে যেই জন।
তারে দেখিলেও খণ্ডে সংসার বন্ধন॥
শতবর্ষে শত মুথৈ উহান মহিমা।
কহিলেও নাহি পারি করিবারে সীমা॥
সরং যে বলিবেক হরিদাস নাম।
সত্য সত্য সেই যাইবেক ক্ষণাম॥

হরিদাস ঠাকুরকে লোকে যবন বলিত; কিছ তিনি ধবনকুলে জন্ম গ্রহণ করেন নাই। প্রভুর ইচ্ছায় তাঁহাকে নীচ জাতি বলিয়া লোকে জানিত। তাঁহার যে নীচকুলে জন্ম, ইহা প্রচারের গৃঢ় মর্ম্ম আছে। শ্রীচৈতন্তভাগবত তাহা স্কম্পন্ট ভাষায় লিথিয়া গিয়াছেন, যথা—

জাতি কুল সব নির্থিক বুঝাইতে।
জামিলের নীচকুলে প্রাভুর আজ্ঞাতে॥
অধম কুলেতে যদি বিষ্ণুভক্ত হয়।
তথাপি সেই সে পৃজ্য সর্কাশাস্ত্রে কয়॥
উন্তম কুলেতে জন্ম শ্রীকৃষ্ণ না ভজে।
কুলে তার কি করিবে নরকেতে মজে॥
এই সব বেদবাক্য সাক্ষী দেখাইতে।
জামিলেন হরিদাস অধম কুলেতে॥

কুপাময় গৌরভক্ত পাঠকর্ন ! শ্রীময়হাপ্রভ্র লীলা-কথা বর্ণনা করিতে করিতে তাঁহার সর্বপ্রধান ভক্ত হরিদাস ঠাকুরের কথাপ্রসঙ্গে অনেক দূর আসিয়াপড়িয়ছি। ভগবত-কথা এবং ভক্তচরিতকথা উভয়ই ঈশকথা বলিয়া শাল্পে লিখিত আছে। লীলারসভঙ্গদোঘে দৃষিত মনে করিয়া জীবাধম গ্রন্থকারের অপরাধ গ্রহণ করিবেন না। ঠাকুর হরিদাসের মহিমা কীর্ত্তন করিবার সৌভাগ্য ও স্থ্যোগ লাভ করিয়াছি, ইহা কেবল গৌরভক্তর্নের ক্রপাবলে। গৌরভক্তের ক্রপাই জীবাধম গ্রন্থকারের একমাত্র সম্প্রদা

কিছুদিন টি কিয়া যায় তাহা, হইলে গৌরকথা শুনিবার ও শুনাইবার আরও সৌভাগ্য ও স্থযোগ পাইব; এ আশা করিবার আমার অধিকার আছে, তাই আপনাদিগের কুপাশীর্কাদ প্রার্থনা করিতেছি; ইহাতে যেন বঞ্চিত না হই। শ্রীমন্মহাপ্রস্কৃ স্বয়ং ভক্ত-আশীর্কাদ শিরোধারণ করিতেন, যথা শ্রীচৈতক্সভাগবতে—

> ভক্ত আশীর্বাদ প্রভু শিরে করি লয়। ভক্ত আশীর্বাদে যে ক্লফেতে ভক্তি হয়॥

অফবিংশতি অধাায়।

নবদ্বীপে শ্রীশ্রীনবদ্বীপচন্দ্রের প্রকাশ। শ্রীঅবৈতপ্রভু, গদাধর পণ্ডিত ও শ্রীবাস পণ্ডিতের নিকট প্রভুর আক্মপ্রকাশ ও পূজা গ্রহণ।

-:*:--

পান্ত, অর্ঘ আচমনী লই সেই ঠাঞি। চৈতক্তরণ পূজে আচার্ঘ্য গোঁসাঞি॥ চৈ: ভা:

শ্রীগেরাঙ্গপ্রভূ কলির প্রচ্ছয় অবতার। নদীয়ার সংকীর্ত্তনারত্তে কিছু কিছু আত্মপ্রকাশ করিয়াই চতুর চূড়ান্মণি প্রভূ তাহা পুনরায় লুকাইবার চেক্টা করিতে লাগিলেন। এই সময়ে তিনি দাশ্রভাব প্রদর্শন করিয়া ভক্তর্মের নিকট আত্মগোপন করিবার প্রয়াস করিতে লাগিলেন। পথে বৈষ্ণব দেখিলেই প্রভূ দশুবৎ নমস্কার করেন। শ্রীবাসাদি রুষ্ণভক্তগণকে দেখিলে তিনি তাঁহাদের পদধূলি গ্রহণ করেন। তাঁহারা অতিশয় কুন্তিত হইয়া প্রভূর হন্ত ধারণ করিয়া নিরস্ত করেন এবং প্রাণ খুলিয়া আশীর্কাদ করেন। কি বলিয়া আশীর্কাদ করেন শুহুন—

তোমার হউক ভক্তি কৃষ্ণের চরণে।
মূথে কৃষ্ণ বোল কৃষ্ণ শুনহ শুবণে।
কৃষ্ণ ভজিলে সে বাপ্সব সত্য হয়।
না ভজিলে কৃষ্ণ বাপ! বিস্থা কিছু নয়।

কৃষ্ণ সে জগতপিতা কৃষ্ণ সে জীবন।

দৃচ করি ভজ বাপ্! কৃষ্ণের চরণ॥" চৈঃ ভাঃ।

আশীর্কাদ-বাক্য শুনিয়া প্রভুর মনে বড় আনন্দ হয়।

মনের হরিষে তিনি শ্রীবদনচন্দ্র থানি তুলিয়া সকলের প্রতি
শুভদৃষ্টিপাত করেন। তাঁহার বদনমগুলের কাতরতা
ভাব, তাঁহার আর্ত্তিপূর্ণ নয়নের ছলছল ভাব দর্শনে
শ্রীবাসাদি ভক্তগণের মনে বড় হঃখ হয়। সর্বজ্ঞ প্রভু
তাহা ব্ঝিতে পারেন। তিনি তাঁহাদের মনস্তুষ্টির জন্ম
দীনভাবে উত্তর করিলেন—

"তোমরা যে কর সত্য করি আশীর্কাদ।
তোমরা বা কেনে অন্ত করিবা প্রসাদ।
তোমরা যে পার কৃষ্ণ ভজন দিবারে।
দাসে সেবিলে সে কৃষ্ণ অন্তগ্রহ করে।
তোমরা যে আমারে শিখাও বিষ্ণুধর্ম।
তেঞি বৃঝি আমার উত্তম আছে কর্ম।
তোমা সভা সেবিলে কৃষ্ণ ভক্তি পাই। চৈঃ ভাঃ

এইরপ কথা বলিয়া প্রভু তাঁহাদের চরণ ধরিতে যান।
গঙ্গার ঘাটে প্রভু এইরপ লীলারঙ্গ করেন। জ্রীগোরভগবানের এই দাশুভাবের লীলারঙ্গ বড়ই মধুর। স্নানকালে
তিনি কোন বৈষ্ণবের বস্ত্র নিঙ্গড়াইয়া দেন, কাহারও বস্ত্র
হাতে উঠাইয়া দেন, কাহারও হত্তে কুশ ও গঙ্গামৃত্তিকা
উঠাইয়া দেন, কাহারও সঙ্গে ফুলের সাজি বহিয়া তাঁহার
গৃহে যান। সকলে ইহা দেখিয়া বড় লজ্জিত হন; হায়
হায় করেন। নিমাই পণ্ডিতের এমন ত্রবস্থা কেন হইল
থ্রমন দৈশ্রদশা কেন
ইহা ভাবিয়া পণ্ডিতগণ হায় হায়
করেন। অনেকে "কি কর, কি কর" বলিয়া প্রভুকে এই
অন্ত্রিত দাশ্রকর্ম হইতে নির্ত্ত করেন (১)। তব্ও প্রভু
ইহা করিতে ছাড়েন না।

(>) নিক্সাড়রে বস্ত কারো করিরা যতনে।

শৃতি বস্তু তুলি কারো দেন ত আপনে।।

কুশ গলা মৃত্তিকা কাহারে। দেন করে।

গালি বহি কোন দিন চলে কারো গরে।।

সকল বৈফবগণ হার হার করে।

কি কর কি কর তবে বোলে বিশ্বভরো। চৈ: ভা:

সাজি বহে, ধৃতি বহে লক্ষা নাহি করে। সম্রমে বৈষ্ণবগণ হস্ত আসি ধরে ॥ চৈ: ভা:

এইরপে প্রতিদিন প্রভু দাশ্যভাবে আপন ভক্তের সেবা করেন।

''আপন দাসের হয় আপনে কিঙ্কর''।

স্বয়ং বৈষ্ণব-সেবা করিয়া প্রভূ• সকলকে শিক্ষা দেন। এই কার্য্যে প্রভূ সকলকে বুঝান—

> ক্রিষ্ণ ভঙ্গিবারে যার আছে অভিনায। সে ভঙ্গুক ক্লম্পের মঙ্গল নিজ দাস॥ চৈঃ ভাঃ

প্রভূর এই দাসভাব, এবং দৈন্তভাব দেখিয়া বৈষ্ণবগণ কায়মনবাক্যে অকপটে তাঁহাকে প্রাণ ভরিয়া আশীর্কাদ করেন। কি বলিয়া আশীর্কাদ করেন। কি বলিয়া আশীর্কাদ করেন শুরুন—

"ভজ কৃষ্ণ শার কৃষ্ণ, শুন কৃষ্ণনাম।
কৃষ্ণ হউ সভার জীবন ধন প্রাণ॥
বোলহ বোলহ কৃষ্ণ হও কৃষ্ণদাস॥
তোমার হৃদয়ে হউ কৃষ্ণের প্রকাশ॥
কৃষ্ণ বই আর নাহি ফুক্স তোমার।
তোমা হৈতে হৃঃথ যাউ আনা সভাকার ।
যে যে অজ্ঞ জন সব কীর্তনেরে হাসে।
তোমা হৈতে তাহারা ডুব্ক ক্ষ্ণরসে॥
যেন তুমি শাল্পে সব জিনিলে সংসার।
তেন কৃষ্ণ ভিজি কর পাষ্ডী সংহার॥
তোমার প্রসাদে যেন আমরা সকল।
স্থে কৃষ্ণ গাই নাচি হইয়া বিহ্বল॥" চৈ ভাঃ

এই বলিয়া তাঁহারা প্রভুর শ্রীমঙ্গে হস্ত ব্লাইয়া আশীকাঁদ করেন। প্রভু সন্তক অবনত করিয়া ধীরভাবে শ্রবণ
করেন। এ সকল কথায় তাঁহার মনে বড় লজ্জা বোধ হয়,
তাই তিনি বদন তুলিয়া কথা কহিতে পারেন না। নদীয়ার
বৃদ্ধ বৈফবগণ তাঁহার ঈদৃশ দৈক্যভাব দেখিয়া মৃগ্ধ হইয়া
তাঁহাকে ছাড়িয়া কোথাও যাইতে পারেন না। প্রভুর
শ্রীবদনের একটি মধুমাথা কথা শুনিলে তাঁহাদের প্রাণ
শীতল হয়। তাঁহারা পুনরায় সম্বেহে প্রভুকে বলিলেন—

''এই নবদীপে বাপ্! যত অধ্যাপক। ক্বফভক্তি বাথানিতে সভে হয় বক॥ কি সন্ন্যাসী কি তপস্বী কিবা জ্ঞানী যত। বড় বড় এই নবদীপে আছে কত॥ কেহো না বাখানে বাপ ! ক্লের কীর্ত্তন। না করুক ব্যাখ্যা আরো নিন্দে সর্বাঞ্চ। যতেক পাপীষ্ঠ শ্রোতা সেই বোল ধরে। তণজ্ঞান কেহে। আমা সভারে না করে॥ সন্তাপে পোড়য়ে বাপ। সব দেহভার। কোথাহ না ভূনি ক্লফ্কীর্ডন প্রচার॥ এখনে প্রদন্ন কৃষ্ণ হইল সভারে। এপথে প্রবিষ্ট করি দিলেন ভোমারে॥ তোমা হৈতে হইবেক পায়ন্তীর কয়। মনেতে আমর। ইহা ব্রিল নিশ্য ॥ চিরজীবি হও ভূমি বলি কুঞ্নাম। তোমা হইতে ব্যক্ত হউ রক্ষণ্ডণগাম॥" চৈঃ ভাঃ

ভক্তর্দের আশীর্কাদ্বাক্য প্রভু মহুকে ধারণ করিলেন।
বঞ্চবর্দের হুঃথকাহিনী শুনিয়া মনে তিনি বড় বাথা
াইলেন। ভক্তের ভগবান ভক্তহুঃথ নিবারণার্থ পূর্ণভাবে
াাত্মপ্রকাশ করিতে ইচ্ছা করিলেন; কিন্তু তাহা বাক্যে
কাশ করিলেন না। প্রথমে অতি বিনম্রবচনে দাক্সভাবে
াতরনমনে বৈশ্ববৃদ্ধের প্রতি চাহিয়া তিনি কহিলেন—

তামরা থে বোল সেই হইব নিশ্চিত।
ধন্ম মোর জীবন তোমরা বোল ভাল।
তোমরা রাখিলে গ্রাদিবারে নারে কাল।
কোন ছার হয় পাপ পাষণ্ডীর গণ।
স্থথে গিয়া কর কৃষ্ণচন্দ্রের কীর্ত্তন। পারে।
ভক্ত লাগি কৃষ্ণের সর্ব্বত্র অবতারে।
এত বুঝি ভোমরা আনাইবা কৃষ্ণচন্দ্র।
নবদ্বীপে করাইবা বৈকুণ্ঠ-আনন্দ।
তোমা সভা হৈতে হৈব জগত উদ্ধার।

করাইবা তোমরা ক্লেজর অবতার।

সেবক করিয়া মোরে সবাই জানিবা।

এই বর মোরে কভু নাহি পাসরিবা॥" হৈ: ভাঃ
এই বলিয়া প্রভু সকলের পদধ্লি লইলেন। প্রচ্ছেম্ব
অবতারের এই প্রচ্ছন্নলীলার মর্ম ব্রিবার শক্তি আমাদের
নাই। ভক্তের জন্ম তিনি নিজ কর্মন্ত পরিত্যাগ করেন।
কোন্ কর্ম সেবকের ক্লম্ম্ নাহি করে।
সেবকের লাগি নিজকর্ম পরিহরে॥ হৈ: ভাঃ

এখানেও প্রভূ তাহাই করিলেন। তিনি পূর্ণব্রহ্ম
সনাতন, ষড়ৈখর্যপূর্ণ বিশ্ববন্ধাণ্ডের পতি স্বয়ংভগবান।
সমস্ত জগতপ্রাণী তাঁহার পূজা করে, তাঁহার চরণরেণুভিপারী হইয়া শরণাগত হয়। শিববিরিঞ্চি তাঁহার দাসাম্মদাস হইতে পারিলে ধন্য মনে করেন। শ্রীভগবানের কার্য্য
তাঁহার হাই জীবজগতের নিকট হইতে পূজাগ্রহণ এবং
জগজ্জীবকে কপা দান। এখানে তিনি তাঁহার নিজ কর্ম্ম
পরিত্যাগ করিয়া ভক্তের দাস্য স্বীকার করিলেন। ভক্তের
জন্য শ্রীভগবান কুকর্ম করিতেও কুঠিত হন না। এখানে

কেহ যেন কদর্থ না করেন। শ্রীভগবানের ষাহা নিজ কর্ম নহে তাহাই কুকর্ম। সেবকের চরণধূলি লইয়া নিজ মন্তকে দেওয়া শ্রীভগবানের কর্ম নহে। অতএব ইহা তাঁহার পক্ষে কুকর্ম। তবে ইহা তিনি করিলেন কেন? প্রভু ভক্তরূপ ধারণ করিয়া নদীয়ায় অবতীর্ণ হইয়াছেন। বৈষ্ণবদেবা ভক্তমাত্রেরই কর্তব্য। প্রভু স্বয়ং
আচরিয়া তাহা কলিহত জীবকে শিক্ষা দিলেন। জীবের
মঙ্গলের জন্য, তিনি এই দাশ্রভাব স্বীকার করিয়া লোকশিক্ষা দিলেন।

বৈষ্ণবের দেব। প্রভু করিয়া আপনে। সভারে শিথায় গৌরচন্দ্র ভগবানে॥ চৈঃ ভাঃ

নদীয়ার বৈষ্ণবগণ গন্ধাস্থান সমাপন করিয়া প্রভ্কে আশীর্কাদ করিতে করিতে নিজগৃহে গমন করিলেন। প্রভ্রুও মনে মনে হাসিতে হাসিতে গৃহাভিমুখে চলিলেন॥ কিন্তু তাঁহার বাহ্যিক ভাব অতিশয় বিমর্ধ। ভক্তত্বংখে তিনি কাতর। গৃহে আসিয়া পাষ্ণীদিগের প্রতি তাঁহার ষ্ঠিশয় কোধ হইল (১)। প্রস্থ কোধে রুজ্মৃত্তি ধারণ করিলেন। "সকলকে সংহার করিব" এই বলিয়া ঘন ঘন ছ্বার গর্জ্জন করিতে লাগিলেন। "মুঞি সেই, মুঞি সেই" বলিয়া বারম্বার ছকার করিতে লাগিলেন। তিনি ক্লেকে হাসেন, ক্লেক কাঁদেন, আর মুর্চ্ছা যান। গৃহের মধ্যে প্রস্কুর এইরূপ অপূর্ব কাণ্ড দেখিয়া শচীমাতা ও জীমতি বিষ্ণুপ্রিয়া দেবী সশন্ধিতা হইয়া কি করিবেন কিছুই স্থির করিতে পারিলেন না। প্রস্থ প্রিয়াজিকে দেখিয়া মারিতে উন্থত হইলেন। ভয়ে নবীনা প্রিয়াজি লজ্জিতা হইয়া গৃহের মধ্যে লুকাইলেন।

সংহারিব সব বলি করয়ে ছফার।

মৃঞি সেই মৃঞি সেই বোলে বারে বার॥

কণে হাসে, কণে কান্দে, কণে মৃচ্ছা পায়।

লক্ষীরে দেখিয়া কণে মারিবারে যায়॥ চৈঃ ভাঃ

শচীমাতা পুত্রের ঈদৃশ অবস্থা দেখিয়া মনে বড় ছঃখ পাইলেন। আত্মীয় স্বজনের নিকটে তাঁহার সোনার নিমাইটাদের অকস্মাৎ এই পীড়ার কথা -বলিতে গেলেন। তিনি প্রথমেই তাঁহার ভগ্নিপতি চক্রশেখর আচার্য্যরত্বের নিকটে গিয়া কান্দিতে কান্দিতে পুত্রের রোগের বৃত্তান্ত কহিলেন—

"বিধাতায়ে স্বামী নিল নিল পুত্রগণ।
অবশিষ্ট সকলে আছমে একজন ॥
তাহারো কিরপ মতি বুঝনে না যায়।
কলে হাসে কলে কান্দে, ক্ষণে মুর্চ্ছা পায়॥
আপনে আপনে কহে মনে মনে কথা।
কলে বোলে ছিণ্ডো ছিণ্ডো পাষণ্ডের মাথা॥
কলে গিয়া গাছের উপর ভালে চড়ে।
না মেলে লোচন কলে পৃথিবীতে পড়ে॥
দস্ত কড়মড়ি করে মালসাট্ মারে।
গড়াগড়ি যায় কিছু বচন না ক্ষুরে॥" হৈ: ভাঃ

খাপনে ভক্তের ছঃখ গুনিরা ঠাকুর।
 পাষ্ণীর প্রতি কোধ বাড়িল প্রচুর।। চৈঃ ভাঃ

শচীমাতার কথা শুনিয়া আচার্যারত দৌডিয়া আদি-লেন। প্রতিবেশীগণ অনেকেই প্রভুর গৃহে আসিলেন। সকলেই প্রভুকে তদবস্থায় দেখিয়া তাঁহার বায়ুরোগ পুন-রায় প্রবল হইয়াছে এই স্থির করিলেন। শচীমাতাকে কেই কেহ গোপনে বলিলেন, তাঁহার পুত্রকে বাঁধিয়া রাখা কর্ত্তব্য। ইহা শুনিয়া স্নেহময়ী শচীমাতা মনে বিষম ব্যথা পাইলেন। পাষণ্ডী দেথিয়া প্রভু তাহাকে তাড়াইয়া মারিতে যান। তাহারা হাসিয়া পলায়ন করে। বায়রোগ-গ্রন্থ নিমাই পণ্ডিতকে এখন আর কেহ ভয় করে না। শচী-মাত। পুত্রকে হাথে ধরিয়া নিরস্থ করেন। যাহার মুখে যাহা আদে দে তাহাই বলে। শচীমাতা লোকের মুথ কি করিয়া বন্ধ করিবেন ? কেহ বলে পূর্ব্বসঞ্চিত বায়ুরোগ প্রবল হইয়াছে, তুই পায়ে ইহাকে বাঁদ্ধিয়া রাখ।" কেহ বলে "তোমার পুত্র পাগল হইয়াছে, ভাবের খাইতে দাও"। কেহ বলে "এই উন্মাদ রোগ অন্নবিস্তর ঔষধে সারিবে না। শিবাঘৃত প্রয়োগ করিলে যদি এ বিষম উন্মাদ রোগের উপশম হয়"। কেহ বলে 'ইহার দেহ ও মন্তকে দিবানিশি পাকতৈল মজ্জন ও মর্দ্ধন করা হউক" (১)। এইরূপে যাহার মনে যাহা আমে সে তাই বলে। জগন্মাতা শচীমাতা পর্ম শান্তপ্রকৃতি, তাঁহার উদার চরিত্রে কথন কাহারও দোষ দৃষ্টি নাই। যে যাহা বলে বিনা বাক্যব্যয়ে তিনি তাহাই শুনেন: কিন্তু তাঁহার মনঃকট্টের অবধি নাই। সর্বাদা তিনি কায়মনোবাক্যে গোবিন্দ সারণ করেন, আর দেবগৃহছারে যথঁন তথন পুতের

(>) লোকে বোলে তুমি ত অংবাধ ঠাকুরাণী।
আর বা ইহার বার্ত্তি জিজ্ঞাসহ কেনি।।
পূর্ককার বার্ আদি জন্মিল শরীরে।
ছই পারে বন্ধন করিয়া রাধ গরে॥
খাইবারে দেহ জল নারিকেল জল।
যাবত উন্ধাদ বারু নাহি করে বল।।
কেহ বোলে ইংখ অর ওবংধ কি করে।
শিবাছত প্ররোগে দে এবায়ু নিস্তরে।।
পাক থৈল শিবে দিয়া করাইবা সান।
যাবত প্রবল নাহি হইরাছে জ্ঞান।। চৈঃ ভাঃ

মঞ্চলকামনায় মাথা কুটেন। শ্রীবাসপণ্ডিতকে পথে
দেখিতে পাইয়া শচীমাতা একদিন কান্দিতে কান্দিতে
নিজত্বংগ জানাইলেন। শ্রীবাসপণ্ডিত প্রভুকে দেখিতে আর
এক দিন তাঁহার গৃহে আসিয়া উপস্থিত হইলেন। প্রভু
তথন শ্রীতুলসী প্রদক্ষিণ করিতেছিলেন। শ্রীবাসপণ্ডিতকে
তিনি সসম্বয়ে নমস্কার করিলেন। কৃষ্ণভক্ত বৈষ্ণবদর্শনে
প্রভুর মন ভক্তিভাবোদ্দীপক হইল। অন্ত সান্ধিকভাবের
নকল লক্ষণই তাঁহার শ্রীঅঙ্গে লক্ষিত হইল। প্রভু প্রেমানদ্দে মৃচ্ছিত হইয়া পড়িলেন। প্রভুর অঞ্চ, কম্প পুলক
প্রভৃতি দেখিয়া শ্রীবাসপণ্ডিত মনে মনে ভাবিলেন—

"মহাভজিযোগ! বায় বোলে কোন্ জনে ?"
প্রভু কতক্ষণে বাহ্যজ্ঞান পাইলেন। তিনি আত্মাংবরণ করিয়া শ্রীবাস পণ্ডিতকে ঈষং হাসিয়া কহিলেন—
"কি বুঝ পণ্ডিত! তুমি মোহর বিধানে।
কহ বোলে মহা বায় বান্ধিবার তরে।
পণ্ডিত! তোমার চিত্তে কি লয় আমারে॥" চৈঃ ভা

শ্রীবাসপণ্ডিত শ্রীগৌরাঙ্গলীলায় নারদের অবতার। তিনি সর্বজ্ঞ। প্রভুর ব্যাধি ব্রিক্তে তাঁহার আর কিছুই াকি রহিল না। তিনি হাসিয়া প্রভুকে কহিলেন—

----"ভাল বাই।

তোমার যেমত বাই তাহা আমি চাই॥
মহা ভক্তিযোগ দেখি তোমার শরীরে।
শ্রীক্লফের অন্মগ্রহ হইল তোমারে॥" চৈঃ ভাঃ

শ্রীবাসপণ্ডিতের মুথে "ভক্তিযোগ" ও "শ্রীকৃষ্ণের মৃত্যুহ" এই চুইটি কথা শ্রবণ করিয়া আনন্দে গদগদ যা (১) প্রেমছরে তাঁহাকে দৃঢ় প্রেমালিঙ্গন দিয়া কৃতার্থ চরিলেন। প্রেমানন্দে গদগদ হইয়া প্রভু শ্রীবাসপণ্ডিতকে চ্ছিলেন—

"সভে বোলে বায়ূ সভে প্রশংসিলে তুমি। আজি বড় কৃতকৃত্য হইলাঙ আমি॥

তুমি যদি বায়ু হেন বলিতে আমারে। প্রবেশিতোঁ আজি আমি গন্ধার ভিতরে ॥" চৈ: ভা: ভক্ত-ভগবানের সম্বন্ধ অতি সধুসয়। শ্রীগৌরভগবান ভক্তভাবে বিভাবিত হইয়া ভক্তের নিকট মনের কথাটি বলিয়া প্রাণ জুড়াইলেন। তিনি বলিলেন ''পণ্ডিত। তুমিও যদি আমাকে বায়ুরোগগ্রন্থ পাগল বলিতে তাহা হইলে আমি আজ গঞ্চায় ডুবিয়া মরিতাম"। প্রভু বড় মনঃকট্টেই এই কথাটি শ্রীবাসপণ্ডিতকে বলিলেন। বলিবার জনা তাঁহার মন যেন বিশেষ উৎক্ষিত ছিল। এপর্যান্ত কোন মনের মাত্র্য তিনি পান নাই। শ্রীবাস পণ্ডিত প্রভার সম্বাভিক্ত। তিনি প্রভার মনঃকট্ট ব্রিয়া প্রবোধবাক্য কহিলেন। প্রভুও তাঁহার নিকট নিজ মন খুলিলেন। মনের মাতৃষ না পাইলে মনের কথা প্রকাশ করা উচিত নহে। এত লোক প্রভুকে দেখিতে আসিয়াছে, কত লোকে কত কথা বলিতেছে, প্রভু কাহা-রও সহিত কোন দিন কোন কথা বলেন নাই। শ্রীবাস পণ্ডিত প্রভুর মন:কষ্ট বুঝিলেন, তাই প্রভু তাঁহাকে মনের কথাটি বলিলেন।

শ্রীবাসপণ্ডিত প্রাভূকে অশেষ বিশেষে শাস্ত করিয়া কহিলেন—

> ——"যে তোমার ভক্তিযোগ। ব্রহ্মা শিব শুকাদি বাঞ্চয়ে এই ভোগ॥ সভে মিলি এক ঠাই করিব কীর্ত্তন। যে তে কেন বোলে পাষণ্ডী পাপীগণ॥ চৈঃ ভাঃ

সন্ধীর্ত্তন-যজ্ঞেশর প্রভু আমার শ্রীবাসপণ্ডিতের মৃথে যুগধর্ম কীর্ত্তন-যজ্ঞান্ত ষ্ঠানের আশার কথা শুনিয়া আনন্দে গদগদ হইয়া তাঁহাকে পুনঃ পুনঃ আলিঙ্গনদানে কুতার্থ করিলেন।

ইংার পর প্রভুর নিকট বিদায় লইয়া শ্রীবাসপণ্ডিত শচীমাতাকে গোপনে ভাকিয়া কহিলেন— -

চিত্তের যতেক হৃঃথ করহ থগুন। বায়ু নহে,—কৃষ্ণভক্তি বলিল তোমারে। ইহা কভু অন্য জন ব্ঝিবারে নারে॥

⁽১) এতেক গুনিলা ববে শীবাদের মুখে। শীবাদেরে স্বালিক্সন কৈলা বড় সুখে।। টে: ভা:

ভিন্ন লোক স্থানে ইহা কভু না কহিবা। অনেক ক্লফের যদি রহস্য দেখিবা॥ চৈঃ ভাঃ

শ্রীবাসপণ্ডিতের কথায় শচীমাতার চিস্তার উপশম হইল। পুত্রের ব্যাধি হইয়াছে এ ভ্রম দূর হইল বটে, কিন্তু তাঁহার অন্তরের ছঃখ গেল না। কারণ রুফ-প্রেমে উন্মন্ত হইয়া পাছে পুত্র গৃহত্যাগ করে, এই তাঁহার বিশ্ব ভয়। ধে ভয় তাঁহার গেল না।

"বাহিরায় পত্র পাছে এই মনে ভয়।"

শচীমাতা আৰ নগন পুনের ব্যাধির জন্য তত উৎকৃষ্ঠিত। নদেন। শীৰাসপণ্ডিত তাঁহাকে পুনের ব্যাধির বিষয় বিশেষজ্পে ব্যাইয় দিয়াছেন। লোকেয়ে বাহা বলে, তিনি শুনিয়া যান মাত্র। শীমতী বিফুপ্রিয়া দেবীও এক্ষণে ব্রিয়াছেন তাঁহার প্রাণবল্লভ কোন ব্যাধিয়ে ইহা দেহব্যাধি বা ভবরোগ নহে। ইহার ক্ষণবিরই ব্যাধি। ইহা দেহব্যাধি বা ভবরোগ নহে। ইহার ক্ষণবিরই ব্যাধি। ইহা দেহব্যাধি বা ভবরোগ নহে। ইহার ক্ষণবিরই ব্যাধি। ইহা দেহব্যাধি বা ভবরোগ নহে। ইহার ক্ষণ শীভগবানের ক্ষপা; এ রোগের বৈল্লরাজ শীভগবান ক্ষাং। নবীনা প্রিয়াজি এই নবীন ব্য়ম হইতেই প্রাভূর ক্ষপায় ইহা ব্রিতে পারিলেন। ব্রিতে পারিয়াই শীগৌর ভগবানের চরণে সম্পূর্ণ আত্মসমর্পণ করিতে শিধিলেন। প্রভূর সংসারবৈরাগ্য ও দেবীর প্রতি তাঁহার বৈরাগ্যোধ্যান বর্ণিত হইবে।

শ্রীখাদৈতপ্রভূ সকলি শুনিতে পান। তিনি প্রাভূর গৃহে আসেন না। তাঁহার মনের ভাব বড় গন্তীর। তাঁহার গন্তীর চরিত্র বুঝিবার শক্তি কাহারও নাই।

> অদৈতের চিত্ত বুঝিবার শক্তি কার। যাঁর ভক্তি কারণে চৈতন্য অবতার॥ চৈ ভাঃ

তাঁহার মনে মনে দৃঢ় বিশ্বাস—

যদি সত্য প্রভু হয় মুঞি হব দাস।

তবে মোরে বাঁদ্ধিয়া আনিব নিজ পাশ্য চৈঃ ভাঃ

অর্থাং শচীনন্দন যদি আমার প্রভু হন, তিনি কূপা
করিয়া আমার নিকট অবশুই আয়প্রকাশ করিবেন.

আমাকে কেশে ধরিয়া নিজ চরণে টানিয়া লইবেন, আমার

निकटि जामिश जागारक मर्नेनमारन क्रजार्थ करिएक।

ভক্তির বল বড় বল। ভক্তিবলে বলীয়ান হইয়া তিনি আর এক দিন বলিয়াছিলেন—

যদি সত্য বস্তু হয় তবে এই থানে।
সভে আসিবেন এই বামনার স্থানে॥ চৈঃ ভাঃ
ভক্তবংসল প্রভু ভক্তের মনবাঞ্চা পূর্ণ করেন। ভক্তের
অভিমান তাঁহার বড় ভাল লাগে। তিনি সম্থে বলিয়া
ছেন—

প্রিয়া যদি মান করি কর্ম্যে ভংগন। বেদস্থতি হৈতে ভাষা ফরে মোর মন॥ চৈঃ চঃ

শীঅদৈতপ্রভার ভক্তাভিমানে শীগৌরভগ্রান তু হইয়া একদিন গদাসরপ্রিতকে সঙ্গে লইয়া তাঁথাকে দর্শন দিতে চলিলেন। প্রেমাননে টল্মল হইয়া নদীয়ার পণে শ্রীশ্রীগোরগদাধর মনোহর বেশে হাত প্রাধ্রি করিয় রঙ্গে ভঙ্গে চলিয়াছেন। গদাধরপণ্ডিত প্রভুর বামপাণে প্রাত্ত দক্ষিণে, গৌরগদাধর মুগলরূপে নদীয়ার পথ আলে। কিত করিয়। ছই জনে অধৈত্যভার দিকে চলিয়াছেন প্রভার প্রীবদনে ক্লফনাম, ক্লগনয়নে প্রেমাশ্রপারা। গদ ধরের সর্কা অঙ্গ পুলকপূর্ণ, প্রেমভাবে তিনি প্রভুর কী কটিলেশে ভাঁহার দক্ষিণ্যপূর্ণ করিয়া প্রোমানন্দে উন্মা হইয়া হেলিয়া তুলিয়া নদীয়ার রাজগণে চলিয়াছেন। প্র নিজ শ্রীঅঙ্গ গদাপরের অঙ্গে হেলাইয়া দিয়া প্রেমাবেশে কথ কখন প্ৰিমধ্যে ত্ৰিভঙ্গবৃদ্ধিমভাবে দাঁড়াইতেছেন; সে অপরূপ গৌর-গদাধর যুগলরূপমাধুরী দেখিয়া নদীয়াবার্গ নরনারীর মন প্রাণ আনন্দে বিভোর হইয়াছে। তাঁহার এই অপূর্বর গোর-গদাধর-রূপ-সাগরে একেবারে নিম হইয়াছেন। গদাধরপণ্ডিত শ্রীরাধাশক্তি। গদাধর যুগল-বিলাস-রস্ত্রজরস। নবদীপরস এবং ব্রজর এক বস্তু। ব্রজরদের রসিকভক্ত আর নবদীপরদের রসি ভক্তে কিছু মাত্র পার্থক্য নাই।

শ্রীশ্রীগোর-গদাধর যুগল-বিলাসরঙ্গে শ্রীঅবৈতপ্রভু ভবনে গিয়া উঠিলেন। তথন শ্রীঅবৈতপ্রভু শ্রীতুলগ দেবীর অর্চনা করিতেছিলেন। প্রেমবিহ্বলভাবে তির্ ছই বাহু আফালন করিয়া শ্রীতুলদীর অর্চনা করিবে ারিতে প্রেমানন্দে "হরি হরি" বলিয়া ছন্কার গর্জন বিতে লাগিলেন। তিনি কথন হাসিতেছেন, কথন গন্দিতেছেন। কোন দিকে তাঁহার দৃষ্টি নাই। মহামত্ত সংহের লায় উন্মত্তভাবে কোপে হন্ধার গর্জন করিতেছন,—যেন মহারুদ্ধ অবতার। অদৈতপ্রত্বকে ঈদৃশ প্রমান্মতাবস্থায় দেখিয়া প্রত্ন মুচ্ছিত হইয়া ভূমিতলে তিত হইলেন। গদাধরপণ্ডিত তাঁহাকে কোড়ে করিয়া স্থানে বসিলেন। গদাধরপণ্ডিত তাঁহাকে কোড়ে করিয়া স্থানে বসিলেন। গদাধরর কোড়ে শ্রীগৌরাঙ্গ দর্শন দরিয়া ভক্তিযোগপ্রভাবে শ্রীঅহৈতপ্রত্ব নিজ অভীষ্ঠন্দককে চিনিতে পারিয়া মনে মনে ভাবিলেন "এই ত মানার প্রাণবন্ধত। আজু আর প্রত্বক ছাড়িব না। এত দন মনচোরা আমার লুকাইয়া ছিলেন। আমার নিকট চারের চৌর্যুভি থাটিবে না। আজু আনি চোর ধরিনাছি। চোরের উপর আমি চরি করিব।"

ভক্তিখোগ প্রভাবে অধৈত মহাবল।
এই মোর প্রাণনাথ জানিলা সকল॥
কতি থাবে চোরা আজি ভাবে মনে মনে।
এতদিন চুরি করি বুল এই খানে॥
অবৈতের ঠাঞি চোর না লাগে চোরাই।
চোরের উপরে চুরি করিব এখাই"॥ চৈঃ ভাঃ

শীমধৈতপ্রভূ মনে মনে এইরপ মতলব আটিয়া।

ত সময় বুঝিয়া পূজার সজ্জা লইয়া প্রভুর চরণতলে উপবিষ্ট হইলেন। গন্ধ পূপা ধৃপা দীপ, দিয়া প্রভুর চরণযুগল

পূজা করিয়া শীমধৈত।চাষ্য কি বলিয়া প্রণাম করিলেন

তম্বন—

নমো ব্ৰহ্মণ্য দেবায় গোবাহ্মণহিতায় চ। জগদ্ধিতায় ক্লুঞ্চায় গোবিন্দায় নমোনমঃ॥

বিষ্ণুপুরাণের প্রথম অধ্যায়ের এই শ্লোক ভক্তবর প্রহ্লাদের উক্তি। ইহার অর্থ ;—ক্লফণ তুমি ব্রহ্মণ্যদেব এবং গো-ব্রাহ্মণদিগের কল্যাণদাদক, গোপালন তোমার একটি লীলা, এই হেতু তোমার একটি নাম "গোবিন্দ"। তোমাকে নমস্কার।

এই শ্লোক পাঠ করিয়া শ্রীমাধৈতপ্রভূ পুনঃ পুনঃ

প্রভূকে প্রণাম করিতে লাগিলেন, এবং অবাের নয়নে কান্দিতে লাগিলেন। তাঁহার নয়ন-জলে প্রভূর রাতৃত্ব চরণদ্বয় পাত করিলেন (১)। যােড় হত্তে প্রভূর পদতলে দাঁড়াইয়া তিনি কাতরন্য়নে তাঁহার প্রাণবল্পতের অপূর্ব্ব অঙ্গাভানিরীক্ষণ করিতে লাগিলেন। গদাধর প্রভূকে ক্রোড়ে করিয়া তথন পর্যান্ত বিদয়া আছেন। প্রভূর বাহ্যজ্ঞান নাই। গদাধরপণ্ডিত বৃদ্ধ ব্রাহ্মণের এই কাণ্ড দেখিয়া অরাক্ হইয়াছেন। তাঁহার মূথে কোন কথা সরিতেছে না; কিন্তু কিছু না বলিয়াও থাকিতে পারিতেছেন না। বৃদ্ধ বাহ্মণ তাঁহার পুরতুল্য নিমাইপণ্ডিতের পদতলে পতিত হইয়া তাঁহার চরণ-বন্দনা করিতেছেন, গদাধর পণ্ডিতের সেইচক্ষে তাহা ভাল লাগিল না। তিনি আর চূপ করিয়া থাকিতে পারিলেন না। মৃত্র হাসিয়া জিভ কানড়াইয়া তিনি শ্রীঅধৈতপ্রভূকে বলিলেন—

''বালকেরে গোঁসাঞি! এনন না জ্যায়''।

অথাং "নিনাই পণ্ডিত বালক; আপনি বৃদ্ধ এক্ষেপ। বালকের সঙ্গে আপনার এরপ ব্যবহার শোভা পায় না''। শীঅবৈতপ্রভু গদাবরপণ্ডিতের কথা শুনিয়া হাসিয়া আকুল হইলেন। তাঁহার এ হাসির মন্ম গদাবরপণ্ডিত কিছুই বৃঝিতে পারিলেন না। শীঅবৈতপ্রভুর প্রসন্ধ, গভার অথচ হাস্তপূর্ণ বদনের প্রতি একদৃষ্টে চাহিয়া রহিলেন। শান্তিপুরনাথ পুনরায় হাসিয়া গদাবরপণ্ডিতকে কহিলেন-

''গদাধুর ! বালক জানিব। কথে। দিনে।''

অথাৎ "তোমার বন্ধৃটিকে বালক মনে করিও না। ইহার গুণকীর্ত্তি শীঘ্রই জানিতে পারিবে"। গদাধরপণ্ডিত এই কথা শুনিয়া আশ্চর্যা হইয়া মনে মনে ভাবিলেন—

''হেন বৃঝি অবতীর্ণ হইলা ঈশ্বর''। তিনি মনের ভাব মনের মধ্যে গোপন রাখিয়া তাঁহার

(১) পুনঃ পুনঃ শ্লোক পড়ি পড়য়ে চরণৈ।

চিনিয়া আপন প্রভু করতে ক্রন্দনে।

পাথালিল ছুই পদ নরনের জলে।

শোড় হাত করি দাড়াইল পদতলে।। তৈঃ ভাঃ

জ্যোড়স্থিত শচীনন্দনের প্রতিঅন্তের অপূর্কশোভা প্রেমভরে
নিরীক্ষণ করিতে লাগিলেন। তাঁহার নমনের প্রেমাঞ্চ ধারায় প্রভ্র শ্রীঅঙ্গ বিধোত হইতে লাগিল। কতক্ষণ পরে প্রভ্র বাহাজ্ঞান হইল। তিনি তথন উঠিয়া বদিলেন। শ্রীঅবৈতপ্রভু তথনও আবিষ্ট হইয়া প্রভ্র পদতলে বদিয়া আছেন। পাদ্য অর্থ গন্ধপুষ্প প্রভ্র পদতলে বিচ্ছিন্ন হইয়া পড়িয়া রহিয়াছে। শ্রীঅবৈতপ্রভুকে প্রেমানন্দে আবিষ্ট দেখিয়া প্রভু আত্মাণবরণ-পূর্কক ছই হস্ত যোড় করিয়া তাঁহার স্কৃতি করিতে লাগিলেন। প্রচ্ছন্ন অবতার শ্রীগৌর ভগবান শ্রীঅবৈতপ্রভ্র পূজায় তুই হইয়া কি বলিলেন

"অষ্ট্রহ তুমি মোরে কর মহাশয়।
তোমার আমি সে হেন জানিহ নিশ্চয়॥
পত্ত হইলাঙ আমি দেখিল তোমারে।
তুমি রূপা করিলে সে রুফনাম ক্রে॥
তুমি রে করিতে পার ভববন্ধ নাশ।
তোমার স্থায়ে রুফ সর্বথা প্রকাশ॥" চৈঃ ভাঃ

ভক্ত অবতারের ভক্তভাবটি বড়ই মধুম্য। প্রভূ ভক্ত-ভাবে বিভাবিত হইয়া যাহা অধৈতপ্রভূকে কহিলেন, তাহা তাঁহার অস্তুরের কথা নহে। সর্বভিতেশব জীগৌরভগবান ভক্তবাঞ্চা-কল্পতক। ভক্তের মান বাড়াইতে তিনি সর্বাদা তৎপর। তিনি ভক্তভাব অঙ্গীকার করিয়া নদীয়ায় অব-তীর্ণ ইইয়াছেন। জীঅধৈতপ্রভূকে তিনি গুক্তুলা সম্মান করেন। শিয়োর মত দাক্সভাবে কথা বলিয়া তাঁহাকে তুই করিলেন। কিন্তু মনে মনে কি বলিলেন শুহ্ন—

মনে বোলে "অবৈত কি কর ভারিভ্রি।
চোরের উপরে আগে করিয়াছি চুরি॥" চৈঃ ভাঃ
ভক্তও ভগবানের মনের ভাব বুঝিতে পারেন। যদিও
প্রভূ মনের কথা খ্লিয়া বলিলেন না, কিন্তু অবৈতপ্রভূ
তাহা জানিতে পারিয়া তাঁহার মনের মত উত্তর দিলেন।
যথা—

হাসিয়া অধৈত কিছু করিলা উত্তর। "সভা হৈতে তুমি মোর বড় বিশ্বস্তর॥ কৃষ্ণকথা কোতৃকে থাকহ এক ঠাই।
নিরস্তর তোমা যেন দেখিবারে পাই॥
দর্ব্ব বৈষ্ণবের ইচ্ছা তোমারে দেখিতে।
তোমার সহিত কৃষ্ণকীর্ত্তন করিতে॥ চৈঃ ভাঃ

শ্রীঅধৈতপ্রভুর বাক্যে শ্রীগোরভগবান তুই হইং তাঁহার অন্থরোধ স্বীকার করিলেন। গদাধরপণ্ডিত নারেন বিসিয়া সকল কথাই শুনিলেন। প্রভু সম্বন্ধে তাঁহার মন্দে পূর্ব্বে যে ভাবের উদয় হইয়াছিল, শ্রীঅধৈতাচার্য্যের ব্যবহা দারা তাহার পুষ্টিসাধন হইল। তাঁহার পূর্ববভাবের কথা কুপাময় পাঠকর্নের অবশুই স্মরণ আছে।

"হেন বৃঝি অবতীর্ হইল। ঈশ্বর" ইহাই তিনি ভাবিতেছিলেন। শ্রীঅদৈতপ্রভুর এই কাণ্ড দেখিয়া তাঁহার মনের বিশ্বাস দৃঢ়বন্ধ হইল। তিনি প্রভুর প্রতি কক্রণ নয়নে চাহিতেছেন, আর চোখোচোথি হইলেই বনন বিনহ করিতেছেন। প্রভু তাঁহার মনের ভাব বৃঝিয়া শ্রীঅদৈর প্রভুর নিকট বিদায় গ্রহণ করিয়া তাঁহাকে সঙ্গে লইয় গঙ্গাতীরে আসিলেন। ছই জনে গঙ্গাতটে নির্জ্ঞনে বিস্ফামনের মর্ম্মকথা কহিলেন। শ্রীগদাধরপণ্ডিত রাধাশক্তি তাঁহার নিকট প্রভুর লুকোচুরি থাটে না। প্রভু অকপটে তাঁহার নিকট প্রভুর লুকোচুরি থাটে না। প্রভু অকপটে তাঁহার নিকট প্রভুর লুকোচুরি থাটে না। প্রভু অকপটে

প্রভূ বিদায় গ্রহণ করিলে শ্রীঅধৈতপ্রভূ মনে মনে একটি গুপ্ত অভিসন্ধি করিলেন। তিনি বুঝিলেন শর্চী নন্দনই তাঁহার অভীপ্রদেব। ভক্তও শ্রীভগবানকে পরীক্ষা করেন। শ্রীভগবানের পরীক্ষায় যেমন ভক্ত বিশেষরূপে পরীক্ষিত হইয়া পরে ভগবত-কুণা লাভ করেন, শ্রীভগবানও ভক্তের পরীক্ষায় পরীক্ষিত হইয়া তবে ভক্তপ্রীতিলাভ করেন। এই যে ভক্ত ও ভগবানের পরীক্ষা, ইহা অতীব নিগৃত রহস্তপূর্ণ। অদৈতচরিতে এই নিগৃত রহস্ত্রিশেষভাবে পরিক্ষ্ট হইয়াছে। সে সকল লীলাকথা যথাস্থানে বর্ণিত হইবে।

শ্রীঅবৈতপ্রত্ শ্রীগৌরভগবানকে পরীক্ষা করিবার জন্ম নবদীপের বাস ত্যাগ করিয়া শান্তিপুরবাসের সংকর্ম করিলেন। তিনি ভাবিলেন "সত্য সত্যই যদি শচীনন্দন আমার প্রভূ হন, তাহা হইলে নিশ্চয়ই তিনি কেশে বাদ্ধিয়া তাঁহাকে নবদীপে পুনরায় টানিয়া লইবেন''। যথা এটিতব্যভাগবতে—

জানিলা অদৈত কৈল প্রভুর প্রকাশ।
 পরীক্ষিতে চলিলেন শান্তিপুর বাস॥
 "সত্য যদি প্রভু হয় মুঞি হঙ দাস।
 তবে মোরে বান্ধিয়া আনিবে নিজ পাশ॥"

শ্রীঅবৈতপ্রভু আমাদের গৌর-আনা-গোদাঞি। তাঁহার শক্তি ও মহিমা বুঝিবার সাধ্য মাস্ক্ষের নাই। অনস্পক্তিমান প্রভু আমার শ্রীঅবৈতপ্রভুকে অনন্তশক্তি দান করিয়াছেন। শ্রীঅবৈতচরিত্র অতিশয় গন্তীর। মন্থ্য বৃদ্ধি দারা তাহা বুঝিবার চেষ্টা করা বুথা আয়াস মাত্র। প্রভু মহাপ্রকাশের সময় শ্রীঅবৈতপ্রভুকে বর দিয়াছিলেন—

"তিলাদ্ধেকো যে তোমার করিবে আশ্রয়। সে কেনে পতঙ্গ কীট পশু পক্ষী নয়॥ যদি মোর স্থানে করে শত অপরাব। তথাপি তাহারে মুক্তি করিব প্রসাদ॥" চৈঃ ভাঃ

অতএব প্রিয় পাঠকবৃন্দ! স্ক্রাণ্ডে শ্রীঅবৈতপ্রভুর চরণে আত্মসমর্পণ করিয়া শ্রীগৌরাঞ্গলীলাসমূদ্রে প্রবেশাধি-কার লাভ করুন। গৌর-আনা-গোসাঞি ভক্তির ভাগুারী। প্রভু তাঁহার অন্তরণ ভক্ত ও প্রধান পার্যদ রূপসনাতনকে এই গৌর-আনা-গোসাঞির নিকট ভক্তিভিক্ষা করিতে বলিয়াছিলেন। অধৈতের আনা-ধন শ্রীগৌরাঙ্গ হে ! তুমি অতি বৃহৎ বস্তু। তোমার লাগ পাওয়া বড়ই চুক্ষর। যাঁহার প্রেন্ত্রার গর্জনে, যাঁহার কঠোর সাপনায় তোমাকে নদীয়ায় অবতীর্ণ হইতে হইয়াছিল, আমাদের দেই গৌর-আনা-গোদাঞিটিও তোমারি মত অতি রুহৎ বস্তু। তাঁহারও লাগ আমরা পাই না। আমরা অতি ক্ষুদ্র জীব। আমাদের সাধনভঙ্গন বল নাই। তোমাদের কুপাকটাক্ষই আমাদের একমাত্র সম্বল। আমরা তোমাদের नाम लहेशा दकवल माज काम्मिए भाति। এই क्रमनहे,-এই আর্ত্তিই আমাদের ছজন পুজন। নিশিদিন প্রাণের জালায় কান্দিতেছি, মনাগুণে জলিতেছি, আর গোরাক ! হা সীতানাথ ! হা নিত্যানক ! বলিয়া দীর্ঘ নিশ্বাস ফেলিতেছি! কতদিনে যে তোমাদের ক্নপালাভ হইবে জানি না, কতদিনে যে জীবনের হাহাকার দূর হইবে তাহাও জানি না। যত দিন যাইতেছে, ততই যেন হাহাকার বাড়িতেছে, ততই যেন প্রাণের জালা বাড়িতেছে। তোমাদের বিরহ-জালা আর সহ্য করিতে পারিতেছি না। লোকে বলে তোমরা বড় দয়াময়। কলির জীবের প্রতি তোমাদের অসীম ক্রপা। ক্রপানিধির ক্নপাকণা প্রাপ্তির আশায় জীবন রাথিয়াছি। দয়ানিধি গৌরচক্র হে! আমার পরম দয়াল নিতাইটাদ হে! ক্রপানিধি শান্তিপুরনাথ হে! একটিবার তোমরা এই পতিত অধমের প্রতি কক্লণ-নয়নে চাহ! একটিবার মাত্র ক্লপা-কটাক্ষপাত কর। অধম অক্নতী বলিয়া ক্রপা করিয়া কেশে ধরিয়া বিষয়ক্ল হইতে তাহাকে উঠাইয়া লও। ইহাই আমার একমাত্র প্রার্থনা। দীনের প্রতি ক্রপা করিয়া এই প্রার্থনাটি পূর্ণ কর। তোমাদের নিকট আর কিছু চাহি না।

প্রভূ এক্ষণে নদীয়ায় সংকীর্ত্তনলীলারন্থ করিলেন।
সংকীর্ত্তনার ভাহার আবিভাব, সেই ভ্রনমঙ্গল সংকীর্ত্তনারন্থেই তাঁহার আত্মপ্রকাশ হইল। প্রভূর সংকীর্ত্তনলীলারঙ্গ দেখিয়া নদীয়াবাসী নরনারী বিশ্বিত হইল। পূর্ব্বেক্ষণ কেই এরপ উচ্চ সংকীর্ত্তনলীলারঙ্গ দেখে নাই। এই তাহাদের প্রথম সৌভাগ্য। ভগবতপ্রেমে মন্ত হইয়া প্রেমানন্দে মধুর নৃত্য করিয়া প্রভূ যখন রুফ্ফনীর্ত্তন করেন, তাহা দেখিয়া কাহারও তাঁহাকে নরজ্ঞান হয় না। নদীয়ার বৈক্ষবগণ সংকীর্ত্তন-যজ্ঞেশ্বর শচীনন্দনকে কীর্ত্তনানন্দে আবিষ্ট দেখিয়া কি বলেন শুফুন—

কেহো বোলে এ পুরুষ অংশ অবতার।
কেহো বোলে এ শরীরে ক্লফের বিহার॥
কেহো বোলে এ শুক কিবা প্রফ্লাদ নারদ।
কেহো বোলে হেন বুঝি খণ্ডিল আপদ॥
মত সব ভাগবতগণের গৃহিণী।
তাঁহারা বোলয়ে ক্লফ জন্মিল আপনি॥
কেহো বোলে এই বুঝি প্রভু অবতার।
এই মত মনে সভে করেন বিচার॥ চৈঃ ভাঃ

এইরপে তাঁহার মনে মনে বিচার করেন। বিচারফল যাহাই হউক প্রভূকে না দেখিয়া এক দণ্ডও তাঁহার। থাকিতে পারেন না। রাত্রিতে নিদ্রাকালে স্বপ্নে শচীননন্দনের অপরূপ রূপরাশি তাঁহাদের স্থৃতিপথে উদয় হয়। নিদ্রাভঙ্গে তাঁহারা কান্দিয়া আরুল হন। কেন কান্দেন র্মিতে পারেন না। গৌরাঙ্গরূপ-সাগরে তাঁহাদের চিত্ত নিমজ্জিত রহিয়াছে। প্রভুর আত্মপ্রকাশের পর হইতেই নদীয়াবাসী বৈষ্ণবগণ নদীয়ার অবতার শচীনন্দনের চরণে আত্মসমর্পণ করিবার চেষ্টা করিতে লাগিলেন। প্রভুরও দাক্সভাব, তাহাদেরও দাক্সভাব। উভয়ে উভয়ের ভাবে মৃয় হইয়া ভক্ত-ভগবানের প্রীতিসম্বন্ধ দৃঢ় হইতে দৃঢ়তর করিলেন। প্রভু যথন প্রেমাবেশে বাহাজ্ঞানশৃত্য হইয়া রুষ্ণকীর্ত্তন করেন, বৈষ্ণবগণ তাঁহার পদধূলি গ্রহণ করিয়া রুষ্ণকীর্ত্তন করেরা, বৈষ্ণবগণ তাঁহার পদধূলি গ্রহণ করিয়া রুত্বর্ণি হলনের গলদেশে আপনার স্থবলিত স্থকোমল বাত্মগল বেষ্টন করিয়া যে করুণ রোদন করেন, তাহা শুনিলে পামাণ হদমও প্রব হয়(১)। প্রভু কি বলিয়া জন্দন করেন শুরুন—

কোথা গেলে পাইব সে মুরলী বদন। বলিতে বাড়য়ে শ্বাস করয়ে জন্দন॥ চৈঃ ভাঃ

প্রভূ বলেন "ভাই সকল! ভোমাদের আর কি বলিব ? আমার ছঃথের অন্ত নাই। আমি প্রাণ কানাইকে পাইয়া হারাইয়াছি;

> —"মোহর ছংথের অন্ত নাই। পাইয়াও হারাইলু জীবন কানাঞি॥" চৈঃ ভাঃ

এই কথা পুনঃ পুনঃ বলেন আর রুফবিরহে প্রভূ
আমার অঝার নয়নে ঝুরেন। লোকে এ রহস্তের মর্ম্ম
কি ব্ঝিবে ? সকলেই তাঁহাকে বিশেষ করিয়া অন্থরোধ
করিলেন, "রুফবিরহব্যথা" কিরূপ প্রকাশ করিয়া বল।
প্রভূ পরম আদর সহকারে গন্ধাতীরে সকলকে বদাইয়া
রুফবিরহরহস্তকথা কহিতে লাগিলেন। গয়াধামে কি করিয়া
তিনি তাঁহার প্রাণকানাঞির দর্শনলাভ করিয়াছিলেন,
তাহা এক্ষণে সর্ব্ব সমক্ষে ব্যক্ত করিলেন। গয়াধাম হইতে
প্রত্যাগমন কালীন কানাঞির নাটশালা গ্রামে প্রভূর
সাক্ষাৎ রুফদর্শনলাভ হইয়াছিল। সে কিরূপ তাহা বিশেষ

(>) ৰাফ হৈলে ঠাকুর সভার পলা ধরি। যে ক্রন্সন করে তাহা কহিতে না পারি।। চৈ: ভা: করিয়া বর্ণনা করিলেন।

কানাঞি নাটশালা নামে এক গ্রাম।
গয়া হৈতে আসিতে দেখিল সেই স্থান॥
তনাল শ্রামল এক বালক স্কলর।
নব গুলা সহিত কুজল মনোহর॥
বিচিত্র ময়ুরপুচ্ছ শোভে তত্পরি।
ঝলমল মণিগণ লখিতে না পারি॥
হাতেতে মোহন বাশী পরম স্কলর।
চরণে নৃপুর শোভে অতি মনোহর॥
নীল শুভ জিনি ভুজে রত্ব-অলঙ্কার।
শ্রীবংস কৌস্তভ বক্ষে শোভে মণিহার॥
কি কহিব সে পীতরটির পরিবান।
মকর কুওল শোভে কমল ন্যান॥
আমার সমীপে আইলা হাসিতে হাসিতে।
আমা আলিজিয়া পলাইলা কোন ভিতে॥ চৈঃভা

প্রভুষ্ যে রূপ আত্যান্ত্রিক প্রেমবিধ্বলভাবে ক্লফ্রন্থান্ত বর্ণনা করিলেন, তাহাতে উপস্থিত ভক্ত বৃদ্দের হদর প্রেমানন্দর্যে ময় হইল। তাঁহারা সেন্দাল্যাহ ক্লফ্রন্থান্ত্রত করিলেন। তাঁহারা প্রভুর শ্রীবদননিঃ থত স্থবানিস্থান্দিনী কৃষ্ণকথা একাল্থমনে শ্রবণ করিতেছেন। নদীয়ার গঙ্গাতটে প্রভুকে বেটন করিয়া শত সহশ্র লোক উন্থাব হইয়া দাঁড়াইয়া তাঁহার শ্রীম্থের অমৃত্রয় ময়ুর কৃষ্ণকথা শুনিতেছেন। প্রভু কৃষ্ণকথা কহিতে কহিতে প্রেমাবিষ্টভাবে ম্ছিত হইয়া পড়িলেন। তাঁহার শ্রীবদনে কেবল মাত্র"হা কৃষ্ণ! কোখা তুনি ?" এই বৃলি! গঙ্গাতারের ধ্লায় প্রভুর সোনার অঙ্গ ধ্রুরিত হইল। সকলেই শ্রব্যেও প্রভুকে ধরিলেন, তাঁহাকে বিক্লে করিয়া তুলিলেন, তাঁহার শ্রীমঙ্গের ধূলা ঝাড়িয়া দিলেন, (১)। প্রভুষ্ণির হইয়াও স্থির হইতে পারিতেছেন

় ১) কহিতে কহিতে মৃচ্ছে িগেলা বিশ্বস্কর। পড়িল "হা কৃষ্ণ" বলি পৃথিবী উপন্ন।। আথে ৰ্যাথে ধরে সভে কৃষ্ণ কৃষ্ণ বলি। শ্বির করি ঝাড়িলেন শ্রীঅক্ষের ধূলি।। চৈঃ ভাঃ না। কৃষ্ণবিরহ্বাণে তাঁহার সর্বাঙ্গ জর্জারিত। কৃষ্ণ বিরহদহনে তাঁহার হৃদয় ধৃ জলিতেছে। কৃষ্ণবিরহ-সাগরের মধ্যস্থলে তিনি যেন ভাসিতেনে। অতি কটে কু আর্মস্থরণ করিলেন। অতি দীনাতিদীন ভাবে দকলের প্রতি একবার শুভ দৃষ্টিপাত করিলেন। ইহাতে দকলের মন তৃষ্ট হইল। তথন তাঁহারা প্রভুর চরণে নিবেদন করিলেন—

আমরা সভার বড় পুণ্য।
তুমি হেন সঙ্গে সভে হইলাঙ পত্তা॥
তুমি সঙ্গে যার তার বৈকুপ কি করে।
তিলেক তোমার সঙ্গে ভক্তিফল পরে॥
অঞ্পাল্য তোমার আমরা সর্কাজন।
সভার নায়ক হই করহ কীর্ত্তন॥
পাষ্ডীর বাক্য দ্ধা শ্রীর সকল।
এ তোমার প্রেম্জলে কর্হ শীতল॥ হৈঃ ভাঃ

সংকীর্ত্তনারত্তে প্রভুর আত্মপ্রকাশের কল নদীয়ায় এই সময় হইতে, কলিতে আরম্ভ হইল। তাঁহাকে "নায়ক" বলিয়া সকলেই স্থাকার করিলেন। নদীয়ার ব্রাঞ্চাক্মারের দাসত্ব স্থাকার করিতে কেহই কুঠিত হইলেন না। দাবিং-শতি বর্গ বয়ন্ধ শচীনন্দন এখন হইতে নদীয়াবাসী বৈষ্ণব বৃক্তের গুরুস্থানীয় হইলেন। নদীয়াবাসীর গুরু যে জগদ্ধ গুরু হইবেন, এই তাহার স্ক্রপাত হইল।

প্রভূ সেদিন গঙ্গাতীর ইইতে অধিক রাত্রিতে গৃহে ফিরিলেন। গৃহে ও বাহিরে প্রভূর এখন একভাব। তিনি কৃষ্ণপ্রেমান্সত্ত, কৃষ্ণবিরহসাগরে তাঁহার তন্ত্র, কদয় ও মন মগ্ন। তিনি চতুর্দিক কৃষ্ণময় দেখেন, তাঁহার শ্রীবদনে কৃষ্ণনাম ভিন্ন অন্ত কথা নাই। হদয়ে তাঁহার সর্বদাই কৃষ্ণকৃত্তি। তাঁহার মন নিরন্তর কৃষ্ণভাবে বিভাবিত। তিনি নিশিদিন প্রমানন্দাবেশে যাপন করেন। সংসার ব্যবহারের কোন সম্বন্ধই রাখেন না।

গৃহে আইলেও নাহি ব্যভার প্রস্তাব ॥ নিরস্তর আনন্দ আবেশ আবির্ভাব ॥ চৈঃ ভাঃ তাঁহার কমল নয়নদ্বয় হইতে প্রেমাশ্রুণারার বিরাম নাই। বিষ্ণুপাদোন্তবা গন্ধা দেবী যেন প্রভুর চরণ ছাড়িয়া নয়নে আশ্রয় লইয়াছেন। ঠাকুর বৃন্দাবনদাস যথার্থই লিখিয়াছেন—

''চরণের গঙ্গা কিবা আইলা বদনে।''

তাঁহার শ্রীবদনে একমাত্র বৃলি "হা ক্বফ! কোথা ক্বফ!" কেহ কোন কথা জিজ্ঞাসা করিলে উত্তর দেন না। বৈষ্ণব দেখিলেই কাতরভাবে প্রভূ দৌজিয়া গিয়া জিজ্ঞাসা করেন "ভাই। ক্লফ কোথায় ?"

বে বৈষ্ণব ঠাকুর দেখেন বিভ্যানে।
তাঁহারেই জিজাসেন "কৃষ্ণ কোন্থানে॥" চৈং ভাং
শচীমাতা ও শ্রীমতী বিষ্ণুপ্রিয়া দেবী এক্ষণে উভয়েই
ব্বিয়াছেন প্রভুর ব্যাধি কি? শচীমাতার বিষম চিস্তা
পাছে পুত্র সংসার বিবাগী হইয়া গৃহত্যাগ করে। শ্রীবিশ্বরপপ্রভুর কথা তাঁহার উভ্যারপ শারণ আছে। তিনি ত
কৃষণপ্রেমে এমত উন্মন্ত হন নাই! তিনি ত এরপ বিহরল
ছিলেন না। তিনি ত কখন "হা কৃষ্ণ! কোথা কৃষ্ণ!"
বলিয়া এত কাঁদিতেন না। এই সকল কথা শচীমাতা তাঁহার
আগ্রীয়া বৈষ্ণব-গৃহিনীদিগের সহিত আলোচনা করেন।
শীমতি বিষ্ণুপ্রিয়া দেবী অবপ্রগনে চন্দ্রবদন অবনত করিয়া
শাশুড়ীর কথা শুনেন। তাঁহার মনে বিন্মাত্র স্থুখ নাই।

প্রভূ বড় তাম্লদেবন প্রিয় ছিলেন। গদাধরপণ্ডিত
যখন তখন তাঁহাকে তাম্ল যোগাইতেন। পথে ঘাটে,
গৃহে তাঁহার সঙ্গে তাম্ল থাকিত। প্রভূ নিজ মন্দিরে
বসিয়া একদিন ক্লফবিরহে কাতর হইয়া নিজ কপোলদেশে
বাম করার্পণপূর্বক শ্রীক্লফের চরণ চিন্তা করিতেছেন, এমন
সময় তাম্লহন্তে গদাধরপণ্ডিত আসিয়া সেখানে উপস্থিত
হইলেন। অপরাহ্কাল,—প্রভূ একাকী নিজ শয়নগৃহে
বসিয়া আছেন। শচীমাতা পুত্রের ভাবগতিক লক্ষ্য
করিতেছেন। গদাধরকে দেখিয়া প্রভূ একেবারে কান্দিয়া
আকুল হইয়া জিজ্ঞাসা করিলেন,—"ভাই গদাধর! আবার
শ্রামস্থনর মদনমোহন শ্রীকৃষ্ণ কোথায় ?"

"কোথা কৃষ্ণ আছেন খ্যামল পীতবাসা"। প্রভুব আর্ত্তি দেখিয়া, তাঁহার আকৃল ক্রন্দন শুনিয়া, তাঁহার প্রাণের ব্যাক্লত। ব্ঝিয়া চতুর গদাধরপণ্ডিত সময় ব্যাঝ্যা হাসিয়া উত্তর করিলেন—

"নিরবধি আছে ক্লফ তোমর হৃদয়"।

এই কথা ভনিবামাত্র ক্লফপ্রেমােশ্রত বিরহকাতর প্রভূ আমার আপনার নথ ছারা আপন স্বন্য চিরিতে উন্থত হইলেন। কৃষ্ণবিরহে তিনি জানশৃতা। "কোণা কৃষ্ণ?" তাঁহার শ্রীমৃথে স্বধু মাত্র এই বুলি। গদাধরপণ্ডিতের মূথে ভনিলেন তাঁহার নিজ হৃদয়ে ক্বফ আছেন। ইহা ভনিয়া তাঁহার অথেষণে প্রবৃত্ত হইলেন। প্রেমাবেগে উন্নত হইয়া প্রভূ তাঁহার শ্রীহত্ত দারা প্রদার স্থলর বক্ষঃস্থলে নথাঘাত করিতে উন্নত হইলে গদাধরপণ্ডিত ক্ষিপ্রহস্তে প্রভুর তুই হস্ত ধারণ করিলেন। হস্ত ধারণ করিয়া নানামতে তাঁহাকে প্রবোধ দিতে লাগিলেন। প্রভু গদাপরের অঙ্গে শ্রীঅঙ্গ হেলাইয়া প্রেমোর ভভাবে "হা কৃষ্ণ! কোণা কৃষ্ণ! তুমি কি আমার হৃদয় মধ্যে আছ ? একবার দেখা দিয়া তাপিত প্রাণ শীতল কর। তোমাকে না দেখিয়া আর যে আমি স্থির থাকিতে পারিতেছি না। প্রাণরমণ হে। আমার প্রাণ যে যায়" এই বলিয়া উচ্চৈম্বরে ভীষণ আর্ত্তনাদ করিতে লাগি-প্রসর বক্ষঃস্থল নয়নজলে ভাসিয়া লেন। তাঁহার যাইতেছে। তিনি উত্তান নয়নে উর্দ্ধমূথে নিরস্তর এই শ্লোকটি আবৃত্তি করিতেছেন—

> হে দেব! হে দয়িত! হে ভূবনৈকবন্ধো! হে ক্বফ! হে চপল! হে কক্ষনৈক সিন্ধো! হে নাথ! হে রমন! হে নমনাভিরাম! হা হা কদান্ধ ভবিতাদি পদং দৃশোর্মে॥

গদাধরপণ্ডিত প্রভূকে লইয়া মহ। বিপদে পড়িলেন।
কত প্রবোধবাক্য বলিলেন, কত সাস্থনা করিলেন,কিছুতেই
প্রভূর কৃষ্ণবিরহজালায় জর্জারিত অশাস্ত হানয় শাস্ত হাইল
না। তথন চতুর চূড়ামণি গদাধরপণ্ডিত অতিশয় আগ্রহ
সহকারে মধুর প্রীতিবচনে কহিলেন,—"ভাই! এখনি
তোমার কৃষ্ণ আসিবেন। তুমি স্থির হও"।

"এই আদিবেন কৃষ্ণ স্থির হও থানি।" কৃষ্ণ এখনি আদিবেন এই কথা শুনিবামাত্র প্রভু স্থির হইলেন। তাঁহার বদনমণ্ডল প্রফুল হইল। শচীমাত। গৃহস্বারে দাঁভাইয়া সকলি দেখিতেছিলেন। গদাধরের তীক্ষ বৃদ্ধি দেখিয়া আই পর্ম সম্বোষ হইয়া কহিলেন, "বাপ্গদাধর! তুমি বালক; তোমার বৃদ্ধি দেখিয়া আমি অবাক হইয়াছি! আমি ভয়ে নিমাঞির সন্মথে যাইতে পারি না, তুমি বালক হইয়া কেমন করিয়া এসকল অপুর্দ্ধ প্রবোধনাক্য শিথিলে? বাপ ! আমার অমুরোধ, তুমি নিমাঞির সঙ্গে থাকিবে। উহার সর্বাদা আমার সঙ্গ কথন ছাড়া হইও না" (১)। শচীমাতা গদাধৱের ধবিয়া কথা বলিলেন। তিনি সকল গৌরা**স্বর্জন**নীর আজ্ঞা শিরোপার্যা করিয়া তাঁহাকে প্রণাম করিলেন। জগন্মাতা আই তাঁহাকে আশীর্কাদ করিলেন "চিরজীবি হও" "চির দিন ভূমি আমার নিমাঞির সঙ্গে থেক"। শচীমাতার আশীর্মাদবাকো গন্ধাধরপণ্ডিত আনন্দে গদ গদ হইলেন। চির্দিন প্রভ-সম্বলাভ ২ইবে এই শুভাশীর্কাদলাভে তিনি কৃতার্থ इटेलन ।

পূর্বে বলিয়াছি প্রাভূ যথন জীঅদৈতপ্রভূর নিকট
আত্মপ্রকাশ করিয়া, তাঁহার পূজা গ্রহণ করিলেন, গদানর
পণ্ডিত তথন তাঁহার সঙ্গে ছিলেন। ইচ্ছাময় প্রাভূ ইচ্ছা
করিয়া তাঁহাকে সঙ্গে করিয়া জীঅদৈত-ভবনে গিয়াছিলেন।
প্রভূ কলির প্রচ্ছন্নাবতার। তাঁহার লীলা প্রচ্ছন্ন। তাঁহার
নিত্য পার্যদগণ প্রচ্ছন্নভাবে নদীয়ায় জন্ম গ্রহণ করিয়াছেন। জীগদাধরপণ্ডিত জীরাধাশক্তি। প্রভূ তাঁহাকে
সঙ্গে করিয়া জীঅদৈতপ্রভূর নিকট আত্মপ্রকাশ করিলেন কেন? ইহার কিছু রহস্ত আছে। জীঅদৈতপ্রভূ
জীজীরাধাকৃষ্ণ যুগলমন্ত্র উপাসক। প্রভূ স্বয়ং রাধাকৃষ্ণ

(১) বড় তুই হৈল আই গদাধর প্রতি।
এমন শিশুর বৃদ্ধি নাহি দেখি কভি।।
মৃক্তি ভারে নাহি পারে দলুগ হইতে।
শিশু হই কেমন প্রবোধিল ভাল মতে।।
আই বোলে বাপ তুমি দর্শবাং। হাড়িয়া উহার সঙ্গ কোশাংলা না ঘাবা।। ৈতঃ ভাঃ

।লিতবপু হইলেও রাধাশক্তি গদাধরপণ্ডিত তাঁহার স্তেরকা শক্তি। গৌর-গদাধর একত্ত হইয়া যুগল-বিলাস-কে শ্রীঅবৈতপ্রভূর মন্দিরে গমন করিয়া তাঁহাকে যুগল লোস লীলারক দেখাইলেন। প্রেমময় প্রভূ প্রেমানন্দে

গদাধর পণ্ডিতের ক্রোড়ে শয়ন করিয়া মৃচ্ছিত ইয়া আছেন। গদাধরপণ্ডিত প্রেমভাবে তাঁহার প্রাণ গীরাঙ্গের প্রেমসেবা করিতেছেন। শ্রীঅধৈষতপ্রভু এই বেস্থায় প্রভুকে পাছা-অর্থ গন্ধ পূপা দিয়া পূজা করিয়া-হলেন। গদাধরপণ্ডিত শ্রীঅবৈতপ্রভুর নিকট বালক গত্র। তাঁহার সম্মুখে শচীনন্দনকে শ্রীকৃষ্ণভগবান বলিয়া ক বাহ্মণ পাছা-অর্থ দিয়া যথাবিধি পূজা করিলেন।

নমো এক্ষণ্য দেবায় গো-আক্ষণায় হিতায় চ। জগদ্ধিতায় কৃষ্ণায় গোবিন্দায় নমো নমঃ॥

এই বলিয়া প্রণাম করিয়া তুই হাতে তাঁহার পদ্ধুলি ইলেন। গদাধর পণ্ডিতের সাক্ষাতে এই কাণ্ড হইল। ভনি বৃদ্ধ প্রাহ্মণের কাণ্ড দেখিয়া অবাক্ হইয়া রহিলেন। য়মবিদতপ্রভু সর্ব্বজ্ঞ। গদাধর যে কি বস্তু তাহা তাঁহার বিদিত নাই। শ্রীগৌরগদাধরকে যুগলে পাইয়া তিনিপ্রমানন্দে প্রভুর যুগলসেবা করিলেন। প্রভু তাঁহার এই গলবিলাস শ্রীঅবৈদ্তপ্রভুকে দেখাইবার জন্মই এই লীলা ফটি প্রকট করিলেন।

শচীমাতাও গৌর-গদাধরের লীলারক দেখিলেন।
দাধর কি করিয়া প্রেমভাবে প্রভৃকে প্রবোধ দিলেন,
গাহার প্রের কৃষ্ণবিরহ-জ্জুরিত হৃদয় শাস্ত করিলেন।
গভ্ কিরূপ প্রেমভাবে গদাধরের সহিত কথা বার্তা।
গভ্র এই অপ্র্ব প্রেমযোগ দেখিয়া ক্ষেহময়ী শচীমাতা
গাহাকে আর পুরক্তান করিতে সাহস করিলেন না। (১)

(১) জভুত প্রভূর প্রেমবোগ দেখি আই।
পূত্র হেন জান আর মনে কিছু নাই।।
মনে ভাবে কাই এ পুরুষ নর মরে।
মনুবোর নরনে কি এত ধারা বহে।
বা জানি কাসিরাছেন কোন বহাদর।
ভার পাই প্রভূর সমূৰ নাহি হয়।। তৈঃ ভাঃ

তিনি ভাবিলেন তাঁহার প্রাট কোন মহাপুরুষ অথবা যোগভাই শ্বাবি; পূর্বপুরুষের পূণ্যবলে তাঁহার গর্ছে আসিয়া উদয় হইয়াছেন। মাহুষের নয়নে এত জল কি সম্ভবে? এভাবটি শচীমাতার মনের স্থায়ী ভাব নহে। প্রভুর বৈষ্ণবী মায়াবলে তিনি মধ্যে নধ্যে এই রূপ ঐশর্য্য ভাবে বিভাবিত হন। ক্ষণকাল পরেই স্বেহ্ময়ী শচীমাতার এভাব দ্র হইয়া যায়। বাংসল্যরসাম্রিত। আই স্বেহ্বশে প্রভুকে পুত্রজ্ঞানে লালন পালন করেন। তাঁহার রোগ শান্তির জন্ম নানা দেব দেবীর পূজা করেন, গৃহে শান্তি স্বত্যয়নের ব্যবস্থা করেন। শচীমাতার শুদ্ধ বাৎসল্য ভাব। এপর্য্য-ভাব তাঁহার নিকটে একেবারে স্থান পায় না।

প্রভূব মন্দিরে নদীয়ার ভক্তবৃন্দের সমাবেশ হয়। সন্ধ্যা কালে তাঁহারা আসিয়া সকলে একত্রিত হন। ছক্তিযোগ সমত শ্লোকসকল পাঠ হয়। মুকুন্দ স্থরতানলয়সংযোগে স্থরে শ্লোক পাঠ করিয়া সকলের চিত্তরঞ্জন করেন। তিনি অতিশয় স্থক্ঠ। মুকুন্দের কঠধননি শুনিলেই প্রভূ আবিষ্ট হন। প্রতিদিন সন্ধ্যাকালে প্রভূর মন্দিরে ভক্তসক্ত হয় ইইগোষ্ঠী হয়, ক্লফকথা হয়, ক্লফসংকীর্ত্তন হয়। ক্লফপ্রেমোন্মত্ত প্রভূর হন্ধারগর্জনে গৃহপ্রাঙ্গন প্রকল্পিত হয়। শচীমাতা ও প্রীমতী বিষ্ণুপ্রিয়াদেব। ভয়ে গৃহাভ্যম্ভরে থাকিয়া প্রভূর এই অমৃত লীলারক দর্শন করেন। কীর্ত্তন রক্ষে সমন্ত রাত্রি যেন মুহুর্ত্তের মত চলিয়া যায়। এখন প্রভূ নিজ মন্দিরেই কীর্ত্তনবিলাস করেন।

এই মত নিজ গৃহে শ্রীশচীনন্দন। নিরবধি নিশিদিন করেন কীর্ত্তন॥ চৈঃ ভাঃ

প্রভার শ্রীমৃথে হরিনাম শুনিয়া বৈষ্ণবগণের সর্বর্থ নাশ হয়। তাঁহাদের আনন্দের অবধি রহে না; কিন্তু ভক্তিবহিমূপ ত্র্জ্জন পাষগুগিণের পাষাণ হাদম এবং পাপাবিষ্ট মন তাহাতে দ্রব না হইয়া বরং উত্তেজিত হয়। প্রভূ সমস্ত রাত্রি উচ্চ সংকীর্ত্তনবেদ অতিবাহিত করেন; তাহাতে পাষগুগিণের নিদ্রার ব্যাঘাত হয়। তাহারা ক্রুদ্ধ হইয়া যাহা ইচ্ছা তাহাই বলে। শ্রীবাদ পণ্ডিতের উপর তাহাদের সর্ব্বাপেকা রাগ অধিক। কারণ, শ্রীবাদ-অন্ধনে প্রভূর

কীর্ত্তনরক্ষের অভিনয়টা ভাল করিয়াই হয়। ভক্তিবহিমুখ পাষণ্ডীগণ শ্রীবাসপণ্ডিতকে রাজদ্বারে অভিযক্ত করিবে এইরপ ভয় প্রদর্শন করে। তাঁহার ঘরদার ভাঙ্গিয়া গঙ্গার জলে ফেলিয়া দিবে বলিয়া ভয় দেখায়। একদিন নদীয়ায় জনরব উঠিল, বাদসাহের আজায় তুই খানি নৌকা বোঝাই সৈতা আসিয়া কীর্ত্তনকারী বৈষ্ণবদিগকে ধরিয়া লইয়া যাইবে। পাষ্ণীদিগের বিশ্বাস শ্রীবাসপণ্ডিতের জন্মই তাহাদের এই বিপদ উপস্থিত (১)। শ্রীবাসপণ্ডিতকে বান্ধিয়া দিলেই সকল আপদের শান্তি হইবে। এইরূপ স্থির করিয়া পাষ্ণীগণ পরস্পর মহা গণ্ডগোল করিতে नाशिन। निर्मात देवश्ववश्य अम्बन कथा अनिरनन। শ্রীবাসপণ্ডিতের কর্ণেও একথা গেল। বৈষ্ণবগণ গোবিন্দ স্মরণ করিয়া কহিলেন "কুষ্ণ ঘাহা করিবেন ভাহাই হইবে"। শ্রীবাসপণ্ডিত পরম উদার এবং অতিশয় সরল প্রকৃতি। যে যাহা বলে তাহাতেই তাঁহার বিশ্বাস হয়; বিশেষতঃ তথন যবনের রাজা। বিধর্মী মুসলমান রাজার দারা সকল কুকর্মাই অনুষ্ঠিত হইতে পারে; এই ভাবিয়া তিনি মিয়মাণ হইলেন। তাঁহার মনে ভয় হইল। অন্তর্গামী প্রভু আমার শ্রীবাসপণ্ডিতের অন্তর বৃঝিলেন (২)।

এই সময়ে প্রান্থ একটু লীলারঙ্গ প্রকট করিলেন। তিনি
নদীয়ায় আত্মপ্রকাশ করিতে আরম্ভ করিয়াছেন মাত্র।
যুগধর্ম হরিনামসংকীর্ত্তন-যজ্জের প্রারম্ভ হইয়াছে মাত্র।
পাষণ্ডীভয়ে ভীত ভক্তগণকে সাহস দিবার জন্ম ভক্তবংসল
প্রান্থ এবার শ্রীবাসের গৃহে গিয়া আত্মপ্রকাশ করিবেন স্থির

- (>) কেহো বোলে আরে ভাই পড়িল প্রমাদ।

 শ্রীবাদের বাদে হৈল দেশের উৎসাদ।।

 আজি মুক্তি দেয়ানে শুনিল সব কথা।

 রাজার আজার ছই নাও আইনে এখা।।

 কোহো বোলে আমরা সভের কোন দায়।

 শ্রীবাদে বাজিরা দিব বেষা আসি চার।। ১৮৫ ভাঃ
- (২) শীৰাস পণ্ডিত বড় প্রম উদার।
 বেই কথা শুনে ভাই প্রতীত তাঁহার।
 বন্দের রাজ্য দেখি মনে হৈল ভর।
 জানিলেন গৌরচন্দ্র ভঞ্জের সদর। চৈ: ভা:

করিয়া নিজমন্দির হইতে নিজ্ঞান্ত হইলেন। প্রাতঃকাল; স্থাদেব উদয় হইরাছেন। নদীয়ার রাজপথে শ্রীশ্রীনবদ্বীপচন্দ্র মদনমোহন বেশে তাঁহার অপরপ রূপের ছটায় দশদিক আলোকিত করিয়া বাহির হইলেন। সদক্ষে প্রভু আমার তাঁহার আজাফলন্বিত স্থবলিত বাহুযুগল দোলাইতে দোলাইতে হেলিয়া ছলিয়া নদীয়ার রাজপথে নির্ভূ চেলিয়াছেন। গঙ্গাতীরাভিম্থে প্রভু চলিয়াছেন। তাঁহার তাৎকালিক মদন-মোহন ত্রিভূবন-স্থন্দর মনোহর বেশাট্ শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর কিরপ বর্ণনা করিয়াছেন শুক্থন—

নির্ভয়ে বেড়ায় মহাপ্রাভু বিশ্বস্তর।
ক্রিভ্বনে অদ্বিতীয় নদন স্থানর ॥
স্বাধান্দে লেপিয়াছেন স্ত্রগদ্ধি চন্দন।
অরুণ অধর শোভে কমল নয়ন॥
চাঁচর চিকুরে শোভে পূর্ণচন্দ্র মুখ।
স্বন্ধে উপবীত শোভে মনোহর রূপ॥
দিব্যবস্থ পরিধান অধ্যে তাম্বুল।
কৌতুকে কৌতুকে গেলা ভাগীর্থীকুল॥ চৈঃ ভা

পরম স্থকতিবান নদীয়াবাসী শ্রীগৌরভগবানের এই অপূর্ব্ব রূপ-স্থধা পান করিয়া কতার্থ হইলেন। পাষণ্ডীগণের ইহাতে অন্তর্দাহ উপস্থিত হইল। প্রভুর এই ঐশ্বর্যভাব-ময় শ্রীমৃর্ত্তি দেখিয়া তাহাদের মন বিষণ্ণ হইল।

"ঘতেক পাষ্ডী সব হয় বিমরিষ"।

রাজপুত্রের স্থায় স্বজনসঙ্গে প্রভূ নদীয়াবিহার লীলারম্ব করিয়া গঙ্গাভীরে আদিলেন। নদীয়ার রাজা শ্রীনবদ্বীপচক্র তাঁহার আবার রাজভয় কি ? নদীয়ার ভক্তগণ, বৈষ্ণবগণ নদীয়ার রাজা শ্রীশ্রীনবদ্বীপচক্রের প্রজা। তাঁহাদেরও রাজভয় নাই। তাঁহাদের হৃদয়রাজা শ্রীগৌরাঙ্গস্থানর সর্বাদা হৃদয়মধ্যে রাজত্ব করিতেছেন। তাঁহাদের আর ভয় কি ?

প্রভূ গক্ষাতীরে আসিয়া গক্ষার শোভা সন্দর্শন করিলেন। দিব্যদর্শন গক্ষাপুলিনে মন্দ মন্দ তরক্ষাঘাতে রাশিক্বত শুভ্র ফেনপুঞ্জ উচ্ছিসিত হইতেছে। বোধ্ হইতেছে যেন গক্ষাদেবী পুশ্পঅর্ঘ লইয়া প্রভুর পাদপদ অর্চ্চন করিতে আসিতেছেন। গঙ্গাপুলিনে গাভীবৎস বুন্দ মনোহর ক্রীড়া করিতেছে; উদ্ধপুচ্ছ হইয়া হামারবে তাহারা যেন প্রভু-দর্শনানন্দ প্রকাশ করিতেছে। জল পানের ছল করিয়া গাভীবৃন্দ গন্ধার তটে আসিয়া প্রভুকে দর্শন করিয়া আনন্দে পুচ্ছ উর্দ্ধে তুলিয়া নৃত্য করিতেছে। কেহ ছুটিতেছে, কেহ জল পান করিতেছে, কেহ প্রভুর পদতলে আনন্দে শয়ন করিয়া আছে। এই সকল দেখিয়া প্রভুর মনে বৃন্দাবনম্বতির উদয় হইল। তিনি প্রেমানন্দে আবিষ্ট হইয়। ছঙ্কার গর্জন করিতে লাগিলেন। তাঁহার শ্রীবদনে দেই এক কথা "মুঞি দেই, মুঞি দেই"। আত্ম-প্রকাশ লীলার মূলমন্ত্র প্রভুর শ্রীমূথের এই তুইটি বাক্য। অন্তর্ম ভক্তগণ প্রভুর শ্রীবদনে এই মূলমন্ত্র শুনিলেই তাঁহার অন্তর বৃঝিয়া পাত অর্ঘ গন্ধ চন্দন ধুপ দীপ পুস্পাদি লইয়া প্রভূর চরণ পূজা করিতেন। গঙ্গাতীর হইতে শ্রীবাসপত্তি-তের গৃহ অতি নিকটে। প্রভু "মুঞি সেই, মুঞি সেই" বলিয়া হুশার গর্জন করিতে করিতে ভক্তবুন্দসঙ্গে ধাইয়া শ্রীবাদের গৃহে গিয়া উঠিলেন। শ্রীবাদ পণ্ডিতের গৃহদেবতা জীনৃসিংহদেব। তিনি গৃহদ্বার বন্ধ করিয়া তথন পূজায় विमिशाहित्नन । প্রাভূ দেবগৃহদ্বারে গিয়া সদত্তে দারদেশে পদাঘাত করিয়া হুষার গজ্জন করিতে করিতে বলিলেনা "ওরে শ্রীবাদিয়া। তুই কাহার পূজা করিতেছিদ্, কাহার ধ্যান করিতেছিস্ ? যাহারে পূজা করিতেছিস্, সে এখানে বিভ্যান, এদে দেখ্না ?" যথা শ্রীচৈত্তভাগবতে—

নূসিংহ পূজ্বে শ্রীনিবাস যেই ঘরে।
পুনঃ পুনঃ লাথি মারে তাহার ছ্যারে॥
কাহারে বা পূজিস্ করিস্ কার ধ্যান।
যাহারে পূজিস্ তারে দেশ্ বিভ্যমান॥"

শীবাসপণ্ডিত ধ্যানস্থ ছিলেন। তাঁহার ধ্যান ভঙ্গ ধ্ইল। তিনি চতুর্দিকে বিশ্বয়ে চাহিতে লাগিলেন। তিনি দেখিলেন তাঁহার ইষ্টনেব নৃসিংহদেবের স্থানে শচীনন্দন বীরাসনে বসিয়া আছেন। তাঁহার চতুর্ভু ম্র্টি। তিনি শঙ্খচক্রগদাপদ্মধারী। মন্ত সিংহের ন্থায় বামকক্ষে তালি দিয়া ছঙ্গার গর্জন করিতেছেন।

দেখে বীরাসনে বিদ আছে বিশ্বস্তর।
চতুর্জ শব্দ চক্র গদাপদাধর॥
গজ্জিতে আছমে যেন মত্ত সিংহাকার।
বাম কক্ষে তালি দিয়া করয়ে হফার। চৈঃ ভাঃ
প্রভুর চতুর্জমৃতি দর্শন করিয়া ঐীবাসপণ্ডিতের
সর্বাজ্ঞ থর থর কম্পিত হইতে লাগিল। তিনি জড়বৎ
তান্তিত হইয়া করমোড়ে দাঁড়াইয়া রহিলেন। তাঁহার
মৃথে বাক্যক্ষু তি হইল না। শ্রীগৌরভগবান তথন বজ্জগন্তীর
নিনাদে তাঁহাকে সম্বোধন করিয়া কহিলেন—

আরে শ্রীনবাদ।

এত দিন না জানিস্ আমার প্রকাশ ॥

তোর উচ্চ সংকীর্ত্তনে নাড়ার হংকারে।

হাড়িয়া বৈরুঠ আইলুঁ সর্ব্ব পরিবারে॥

নিশ্চিন্তে আছহ তুমি আমারে আনিয়া।

শান্তিপুরে গেল নাড়া আমারে এড়িয়া॥

সাধু উদ্ধারিম্ ছুষ্ট বিনাশিম্ সব।

তোর কিছু চিন্তা নাই পড় মোর শুব॥

শীবাসপণ্ডিত প্রভুর কুপায় বাহজ্ঞান পাইলেন। প্রভুর এই প্রমাশ্চর্য্য আত্মপ্রকাশ দেখিয়া তাঁহার সকল ভয় দ্র হইল। প্রেমানন্দে তাঁহার সর্ব্ব অন্ধ্ পুলকিত হইল। ছই হস্ত যোড় করিয়া শ্রীবাসপণ্ডিত প্রভুর আদেশে মহামহিমাময় শ্রীশ্রীগৌরভগবানকে ভাগবতের এই শ্লোকটি পাঠ করিয়া কান্দিতে কান্দিতে স্তব করিলেন।

> নৌমীভাতেহজ্রপুষে তড়িদম্বরায় গুঞ্জাবতংস পরিপিচ্ছিল সন্মুখায়। বন্তস্রজে কবলবেত্রবিষাণবেণু লক্ষ্মশ্রিয়ে মুত্রপদে পশুপক্জায়॥

অর্থ—হে প্রভো! নবীন জলদের স্থায় তোমার দেহ, বিহাদামের স্থায় দ্বদীয় বস্ত্র, গুঞ্জা পুশ্প নির্দ্ধিত তৃইটি কর্ন ভ্রম, ও ময়ুরপুছ্ছ বিরচিত চূড়ায় দ্বদীয় মৃথমণ্ডল সমধিক দীপ্তি প্রকাশ করিতেছে, তৃমি বনজাত নানা বর্ণের পত্র কুন্থমে গ্রন্থিত মালা কণ্ঠে ধারণ করিয়াছ; কবল বা দিধি সম্বলিত অন্ধের গ্রাস, আর বেজ, বেণু ও শৃক্ষ এই সকলই

তোমার অসাধারণ চিহ্ন, এই সমস্তই তোমার সৌন্দর্য্য, দ্বনীয় পদ্বয় অতীব কোমল। তুমি পশুপালক নন্দের নন্দন। আর স্তবের যোগ্যও একমাত্র তুমি। অতএব তোমাকে লাভের জন্মই আমি তোমার স্থব করি।

ভাগবতীয় শ্রীকৃষ্ণন্তবের এই শ্লোক পাঠ স্বারা প্রভ্বে স্থব করিয়া শ্রীবাসপণ্ডিতের মন উঠিল না। তিনি তথন নিজ ভাষায় স্বচ্ছনভাবে যাহা তাঁহার মুথে আসিল তাহাই বলিয়া শচীনন্দনের তব করিতে লাগিলেন। যথা শ্রীকৈতক্স ভাগবতে—

> বিশ্বস্তর চরণে আমার নমস্কার। নবঘন জিনি বর্ণ পীত বাস যার॥ শচীর নন্দন পদে মোর নমন্বার। নব গুঞ্জা শিখিপুচ্ছ ভূষণ বাহার॥ গঙ্গাদাস শিশুপদে মোর নমস্কার। কোটি চন্দ্র যিনি রূপ বদন খাহার॥ বন্যালা করে দ্ধি ওদন খাহার। জগরাথপুত্র পদে মোর নমস্বার॥ শৃঙ্গ বেত্র বেণু চিহ্ন ভূষণ থাহার। সেই তুমি তোমার চরণে নমস্কার॥ চারি বেদে যারে ঘোষে নন্দের কুমার। সেই তুমি তোমার চরণে নমস্কার॥ তুমি বিষ্ণু তুমি কৃষ্ণ তুমি যজেশর। তোমার চরণোদকে গঙ্গা-তীর্থ-বর॥ জানকীজীবন তুমি তুমি নরসিংহ। অঙ্গ ভব আদি তব চরণের ভঙ্গ ॥ তুমি দে বেদান্ত বেদ তুমি নারায়ণ। জুমি দে ছলিলা বলি হইয়া বামন ॥ তুমি হয়গ্রীব তুমি জগতজীবন। তুমি নীলাচলচন্দ্র সভার তারণ॥ তোমার মায়ায় কার নাহি হয় ভঙ্গ। কমলা না জানে যার সনে এক সঙ্গ। সদী স্থা ভাই স্ব স্ক্মতে সেবে। হৈন প্রভূমোহ মানে অক্ত জনা কে।

নিথ্যা গৃহবাদে মোরে পাড়িয়াছ ভোলে।
তোমা না জানিয়ে মোর জন্ম গেল হেলে॥
নানা মায়া করি তুমি আমারে বঞ্চিলা॥
সাজি ধৃতি আদি করি আমার বহিলা।
তাতে মোর ভয় নাহি শুন প্রাণনাথ॥
তুমি হেন প্রভু মোর হৈলা সাক্ষাৎ॥
আজি মোর সকল হঃথের হৈল নাশ।
আজি মোর জন্ম কর্ম সকল সফল।
আজি মোর উনয় সকল স্থামলল॥
আজি মোর গৃহ কুল হইল উদ্ধার।
আজি সেবনতি ধন্ত হৈল আমার॥
আজি মোর নয়নের ভাগ্যের নাহি সীমা।
তাহা দেখি যাহার চরণ সেবে রমা॥ হৈঃ ভাঃ

এই রূপ প্রেমাবিষ্টভাবে স্তুতি করিতে করিতে শ্রীবা পণ্ডিত প্রভুর চরণে দণ্ডবং পতিত হইলেন। প্রেমান আকুল ক্রন্দন করিতে করিতে প্রভুর পদরক্ষে পুনঃ পুন গড়াগড়ি দিলেন। মহা ভাগ্যবান শ্রীবাদপণ্ডিতের সং অন্দ পুলকপূর্ণ, নয়নে অবিরল প্রেমাশ্রবারা, প্রেমকম্পি কলেবর; তিনি ঘন ঘন দীর্ঘাদ ত্যাগ করিতেছেন তিনি ঘেন আজ আনন্দদাগরে ড্বিয়াছেন। প্র শ্রীবাদের নিকট আত্মপ্রকাশ করিয়া দেবমন্দিরে বিদ আনন্দে হাদিতেছেন। ভল্লের ভগ্বান শচীনন্দন ভল্তে অকপট প্রেমভক্তিপূর্ণ স্তুতিগানে তুই হইয়া শ্রীবা পণ্ডিতকে মধুর বচনে কহিলেন—

ন্ত্রী পুত্র আদি যত তোমার বাড়ীর।
দেখুক আমার রূপ করহ বাহির॥
শন্ত্রীক হইয়া পূজ চরণ আমার।
বর মাগ যেন ইচ্ছা আছয়ে তোমার॥" চৈঃ ভা

প্রভু তথন পর্যন্ত ঐশ্বর্যভাবে চতুর্জ মৃর্টিরে বীরাসনে নৃসিংহদেবের সিংহাসনে বসিয়া আছেন। শ্রীব পত্তিতের গোষ্ঠার উপর প্রভুর অদীম রূপা। তাঁহা ঘাটার যবন দরজীকে পর্যান্ত প্রভু রূপা করিয়া স্থা

দেখাইয়াছিলেন। সে সকল লীলাকথা পরে বলিব।
শ্রীবাসপণ্ডিত প্রভুর আজ্ঞা পাইয়া সর্ব্ধ পরিবারসহ
তাঁহার সমুথে উপস্থিত হইলেন। নৃসিংহপুজার জন্ম
ধৃপ দীপ গন্ধ চন্দন পুজাদি যাহা কিছু ছিল, তাহা প্রভুর
পাদপদ্মে অর্পন করিয়া পূজা করিলেন।

বিষ্ণুপূজা নিমিত্ত যতেক পুশু ছিল। সকল প্রভুর পায়ে সাক্ষাতেই দিল॥ চৈঃ ভাঃ

শীবাসপণ্ডিত সন্ত্রীক হইয়া শীশীনবদ্বীপচন্দ্রের চরণে পতিত হইলেন। ভাই, বন্ধু, পত্নী, দাস, দাসী, আত্মীয়-বছন সকলেই প্রভুর স্বরূপ দর্শন করিয়া প্রেমানন্দে কান্দিয়া আকুল হইলেন। ভক্তবৎসল প্রভু আমার একে একে সকলের মন্তকের উপরে শীচরণ দিয়া মধুর হাসিয়া বলিলেন—

"মোর চিত্ত হউ সভাকার"।

প্রভার এই শুভ আশীর্কাদবাক্য শ্রবণে সকলে আনন্দে গদগদ হইয়া পুনঃ পুনঃ তাঁহার চরণকমলে নিপতিত হইতে লাগিলেন আর সকলে মিলিয়া ক্রন্দন করিতে লাগিলেন।

প্রভূ এক্ষণে তাঁহার মহামহিমাময় ঐশব্যরপ সম্বরণ করিলেন। তিনি ভগবানভাবে শ্রীবাসপণ্ডিতকে সম্বোধন করিয়া মধুর হাসিয়া নিজতত্ব কহিলেন—

অমে শ্রীনিবাস! কিছু মনে ভয় পাও।
শুনি ভোমা ধরিতে আইসে রাজ নাও॥
অনস্ত ব্রহ্মাও মাঝে যত জীব বৈসে।
সভার প্রেরক আমি আপনার বশে॥
মৃঞি যদি বোলাঙ সেই রাজার শরীরে।
তবে সে বলিব সেহ ধরিবার তরে॥
যদি বা এমত নহে স্বতন্ত্র হইয়া।
ধরিবারে বোলে, তবে মৃঞি চাহো ইহা॥
মৃঞি গিয়া সর্ব্ব আগে নৌকায় চড়িম্।
এইমত গিয়া রাজগোচর হইম্॥
মোরে দেখি রাজা কি বসিব বীরাসনে।
বিহ্বল করিয়ানা পাড়িম্ সেই খানে॥

যদিবা এমত নহে স্বতন্ত্র হইয়া। জিজাসিব মোরে তবে মুঞি চাহোঁ ইহা॥ নতুবা এমত নহে জিজ্ঞাসিব মোরে। সেহ মোর অভীষ্ট শুনহ কহোঁ তোরে॥ শুন শুন অয়ে রাজা সতা মিথা। জান। যতেক মোলা কাজী সব তোর আন॥ হন্তী ঘোড়া পশু পক্ষী যত তোর আছে। সকল আনহ রাজা আপনার কাছে। এবে হেন আজ্ঞা কর সকল কাজীরে। আপনার শাস্ত্র বলি কান্দাও সভারে। না পারিল তারা যদি এতেক করিতে। তবে সে আপন বাক্ত করিব রাজাতে। সংকীর্ত্তন মানা কর এগুলার বোলে। যত তার শক্তি এই দেখিল সকলে॥ মোর শক্তি দেখ এবে নয়ন ভরিয়া। এত বলি মন্ত হস্তী আনিব ধরিয়া॥ হন্তী ঘোড়া মুগ পাথী একত করিয়া। সেই খানে कान्नाहेमू **औ**क्रक विद्या ॥ রাজার যতেক গণ রাজার সহিতে। সভা কাশাইমু ক্লফ বলি ভাল মতে। ইহাতে বা অপ্রত্যয় তুমি বাদ মনে। সাক্ষাতেই করেঁ। দেখো আপন নয়নে ॥" ৈ হৈ: ভাঃ

শ্রীবাসপণ্ডিতের মনে যবনরান্তার অন্ত্যাচারের ভয় উদিত হইয়াছিল, সে কথা পূর্ব্বে বলিয়াছি। পাষতীগণ তাঁহাকে যে ভয় দেখাইয়াছিল, সেই ভয়ে ভীত হইয়া তিনি প্রভুকে শরণ করিয়াছিলেন। ভক্তবংশল প্রভু আমার ভক্তহংগ দূর করিতে নিজত্ব প্রকাশ করিয়া সকল কথাই শ্রীবাসপণ্ডিতকে ব্ঝাইলেন। ভক্তের ভয় নিবারণের জক্ত ভব ভয়ভন্নন প্রভু আমার এই লীলারন্ত্তি প্রকট করিলেন। স্বান্থেরে প্রভু শ্রীবাসপণ্ডিতকে কহিলেন "আমার কথায় যদি তুমি প্রতায় না কর, তবে এস আমার প্রভাব তোমাকে সাক্ষাতে দেখাইয়া দিই"। এই বলিয়া শ্রীগৌর ভগবান চারি বংসর বয়স্কা বালিকা শ্রীবাসপণ্ডিতের লাতু-

শু জীকে সমু থে দেখিয়া তাহাকে আদর করিয়া নিকটে ডাকিয়া সম্বেহে কহিলেন "নারায়ণি! কৃষ্ণ বলিয়া একবার কাঁদ ত ?" প্রভ্র আদেশমাত্র সেই বালিকার সর্ব্ধ অঙ্গ পুলকে পরিপূর্ণ হইল। "হা কৃষ্ণ" বলিয়া প্রেমানন্দে কান্দিতে কান্দিতে নারায়ণী ভূমিতলে পতিত হইল। তাহার নয়নের জলে ভূমিতল সিক্ত হইল (১)। প্রেমাশ্রুণ ধারায় তাঁহার সর্ব্ধ অঙ্গ প্রাবিত হইল। "হা কৃষ্ণ" বলিয়া কান্দিতে কান্দিতে বালিক। প্রভ্র চরণতলে গড়াগড়ি দিতে লাগিল। সকলে ইহা দেখিয়া আশ্রুণ হইলেন। এই ভাগ্যবতী বালিকা শ্রীগোরাঙ্গলীলার ব্যাসাবতার শ্রীল বুন্দাবনদাস্চাকুরের গর্ভধারিণী। সর্ব্ব অবতার শিরোমণি শ্রীগোরভগবানের লীলা রচনা করিয়া কৃতার্থ হইবার মান্দে স্বয়ং ব্যাসদেব এই মহা ভাগ্যবতী রমণী নারায়ণীর গর্ভে উদয় হন।

প্রভুর এই লীলারন্ধ দেথিয়া শ্রীবাসপণ্ডিতের সকল ভয় দূর হইল। তিনি আনন্দে বিভোর হইয়া প্রভুর চরণে নিবেদন করিলেন—

"কালরূপী তোমার বিগ্রহ ভগবানে। যথনে সকল স্প্রি সংহারিয়া আনে॥ তথনে না করি ভয় তোর নাম বলে। এখন কিসের ভয় তোর নাম বলে॥" চৈঃ ভাঃ আবিষ্ট হইয়া শ্রীবাসপণ্ডিত এই কথাগুলি বলিলেন। প্রাচ্ছর অবতার প্রাভূ তাঁহার কথা শুনিয়া মৃত্ন মধুর হাসিয়া

(>) সমুৰে দেশবে এক বালিক। আপনি।

শীৰাদের ভাতৃত্তা নাম নারারণী।।

অন্তাপিছ বৈক্ষবমন্তলে বাঁর ধ্বনি।

চৈতন্তের অবশেব পাত্র মারারণী।।

সর্বাভূত অন্তর্গামী প্রভূ গৌরচক্র।

আন্তা কৈল নারারণী কুক্ষ বলি কাঁলে।

চারি বৎসরের সেই উন্নড চরিত।

হা কুক্ষ বলি কান্দে নাহিক সম্বিত।।

অল বহি পড়ে ধারা প্ৰিবীর জলে।

পরিপূর্ণ হৈল হল নরনের জলে।। চৈঃ ভাঃ

তাঁহাকে নিকটে ডাকিয়া গোপনে কহিলেন, "শ্ৰীবাদ! অন্তকার এসকল কথা কাহারও নিকট বলিও না"।

> শ্রীবাদেরে আজ্ঞা কৈলা প্রভু বিশ্বস্তর। না কহিও এসব কথা কাহারও গোচর॥ চৈঃ ভাঃ

শ্রীবাসপণ্ডিত অবনত মন্তকে প্রভুর আদেশ অঙ্গীকার করিলেন। প্রাচ্ছন্ন অবতার এথানে আত্ম-গোপন করিলেন। শ্রীবাসপণ্ডিতের গোষ্ঠার ভাগ্যের সীমা নাই। তাঁহার দাসদাসী পর্যান্ত পূর্ণব্রহ্ম সনাতন স্বরং ভগবান শ্রীগোরাঙ্গস্থান্দরের স্বরূপ-ঐত্মধ্য দর্শন লাভ করিলেন। শ্রীবাসপণ্ডিত শ্রীগোরাঙ্গলীলায় নারদের অবতার। তিনি পঞ্চতত্ত্বের এক তত্ত্ব। এই মহাপুরুষের অঙ্গনে মৃগধর্ম ভ্বনমন্দল হরিসংকীর্ভনযজ্ঞের যে অঞ্চান হয়, তাহার প্রভাব আজ সমগ্র জগতে অঞ্ভূত হইতেছে। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর শ্রীবাসপণ্ডিতের মহিমা গান করিয়া লিখিয়াছেন—

চারি বেদে যারে দেখিবারে অভিলাষ।
তাহা দেখে শ্রীবাদের যত দাসী দাস॥
কি বলিব শ্রীবাদের উদার চরিত্র।
যাহার চরণধূলি সংসার পবিত্র॥
কৃষ্ণ অবতার যেন বস্থদেব ঘরে।
যতেক বিহার সব নন্দের মন্দিরে॥
জগন্নাথ ঘরে হৈল এই অবতার।
শ্রীবাসপণ্ডিত গৃহে সকল বিহার॥
সর্ব্ব বৈষ্ণবের প্রিয় পণ্ডিত শ্রীবাস।
তাঁর বাড়ী গেলে মাত্র সভার উল্লাস॥
অক্তবে যারে স্তব করে বেদমূথে।
শ্রীবাদের দাসদাসী তারে দেথে স্থথে॥

শ্রীবাস-অঙ্গন প্রভূর কীর্ত্তন-বিলাস-লীলাস্থলী। শ্রীশ্রীরন্দা-বনচন্দ্রের রাসলীলা ও শ্রীশ্রীনবদ্বীপচন্দ্রের কীর্ত্তনবিলাস-লীলা এক তত্ত্ব। অতএব শ্রীবাস-অঙ্গন নবদ্বীপ-লীলার রাসস্থলী। শ্রীবাসপণ্ডিতের গৃহে প্রভূর আত্মপ্রকাশ-লীলা এবং শ্রীবাস কর্ত্ব প্রভূর স্ততিপাঠের ফলশ্রুতি শ্রীল বৃন্দা-বনদাস ঠাকুর কি লিথিয়াছেন শুষ্থন— শ্রীবাস করিলা স্তৃতি দেখিয়া প্রকাশ। ইহা যেই শুনে সেই হয় ক্লফদাস।

শ্রীবাসের প্রতি প্রভ্র অপার রুপা। ভক্ত অবতার শ্রীবাসপণ্ডিতের পুণ্য চরিতকাহিনী অন্ধুশীলন করিবার সৌভাগ্য প্রভ্ যদি রুপা করিয়া দান করেন, যথাস্থানে ভাহা বর্ণনা করিয়া রুত্রতার্থ ইইব।

উনত্রিংশ অধ্যায়।

াবদ্বীপে শ্রীশ্রীগৌরনিত্যানন্দ-মিলন

নবদ্বীপে নিত্যানন্দচন্দ্র আগমন। ইহা মেই শুনে তারে মিলে প্রেমধন॥ শীচৈতক্সভাগবত।

--:**:---

ইতিপুর্ব্বে হরিদাস ঠাকুরের নবদ্বীপ আগমন-কথা বলিয়াছি। ঠাকুর লোচনদাস লিথিয়াছেন শ্রীনিত্যানন্দ প্রভুর নবদ্বীপ আগমনের পর হরিদাসঠাকুর নবদ্বীপে আগমন করেন। শ্রীচৈতন্তমঙ্গল শ্রীগ্রন্থে শ্রীনিত্যানন্দ আগমন বর্ণনার পর ঠাকুর লোচনদাস হরিদাসঠাকুরে নবদ্বীপ আগমন বর্ণনা করিয়াছেন। হরিদাসঠাকুর শ্রীঅদ্বৈতপ্রভুর নিকট শাস্তিপুরে ছিলেন। প্রভুর ইচ্ছায় তিনি সংকীর্ভ্রনমজ্ঞারভেই নদীয়ায় আগমন করেন। হরিদাসঠাকুর অগ্রে আদেন, কি শ্রীনিত্যানন্দ প্রভু অগ্রে আদেন এবিষয় লইয়া বিচার বা তর্ক করিবার কোন প্রয়োজন বৃদ্ধি না। লীলাগ্রন্থ ইতিহাস নহে।

ঠাকুর লোচনদাস নব্দীপে হরিদাস ঠাকুরের ভভাগমন বুত্তান্তটি অতি স্থন্দর বর্ণনা করিয়াছেন। রূপাময় পাঠকবুন্দ তাঁহার লিখিত নিম্নলিখিত সর্স প্যার কয়টি আখাদন করুন (১)। হরিদাসঠাকুর শ্রীঅধৈতপ্রভুর অমুচর। গৌর-আনা-গোসাঞির তিনি গৌর-আনা-কার্য্যের প্রধান সহায়। হরিদাস ঠাকুরের উচ্চ সংকীর্ত্তনে. প্রীঅদৈতপ্রভুর প্রেম-ছঙ্কার-গর্জনে এবং তুলদী-গঙ্গাজলে স্থদৃঢ় ভজনে শ্রীশ্রীগৌরভগবানকে গোলোকের স্থদৃষ্পদ ছাড়িয়া কলির জীবোদ্ধার-কার্য্য মুম্পন্ন করিতে নদীয়ায় শচীগর্ভে উদয় হইতে হইয়াছিল। ঠাকুর হরিদাস অন্ধার অবতার এবং শ্রীষ্ঠবৈতপ্রভু মহাবিষ্ণুর অবতার। উভয়ের সমন্ধ উভয়ে বিশেষ জানেন। উভয়ের কার্য্য একযোগে উভয়ে করিতেছেন। নদীয়ার অবতার শ্রীগোরাকস্থন্দর যুগ-ধর্ম সংকীর্ত্তন-যজ্ঞারজ্ঞে হরিদাস্ঠাকুরকে নিজ্ঞামে টানিয়া লইলেন। এক্ষণে তিনি তাঁহার অভিন্ন কলেবর, জীবো-कातकार्यात अधान महाय, नवबीभनीनात मर्वाअधान অভিনেতা, তাঁহার পূর্বলীলার বলাইদাদা শ্রীনিত্যানন্দ প্রভূকে স্মরণ করিলেন এবং নদীয়ায় আকর্ষণ করিলেন।

শ্রীশ্রীগোরাঙ্গপ্রভূ নদীয়ায় অবতীর্ণ হইবার বহুপুর্বের শ্রীনিত্যানন্দপ্রভূ রাচ়দেশে একচক্রা গ্রামে ১৩৯৫ শক্তে শুভ মাঘী শুক্ল ত্রয়োদশীতিথিতে হাড়ো ওঝা বা হাড়াই

(>) হেনই সময়ে মহাশর ছরিদাস ।

কৃষ্ণ নামে নিরস্তর অন্তর উলাস ।।

কৃষ্ণ পাদাপুজ মধুমর মন্ত ভৃঙ্গ ।

রসের আবেশে আইনে তরুণিম নিংছ ।।

আচ্ছিতে নংখীপে মিলিলা আসিরা ।

আইস আইস তাকে প্রভু সন্তোব করিয়া ।।

নির্ভর প্রেমার কৈল গাঢ় আলিজন ।

আদেশিল মহাপ্রভু বসিতে আসন ।।

স্বচ্চুর ছরিদাস পরনাম করে ।

আপনে ঠাকুর তার কর ধরি তুলে ।।

স্থাক চন্দন অল্পে লেশিন ভাহার ।

আসের প্রসাদ মালা দিল আপনার ।। তৈঃ মঃ

পণ্ডিতের ভক্তিমতী স্বী পদাৰতী দেবীর গর্ডে উদয় হন(১)।

। বাদশ বর্ষ পর্যন্ত একচক্রা গ্রামে বাল-নিত্যানন্দ বাল্যলীলারক্ষে পিতৃগৃহে অবস্থিতি করেন। এইসময়ে এক পরম জ্যোতিবিশিষ্ট অপরূপ সন্ধানী তাঁহার পিতৃগৃহে অতিথি হন।
এই সন্মানী বিদায়কালে তাঁহার পিতামাতার নিকটে বালক
নিত্যানন্দকে ভিক্ষা করেন। শ্রীনিত্যানন্দপ্রভুর পিতা
মাতা অতিশয় ধর্মপরায়ণ ছিলেন। এই বালকটি তাঁহাদের
একমাত্র জীবন সম্বল প্রেরত্ব। অতিথি সন্ধানীর প্রার্থনা
তাঁহার। পূর্ণ করিলেন বটে; কিছু পুত্রকে বিদায় দিয়া
আমী-স্রী উভয়ে জীবন্ত ইইলেন। শ্রীনিত্যানন্দপ্রভুর
পিতৃদন্ত নাম কুবের,—গুরুদন্ত নাম নিত্যানন্দ । তাঁহার
গুরুর নাম শ্রীপাদ লক্ষ্মীপতি। কেহ কেহ বলেন তিনি
শ্রীপাদ মাধ্বেজ্রপুরীর শিশ্ব ছিলেন। সেকথা লইয়া তর্ক
অনাবশ্রক।

শীনিত্যানন্দ প্রভূ বাদশ বর্ষ বয়:ক্রমকালে পিত্রালয় পরিত্যাগ করিয়া যতিধর্ম অবলম্বন করিয়া প্রায় বিংশতি বংসর কাল ভারতবর্ষের নানা তীর্থ পরিভ্রমণ করিয়া নবদীপে আগমন করেন। নবদীপে আসিবার পূর্ব্বে কিছু দিন তিনি শীর্দ্ধাবনের বনে বনে তাঁহার ছোট ভাই প্রাণকানাইকে অমুসন্ধান করিয়া বেড়ান। তিনি দ্বাদশ বর্ষ বয়:ক্রমকালেই সর্ব্বশাস্ত্রে পণ্ডিত হইয়াছিলেন। তীর্থ প্যাটনকালেও তিনি শাস্ত্রাধ্যায়নে বিরত থাকিতেন না। শীক্ষবৈতপ্রকাশ গ্রন্থে লিখিত আছে—

(১) রাচ বেশে এক চাকা নামে গ্রাম ধন্ত।
বাঁহ নিত্যনন্দ রাম হৈল অবতীর্ণ।।
বস্তুদেব অবতার হাড়াই পণ্ডিত।
তান পুত্র নিক্যা নন্দ সদাই আনন্দিত।।
পন্মাবতী বাতা তার সাধনী শিরোমবি।
মোর প্রভু (২) কহে বাঁরে সাক্ষাৎ রোহিণী।।
তেরশত পঁচানকাই শকে বাঘ বাসে।
তক্সা বরোদশীতে রামের পরকাশে।
বজে বলরাম বেঁই সেই নিত্যানন্দ।
অবতীর্ণ হৈলা বিভরিতে প্রেমানক্ষ।।

(वरेषडशकान)

600 417

(२) श्रीवरंबल अज़्

"ন্তায়চূড়ামণি ইহার শাল্তের আখ্যাতি"। তীর্থ পর্যাটনকালে কৃষ্ণপ্রেমরসিদ্ধ শ্রীপাদ মাধবেক্ত পুরী গোস্বামীর সহিত তিনি বহুদিন সন্ধ করেন।

শীনিত্যানন্দপ্রভুর অপরপ রপ ছিল। এত রপের মাহ্র কেহ কথন দেখে নাই। রপের আকর্ষণ বড় তীব্র। যিনি তাঁহার অপরপ রপ একবার দর্শন করিতেন, তিনি তাঁহার কাছ ছাড়া হইতে পারিতেন না। শ্রীনিত্যানন্দ প্রভুরপের সাগর ছিলেন। সে রপের বর্গনা পদকর্তা বাস্থদেব ঘোষ স্বচক্ষে দেখিয়া এইরপ বর্ণনা করিয়াছেন—

অক্ল বসনে, বিবিধ ভূষণে, শিরেতে পাগ লটপটিয়া।
চৌদিকে ফিরিফিরি, বাছযুগ তুলি, নাচত হরিহরি বলিয়া।
নিতাই বস্থা নাচে॥ জ্ঞ

অরুণ নয়নে, ও চাঁদ বদনে, কত না মাধুরী আছে। চলন স্থানর, মত্ত করিবর, নৃপুর ঝফুত করিয়া। ভাবে অবশ, নাহি দিগ পাশ, "গৌর" বলি হুলারিয়া॥

শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীগোরাক্ষভগবানের আদি ভক্ত। গোরনাম ভিন্ন তিনি অন্থ কিছু জানিতেন না। শ্রীগোরাক্ষ লীলার ব্যাসাবতার শ্রীল বুন্দাবন ঠাকুর লিখিয়াছেন—

চৈতত্ত্বের আদি ভক্ত নিত্যানন্দ রায়।
চৈতত্ত্বের যশ বৈসে যাঁহার জিহ্বায়॥
অহর্নিশ চৈতত্ত্বের কথা প্রস্থ কহে।
তানে ভজিলে সে চৈতত্ত্য ভক্তি হয়ে॥ চৈঃ ভাঃ

এখানে শ্রীনিত্যানন্দপ্রভুর তত্ত্ব কিছু বলিব। তত্ত্বকথা অতি বৃহৎ বস্তু। উহা জীব-বৃদ্ধির অগোচর। মহাজন ঋষিগণ সাধারণ জীব নহেন। তাঁহারা ত্রিকালজ্ঞ ঋষি এবং শ্রীভগবানের নিত্যদাস। তাঁহারা যে তত্ত্ব নির্দ্ধারণ করিয়া জীবহিতার্থে লিপিবদ্ধ করিয়া গিয়াছেন তাহাই কিছু কিছু এখানে উদ্ধৃত করিব। শ্রীভগবানের নিত্যসিদ্ধ পার্ষদগণ তাঁহার অবতারের সঙ্গে সভ্তলে অবতীর্ণ হন। অবতার-তত্ত্ব জানাইবার জন্মই তাঁহাদের আবি-র্ভাব। তাঁহারা শ্রীভগবানের অবতার-তত্ত্ব না ব্র্ঝাইয়া দিলে জীবের সাধ্য কি এই গুদুতত্ত্ব বুঝে।

শীচৈতক্সচরিতামৃতকার শীল রুফদাসকবিরাজ গোস্বামী নিম্নলিথিত পঞ্চশ্লোকে শীশীনিত্যানন্দ-তত্ত্ব লিখিয়া গিয়া-ছেন। যথা—

সম্বৰ্ণকবিণতোয়শায়ী গর্ভোদশায়ীচ প্রোক্তিশায়ী।
শেষক যক্তাংশকলা স নিত্যানন্দাথ্যরামং শরণং মমাস্ত ॥
মায়াতীতে ব্যাপি বৈকুঠলোকেপুনিস্বর্যে শ্রীচতুর্তৃহমধ্যে।
কপং যক্তোদ্যতি সম্বর্ণাথ্যং তং শ্রীনিত্যানন্দরামং প্রপত্যে ॥
মায়াভর্তাদ্যাগুদ্দানাদি দেবাতং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥
যক্তাংশং শ্রীপুমানাদি দেবাতং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥
যক্তাংশাংশং শ্রীলগভোদশায়ী যন্নাভ্যন্তং লোকসংঘাতনালং।
লোক স্রষ্ট্রং স্থতিকাধাম ধাতৃতং শ্রীনিত্যানন্দরামং প্রপদ্যে ॥
যক্তাংশাংশাংশ পরাত্মাথিলানাং পোটাবিষ্ণুর্ভাতি ত্থাকিশায়ী
ক্ষোণীভর্তা যংকলামোহপ্যনন্তক্তং শ্রীনিত্যানন্দরামংপ্রপদ্যে ॥

অর্থ—িবি চতুর্তিমধ্যন্তি সম্বর্ণকারণানিশায়ী নহাসমন্তির অন্তর্যামী প্রথম পুরুষ মহাবিষ্ণু, বিনি হিরণ্ট-গর্ভের অন্তর্যামী গর্ভোদশায়ী দিতীয় পুরুষ সহস্রশীর্ষা বিরাট, বিনি ব্যষ্টি, জীবের অন্তর্যামী ক্ষীরোদশায়ী তৃতীয় গুরুষ চতুর্জ বিষ্ণু এবং বিনি অনন্তদেব, ইহারা বাহার অংশ ও কলা সেই শ্রীনিত্যানন্দ নামক বলরাম অবতার বা মূল সম্বর্গবের আমি শর্ণাগত হইলাম।

মায়াতীত পূর্বেশ্বর্য পরিপূর্ণ সর্বব্যাপক শ্রীবৈক্ঠলোকে বাস্থদেব, সন্ধর্ণ, প্রভায় ও অনিকন্ধ এই চারি ব্যহের মধ্যে সন্ধর্ণ নামক বাঁহার রূপ প্রকাশিত আছে, সেই শ্রীনিত্যা-নন্দ নামক বলরাম অবতারের আমি শরণাগত হইলাম।

ধিনি সাক্ষাৎ মায়াধীশ অর্থাৎ মায়ার প্রতি ঈক্ষণ করিয়া থাকেন, ব্রহ্মাণ্ড সমূহ ধাঁহার অণ্ড হইতে উদ্ভব হই-াছে, যিনি কারণার্ণবে শয়ন করিয়া আছেন সেই আদি থবতারপুরুষ মহাবিষ্ণু ধাঁহার একাংশ, সেই শ্রীনিত্যা-ননাধ্য বলরাম অবতারের আমি শরণাগত হইলাম।

চতুর্দশ ভ্রনাত্মক লোক সকল বাঁহার আশ্রয়, এবং াাহার নাভিপদ্ম লোকপিতামহ ব্রন্ধার উৎপত্তিস্থান, সেই যতোদশায়ী বিরাটপুরুষ বাঁহার ভ্রুংশের অংশ সেই শীনিত্যানন্দনামক বলরাম্অবভারের আমি শরণাগত হইলাম।

নিধিলজীবের অন্তর্যামী ও পালনকর্তা বিষ্ণু বাঁহার অংশাংশের অংশ এবং ধরণীধর স্থপ্রসিদ্ধ অনস্তদেবও
যাহার কলা, সেই জীনিত্যানন্দাথ্য বলরাম্অবতারের আমি শরণাগত হইলাম।

পৃজাপাদ কবিরাজগোস্বামী তাঁহার নিজক্বত পদার স্লোকেও প্রীশ্রীনিত্যানন্দপ্রভুর এই মূলতত্ত্ব নির্ণয় এবং ব্যাখ্যা করিয়া কলিহত জীবের মহোপকার সাধন করিযাদেন। যথা শ্রীচৈত্ত্যচরিতামতে—

দর্শন অবতারী রুক্ষ ব্যাং ভগবান।
তাঁহার দিতীয় দেহ শ্রীবলরাম॥
একই স্বরূপ দোঁহে ভিন্ন মাত্র কায়।
আদ্য কায়বাহ রুক্ষলীলার সহায়॥
সেই রুক্ষ নব্দীপে শ্রীকৈত্যাকক্ষ॥
সেই বলরাম দক্ষে শ্রীনিত্যানক্ষ॥
শ্রীবলরাম গোসাঞি মূল সর্ক্ষণ।
পঞ্চরপ (১) ধরি করে রুক্ষের সেবন॥
শ্রাপনে করেন রুক্ষলীলার সহায়।
স্প্রিলীলা কার্য্য করে ধরি চারি কায়॥
স্ট্যাদিক (২) সেবা তাঁর আজ্ঞার পালন।
শেষরূপে করে রুক্ষের বিবিধ সেবন॥ (৩)

নিবাদশ্যাদনপাত্ৰাং ভকোপাধানৰধাতপৰাবধাদিভিঃ।
শ্ৰীরভেনৈওদশেষভাং গভৈষধোচিতং শেষ ইতিরিতো জনৈঃ।।
এই প্লোকোক বাদস্থান, শ্যা, আদন, পাত্ৰা, বস্তু, উপাধান ছত্ৰ
প্ৰভৃতি ৰূপ ধাৰণ ক্ৰিয়া শেষু ক্লেণ দেবা ক্লেন ।

⁽১) "পঞ্চ রূপ" = সন্ধ্বণ, কারণার্বিশারী, গর্ডোদশারী, জীবোদ-শারী, শেব, এই পাঁচ রূপ। তাহার মধ্যে আপনি অর্থাৎ সন্ধ্বণ রূপে কৃষ্ণলীলার সাহার্য্য করেন; আরু কারণার্বশারী প্রভৃতি চারি রূপে সৃষ্টি কার্য্যাদি করেন।

⁽২) স্টানি কার্যোর দারা কি প্রকারে ভগবভগেবা হয় ভাহা ক্ছিতেছেন,—"স্টাদিক দেবা তার আক্রার পালন।" ইহার ব্যর্থ স্টাদি কার্যোর নিমিত্ত তাহার আক্রা প্রতিপালন করাই তাহার দেবা।

⁽०) "विविध स्तरन"=

সর্বারূপে আস্বাদয়ে রুফ্সেবানন। সেই রাম চৈতত্ত্বের সঙ্গে নিত্যানন ॥ এীচৈতন্য ভাগবতে প্রভূবাক্য শ্রীনিত্যনন্দপ্রভূর প্রতি— নামরূপে তুমি নিত্যানন্দ মূর্ত্তিমন্ত। শ্ৰীৰৈষ্ণবধাম তুমি ঈশ্বর অনস্ত। যতকিছু তোমাব এঅঞ্জে অলন্ধার। সভা সভা সভা ভিক্রোগ অবভাব । अनं मका अना काम कलाकामि करा। নববিধা ভব্তি পরি আছু নিজ স্তরে 🗷 নীচ জাতি পতিত অধ্য যত জন। তোমা হৈতে সভার হৈল বিমোচন ॥ যে ভক্তি দিয়াছ তুমি বালক সভাৱে। ভাষা বাঞ্জে স্কর্মিদ্ধ মনি যোগেশ্বরে॥ স্বতন্ত্র করিয়া বেদে যে ক্রফেরে কয়। হেন কৃষ্ণ পার তুমি করিতে বিক্রয়॥ তোমার মহিমা জানিবারে শক্তি কার। মূর্ত্তিমন্ত তুমি ক্লফরস-অবতার॥ বাহ্ নাহি জান তুমি সমীর্ত্তনন্ত্রে। অহর্নিশ কৃষ্ণগুণ তোমার শ্রীমূখে॥ কৃষ্ণচন্দ্র তোমার হৃদয়ে নিরম্ভর।

প্রথাক্য সর্বতন্ত্রদার। শ্রীশ্রীমন্মহাপ্রভু পরমেশ্বর,
শ্রীশ্রীনিত্যানন্দপ্রভু ঈশ্বর। ঈশ্বরতন্ত্র পরমেশ্বর জানেন।
ক্ষুদ্রজীব অল্পবৃদ্ধি। ঈশ্বরতন্ত্রের মর্ম্ম হাদয়ক্ষম করিতে
অসক্ত। শ্রীগোরাঙ্গলীলার ব্যাসাবতার শ্রীল বৃন্দাবনদাদ
ঠাকুর লিথিয়াছেন—

তোমার বিগ্রহ রুঞ্বিলাদের ঘর॥

অতএব তোমারে যে জন প্রীত করে।

সত্য সত্য কৃষ্ণ না ছাড়েন তাঁরে॥

দৈখনে পরমেশনে কি হইল কথা।
বেদে ইহার তত্ত জানেন সর্বাথা।
নিত্যানন্দে চৈতত্তো যথন দেখা হয়।
প্রায় আর কেহো নাহি থাকে দে সময়।
প্রায় কলির প্রাক্ষম অবতার। তাঁহার নবদ্বীপলীলা

গুপ্তলীলা। প্রভু ষেমন আপন-তত্ব প্রকাশ করেন না, তেমনি তাহা কাহাকেও প্রকাশ করিতেও দেন না; সেইরপ তিনি তাঁহার অভিন-কলেবর শ্রীনিত্যানন্দপ্রভুকেও লুকাইতে চাহেন; তাঁহার তত্বও প্রকাশ করিতে চাহেন না।

> আপনারে যেন প্রাস্থানা করেন ব্যক্ত। এইমত লুকামেন নিজানন ভত্ত ॥ চৈঃ ভাঃ

"ব্রেক্সনন্দন যেই, শচীস্কৃত হৈল সেই বলরাম হৈল নিভাই"।

এট প্র্যন্ত তত্ত্বক্থা। এক্ষণে তত্ত্বক্থা ছাড়িয়া লীলাকথা বলিব। পূর্ব্বে বলিয়াছি তত্ত্বকথা বৃহৎ বস্তু। আমরা ক্ষুত্রবৃদ্ধি জীব। তত্ত্বকথা বৃঝি না। তবে মহাজন ঋষিগণ যাহা উপদেশ করিয়া গিয়াছেন, তাহাতে আমাদের অকপট বিশ্বাস স্থাপন করা উচিত। ঋষিবাক্যে শ্রদ্ধা ও বিশ্বাস না থাকিলে ভজনপথে অগ্রসর হওয়া যায় না। মহাজন ঋষিবাক্যে যাঁহার স্থৃঢ় বিশ্বাস নাই, তিনি বড়ই ফুর্ভাগ্য।

"বিশ্বাদে মিলয়ে বস্তু তর্কে বছদূর"।

এই মহাজনবাক্যের উপর নির্ভর করিয়া ভজনপথে অগ্রসর হউন, দেখিবেন অতি শীঘ্র স্থফল ফলিবে। শ্রীল কবিরাজগোস্বামী লিখিয়াছেন—

তর্ক না করিহ, তর্ক অগোচর তাঁর রীতি। বিশ্বাস করিয়া শুন করিয়া প্রতীতি॥

প্রভাৱ নবদীপ-লীলারস-লোলুপ রূপাময় পাঠকর্দ শীনিত্যানন্দপ্রভূর নবদীপ-আগমন বৃত্তান্ত মন দিয়া শ্রবণ কর্মন। শীগৌর-নিত্যানন্দ-মিলন-কাহিনী অতি মধুর। প্রভূর নবদীপ-লীলাসমূদ্রের এইটি প্রবল প্রবাহ। শতধার হইয়া এই লীলা-প্রবাহটি প্রবাহিত হইয়াছে; মধুপূর্ণ কলস ভঙ্গ হইলে যেমন শতধারে মধুর্ষ্টি হয়, শীগৌর-নিত্যানন্দ-মিলন-স্থধার্ষ্টি সেইরূপ একদিন নদীয়ায় হইয়া- ছিল। নদীয়াবাসী ভক্ত ভ্রমরাবৃন্দ প্রাণ ভরিয়া প্রমানন্দে সেই স্থা পান করিয়া অজর অমর হইয়াছিলেন। সেই স্থাতরক্ষ এথনও ছুটিতেছে, সেই মধুভাণ্ডার অভাবধি অক্ষয় রহিয়াছে। আস্থন, আমার প্রাণ অপেক্ষা প্রিয়তম গৌরভক্তবৃন্দ। আমরা সকলে মিলিয়া সেই অপ্র্ব স্থা-রসাস্থাদন করিয়া কৃতক্কতার্থ হই,—জীবন সার্থক করি।

শীনিত্যানন্দপ্রভূ বিংশবর্ধকাল ভারতবর্ষের সকল তীর্থ পরিভ্রমণ করিয়া সর্বশেষে ত্রঙ্গধামে আসিলেন। পূর্ব नीनाञ्चनी पर्मन क्रिया ठाँशात गत्न वर्ष जानम इहेन। পূর্পাশ্বতি সকল একে একে তাঁহার মনে উদয় হইল। তিনি কৃষ্ণপ্রেমে উন্মন্ত হুইয়া কেবল হুদ্ধার গুৰুন করিতে লাগি-লেন। তাঁহার প্রেমহুকারগজ্জনের মধ্য হইতে কি এক যেন মধুর প্রেমোনাদকারী প্রিয়জন-আহ্বান-গীতির স্বন্দর স্বরলহরী নির্গত হইয়া ব্রজ্বাসীর মন প্রাণ হরণ করিল। শীরুন্দাবনে আসিয়া বাল্যভাবে বিভাবিত হইয়া শ্রীনিত্যা-নন্দপ্রভু ব্রজের সেই চিরপরিচিত রজে বালকের স্থায় নিরস্তর গড়াগড়ি দিয়া ধুলিখেলা করিতে লাগিলেন। তাঁহার বদনে ক্লফনাম ভিন্ন অন্ত কোন কথা নাই,—ধুলি থেলা ভিন্ন তাঁহার অন্ত কোন কাজ নাই। কেবল ব্রজের রজে নিরম্ভর গভাগভি দেন, বনে বনে ছুটাছুটি করেন, তাঁহার আহার নিদ্রার চেষ্টাই নাই। কদাচিত কোন দিন কেহ দিলে কিছু ছগ্ধ পান করেন। খ্রীনিত্যানন্দ প্রভুর এই অদ্ভুত চরিত্র কাহারও বুঝিবার শক্তি নাই। ব্ৰজে আসিয়া ব্ৰজেব্ৰনন্দন প্ৰাণকানাইকে দেখিতে না পাইয়া তিনি বংদহারা গাভীর ভায় দমগ্র মথুরামওল ছুটাছুটি করিলেন। কোথাও তাঁহার জীবনসর্বস্ব প্রাণ কানাইকে দেখিতে পাইলেন না। তিনি উন্মত্তের স্থায় ভাবাবেশে বিভোর হইয়া "প্রাণ কানাই, ভাই কানাই" বলিয়া কথন কথন উচ্চৈঃস্বরে রোদন করেন। তাঁহার আর্ত্তি দেখিয়া পাষাণপ্রাণও বিগলিত হয়। তিনি অঙ্গ আছাড়িয়া ঐবৃন্দাবনের রজে বাল্যভাবে নিরম্ভর গড়াগড়ি (पन।

নিরবধি বালভাব অক্ত নাহি ক্রে। ধুলাথেলা খেলে বুন্দাবনের ভিতরে॥ এদিকে তথন শুশ্রীগোরচন্দ্র নবদ্বীপে আত্মপ্রকাশ করিয়াছেন। কীর্ত্তনানন্দে বিভোর হইয়া তিনি অগ্রজ বলরামের বিরহে কাতরভাবে "দাদা বলাই", "ভাইয়া শ্রীদাম"
প্রভৃতি ব্রজস্পার্দের নাম করিয়া বিলাপ করেন (১)।
উভয়ে উভয়ের আকর্ষণে আরুষ্ট হইলেন। সর্বজ্ঞ শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীর্ন্দাবনে থাকিয়াই শ্রীশ্রীনবদ্বীপচন্দের আত্মপ্রকাশ জানিতে পারিলেন। তিনি শুনিলেন ব্রজ্রের
কানাই শচীর গৃহে নিমাইরূপে নদীয়ায় অবতীর্ণ হইয়াছেন।
ব্রজ্ঞেনন্দন এবার শচীনন্দন হইয়াছেন। একথা শুনিবামাত্র শ্রীনিত্যানন্দপ্রভু দিক্বিদিক্ জ্ঞানশ্র্য হইয়া শ্রীর্ন্দাবন হইতে নবদ্বীপের দিকে ছুটিলেন।

এপানে "ভাইয়া শ্রীলামের" একটু পরিচয় দিব। পৃ্ধলীলার শ্রীলাম শ্রীগোরাঙ্গলীলায় অভিরাম গোস্বামী, তাঁহার
নামান্তর রামদাস। অভিরাম ব্রজের শ্রীদাম, বলরাম
অবতার শ্রীনিত্যানন্দপ্রভুর পার্যদ। যথন শ্রীরন্দাবনচক্র নন্দনন্দন শ্রীকৃষ্ণ অদর্শন হন, তথন ব্রজবাসী
গোপগোপীরন্দের কি দশা হয়, তাহা বর্ণনার প্রয়োজন
নাই। সেই সময়ে তেজন্বী শ্রীদাম মনে মনে একটি দৃঢ়
সংকল্প করিয়া গোবর্দ্ধন পর্কতের একটি নিভ্ত কন্দরে
গিয়া ধ্যানে বসিলেন, এবং এই অবস্থায় তিনি সদাসর্কাদা
তাঁহার প্রিয়দ্পা শ্রীকৃষ্ণকে দেখিতে লাগিলেন; স্ক্তরাং
তাঁহার আর ত্র্জিয় কৃষ্ণবিরহ ত্বংখ সহা করিতে হইল না।
মৃগের পর যুগ আসিল, কিন্তু শ্রীদামের ধ্যান ভঙ্গ হইল না।
এইরূপে যে কত কাল গেল, তাহা তিনি জানিতেই
পারিলেন না।

বলরাম অবতার শ্রীনিত্যানন্দপ্রভু যথন শ্রীবৃন্দাবনের

(১) ভাবাবেশে গোরাটাদ বিভোর হইরা।
কলে ডাকে ভাইরা শ্রীদাম বলিরা।।
কলে ডাকে স্বলেরে কলে বহুদাম।
কলে ডাকে ভাই ভাই মোর দাদা বলরাম।।
ধ্বলী শামলী বলি কররে ফুকার।
প্রল পুলকে অল বছে প্রেম্বার।।
কালিন্দা বমুনা বলি প্রেম জলে ভালে।
পুরব পড়িল মনে কহে বংশীদাবে।। পদক্ষভক।

জনবিহীন গোবৰ্দ্ধনগিরিকন্দরে দাঁডাইয়া "ভাই কানাইরে! ভাই শ্রীদামরে।" বলিয়া প্রেমভরে উচ্চৈ:-স্বরে ডাকিতে লাগিলেন নির্জ্জন গিরি-গঙ্গরে সেই পূর্ব্ধ-পরিচিত বলাইর মধুকণ্ঠধানি পৌছিল, ধ্যানমগ্ন জড়বং নিশ্চেষ্ট শ্রীদামের কর্ণে সেই মধুর ধ্বনি প্রবেশ করিল: অমনি তাঁহার জড়বৎ ধাানমগ্ন দেহে জীবন সঞ্চার হইল। षमिन जिनि हक रमिनतन, छेठिया मां छोटेतन, कि इकन এদিকে ওদিকে চাহিলেন: পরে সেই চিরপরিচিত बनाइत अभूर्व कर्श्यनि नक्षा कतिया निर्धान वनगर्या हुिं-त्नत । त्रावर्षनिशित्रित धकि निक्किन कानत्न वनारे होत्त्र শহিত শ্রীদামের শুভ-মিলন হইলে কেহ কাহাকেও চিনিতে না পারিয়া স্তম্ভিত হইয়া উভয়ে উভয়ের প্রতি একদৃষ্টে চাহিয়া রহিলেন। শ্রীদাম কহিলেন, "তুমি কে হে ভাই! আমার নাম করিয়া ডাকিবামাত্র আমার নিস্রাভন্ন হইল, তোমার মধুর কণ্ঠস্বর আমার চিরপরিচিত বোধ হইল, কিন্ত বড়ই আশ্চর্যোর কথা আমি তোমাকে চিনিতে পারিতেছি না, কেন বল দেখি ?" তথন শ্রীনিতাইটাদ নিজ পরিচয় দিলেন, প্রাণদুখা শ্রীদামের নিকট আত্মভত্ত প্রকাশ করিলেন। তথন শ্রীদাম আনন্দে গদগদ হইয়া কহিলেন--

শ্রীদাম কহেন কোথা দিক্ষা ধড়া চূড়া।
নাগরালি ছাড়াইয়া হৈয়াছ নাড়া মুড়া।
শ্বেতগোর লুকাইয়ে অরুণ গৌর কেনে।
দানা বলরাম বলি না লাগয়ে মনে।
দেখি তবে তোর হত্তে করতালি দিয়া।
যম্না পর্যন্ত আমি যাব পলাইয়া।

চৈতম্ভাগবতের পরিশিষ্ট।

হাতে তালি দিয়া এই কথা বলিয়া শ্রীদাম "আমাকে ধর দেখি" এই বলিয়া এক বিষম দৌড় দিলেন। এই সেই ব্রজের রাখালগণের দৌড়াদৌড়ি ও ধূলা খেলা। ইহাই হইল পূর্বলীলার পরিচয়ক্তক পরীক্ষা। এই পরীক্ষায় শ্রীনিতাইটাদ উত্তীর্ণ হইলেন। দশ পদ পর্যন্ত যাইতে না যাইতেই বলাইটাদ শ্রীদামকে ধরিয়া ফেলিলেন এবং

তাঁহার গলদেশে হস্তার্পণ করিয়া একটি মধুর প্রেমচুম্বন দান করিলেন, এবং প্রেমগদগদ বচনে কহিলেন "ভাই শ্রীদাম! এখনও কি তোর সন্দেহ আছে?" শ্রীদাম বিশায়-বিন্দারিতলোচনে তাঁহার শ্রীবদনের প্রতি একদৃষ্টে চাহিয়া রহিলেন। তথন বলাইটান আরও কি করিলেন শুহন—

ভাইরে ! বলিয়া তার কঠে হস্ত দিয়া।
ভালগৌরকান্তি হল মৃষল ধরিয়া॥
কহিলেন এই হইয়াছে কলিকাল।
ঘুমায়ে রহিলি মূর্য জাতিয়া গোয়াল॥
তার ক্ষমে হল দিয়া কৈল আকর্ষণ।
থকা হও বলি এই বলিল বচন॥

চৈঃ ভাগবতের পরিশিষ্ট।

শেষ কথাটির একটু ব্যাখা প্রয়োজন। দ্বাপরযুগে সাত হস্ত পরিমিত মানবদেহ ছিল, শ্রীদাম দ্বাপরযুগের লোক, ধ্যানমগ্ন ছিলেন স্কৃতরাং সেই সাত হস্ত পরিমিত দেহই তাহার বর্ত্তমান ছিল। সেই পূর্ব্ব দেহ লইয়াই প্রস্তুর ইচ্ছায় তিনি বলরাম অবতার শ্রীনিতাইটাদের সহিত্ত মিলিত হইলেন; কিন্তু শ্রীনিতাইটাদের দেহ কলি-কালোচিত ছিল। এইজন্ম তিনি তাঁহার প্রাণ স্থাকে কলিকালোচিত দেহ দান করিলেন। তব্ও তিনি চতুর্হ ও পরিমিত দেহ প্রাপ্ত হইলেন।

তবু আপনার হাতে রহে চারি হাত।
স্থলর শরীর মহা পুরুষ বিখ্যাত॥
সেই শুদ্ধ সখ্য ভাব হয় সর্বকাল।
অতএব নাম হৈল অভিরাম গোপাল॥
চৈতক্স ভাগবতের পরিশিষ্ট।

এই অভিরাম গোস্বামীর সহিতও শ্রীগোরাক্ষ্ণরের মিলন হইয়াছিল; শ্রীনিত্যানন্দ প্রভুর মত এই একইভাবে; সে সকল লীলাকথা যথাস্থানে বর্ণিত হইবে। কথিত আছে শ্রীনিতাইটাদ তাঁহার এই শ্রীনাম ভাইয়ার নিকট প্রথম শুনিয়াছিলেন তাঁহার ভাই প্রাণকানাই এক্ষণে নদীয়ায় গৌর হইয়াছেন, তাই তিনি নবদ্বীপ অভিমুখে ছুটিলেন। প্রভূ নিত্যানন্দ গৌরপ্রেমে উন্মন্ত হইয়া গৌরাক্ষনামগান করিতে করিতে মদমত্ত হন্তীর স্থায় পদভরে
পৃথিবী টলমল করাইয়া জোড়া জোড়া লন্দ দিয়া
নদীরার দিকে ছুটিলেন। প্রেমভরে টলমল হইয়া
তিনি কথন কান্দেন, কথন উচ্চ হাস্থ্য করেন। তাঁহার
কর্নে মকর কুণ্ডল, মন্তকে নানাবর্ণের পাগড়ী, নাশিকায়
নথ, পদে ন্পুর, গলদেশে তুলসী ও রুজাক্ষের মালা
একত্রে গ্রন্থিত। রুক্ষপ্রেমানান্তা ব্রজনারী যেমন
পাগলিনীর বেশে রুক্ষদরশনে মথ্রার পথে চলিতেন,
শ্রীনিত্যানন্দপ্রভূ গৌরপ্রেমে আত্মহারা হইয়া অবধৃতবেশে
নদীয়ায় সেইরপ গৌরদরশনে চলিয়াছেন। অপরপ রূপছেটায় পথঘাট আলোকিত করিয়া তিনি মধুর নৃত্যাবেশে
হেলিয়া ছলিয়! পরমানন্দে চলিয়াছেন। শ্রীল বুন্দাবনদাস
লিথিয়াছেন—

চলে নিতাই প্রেমভরে, দিগ্টলমল করে,
পদভরে অবনী লোটায়।
পূর্বে যেন ব্রন্থাম, মধুমন্ত বলরাম,
নানাদিকে ঘুরিয়া খেলায়॥
আধ আধ কথা কয়, কণে কান্দে উচ্চ রায়,
মকর কুণ্ডল দোলে কাণে।
অঙ্গ হেলি ছলি চলে, গৌর গৌর সদা বলে,
দিবানিশি আন নাহি জানে॥
প্রের লোকে যিনি ভাঁচকে দেখিতেছেন, তিনি

পথের লোকে যিনি তাঁহাকে দেখিতেছেন, তিনিই তাঁহার অপরূপ রূপে মুশ্ধ হইয়া তাঁহার সঙ্গ লইতেছেন। শ্রীনিত্যানন্দপ্রভূ যাঁহার প্রতি একবার শুভ দৃষ্টিপাত করি-তেছেন, তাঁহার চিত্ত তংক্ষণাং শুদ্ধ হইয়া ঘাইতেছে। একবার দর্শন মাত্রেই লোক সকল তাঁহার পদে আত্মসর্পণ করিতেছে। অবধৃত শ্রীনিত্যানন্দপ্রভূর সঙ্গে অনেক লোক চলিয়াছে। কোথায় যাইতেছে তাহারা তাহা জানে না যাঁহার সঙ্গে যাইতেছে, তাঁহাকেও তাহারা চিনে না, তব্ও

(:) চলিল চলিল এজের সমনী।

চলিলা চলিলা চলে খান সোহাগিনী।।

চলে মধুরা পথ আবো ক'রে। প্রাচীন পদ।

তাহার। যাইতেছে। বছদ্র আদিয়া পড়িয়াছে, তাহাদের ঘর বাড়ী ছাড়িয়া, আত্মীয়স্বজন ছাড়িয়া বছ দ্রদেশে আদিয়া পড়িয়াছে, কিন্তু তাহাতে তাহাদেব মনে বিশ্বনাত্রও তৃঃথ নাই; সদানল প্রেমময় শ্রীনিত্যানলপ্রভুর সলে হাসিতে হাসিতে নাচিতে নাচিতে বালকের ক্যায় মহা আনন্দে তাহারা নদীয়ার দিকে চলিয়াছে। তাহারা শ্রীনিত্যানলপ্রভুর ম্থে শুনিয়াছে নদীয়ায় শ্রীকৃষ্ণভগ্রানের পুনরাবির্ভাব হইয়াছে, তাঁহার নাম শ্রীগোরাদ; তিনি ব্রজের কানাই, নিজবর্ণ লুকাইয়া গৌরবর্ণে নদীয়ায় বিপ্রকুলে উদয় হইয়াছেন। তাহারা আরও শুনিয়াছে এই অবধৃত সয়্যাসী নদীয়ার অবতার শ্রীগোরান্দের বড় ভাই। একথা শ্রীনিত্যানলপ্রভুষ্কয়ং তাহাদিগকে বলিয়াভ্রেন—

আমারে চেন না ভাই, বাড়ী এবে নদীয়ায়
সদা নাচি তাহে নূপুর পায়।
ভনেছ নদের অবতার, শ্রীগৌরাক নাম যাঁর
আমি নিতাই তার বড ভাই॥ (বলরাম দাস)

এইরপে প্রেমানন্দে নাচিতে নাচিতে শ্রীবৃন্ধাবন হইতে শ্রীনিত্যানন্দপ্রভু নদীয়ায় আদিয়া পৌছিলেন (১)। তথন শ্রীগোরভগবান আত্মপ্রকাশ করিয়াছেন। নদীয়ায় যুগধর্ম সংকীর্ত্তনযজ্ঞারম্ভ করিয়াছেন। শ্রীবাসঅম্বনে তাঁহাকে তাঁহার অন্তরঙ্গ ভক্তবৃন্ধ ভগবানভাবে অভিষেক্ করিয়াছেন। শ্রীনিত্যানন্দপ্রভু নবৰীপে নন্দন আচার্যের গৃহে আদিয়া উঠিলেন। নদীয়ার পথে পথে শ্রীনিতাইটাদ তাঁহার ভাই কানাইএর অন্তসন্ধান করিতে করিতে আদিয়াছেন, তিনি মহা আগ্রহের সহিত নদীয়াবাসীকে সম্বোধন করিয়া কাতর ও কর্মণশ্বরে কহিতেছিলেন—

ওভাই বল্রে নদেবাসি! নিমাই পণ্ডিতের কোন্ বাড়ী রে। প্রাণের ভাই কান্থরে স্মামি কোথা পাব রে।

(১) শীনিত্যাদশ প্ৰভু ১০০০ শকাকের **জ্যেন্ত্ৰ**দাৰে শবৰীপে শুক্তাগ্ৰন কৰেন। বলে দেরে আমি প্রেমের ভাই দেখতে এমেছি রে॥

(তার) ব্রজে নাম ছিল মাথনচোরা, নদেয় এসে সে যে হৈছে গোরা। (তারে চেননা, চেননা, চেননা রে।)

(তার) ব্রঙ্গে নাম ছিল ব্রজের কান্ত, এখন নদে এসে গৌর তন্তু॥ প্রাচীন পদ।

জীবাধম গ্রন্থকার রচিত এই সময়োচিত একটি পদও এম্বলে উদ্ধৃত হইল—

যথারাগ।

নদের পথে কে ওই নেচে চলে যায়। **ফটিতে** কৌপীন পরা, রূপে জগমনহরা, প্রেমানন্দে বাহ তুলে হরিনাম গায়॥ পথে চলে নেচে নেচে, যা'কে দেখে তা'কে পুছে, নিমাই পণ্ডিতের বল বাড়ী কোথায়। অপরূপ কান্তিধর, তেজপুঞ্জ কলেবর, জগজন মন হরে বদন শোভায়॥ মুখে মুছ মুছ হাসি, উছলে স্থার রাশি রুকে ভকে পথে ঘাটে থমকে দাড়ায়। লক্ষ্য বাষ্প হছকারে, বিশ্বকম্পে পদভরে, नत्मवात्री वालवृक्ष भिष्टू भिष्टू धाय ॥ वानवृक्ष यूवा नाती, সবে বলে হরি হরি, কোন যোগী ঋষি বুঝি এল নদীয়ায়। মুখে তার একই কথা, বেড়ায় ব'লে যথা তথা, নিমাই পণ্ডিতের বল বাড়ী কোথায়॥ জীব তরাতে বলাই এল भरव इति इति वन, মিলিতে কানাই সনে নব-নদীয়ায়। माम इतिमारम ভণে, বলাইএর সহায় বিনে, ছোট ভাই কানাইএর কেবা লাগ পায়॥ वनाइंग्रंम निजाइकर्त्र, अरम नव नवबीर्त्र কানাইএর বাড়ী ঘর খুঁ জিয়া বেড়ায়॥ ্দশন আচার্য্য মহা ভাগবত ; প্রভূর বিশেব রূপাপাত্র। তিনি জীনিত্যানৰপথ কুকে মহা সমানরে নিজ গৃহে স্থান

मिल्मन। निज्ञानमक्रश-मृक्ष इरेग्रा नम्मन आंচोर्या भरन মনে ভাবিলেন শ্রীগোরাক ভিন্ন এমন রূপের মাত্র্য ত কথন দেখি নাই। মাসুযের এত রূপ হয় তাহা তিনি জানিতেন না। এগৌরাপপ্রভূকে তিনি ভগবানভাবে হৃদয়ে অভিষেক করিয়াছেন। শ্রীনিত্যানন্দপ্রভূকে দেখিয়া তাঁহার মনে হইল, বুঝি দিতীয় ভগবান আসিয়া নদীয়ায় উদয় হইলেন। তথনই তাঁহার তত্ত্তান তাঁহাকে বলিয়া দিল, শ্রীভগবান অদ্বিতীয়। তাঁহার দ্বিতীয় নাই। নন্দন আচার্য্য তবজ্ঞানকে ভ্রান্ত মনে করিয়া শ্রীভগবানের লীলা সমুদ্রের আশ্রয় গ্রহণ করিলেন। তিনি দেখিলেন স্বয়ং ভগবান শ্রীক্লফের দ্বিতীয়কলেবর বলরামও ভগবান। তবে শ্রীগোরাকপ্রভুর বড় ভাই কেন ভগবান হইবেন না ? শ্রীনিত্যানন্দপ্রভু নন্দন আচার্য্যকে বলিয়াছিলেন তিনি শ্রীগৌরাঞ্চের বড ভাই। নন্দন আচার্য্যের মনে শ্রীবিশ্বরূপপ্রভুর কথা উদয় হইল। তাঁহার অপরূপ রূপরাশি স্মরণ হইল। বছদিনের কথা, তবুও মনে মনে মিলাইয়া দেখিলেন, এই অবধৃত সন্নাদীতে ও প্রভুর অগ্রজে অনেক বিষয়ে সৌসাদৃশ্য আছে। কিন্তু একথা তিনি একণে মনেই রাখিলেন।

শ্রীনিত্যানন্দপ্রভূ নন্দন আচার্য্যের গৃহে প্রচ্ছন্নভাবে রহিলেন। তাঁহার এই আত্মগোপনের কিছু গৃঢ়মর্ম্ম আছে। শ্রীনিত্যানন্দপ্রভূর মনের ভাব, তাঁহার ভাই প্রাণকানাই দাদার থবর লয়েন কি না? ত্ই লাতাই চতুর-চূড়ামণি। তাঁহার প্রাণকানাইকে বলাই বিশেষ করিয়া জানেন। তুই ভাইই রঙ্গিয়া। রঙ্গ দেখিবেন ইহাই উভয়ের ইচ্ছা।

এদিকে শচীনন্দন শ্রীনিত্যানন্দপ্রভুর নবদ্বীপে শুভাগমনের সংবাদ শুনিলেন। তিনি ব্ঝিলেন, তাঁহার দাদা
বলাই তাঁহার অহুসন্ধানে নদীয়ায় আসিয়াছেন। প্রভুর
মনে বড় আনন্দ হইল। একদিন প্রভু শ্রীবাসঅন্ধনে
বসিয়া প্রেমানন্দে কৃষ্ণ-কথা কহিতেছেন। ভক্তবৃন্দ
সকলেই সেধানে আছেন। প্রভুর সহাস্থা বদন, প্রফুল
অন্তর, তিনি নিত্যানন্দভাবে বিভোর হইয়া ভক্তবৃন্দকে
সম্বোধন করিয়া কহিলেন—

আবে ভাই! দিন ছুই তিনের ভিতরে। কোন মহাপুরুষ এক আদিব এথারে॥ চৈঃ ভাঃ

প্রভূব , শ্রীমুথে একথা শুনিয়া সকলেই পরম আনন্দিত হইলেন। সেই দিন রাত্রে প্রভূ একটি অভূত স্থপ্প দেখিলেন। পরদিন প্রভাতে উঠিয়া গঙ্গাস্থান ও বিষ্ণুপূজা করিয়া যথন তিনি শ্রীবাস্থাস্থণে ভক্তবুদ্দের সহিত মিলিত হইলেন, তথন এই অপূর্ব স্থপর্ত্তান্তটি সকলকে কহিলেন। চতুব চূড়ামণি গৌরভগ্নানের চতুরতার অবিধি নাই। গ্রাহার রঙ্গ দেখিয়া আনাদের বড় হাসি পায়। প্রভূব স্থপর ব্রাম্ভ প্রভূর শ্রীমুথেই শুকুন। যথা শ্রীচৈতন্ত ভাগবতে:—

সভাকার স্থানে প্রাভূ বহুলে আপনে। আজি শামি অপর্প দেখির স্বপ্রে। তাল ধ্বজ এক রথ সংসাবের সার। আসিয়া রহিল রথ আমার তুষার॥ তার পাছে দেখি এক প্রকাণ্ড শরীর। (4) মহা এক শুস্ত কান্ধে গতি নহে স্থির। বেত্ৰ বান্ধা এক কানা কুন্ত বাম হাতে। 5 নীল বন্ত্র পরিধান নীল বন্ত্র মাথে॥ বাম শ্রুতি মূলে এক কুণ্ডল বিচিত্র। হলধর হেন তান বৃঝিয়ে চরিত্র॥ "এই বাড়ী নিমাঞিপণ্ডিতের হয়ে হয়ে"। দশবার বিশবার এই কথা কহে॥ মহা অবধৃত বেশ পরম প্রচণ্ড। আর কভু নাহি দেখি এমন উদ্বত্ত ॥ দেখিয়া সম্ভ্রম বড় পাইলাম আমি। জিজ্ঞাসিল আমি কোন মহাজন তুমি॥ হাসিয়া আমারে বোলে এই "এই ভাই হয়ে"। তোমার আমার কালি হৈব পরিচয়ে॥ হরিষ বাড়িল শুনি তাঁহার বচন। আপনারে বাঁসে। মুঞি যেন সেই সম।

প্রভূ নিজ স্বপ্নকথা বলিতে বলিতে আবিট হইলেন। উাহার বাহ্যজ্ঞান লুপ্ত হইল। তাঁহার বলরাম আবেশ হইল। তিনি তথন "মদ আন মদ আন" বলিয়া ছকার গর্জন করিয়া মন্তক চুলাইতে লাগিলেন। ভক্তর্ন্দের
মনে বিষম ভয়ের উদ্রেক হইল। সকলেই ভয়ে কম্পিড
কলেবর হইয়া দ্বে দাঁড়াইয়া প্রভুর আরক্তিন বদনচজ্রের
প্রতি চাহিয়া রহিলেন। তথন জীবাসপণ্ডিত প্রভুর
নিকটে আসিয়া কর্যোড়ে কহিলেন—

———"শুনহ গোদাঞি!

যে মদিরা চাহ তুমি দে তোমার ঠাঞি॥

তুমি যারে বিলাও দেই তারে পায়।" চৈঃ ভাঃ

কিছুক্ষণ পরে প্রভু আত্মসংবরণ করিয়া স্থির হইলেন।
ভক্তবন্দের ভয় দূর হইল। তাঁহারা সকলে নিকটে আসিয়া
প্রভুকে ঘিরিয়া বসিলেন। তথন প্রভু হাসিয়া কহিলেন
"আমি পূর্কেই তোমাদিগকে বলিয়াছি কোন মহাপুক্ষ
নবদীপে আসিয়াছেন। তাঁহার দর্শনলাভের জন্ম আমার
মন বড় চঞ্চল হইয়াছে"। এই বলিয়া প্রভু হরিদাস ঠাকুর
ও শ্রীবাসপণ্ডিতের প্রতি চাহিয়া আজ্ঞা দিলেন—

"চল হরিদাস! চল শ্রীবাস পণ্ডিত। যাহ গিয়া দেশ কে আইলা কোন ভিত"॥ চৈ: ভা:

প্রভুর আদেশ প্রাপ্তমাত হুই জনে বাটীর বাহির হইলেন। বেলা তৃতীয় প্রহর কাল পর্যান্ত নদীয়ানগরীর সর্বত্র সেই মহাপুরুষের অত্মন্ধান করিলেন। কিন্তু কোথাও তাঁহার সন্ধান পাইলেন না। রিষয়। প্রভুর এই একটা লীলারস। খ্রীনিত্যানশপ্রভু নন্দনআচার্য্যের গৃহে লুকাইয়া আছেন, সর্বজ্ঞ প্রভূ তাহা জানেন তিনি স্বয়ং সেখানে না যাইলে শ্রীনিত্যানন্দপ্রভু কাহাকেও দেখা দিবেন না, তাহাও প্রভু জানেন। দাদ। বলাইকে ভাই প্রাণকানাই হাতে ধরিয়া আদর ক্রিয়া ডাকিয়া না আনিলে তিনি আসিবেন না, তাহাও প্রভু জানেন। তবে এ রঙ্গ কেন ? প্রভু যে আমার রঙ্গপ্রিয়। লীলারজ-রস তাঁহার বড প্রিয় বন্ধ। লীলারক তিনি বড় ভালবাসেন। লীলারজ-রস আস্বাদন করিতেই তাঁহার নররূপে নদীয়ায় অবতার গ্রহণ। হরিদাসঠাকুর ৢ এবং 💐 বাসপণ্ডিতকে প্রভু দেখাইলেন, জীনিত্যানন্দপ্রভুর দর্শনলাভ সহজ্যাধ্য নহে। তাঁহাকে অমুসন্ধান কবিয়া বাহিক করা, তাঁহার

লাগ পাওয়া, তাঁহাদের কার্যা নহে। সেটা প্রভুর স্বকার্যা;
জ্ঞীনিত্যানন্দতত্ত্ব অতি নিগৃঢ়। প্রভু যাঁহাকে রূপা করিয়।
জানাইবেন তিনিই ইহা জানিতে পারিবেন।

বড় গৃঢ় নিত্যানন্দ এই অবতারে।

চৈতন্ত দেখায় যারে সে দেখিতে পারে ॥ চৈঃ ভাঃ

হরিদাসঠাকুর এবং শ্রীবাসপণ্ডিত সেদিন আহার নিজা ত্যাগ করিয়া সর্ব্ধ নদীয়ার প্রতি ঘরে ঘরে অবধৃত শ্রীনিত্যানদ্পপ্রভুর অফুসন্ধান করিয়া কোন ফল হইল না দেখিয়া তৃঃখিতমনে প্রভুর নিকট আসিয়া কর্যোড়ে নিবেদন করিলেন "প্রভু! সেই মহাপুরুষের ত কোণাও অফুসন্ধান পাইলাম না" (১)। প্রভু একথা শুনিয়া ঈযৎ হাসিলেন। তাঁহার হাসির মর্ম কেহ ব্রিতে পারিলেন না।

দোহার বচন শুনি হাসে গৌরচক্র।

ছলে বুঝায়েন বড় গৃঢ় নিত্যানন্দ ॥ চৈঃ ভাঃ

প্রভূ আর দিতীয় কথানা বলিয়া স্বয়ং উঠিলেন। তাঁহাকে গাত্যোখান করিতে দেখিয়া ভক্তরুম প্রভূর বদন চক্তের প্রতি সবিষ্ময়ে চাহিলেন। প্রভূ তথন হাসিয়া কহিলেন:—

"আইস আমার সঙ্গে সভে দেখি গিয়া"।

"জয় কৃষ্ণ" বলিয়া ভক্তবৃন্দ প্রভুর সঙ্গে চলিলেন। প্রভু শ্রীবাসমন্দির হইতে বাহির হইয়া একেবারে নন্দনআচার্য্যের গৃহের দিকে চলিলেন। নদীয়ার রাজপথে প্রভু বাহির হই-য়াছেন, অপরাহ্ন তৃতীয় প্রহর অতীত হইয়াছে। জৈয়ষ্ট মাস। তথনও রৌদ্রের প্রথর তাপ রহিয়াছে। ভক্তবৃন্দ সহ প্রেমানন্দে কৃষ্ণনাম কীর্ত্তন করিতে করিতে প্রেমভরে আজাস্থলন্ধিত বাছয়ুগল দোলাইতে দোলাইতে সর্ব্বনদীয়া-বাসীর মন প্রাণ হরণ করিরা ভাই প্রাণকানাই তাঁহার

(১) নিবেদিল আসি দোঁহে প্রভুর চরণে।
উপাধিক কোথাই নহিল দরশনে।।
কি বৈক্ষৰ কি সন্ত্যাসী কি সৃহস্থ ছল।
গাঁবঙীর ঘর আদি দেখিল সকল।।
চাহিলাম সর্কা নববীপ বার নাম।
সবে না চাহিল প্রভু সিয়া আন্ত গ্রাম।। চৈঃ ভাঃ

দাদা বলাইকে দেখিতে চলিয়াছেন। তাঁহার মনে আজ বড় আনন্দ। বছদিন পরে ছুই ভায়ের আজ প্রেমসন্মিলন হুইবে। প্রভু প্রেমাবেশে চলিয়াছেন। কতক্ষণ পরে তিনি ভক্তবৃশসহ নন্দন আচার্য্যের গৃহে আসিয়া উঠিলেন।

নন্দন আচার্য্যের গৃহ নদীয়ার মধ্যে গৌরাক্ষলীলার তীর্থস্থলী। শ্রীঅবৈতপ্রভু শচীনন্দনের ভগবতা পরীক্ষার জন্ম এই নন্দন আচার্য্যের গৃহেই লুকাইত ছিলেন। শ্রীনিত্যানন্দপ্রভু নদীয়ায় আসিয়াই সর্বপ্রথমে এই পুণ্য ক্ষেত্রে অবস্থান করিয়াছেন। নন্দন আচার্য্য প্রভুর নিত্য পার্যান। তাঁহার গৃহে কলির প্রচ্ছন্ধ-অবতার শ্রীগৌরভগবান গুপ্থলীলা প্রকট করেন। এই স্থানেই তাঁহার ভগবতার প্রথম পরীক্ষা হয়। প্রভু নন্দনআচার্য্যের গৃহে গিয়া দেখিলেন—

বসিয়া আছমে এক পুৰুষ রতন।
সভে দেখিলেন যেন কোটি স্থ্য সম॥
অলক্ষিতে আবেশ বুঝন না যায়।
ধ্যান-স্থা প্রিপূর্ণ হাসয়ে সদাই॥ চৈঃ ভাঃ

প্রভু এই মহাপুরুষকে দেখিয়া স্বগণসহ ভক্তিপূর্বক নমস্বার করিলেন। সমন্ত্রমে সকলে কর্যোড়ে শ্রীনিত্যানন্দ প্রভুর সম্মুখে দাঁড়াইয়া রহিলেন। কাহারও মুখে কোন কথা নাই (১)। সকলেই তাঁহার স্থানর জ্যোতিপূর্ণ বদন-চন্দ্রের প্রতি চাহিয়া আছেন।

শ্রীনিত্যানন্দপ্রভু শচীনন্দনকে দেখিবামাত্র চিনিলেন ইনিই তাঁহার হারাধন ব্রজের সেই প্রাণকানাই।

"চিনিলেন নিত্যানন্দ প্রাণের ইশ্বর"

অবধৃত শ্রীনিত্যানশপ্রভু দেখিতেছেন তাঁহার বর্ণ-চোরা প্রাণকানাইর গলদেশে মালতী ফুলের স্থন্দর মালা, —পরিধানে দিব্য বাস,—স্থবলিত সর্ব্ব অঙ্গ স্থান্ধি চন্দন চর্চিত,—অমর রুক্ষ কুটিল কুস্তলে মস্তক ভূষিত,—আজাফু-

(১) মহা ভক্তি যোগ প্রভু ব্রিয়া তাঁহার।
 গণ সহ বিশ্বর হৈলা নমকার।।
 সক্রমে রহিলা সক্র গণ বাঁড়াইরা।
 কেছ কিছু দা বোলয়ে রহিল চাহিয়া।। চৈঃ ভাঃ

নম্বিত ভূজ্যুগলে পুশাহার,—পুশাের বলম শােভা পাই-তেছে, কুলবিনিন্দিত মুকুতাফল সদৃশ দন্তরাজিতে যেন চন্দ্রালাক বিভাসিত রহিয়াছে, আকর্ণবিশ্রাস্ত নয়নয়্গলে করুণার ধারা প্রবাহিত হইতেছে, পীন বক্ষঃস্থলের উপর ক্ষম শুল বজ্যুজন শােভা পাইতেছে, স্বকোমল স্থলর কপোলের অত্যুজন কণক-কান্তিতে প্রশান্ত বদনমগুলের মপুর্ব শােভা বৃদ্ধি করিয়াছে, প্রসর স্থলর ললাটে উদ্ধিতিলক শােভা পাইতেছে, হস্তপদ নখরে যেন কোটি চল্ফের বিকাশ হইয়াছে, মধুর হাসিতে যেন অমৃতবৃষ্টি হইতেছে। প্রভুর মদনমােহন স্থলর শ্রীমৃত্তির প্রতি অবধৃত নিত্যানন্দ প্রভুর মদনমােহন চাহিয়া আছেন। তিনি দেখিতেছেন— "বিশ্বস্তর মৃত্তি যেন মদন সমান।"

শীনিত্যানন্দপ্রত্ন তাঁহার সেই ব্রজের প্রাণকানাইকে চিনিলেন। কিন্তু মনের অত্যাধিক আনন্দে এবং প্রাণের আকুল আবেগে তিনি কথা কহিতে পারিলেন না। পরানন্দে তিনি শুন্তিত হইয়া রহিলেন। শ্রীল বুন্দাবন দাস ঠাকুর তাঁহার তাৎকালিক অবস্থাটি ছইটি পয়ারে মতি স্থন্দর বর্ণনা করিয়াছেন।

হরিবে শুভিত হৈলা নিত্যানন্দ রায়।
এক দৃষ্টি হই বিশ্বস্তর মুখ পানে চায়॥
রসনার লেহ যেন দরশনে পান।
ভূজে যেন আলিঙ্কন নাসিকায় ছাণ॥ চৈঃ ভাঃ

শ্রীগৌরাঙ্গপ্রভূ সকলি দেখিতেছেন, সকলি বৃঝিতে-ছেন। ভজরুদ বিশ্বিত হইমা একবার প্রভুর বদনচন্দ্রের প্রতি চাহিতেছেন, আর বার অবধৃত নিত্যানম্ব প্রভুর বদন-স্থাকর অবলোকন করিতেছেন। নদীয়ার ছই চন্দ্রের উদম দেখিয়া তাঁহার। বিশ্বিত হইয়াছেন। সময় বৃঝিয়া ভক্তবংসল প্রভু শ্রীনিত্যানন্দ-মহিমা নদীয়ার ভক্তবৃন্দকে ব্যাইবার জন্ম উদ্বিতে শ্রীবাসপণ্ডিতকে ভাগবতের লোক পাঠ করিতে কহিলেন। প্রভুর ঈদিত ব্ঝিয়া তিনি এই শ্লোকটি আর্জি করিলেন—

বর্হাপীড়ং নটবরবপুঃ কর্ণয়ে। কর্ণিকারম্ বিভ্রমানঃ কণক কপিশং বৈজয়ন্তী চু মালাম। রন্ধান্ বেণোরধরস্থ্যা প্রয়ন্ গোপ্রন্দ রন্দারণ্যং স্থাদর্মণং প্রাবিশদ্ গীভকীর্দ্ধিঃ ॥

শ্রীমদ্রাগবত ১০।২১।৫

অর্থ—নন্দনন্দন শ্রীকৃষ্ণ ময়্ববর্হ্রচিত চ্ড়া, শ্রুতি যুগলে কর্ণির পূপা, কণক তুলা কপিশ বা নীল পীত মিশ্রিত বর্ণের বসন এবং পঞ্চবর্ণ পূপো গ্রন্থিত বৈজ্ঞষ্কী মালা ধারণ করিয়া নব নটবরের আয় স্বীয় অঙ্গ নিরম্ভর নৃত্ন নৃত্তন শোভার আবির্ভাবে সম্পিক সমৃদ্ধি করিতে করিতে, আর অধরামৃতে বেণুর রন্ধু সকল পরিপূর্ণ করিতে করিতে বুন্দাবনে (যেথানে তদীয় অসাধারণ পদচিহু সমূহ সকলেরই নিরতিশয় রতি বা আনন্দ সম্পাদন করিতেছে) প্রবেশ করিলেন। এদিকে গোপবৃন্দ তাঁহার যশোগীতি গাইতে লাগিলেন। শরতের প্রথম দিনে শ্রীকৃষ্ণ এইরূপ মনোহর বস্তবেশে বলরাম, শ্রীদাম স্থদামাদি স্থাবৃন্দস্য তাঁহার বিলাস্থলী শ্রীবৃন্দাবনে প্রবেশ করিয়াছিলেন।

শ্রীবাসপণ্ডিত ভাবাবেশে এই ভাগবতীয় ভক্তিশ্লোকটি আবৃত্তি করিবামাত্র শ্রীনিত্যানন্দপ্রভু একেবারে প্রেমা-নন্দে মৃচ্ছিত হইয়া ভূমিওলে নিপতিত হইলেন। তাঁহায় বাহজান রহিল না। প্রভু শ্রীবাদপণ্ডিতের অঙ্গম্পর্শ করিয়া আবিষ্টভাবে তাঁহাকে কহিলেন "পড় পড়"। শ্রীবাদপণ্ডিত প্রভুর মন বুঝিয়া আবেগভরে পুনঃ পুনঃ উক্ত শ্লোকটি উচ্চৈঃম্বরে আবৃত্তি করিতে লাগি-লেন। কিছুক্ষণ পরে জীনিত্যানন্দপ্রভুর মৃচ্ছা ভঙ্গ হইলে তিনি তাঁহার প্রাণকানাইর বদনচক্রের প্রতি চাহিয়া অঝোরনয়নে কান্দিতে লাগিলেন। শ্রীবাস পণ্ডিত তখনও শ্লোকটি আবৃত্তি করিতে নিবৃত্ত হন নাই। শ্রীনিত্যানন্প্রভু বতই শ্লোকটি শ্রবণ করেন, ততই তিনি প্রেমাননে অধীর হন। তিনি ভূমি হইতে উঠিয়া মত্ত দিংহের আয় হুমার গঞ্জন করিতে লাগিলেন, তাহাতে বোধ হইতে লাগিল যেন গগনমার্গ ফাটিয়া গেল। পরে তিনি প্রেমভরে উদ্ভন্তা আরম্ভ করিলেন। প্রকাণ্ড লক্ষ দিয়া একবার উদ্ধে উত্থিত হন, পুনরায় আছাড় খাইয়। ভূমিতলে পতিত হন। ইহাতে বোধ হইল যেন আঁহার

অন্থি পঞ্চর চুর্গ বিচুর্গ হইয়া গেল (১)। ভক্তবৃদ্দ ইহা দেখিয়া "হায় হায়" করিতে লাগিলেন। "রুফ হে!রক্ষা কর! রক্ষা কর।" বলিয়া তাঁহারা উচ্চৈঃম্বরে ক্রেন্দন করিয়া উঠিলেন। সকলের মনে বিষম ভীতির সঞ্চার হইল। প্রভু নিকটে দাঁড়াইয়া সকলি দেখিতেছেন। তাঁহার বিশাল নয়নদ্বরে প্রেমাশ্রুধারা অবিরল বিগলিত হইতেছে, সর্বাঅক্ষে কদম্বপুষ্পবৎ পুলকাবলী দৃষ্ট হইতেছে। তিনি প্রেমানন্দে দাদা বলাইর অপুর্ব্ধ প্রেমান্দা করিতেছেন। তাঁহার প্রাণের বলাইদাদা ভূমিতলে গড়াগড়ি মাইতেছেন, ইহা দেখিয়া প্রভুর প্রাণ যেন ফাটিয়া যাইতেছে। তাই তিনি অঝোর নয়নে কান্দিতেছেন।

শীনিত্যানন্দপ্রভু প্রেমভরে ভূমিতলে ধুলায় গড়াগড়ি দিতেছেন দেখিয়া ভক্তবৃন্দ তাঁহাকে ধরিতে গেলেন। কিন্তু কেহ তাঁহাকে উঠাইতে পারিলেন না। তখন প্রভু তাঁহাকে নিজ্ঞােড়ে করিয়া বদিলেন। শীশীনবদ্বীপ চল্দের ক্রোড়ে শীনিত্যানন্দপ্রভু বালকের ন্যায় স্থথ শ্যায় শ্যন করিয়া আছেন। তাঁহার আর কোন প্রকার চঞ্চলতা নাই; ধুলায় গড়াগড়ি দেওয়া নাই। তিনি নিশ্পন্দ ভাবে প্রভুর ক্রোড়ে শ্যন করিয়া অনিমেধনয়নে তাহার বদনচন্দ্র দর্শন করিতেছেন।

বিশ্বস্তর ক্রোড়ে মাত্র গেলা নিত্যানন্দ।
সমর্পিয়া প্রাণ তানে হইলা নিশ্বন্দ। চৈঃ ডাঃ

মন প্রাণ ত তাঁহাকে পূর্বেই দিয়াছেন, একণে স্বযোগ ব্ৰিয়া দেহ থানিও তাঁহাকে সমর্পণ করিয়া নিশ্চিভ হই-

(১) গড়াগড়ি বার প্রাস্থ্য পৃথিবীর তলে।
কলেবর পূর্ণ হৈল নরনের কলে।।
বিশ্বভার মূখ চাহি ছাড়ে ঘনবান।
কারে জাননা কণে কণে মহাহাস।।
কণে নৃত্য কণে গড়ি কণে বাহ ভাল।
কণে বোড়ে বোড়ে লাক্ দেই দেখি ভাল।।
দেখিরা অভ্নত কুফ উন্নাদ জাননা।
সকল বৈক্ষা স্থান কান্দে গৌরন্তা। চৈঃ ভাঃ

লেন। শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীশ্রীনবদ্বীপচন্দ্রের ক্রোড়ে অপূর্বনাতা ধারণ করিয়াছেন। ভক্তবৃদ্ধ শ্রীশ্রীগৌর-নিত্যানন্দ যুগলরপ দর্শনানন্দে বিভার। শ্রীগৌরভগবানের কর্মলন্মনের অবিশ্রান্ত প্রেমাশ্রুধারার অবধৃত শ্রীনিত্যানন্দপ্রভুগ সর্ম অন্ধ সিক্ত হইল। শ্রীরামচন্দ্রের ক্রোড়ে রাবণ কর্তৃ ক শক্তিশেলাহত লক্ষণের স্থায় শ্রীনিত্যানন্দ নিশ্চেষ্ট হইয় শয়ান আছেন। ভাই প্রাণকানাই তাঁহার দাদা বলাইকে বছদিন পরে আজ দেখা পাইয়াছেন। প্রেমভরে ক্রোড়ে করিয়া নয়নের জলে তাঁহার বক্ষ ভাসাইতেছেন (১) শ্রীনিত্যানন্দপ্রভু তাঁহার দাদা বলাইর শ্রীঅঙ্গে ধীরে ধীরে তাঁহার পদ্মহন্ত বুলাইতেছেন; এত ভালবাসা, এত স্নেহ্ মায়া, কেহ্ ত কথন দেখে নাই।

গৌরচন্দ্রে নিত্যানন্দে স্নেহের যে সীমা। শ্রীরাম লক্ষণ বৈ নাহিক উপমা। চৈঃ ভাঃ

কিছুক্ষণ পরে শ্রীনিত্যানন্দপ্রভুর বাহজ্ঞান হইল তিনি নয়ন মেলিয়া দেখিলেন যে তিনি তাঁহার প্রাণ্কানাইর ক্রোড়ে শয়ন আছেন, তাঁহার জয় তাঁহার প্রাণ্কানাই কান্দিতেছেন। ইহা দেখিয়া তিনি বড় অপ্রতিত হইলেন, তাঁহার মনে বড় ছঃখ হইল। তাহা হইবারই কথা। বড় ভাই ছোট ভাইর ক্রোড়ে শয়ন করিয়া মৃচ্ছিত হইয়া পড়িয়া আছেন, আর তাহা দেখিয়া ছোট ভাই ছঃখে কান্দিতেছেন। ইহা বিপরীত কথা। গদাধরপণ্ডিত নিকটেই ছিলেন। তিনি ছই ভাইর ভাবভন্দী দেখিয় মনে মনে হাসিতেছেন। সে হাসি কেহ দেখিতে পাইলেন না। এই হাসির মর্দ্ম ব্রিবে কে ? গদাধরের সে হাসির মর্দ্ম শ্রীগোরান্ধলীলার ব্যাসাবতার শ্রীল বুন্দাবনদাস ঠাকুর

^{(&}gt;) যার প্রাণ ভাবে নিভাবন্দ সমর্পিয়া।
আহেন প্রভুষ কোলে অচেই হইয়া।
ভাসে নিভাবন্দ হৈডজের প্রেম জলে।
শক্তিহত বে হেন লক্ষণ রামকোলে।।
প্রেমভক্তি বাবে মৃচ্ছ্ । গেলা নিভাবন্দ।
নিভাবন্দ কোলে করি কান্দে গৌরচক্র।। 'হৈ: ভা:

দেঘাটন করিয়াছেন। গদাধরপণ্ডিত হাসিলেন কেন। এক।

যে অনন্ত নিরবধি ধরে বিশ্বস্তর।

' আজ তার গর্ব চ্ণ কোলের ভিতর। চৈ: ভা:
গদাধরপণ্ডিত শ্রীনিত্যানন্দ-তত্ত্ব সম্যক জ্ঞাত আছেন।
প্রাস্থ গদাধরের প্রতি একবার আড়নমনে চাহিলেন।
তাহার মনের ভাবটি তাঁহার কুটিল কটাক্ষে প্রকাশ পাইল।
সে ভাবটি এই—"ভাই গদাধর! আমার চিরদিনের
সাধ আজি মিটাইয়া লইলাম।" শ্রীনিত্যানন্দপ্রস্থ এত
প্রোমাবেশের মধ্যেও গদাধরপণ্ডিতের প্রতি একবার
প্রেমদৃষ্টিপাত করিলেন। এই দৃষ্টির মন্ম গদাধর বৃঝিলেন
আর তিনিই বৃঝিলেন, আর বৃঝিলেন আমাদের সক্ষক্র
চতুরচ্ডামণি প্রস্থ। শ্রীনিত্যানন্দ প্রস্তুর মনের ভাবটি
এই—"গদাধর তৃমি ঠিক বৃঝিয়াছ"।

নিত্যানন্দ প্রভাবের জ্ঞাতা গদাধর।
নিত্যানন্দ জ্ঞাতা গদাধরের অন্তর ॥ টেঃ ভাঃ
এদিকে উপস্থিত ভক্তবৃন্দ অবধৃত শ্রীনিত্যানন্দপ্রভূকে
প্রকৃতিস্থ দেখিয়া প্রেমানন্দে জয়ধ্বনি করিতে লাগিলেন।
সকলেই তাঁহার অপূর্ব প্রেমভাবদর্শনে নিত্যানন্দময়
হইলেন। ছই প্রাতার এপস্যন্ত কোন কথা বার্তা হয়
নাই। উভয়ের উভয়ের প্রতি প্রীতিনয়নে কেবল চাহিয়াই
আছেন। উভয়েরই কমল নয়ন দিয়া অবিরল অশ্রুণারা
বিগলিত হইতেছে, উভয়েই প্রেমানন্দে অবশতয়
হইয়াছেন।

নিত্যানন্দ গৌরচন্দ্র দোঁহে দোঁহা দেখি।
কেহো কিছু না বোলে ঝর্মে মাত্র আঁথি। চৈঃ ভাঃ
শীনিত্যানন্দপ্রভু একণে কথকিং প্রকৃতিস্থ হইয়াছেন
দেখিয়া চতুর চূড়ামণি প্রভু শুভ সময় বৃঝিয়া ভক্তজনোচিত
দৈনা প্রকাশ করিয়া তাঁহাকে কহিলেন—

প্রেড দিবস আমার।
দেখিলাঙ ভক্তিযোগ চারি বেদ সার॥
এ কম্পা, এ অশ্রু, এ গর্জন হুদ্ধার।
এহ কি ঈশ্বর শক্তি বই হয় আর॥
সক্তব্য ভক্তিযোগ নয়নে দেখিলে।

তাহারেও রুঞ্চ না ছাড়েন কোন কালে॥
ব্রিলাঙ ঈশবের তুমি পূর্ণ শক্তি।
তোমা ভজিলে, সে জীব পায় রুঞ্ভক্তি ॥
তুমি কর চতুর্দশ ভ্বন পবিত্র !
অচিস্তা অগম্য গৃঢ় তোমার চরিত্র ॥
তোমা লখিবেক হেন আছে কোন জন।
মূর্তিমন্ত তুমি রুঞ্চ প্রেমভক্তি ধন ॥
তিলার্দ্ধ তোমার সন্ধ যে জনার হয়ে।
কোটি পাপ থাকিলেও তার মন্দ নহে ॥
ব্রিলাঙ রুঞ্চ মোরে করিল উদ্ধারে।
তোমা হেন সন্ধ আনি দিলেন আমারে ॥
মহা ভাগ্যে দেখিলাঙ তোমার চরণ।
তোমা ভজিলে যে পাই রুঞ্চ প্রেমধন ॥

ভোমা ভাজলে যে পাই কৃষ্ণ প্রেমধন। টোঃ ভাঃ
এইরপে নিত্যানদ-স্থতি করিতে করিতে প্রভ্ প্রেমান
নদ্দে আবিষ্ট হইলেন। একণে শ্রীনিত্যানদ্পপ্রভূ তাঁহাকে
ধরিয়া বিসলেন। এবার তাঁহার পালা, প্রভূর শ্রীমৃশে
আয়স্ততি শুনিয়া তিনি লজ্জায় বদন অবনত করিলেন।
এক এক বার বদন ভূলিয়া প্রাভূর চক্রবদনের প্রতি চাহেন,
পুনরায় বদন অবনত করেন। প্রভূপ তাঁহার বদনের শ্রতি
সভ্ষ্ণ নয়নে চাহিয়া আছেন। দাদা বলাইর মৃথে বছদিনের
পর ভূটি মধুমাথা কথা শুনিবেন; প্রভূ এই আশায়
আছেন। শ্রীনিত্যানদ্প্রভূ তথন পর্যাস্ত কোন কথা কহেন
নাই। ইদ্বিতে কিন্তু তুই ভায়ে সকল কথাই হইল।

নিত্যানন্দ চৈতন্তের অনেক আলাপ।
সব কথা ঠারে ঠোরে নাহিক প্রকাশ। চৈঃ ভাঃ
প্রভূ অতিশয় দীনভাবে পুনরায় করমোড়ে জিজ্ঞাসা
করিদেন 'শ্রীপাদ! আপনাকে কোন প্রশ্ন করিতে শহিত
হই। কোথা হইতে আপনার নবদ্বীপে শুভাগমন
হইল(১)?

জ্ঞীনিত্যানন্দপ্রভূ উত্তর দিবার চেষ্টা করিলেন। রঙ্গিয়া প্রভূর রঙ্গ দেখিয়া তাঁহার বড় হাসি পাইল। কলির

(১) প্রভূ বোলে জিল্লাসা করিতে বাসি ভর।
ভোম দিরা হৈছে কাজ করিলা ভিক্ত । সৈতে কাল

প্রাছয় অবতারকে প্রকাশ করিবার ইচ্ছা শ্রীনিত্যানদ্ধ প্রভার মনে উদয় হইল। তিনি জানেন, নদীয়ায় প্রাভ্ন আত্মপ্রকাশ করিয়াছেন। নদীয়ার অন্তর্ম ভক্তবৃদ্ধ প্রভূকে তাঁহাদের হৃদয়মন্দিরে ভগবানভাবে অভিষেক করিয়াছেন। এই শুভ স্থানাগে কলির প্রচ্ছয় অবতারকে প্রকাশ করা আবশ্রুকবোধে শ্রীনিত্যানন্দ্রপ্রভূ শ্রীগৌরভগবানের প্রতি একবার করুণ নয়নে চাহিলেন। এই চাহনির মার্ম 'ভাই! কি বল, গুপুলীলা ব্যক্ত করিব কি ?" প্রভূইদিতে অন্ত্যাতি দিলেন। এক্ষণে তাঁহার আত্মপ্রকাশের শুভ সময়। তিনি শ্বয়ং অত্যে তাঁহার পণ দেখাইয়াছেন। কাজে কাজেই শ্রীনিত্যানন্দপ্রভূকে নিয়েধ করিতে পারিকান না। তথন শ্রীনিত্যানন্দপ্রভূকে নিয়েধ করিতে পারিকান না। তথন শ্রীনিত্যাইটাদ প্রেমানন্দে গান ধরিলেন—

কা—কা—কানায়ে নাকি তুই রে।
আমায় বলরে আমি চিনেছি,
চিনেছি, চিনেছি তোরে।
ধ—ধ—ক—ক করে নে রে বেণু রে।
দাঁড়ারে ত্রিভঙ্গ হ'য়ে।
দেখি রে কান্থ, বেণু গৌরহাতে কেমন সাজে।
বেণুর গান অনেক দিন শুনি নাই,
বাজাও বেণু হিয়া জুড়াই।
ব্যক্তে বেণু বাজায়ে ছিলে,
দেখি এখন বেণু কি বোল বোলে।

প্রীচৈতনামঙ্গল গাঁত।

শ্রীনিতাইটাদ একটু তোতলা ছিলেন। তিনি যে স্থার ও যে ভাবে এই অপূর্ব গীতটি গাহিলেন, সে স্থার ও ভাব প্রত্যক্ষ লীলাদশকগণের কানে জনমের মত লাগিয়াই বহিল, মনে মনে জীবন মরণের সাক্ষী হইল।

প্রভূ ভাবাবেশে আছেন—তাঁহার এঅঙ্গ নিপদ,— তাঁহার কণক-কেতকী সদৃশ নয়ন্দ্রের দৃষ্টি এপাদ নিত্যা-নন্দের এবদনচক্রের প্রতি যেন দৃঢ়বদ্ধ রহিয়াছে। কিছুকণ পরে প্রভূর বাহাজ্ঞান হইল; সকলে দেখিলেন, তাঁহার বদনচক্র লজ্জাবনত, তিনি যেন কত অপরাধী।

া অভাপর খ্রীনিতাইটাদ বামহত্তে প্রভুর খ্রীহন্ত ধারণ

করিয়া এবং দক্ষিণ হল্ডে চিবুক স্পর্শ করিয়া প্রেম বিক্ষা-রিতলোচনে গদগদ স্বরে কহিলেন—

(তুই) কালরপ কারে দিলি ?

কা, কা—কা—কানাই ! তুই নাকি ভাই গৌর হলি ?
কাদায়ে যশোদা মায়ে শচীমাকে মা বলিলি।

কাদায়ে বৃন্ধাবন নবন্ধীপে উদয় হলি।

পীতধড়া মোহন বাঁশি ভাইরে ! তুই কারে দিলি ?

কেন ধুলায় গড়াগড়ি, বনমালা কি করিলি ?

প্রাচীন পদ।

প্রের্থ ভাবাবেশে জড়বং নিশেশ, শীনিতাই চাদ তথন নিজভাব কিছু সধরণ করিলেন। প্রভুর বাহা জ্ঞান হইলে তিনি সংযতভাবে পরম নম হইয়া কর্যোদে নিবেদন করিলেন—

দেশিল ক্লফের স্থান যতেক যতেক ॥
স্থান মাত্র দেশি ক্লফে দেশিতে না পাই।
জিজ্ঞাসা করিল তবে ভাল লোক ঠাই॥
সিংহাসন সব দেশি কেন আচ্ছাদিত।
কহ ভাই সব ক্লফ গেলা কোন ভিত॥
তারা বোলে ক্লফ গিয়াছেন গৌড়দেশে।
গমা করি গিয়াছেন কথোক দিবসে॥
নদীয়ায় শুনি বড় হরি সংকীর্ত্তন।
কেহো বোলে তথায় জিয়িলা নারায়ণ॥
পতিতের ত্রাণ বড় শুনি নদীয়ায় (১)।
শুনিয়া আইয়্ল মৃ্ঞি পাতকী তথায়॥" ৈ ভাঃ

(>) শ্রীমন্মহাপ্রভুর ধর্মোপদেশ বাঁহারা ভাল করিয়া অনুশীলন ও অনুভব করিয়াছেন উাহারা অবখাই দেখিয়াছেন দীনতাই ওাহার প্রবর্তিঃ ধর্মের মূলমপ্র। "তৃণাদপি স্নীচেন" লোক বারা প্রভু তাহার ভক্ত রুলকে এই দীনতার চরম উপদেশ দিয়াছেন। শ্রীনিভ্যানন্দপ্রভু—

পতিত্তের ত্রাণ বড় শুনি নদীয়ায়। শুনিয়া আইফু মুক্রি পাজকী হেখার।

এই সদৈক্তবাক্যে শ্রীমন্মহাপ্রভুর উপদেশের জ্বসন্ত প্রমাণ দিলেন গোরভক্তবৃন্দের দীনতা অভুলনীয়। তাঁহারা জনে জনে হৈন্তের অবতার প্রভূ দাদা বলাইর মুথে তাঁহার এইরপভাবে আত্ম প্রকাশের কথা শুনিয়া লজ্জায় অধোবদন হইলেন। শ্রীনিত্যানন্প্রভূ এই কথা বলিতে বলিতে কান্দিয়া প্রভূর চরণতলে পতিত হইলেন। প্রভূ আন্তেব্যক্তে পলাইবার চেটা করিলেন, কিন্তু পারিলেন না। তথন উভয়ে উভয়ের চরণ ধরিবার জন্ম ব্যগ্র হইলেন। সে দৃশ্য অতি মনোহর, অতীব মধুর, অতিশয় নয়নরঞ্জন।

> পিজিলেন প্রাভূপদে নিত্যানন্দ রায়। দোহার চরণ দোহে ধরিবারে ধায়॥ চৈঃ ভাঃ

এই মধুর অপূর্ব্য দৃষ্টা দেখিয়া ভক্তবৃন্দ আনন্দে হরি-ধানি করিতে লাগিলেন। গৌর-নিত্যানন তুই জনে মিলিয়া উভয়ে উভয়ের চরণধূলি প্রাপ্তির জন্ম কিয়ৎক্ষণ ঘোরতর যুদ্ধ করিলেন। এযুদ্ধে ছ্রুয় পরাজয় কিছুই বুঝা গেল না। উভয়ে উভয়ের পদধূলি লইলেন। কাজেই এ ভক্তিযুদ্ধে উভয়েরই জন্মলাভ হইল। ইহার পর তুই ভাতায় গাঢ় প্রেমালিকন হইল। বোধ হইল যেন ছুই জনে মিলিয়া এক হইয়া গেলেন। রামক্রফ আর গৌর-নিত্যানন্দ এক বস্তু, এক তত্ত্ব। উভয়ে এক আত্মা, কেবল মাত্র দেহ ভেদ। গৌর-নিত্যানন্দের এই পরম প্রীতিপ্রদ প্রেমালিকন লীলারক দেখিয়া উপস্থিত ভক্তবুদের মনে এই ভাবটি উদয় হইল। তাঁহারা প্রেমানন্দে উচ্চৈঃম্বরে হরিধ্বনি করিতে লাগিলেন। প্রেমাবেশে, ছই ভাতায় এইরপে কিছুক্ষণ স্থদুঢ়ভাবে প্রেমালিঙ্গনবদ্ধ হইয়া জড়বং निष्णन रहेशा तरिलन। इहे जारबत नगरनत जरन इहे জনের অঙ্ক ভাসিয়া গেল। কতকণ পরে আলিঙ্কনমুক্ত হইয়া উভয়ে বালকের ফ্লায় অবিরল ক্রন্দন করিতে লাগি-লেন। শ্রীনিত্যানন্দপ্রভূ কথঞ্চিং প্রকৃতিস্থ হইয়া তাঁহার প্রাণ কানাইকে সম্বোধন করিয়া মধুভাষে পুনরায় কহি-লেন—

সকল অবনী আমি ফিরিয়া আইস্থাঁ। কোথাও তোমার লাগ মুঞি না পাইলুঁ॥

শীনমহাপ্রভূ ও শীনিভ্যানন্দপ্রভূ শ্বরং আচরিরা এই অপুর্ব দৈয়ত ভাহাদিগকে শিক্ষা দিরা গিরাছেন। শীনিভ্যানন্দপ্রভূ যথন আপনাকে গভিত বলিয়া পরিচয় দিতে পারেন, তবন অক্টোর কা কবা। গ্রন্থকার। শুনিলাম গৌড়দেশে নবদ্বীপপুরে।
লুকাঞা রঞাছে তথা নন্দের কুমারে॥
চোর ধরিবারে আমি আইলাঙ হেথা।
ধরিয়াছি চোর আজি পলাইবা কোথা॥ চৈঃ মঃ

শীনিত্যানন্দপ্রভূ নদীয়ার ভক্তবৃন্দ সমক্ষে শ্রীগৌরাকতত্ব
অতি স্থাপ্ট কথায় প্রকাশ করিলেন। প্রভূকে প্রকাশ
করিবার জন্মই তাঁহার নদীয়ায় আগমন। শ্রীগৌরাকপ্রভূত্
প্রচ্ছন অবতার। আত্মপ্রকাশ করিতে তিনি অতিশয়
কৃষ্ঠিত। শ্রীনিত্যানন্দপ্রভূ সর্কাসমক্ষে শ্রীগৌরাকপ্রভূব
স্বর্গতত্ব বলিয়া দিলেন। প্রভূ লজ্জিত হইয়া অধোবদনে
দাড়াইয়া আছেন। তাঁহার কমল নয়নের প্রেমাশ্রধারা
সকল বক্ষ বহিয়া পরিধান-বন্ত্র দিক্ত করিয়া ভূমিতল
প্রাবিত করিল।

চত্র চ্ডামণি শ্রীণোরভগবান দেখিলেন, তাঁহার বলাই দালা প্রেনোরান্ত, শ্রীর্ন্দাবনভাবে মগ্ন। পাছে তাঁহার অবতারের সকল গৃঢ় কথাই প্রকাশ পায়, এই ভয়ে তিনি এক ফন্দি করিলেন। গুপু বৃন্দাবন নদীয়ায় তাঁহার গুপুলীলা অপ্রকাশ রাখিবার জন্ম তিনি যে বিশেষ ব্যগ্র তাহা তাঁহার প্রতি কার্য্যেই বৃঝা যায়। প্রভু আত্মসংবরণ করিয়া মধুর হাসিয়া প্রেমভরে তাঁহার বলাইদাদার হন্তধারণ করিয়া নন্দনাচাথের গৃহে মধুর নৃত্য আরম্ভ করিলেন। প্রাণকানাইর মধুর নৃত্য দর্শনে শ্রীনিত্যানন্দপ্রভুর প্রাণ আনন্দে গলিয়া গেল; তিনিও বালকের ন্যায় প্রভুর হন্ত ধারণ করিয়া মধুর নৃত্যারম্ভ করিলেন। গৌর-নিত্যানন্দ হাত ধরাধরি করিয়া নয়নরম্বন মধুর নৃত্য করিতেছেন। প্রভু তাঁহার আদি কৃষ্ণ-কীর্তনের হুর ধরিলেন—

হরি হরয়ে নমঃ কৃষ্ণ যাদ্বায় নমঃ। গোপাল গোবিন্দ রাম শ্রীমধুস্থদন॥

প্রেমানন্দে বিভার হইয়া ছই ভ্রাতা তথন হাত ছাড়িয়া উর্দ্ধবাহ ইইলেন। শ্রীনিত্যানন্দপ্রভূ উদ্ধণ্ড নৃত্য করিলেন। প্রেমাবেশে তাঁহার বসন ভূষণ শ্রীঅঙ্গ হইতে থসিয়া পড়িল। ভক্তবৃন্ধ এই অপূর্ব্ব কীর্ত্তনে যোগ দান করিলেন। নন্ধন আচার্যের গাহে গোলকের আমনন অস্থৃত হইল। চতুর্দিকে হরিনামস্থা রাচ হং
ভক্তরন্ধ প্রাণ ভরিয়া পান করিতেছেন। প্রভ্ কীর্ত্তনরঙ্গে
তাঁহার বলাই দাদাকে উন্মন্ত করাইয়া পূর্ববলীলা-কথা আর
প্রকাশ করিতে দিলেন না। চতুর চূড়ামণির চতুরতা
দর্বজ্ঞ শ্রীনিত্যানন্ধপ্রভূর অবিদিত রহিল না। তিনি
মধুর মধুর নৃত্য করিতেছেন আর প্রভূর বদনচক্রের প্রতি
চাহিয়া মৃত্যন্ধ হাদিতেছেন। সে হাদির মর্ম "ভাইয়া!
তোমার চতুরালি আমি ব্রিয়াছি।" তাই দিদ্ধ ভক্তকবি
শ্রীনিত্যানন্ধপ্রভূর মনভাব ব্রিতে পাইয়া লিখিলেন—

"ধরিয়াছি চোর আজি পলাইবা কোথ।"।

কীর্ত্তন-তরকে নদীয়ানগরী প্লাবিত হইল। সর্বনিদীয়ায় এই অপূর্বনি কীর্ত্তনধ্বনি ক্রত হইল। এই অপূর্বনি কার্বনি ক্রতন্ত হইল। এই অপূর্বনি ক্রতনি ক্রতনি ক্রতনি কর্বনি ক্রতনি ক্রতনি ক্রতনি ক্রতনি ক্রতনি কর্বনি কর্বনি কর্বনি কর্বনি কর্বনি কর্বনি কর্বনি কর্বনি কর্বনি ক্রতনি ক্রতনি

এই মহা সংকীর্ত্তন শেষ হইল রাজি দিপ্রহরের সময়।
প্রেমানন্দে বিহ্নল হইয়া ছই প্রভূ তথন আসনে উপবিষ্ট
হইলেন। ভক্তবৃন্দ দাঁড়াইয়া আছেন। নন্দন আচার্য্য
কীর্ত্তনশান্ত প্রভূষয়কে ব্যঙ্গন করিতেছেন। শ্রীনিত্যানন্দ প্রভূপেমাবেশে তথনও বাহাজ্ঞানশৃত্ত। প্রভূ স্বয়ং তাঁহার পদগ্লি লইয়া ভক্তবৃন্দকে দিলেন। ভক্তবৃন্দ প্রেমানন্দে হরিধ্বনি করিয়া অবধৃত শ্রীনিত্যানন্দপ্রভূর পদরজ স্ব স্থ মন্তকে ধারণ করিয়া ক্রতার্থ হইলেন। প্রেমবিহ্নল শ্রীনিত্যানন্দপ্রভূ নিপ্শবভাবে বসিয়া আছেন। প্রভূ তাঁহাকে লইয়া যে কি করিবেন, তাহা তিনি জানিতে পারিলেন না (১)। ভক্তবৃন্দের আজ আনন্দের অবধি

(>) মৃত্য সম্বান্ধি সে বসিল। সেই খানে।
আনন্দিত সর্কালোক দেখিলা নয়নে।।
তবে নিত্যানন্দপদ অন্তবিদ্য ধূলি।
আপনি আনিয়া দিলা ভক্ত শিবোধণি।। চৈঃ মঃ

নাই। প্রভু স্বয়ং বাঁহার পদ্ধুলি লইয়া সকলকে দিলেন, না জানি তিনি কি পরম বস্তু, এই ভাবিয়া তাঁহারা প্রেমা-নন্দে গর গর চিত্ত হইয়া আকুল প্রাণে কান্দিতে লাগি-লেন।

নিত্যানন্দ পদধৃলি পাই ভক্তগণ।
প্রেমে গর গর চিত্ত ঝরয়ে নয়ন॥ চৈঃ ভাঃ
কতক্ষণ পরে শ্রীনিত্যানন্দপ্রভূর বাহজ্ঞান হইল। প্রভূ তাঁহাকে সদৈত্যে কহিলেন—

> ———"আমরা সকল ভাগ্যবান। তুমি হেন ভক্তের হৈল উপস্থান॥ আজি কৃতকৃত্য হেন মানিলা আমরা।

দেখিল সে তোমার আনন্দ বারিধারা ॥"চৈঃ ভাঃ শ্রীনিত্যানন্দপ্রভু নীরব। তথনও তিনি সম্পূর্ণরূপে প্রকৃতিত্ব হন নাই। প্রেমাবেশে তাঁহার সর্ববিষ্ণ টল মল করিতেছে। সেথানে নদীয়ার সকল অন্তরক ভক্তবৃন্দই আছেন। শ্রীবাদপণ্ডিত, মুরারি গুপ্ত, গদাধরপণ্ডিত প্রভৃতি ভক্তগণের মনে গৌর-নিত্যানন্দ-রঙ্গ দেখিয়া আজ এক অপূর্ব্ব ভাবের উদ্দীপনা হইল। তাঁহারা তথন স্ব স্ব মনভাব ব্যক্ত করিতে লাগিলেন। প্রভুকে লক্ষ্য করিয়া মুরারি গুপু হাদিয়া কহিলেন, "প্রভু! তোমাদের "আমরা, তোমরা" আমরা ত কিছুই বৃঝিলাম না। তুমি ও তোমার এই অবধৃত ভাইটির মর্ম বুঝা বড় কঠিন"। শ্রীবাসপণ্ডিত বলিলেন "এ সকল কথা আমাদের বৃদ্ধির অগম্য। প্রভূ আমার মাধব ও তাঁহার বড় ভাইটি শঙ্কর, এই ভাবিয়া আমর। তাঁহাদিগকে পূজা করিব"। গদাধরপণ্ডিত বলিলেন—"শ্রীবাসপণ্ডিত ঠিক বলিয়াছেন, আমার বোধ হয় এই হুই ভাই যেন এীরাম লক্ষণ"। অফ্য এক জন ভক্ত বলিলেন "ইহাদের আমার কৃষ্ণ বলরাম বলিয়া বোধ रुग्र"। इतिहे ठेक्ट्रित रुद्रिमाम ! अपन धककन विनातन "ছই স্থা যেন ক্লফার্জুন"! এইরূপে ভক্তবৃন্দ প্রভুদ্বয়ের সম্বন্ধে স্ব স্ব মনভাব বাক্ত করিতে লাগিলেন।

শ্রীগৌর-নিত্যানন্দ একাসনে যুগলে বসিয়াছেন। অন্দে অঙ্গ হেলাইয়া প্রাণকানাই জাঁহার বড় ভাই বলাই- দাদাকে আদর করিতেছেন এবং ভক্তবৃদ্দের কথা শুনিয়া মৃত্ব মৃত্ব হাসিতেছেন।

রাত্রি দ্বিপ্রহর অতীত হইয়াছে, তাহা কাহারও জ্ঞান নাই। নন্দন আচার্য্যের মনে আজ বড় আনন্দ। তাঁহার গৃহে এগৌর-নিত্যানন্দের প্রথম ভঙ মিলন হইল। তিনি তাহা দর্শন করিয়া ক্লতার্থ হইলেন। তিনি আনন্দে অধীর रहेशा अफ्र रहेशाहन। अङ् छाँरात वलाहेमानात निक्छ विषाय नहेया निष भिन्दत बाजितन। ज्जन्म তাঁহাকে নিজ মন্দিরে পৌছাইয়া দিয়া স্ব স্ব গছে গমন করিলেন। বিদায় কালীন দৃষ্ঠাট অতি মনোহর। প্রভু তাঁহার বলাই দাদাকে প্রণাম করিয়া পদ্ধুলি লইলেন। ষ্মবধৃত শ্রীনিত্যানন্প্রভু লক্ষ দিয়া উঠিয়া প্রভূব চরণে ভূমিতলে দীঘল হইয়া শয়ন করিলেন। তিনি আর উঠিতে চাহেন না। প্রাণকানাইকে পাইয়াছেন, আর ছाড়িতে চাহেন না। প্রভু মহাবিপদে পড়িলেন। শ্রীনিত্যানন্দপ্রভু মহা বলবান, অতিশয় বলের সহিত তাঁহার চরণ ধরিয়াছেন। প্রভু তাঁহাকে কিছুতেই তাঁহার পদপ্রান্ত হইতে সরাইতে পারিতেছেন না। আনন্দে ঘন ঘন হরিধানি করিতেছেন। প্রাণকানাইর বিপদ দেখিয়া শ্রীনিত্যানন্ত্প্রভূ তথন আপনিই উঠিয়া ণাড়াইলেন। প্রভুকে দৃঢ় প্রেমালিঙ্গন করিয়া কহিলেন "ভাই! যাও গুহে যাও! তোমার অদর্শনে জননী উদিগ্রা হইয়াছেন"। প্রভু প্রেমভরে তাঁহার বলাইদাদাকে পুনরালিজনদানে কুতার্থ করিলেন।

উপষ্ক সময় ব্ঝিয়া প্রছন্ন অবতার শ্রীগোরাকপ্রভূ অতি গোপনে তাঁহার প্রাণের বলাই দাদাকে একটি নিগৃত্ কথা বলিলেন, তাহা অক্তে কেহ ভনিতে পাইলেন না। প্রভূব এই গুপ্ত কথাটি সর্বজ্ঞ নিত্যসিদ্ধ মহাজন কবি প্রাচীন পদে ব্যক্ত করিয়া শ্রীগোরাকলীলার পূর্বাভাদ দিয়াছেন। সেই প্রাচীন পদটি এই—

কি পুছিদি ভাই নিতাই আমায়। ধ্রু। ব্রজের থেলা ছিল দৌড়াদৌড়ি। (এবার) নদের থেলা ধুলায় গড়াগড়ি॥ ব্ৰন্ধের খেলা ছিল বাশির গান।
(এবার) নদের খেলা কেবল হরিনাম।
ব্রন্ধের খেলা বন জমণ।
নদের খেলা এবার কেবল রোদন।

শীনিতাইটাদ তাঁহার প্রাণাধিক ভাই কানাইর মনভাব বৃঝিয়া অধােমুথে নীরব রহিলেন। এই ভাবে উভয়ে বিদায় গ্রহণ করিলেন।

এই এগৌরনিত্যানন্ধ-মিলনলীলার ফলঞ্চতি ঠাকুর বুন্দাবনদাস ঠাকুর লিথিয়াছেন—

> নিত্যানন্দ গৌরচজ্ঞ দোঁহে দরশন। ইহার প্রবংগ হয় বন্ধ বিমোচন ॥

কপাময় গোরভক্ত পাঠকর্ন ! শ্রীনিত্যানন্দ প্রভূর নবদীপে শুভাগমন লীলাকাহিনী প্রবণ করিয়া প্রেমধন লাভ
করুন ; আর রূপা করিয়া অধম অকৃতী গ্রন্থকারকে প্রাণ
খ্লিয়া আশীর্কাদ করুণ, যেন তাহার চুই মন শ্রীগৌরনিত্যানন্দের চরণকরন্দপানে আকৃষ্ট হয়। বৈহুবের
আশীর্কাদে সর্ক সিদ্ধি লাভ হয়।

বৈষ্ণবের পায় মোর এই মনস্কাম। শ্রীচৈতন্ম নিজ্যানন্দ হউ মোর প্রাণ॥

নবদীপ-লীলারসমাধুরী প্রবণে বাঁহার মনে আনন্দ হয়, তিনি অবশ্বই প্রীশীগৌরাক্চন্দ্রের প্রীবদনচক্র দর্শন লাভ করিবেন। ইহা প্রীগৌরাক্লীলার ব্যাসাবতার প্রীল-বৃন্দাবনদাস ঠাকুরের কথা।

এ ঐশব্য শুনিতে যাহার হয় স্থা।

অবশ্য দেখিবে সেই চৈতন্ত শ্রীমৃথ॥
শ্রীনিত্যানন্দপ্রভুর কুপালাভ ব্যতিত শ্রীগৌরাদ
ভজনে অধিকারী হয় না। অতএব কুপাময় পাঠকরন্দ।
বন্দ প্রভু নিত্যানন্দ, কেবলি আনন্দ কন্দ,
ঝল মল আভরণ সাজে।

তুই দিকে শ্রুতিমূলে, মকর কুণ্ডল দোলে, গলে এক কৌন্তভ বিরাজে॥ স্কুবলিত ভূজদণ্ড, জিনি করিবর শুণ্ড,

তাহাতে শোভয়ে হেম গও।

অরুণ অম্বর গায়. সিংহের গমনে ধায়. দেখি কাঁপে অস্তর পাষ্ড॥ অঙ্গ দেখি শুদ্ধ স্বৰ্ণ. ছই আঁখি রক্ত বর্ণ. তাহাতে ঝর্যে মকরন। স্থমেক বাহিয়ে যেন. গঙ্গাধারা বহে হেন. ८ एथि अवस्यात्कत आनन्। সর্কাঙ্গে পুলক ছটা, (यन कनत्त्रत घटे।. লক্ষতে কম্পয়ে বস্থমতী। वीत पर्भ गान मारहे. শব্দে ব্ৰহ্মাণ্ড ফাটে. দেখি ব্রহ্মলোক করে স্বতি **॥** চৈতনোর প্রেম রত্ব. জীবেরে কবিয়া যত দিলা পত্র পরম আনন্দে। কহে বুকাবন দাসে. আপনার কর্ম দোয়ে. না ভজিম নিতাইপদ দ্বন্দে॥

ত্রিংশ অধ্যায়।

নদীয়ায় অবধূত শ্রীনিত্যানন্দ। প্রভুৱ আত্মপ্রকাশে আনন্দোৎসব।

-:*:--

জয় জয় জগত-জীবন গৌরচক্স। দান দেহ হৃদয়ে তোমার পদ্দন্দ॥

শ্রীচৈতগ্রভাগবত।

শ্রীনিত্যানন্দপ্রভূকে নদীয়াবাদী ভক্তবৃন্দ প্রভ্র অগ্রন্ধ বলিয়া ভক্তিসহকারে তাঁহার দেবাপরিচর্য্যায় বতী হইলেন। শ্রীবাদপণ্ডিত প্রভুর ম্মাদেশে তাঁহাকে নিজ গৃহে লইয়া গেলেন। শ্রীনিত্যানন্দপ্রভূ নিরস্তর বাল্যভাবে প্রেমানন্দে ময় থাকেন। শ্রীবাদ-গৃহিনী মালিনীদেবী তাঁহাকে প্রবং স্বেহ করেন। অবধৃত নিত্যানন্দ তাঁহাকে জননীর তুল্য দেখেন। তিনি স্বহস্তে অয় তুলিয়া ভোজন করেন না। মালিনীদেবী তাঁহার

বদনে অন্ন তুলিয়া দেন, তবে তিনি আহার করেন (১)। কথন কথন তিনি বালভাবে মালিনীদেবীর স্তন্ত্র্য়ণ্ড পান করেন। এবাসপণ্ডিতকে তিনি "বাবা" বলিয়া मालिनीएवी वृक्षा इहेग्राइन। श्रकारनत উপর তাঁহার বয়ক্রম। তাঁহার স্তনে চুগ্ধ নাই। কিস্ক শ্রীনিত্যানন্দপ্রভুর শ্রীঅধর স্পর্শ মাত্রেই তাঁহার স্তন্যুগল হইতে ক্ষীরধারা নির্গত হইত। অবধৃত নিত্যানন্প্রভুর এসকল অচিষ্কাশক্তি শ্রীবাসপণ্ডিত ও তাঁহার গৃহিণী ভিন্ন অন্ত কেহ জানিতেন না। প্রভুর নিষেধে এসকল কথা তাঁহারা কাহারও নিকট প্রকাশ করিতেন না। মালিনী দেবী জীনিত্যানন্প্রভুকে নিরব্ধি শিশুভাবে দেখেন এবং লালন পালন করেন (২)। শ্রীবাদ অঙ্গণে প্রভু ভুবনমঙ্গল হরি-সংকীর্ত্তন আরম্ভ করিয়াছেন। শ্রীনিত্যানন্ত্রভু তাঁহার আদেশে গুগধর্ম প্রবর্তনে বন্ধ পরিকর হইলেন। জাঁহার উচ্চ হরিনামসংকীর্ত্তন এবং উদ্বন্ধ নতার্দ দেখিয়া নদীয়াবাসী ভক্তরুদ আনন্দে আত্ম-হারা হইয়া ''হা গৌর-নিত্যানন্দ'' বলিয়া প্রেমাশ্রু বিসর্জ্জন করিতে লাগিলেন। গৌর-নিত্যানন্দ যুগলচরণে তাঁহারা আত্ম-সমর্পণ করিলেন।

শ্রীগোরাকপ্রভু অবধৃত শ্রীনিত্যানন্দপ্রভুকে একদিন নিজ গৃহে লইয়া গেলেন। শচীমাতার সহিত পরিচয় করিয়া দিলেন। শচীমাতা দেখিলেন অবধৃতের আরুতির ও

- (১) নিত্যানন্দ রহিলেন গ্রীবাদের ঘরে।
 নিরস্তর বাল্যভাব আন নাছি ক্রে।।
 আপনি তুলিরা হ'বে ভাত নাছি থার।
 পুত্র প্রায় করি অন্ন মালিনী যোগার।। চৈঃ ভাঃ
- (২) জীবাদের ঘরে নিত্যানন্দের বস্তি।
 বাপ্ বলি জীবাদেরে কররে পিরীতি।।
 অহনিশি বাল্যভাবে বাফ্ নাহি জানে।
 নিরব্ধি মালিনীর করে তান পানে।।
 কভু নাহি ছক্ষ পরশিলে মাত্র হর।
 এ সব অচিত্য শক্তি মালিনী দেখর।।
 চৈত্তরের নিবারণে কারেও না কহে।
 নিরব্ধি শিশুরূপ মালিনী দেখরে।।

 চৈঃ ভাঃ

গ্রক্ষতির সহিত তাঁহার হারানিধি বিশ্বরূপের অবয়বের ্বনেক সৌসাদৃশ্য আছে। বহুদিন পরে পুত্রবিরহ শাকাতুরা শচীমাতার পুত্রশোক উথলিয়া উঠিল। তিনি গ্রীনিত্যানন্দপ্রভূকে দেখিয়া কান্দিয়া আকুল হইলেন। মবধৃত শ্রীনিত্যানন্দপ্রভু তাঁহাকে মাতৃ সম্বোধনে বালভাবে মষ্ট কথায় সাস্থনা করিলেন । স্নেহময়ী শচীমাতার কোমল াদয় স্বেহ-রসে তাব হইল। স্বেহাধিক্যে তাঁহার শুন্যুগল দিয়া ত্বশ্বস্থাব হইতে লাগিল। প্রভু সেখানে দাঁড়াইয়া মাছেন। তিনি তাহা লক্ষ্য করিলেন। শচীমাতা কান্দিতে গুলিতে অবধৃত নিত্যানলের সহিত স্নেহ সমন্ধ্রুচক নানা ংথার অবতারণা করিয়া তাঁহার তাপিত প্রাণ শীতল করি-লন। এতিগারাক্ষননী নিত্যানন্দের অবধৃত বেশ দেখিয়া নে বড় হুঃথ পাইলেন। স্বেহ্ময়ী শচীমাত। তাঁহাকে া বেশ ত্যাগ করিয়া পুনরায় যজ্ঞসূত্র ধারণ করিয়া বিবাহ ্রিতে অমুরোধ করিলেন। এসকল কথা ঠাকুর জয়ানন্দ গাহার রচিত এটিচতন্তমকল এগ্রন্থে লিখিয়া গিয়াছেন ১)। জননীর এই অমুরোধটি শ্রীগৌরাঙ্গপ্রভু শুনিয়া মনে াখিলেন। শ্রীনিত্যানন্দপ্রভু শচীমাতার এই স্লেহস্চক ামুরোধটি শুনিয়া দ্বং হাদিলেন। প্রভুও সেই সঙ্গে াত্র হাসিলেন। জীনিত্যানন্দপ্রভুর হাসির মর্ম "মা!

তোমার এই পুতাটি আদেশ করিলেই আমি সব করিতে পারি"। প্রভ্র হাসির মর্মা "দাদা! জননীর অন্তরোধ তোমায় রক্ষা করিতে হইবে। আমার আদেশের উপর জননীর অন্তরোধ"। অবধৃত নিত্যানন্দপ্রভ্র সংসারাশ্রম গ্রহণ করার মূলমন্ত্র হইল এই।

শীনিত্যানন্দপ্রভূ নিত্য শচীমাতাকে দর্শন করিতে প্রভূর গৃহে আদিতেন। শচীমাতা জাঁহাকে নিকটে বদাইয়া ক্ষেহভরে আদর করিয়া নানাবিধ ভোজন এবা দিয়া পরম পরিতোষ করিয়া আহার করাইতেন। সদানন্দ নিত্যানন্দের মুখে কেবল হাসি।

এই সময়ে নদীয়ার বৈক্ষবরুক্ত মনের আনক্তে বৈক্ষব তিথি, ত্রত ও উৎসব সকল মহাসমারোহে পালন ও উদ্যাপন করিতে আরম্ভ করিলেন। পূর্কো পাষণ্ডীদিগের ভয়ে তাঁহারা এই সকল আনন্দোৎসবের অফুষ্ঠান করিতে পারিতেন না। প্রভুর আত্মপ্রকাশ ও শ্রীনিত্যানন্দ প্রভুর নবদ্বীপে শুভাগমনের দিন হইতে তাঁহাদের স্কল ভয় দুর হইল। জৈষ্ঠমাদে শ্রীনিত্যানন্দপ্রভু নবদ্বীপে ভভাগমন করেন। ভাত্রমাসে শ্রীক্লফের জন্মাইমীতিথি পুজা উপলক্ষে নদীয়ার বৈষ্ণবগণ প্রেমানন্দে মত্ত হইলেন। গ্যাধাম হইতে আদিয়া প্রভু কৃষ্ণপ্রেমে উন্নন্ত হইয়াছেন। অবধৃত শ্রীনিত্যানন্দপ্রভুর সহিত তিনি দিবানিশি কৃষ্ণ কথারদে মগ্ন থাকেন। আজ নদীয়ায় শ্রীক্লফের জন্মাইমী নদীয়াবাসী रिक्षवबुरमञ्ज जानतमञ्ज ज्ववि উংসব। नार्हे ।

জনাইমীর পর দিবদ নন্দোৎসব। নদীয়ানগরে আনন্দের উৎস উঠিয়াছে। সর্বনদীয়া আনন্দে মাতোয়ারা। নদীয়াবাদী নরনারীর মনে আজ বড় আনন্দ। শচীনন্দন পূর্বে জন্মলীলা শ্বরণ করিয়া আজ ভাবাবেশে বিভার হইয়া আনন্দে নৃত্য করিতেছেন। তাঁহার গোপবেশ। নিত্যানন্দপ্রভূরও তাই। সঙ্গে সকল ভক্তগণই আছেন। সকলেরই গোপবেশ। নিত্যানন্দ-প্রভূর হত্তে লগুড়। আনন্দে উদণ্ড নৃত্য করিতেছেন। স্বাগ্রে শচীনন্দন, তাঁহার পশ্চাৎ শ্রীনিত্যানন্দ, তাঁহাদের

^{(&}gt;) গৌরাক বলেন নিত্যানল মহালয়।
মাতাঠাকুরাণী ঝাট্ কর পরিচয়।।
বড় ছঃখ পান মারে বিখরপে লোকে।
তুমি বিখরপ ইহা বোলে সর্কলোকে।।
আকৃতি প্রকৃতি নিত্যানল বিখরপে।
ডেল করিতে কেছ নারে নবদীপে।।
গৌরচন্দ্র গৃহবাদে গেল। নিত্যানল।
লতী স্তনে ছগ্গ প্রবে দেখে গৌরচন্দ্র।।
ভিজ্ঞানেন দটী ঠাকুরাণী কুলল বার্তা।
তান পির ছই ভাই মোর হত্তা কর্তা।।
তান ভাল গৃহ স্থেখ থাক ছই ভাই।
হা পুতির পুত মোর নিমাই নিতাই।।
বক্ত স্তা ধরিয়া করহ তুমি বিভা।
দোর বাক্য পালিহ বাপু এই ভোষার শোভা।। চৈঃ মঃ

পশ্চাৎ সকল ভক্তবৃন্ধ। নদীয়ার পথে, কর্দ্ধনাক্ত কলেবর, দিখি হরিজা মিশ্রিত ইইয়া তাঁহারা অপূর্ব্ব শোভা ধারণ করিয়াছেন। কৃষ্ণপ্রেমে শচীনন্দন বিভার! মুথে কেবল "কৃষ্ণ রে! দেখা দে। আজি ভোর জন্মদিন! বড় শুভ দিন।" এই বলিয়া শ্রীগোরাঙ্গ কাঁদিয়াই আকুল! কি মধুময় দৃশু। নদীয়াবাসীর বড় সৌভাগ্য। শ্রীকৃষ্ণের জন্মদিনে নন্দনন্দন বয়ং নৃত্য করিতেছেন, আর প্রেমোন্মতভাবে কান্দিতেছেন। আপনার জন্মদিনের উৎসবে আপনি বিভার ইইয়া "কৃষ্ণ রে! কৃষ্ণ রে!" বলিয়া আবেগপূর্ণ হদ্যে নৃত্য করিতেছেন। পূর্বাজন্ম-লালা স্মরণ করিয়া শচীনন্দন ব্রজভাবে আনন্দে আত্মহারা ইইয়াছেন। এই ভাবটি লইয়া একদিন মনের আবেগে একটি পদ লিথিয়াছিলাম, তাহার কিয়দংশ এথানে উদ্ধৃত ইইলঃ—

নাচিয়ে নাচিয়ে. করতালি দিয়ে (ঐ) আসিতেছে গোরারায়। নাচিছে রঞ্ ভকত সঞ্চে (আজি) কি উৎসব নদীয়ায ॥ উংসবে মাতি, আপন জনম. (८४ ८४) आश्रनाति नाम गाय। করে গৌরাঙ্গ একি এ রঙ্গ প্রেমেতে মাতিয়া ধায়॥ (নিজ) জনম তিথির পূজা করিবারে সাজিয়াছে মনোমত। হরিবোল মুখে প্রেমধারা আঁথে বলিতেছে অবিরত ॥ कृषः (त ! कृषः (त ! থেকে থেকে বলে, আজি বড শুভ দিন। দেখা দেরে বাপ্ প্রাণ গেল মোর আমি অতি দীন হীন। একি রে কৌতুক, করে গোরাচাঁদ, নিজনামে হ'য়ে ভোর। জনম অष्ट्रेगी. আজি শুভ দিনে. क्ति एवि जाँवि लात्॥

প্রচ্ছয়াবতার গৌর **আ**মার

নিজপ্রেমে নিজে ভোর।

রাধাভাবত্যতি, স্থবলিত অক

নিথিল চিত্ত-চোর॥

শ্রীগৌরাক আমার বড় রক্ষিয়া। তিনি কতই রক্ষ্ণানেন। আজ এই একটি লীলারক প্রেকট করিলেন।
শচীনন্দনের এই লীলারক দেখিয়া মনে বড় ক্ষথ হইল,—
হাসিও লাগিল। তাই রক্ষিয়াপ্রভূকে সম্বোধন করিয়া
লিখিয়াভিলাম—

তুমি রঙ্গলাল, কত রঙ্গ জান, রুসরাজ রুসময়। আপনি বিভোর, (তুমি) আপনার প্রেমে, किছू नाहि लोज ভয়॥ ধরা পড়িয়াছ, চিনিয়াছি তোমা. তুমি দেই ব্রজরাজ। (আজি) জনম দিনের উৎসবে মাতি পরিয়াভ নব্যাজ॥ (তুমি) আপন পূজার, আপনি পূজারী, দিয়ে ভোগ নিজে খাও। আপন করম আপন জনম, প্রেমেতে মাতিয়া গাও। এ গভীর লীলা ব্ঝিয়াছে যারা চিনিয়াছে তোমা ভাল। হরিদাস কয়, ওহে রসময়, তুমি সেই নন্দলাল।

শীনিত্যানশ লগুড় হস্তে করিয়া ঘুরাইতেছেন, সর্বাদ দিথি-কর্দমাক্ত, মল্লবীরের ফ্রায় প্রেমানশে উদ্ধণ্ড নৃত্য করিতেছেন। শীগৌরাদের কাঁধে দিথি ছ্যের ভার, ভাবাবেশে তিনিও মধুর নৃত্য করিতেছেন, তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ গোপবেশে শীবাদপণ্ডিত, রামাই, হরিদাস, গোরীদাস প্রভৃতি ভক্তগণ নৃত্য করিতে করিতে চলিয়াছেন গদাধরপণ্ডিত ও গদাধর দাসের গোপরমনী বেশ। মন্তকে ও কন্দে ভ্রাকলস। সঙ্গে অগণ্য নদীয়ার বালক কর্দমাক্ত

চলেবরে হরিধ্বনি করিতে করিতে চলিয়াছে। সর্ব্ব নদীয়া
থানন্দ কোলাহলে পরিপূর্ণ। শচীমাতার গৃহে মহোংসব।
কল ভ্জের সেথানে আজি নিমন্ত্রণ। প্রভুর কোন
চন্তাই নাই। তিনি আপনার আনন্দে আপনি বিভার।
হের সমাচার কিছু রাখেন না। সকলে মিলিয়া নাচিতে
াচিতে গঙ্গাতীরে উপস্থিত। মনের সাধে সকলে মিলিয়া
স্থানে নৃত্যগীত করিলেন। গঙ্গাতীরে মহাসংকীর্ত্তনের
রঙ্গ উঠিল। তাহাতে নদীয়াবাসী নরনারীর প্রাণ
থানন্দে উৎকুল্ল হইল। তাঁহারা আনন্দ্যগরে ভাদিলেন।
বদ্ধীপরসানন্দী মহাজনগণ, প্রভুর নন্দোংসব লীলা
।হিয়াছেনঃ—

পুরুব জন্ম, দিবস আবেশে গৌররায়। निज जन देलशा, अत्यार देश्या. নন্দ-মহোৎসৰ পার॥ খোল করতাল, বাজ্যে র্সাল, कीर्त्तन अन्य-लीला । আবেশে আমার, গৌরাঞ্গ স্থন্য, গোপবেশ নির্মিলা ॥ মূত খোল দৰি, গোর্ম হলদি, অবনি মাঝারে ঢালি। কান্ধে ভার করি, তাহার উপরি, নাচে গোরা বন্যালী॥ করেতে লগুড়, নিতাই স্থন্দর. আনন্দ-আবেশে নাচে। त्रामार मरहन, राम शोतीनाम. নাচে তার পাছে পাছে॥ ट्टित्रिया यटिक. निष्यात त्लाक. প্রেমের পাথারে ভাসে। দেখিয়া বিভোর. আনন্দ-সাগর, এ রাধামোহন দাসে॥

শচীনন্দন সকলের সহিত গঙ্গাম্বান করিয়া বাড়ী

আনন্দোৎসবের গীত গাহিতে গাহিতে প্রভুর গৃহে প্রবেশ করিলেন। শচী আঙ্গিনায় নন্দোৎসবের ধৃম পড়িয়া গেল। এবার দধি ছগ্ধ হরিত্র। প্রচুর পরিমাণে সকলের সর্বাঙ্গে ८म ७য়। इहेल। भाठी-ज्ञान प्रशिक्ष कर्फ्यमয় इहेल। তাহার উপর তাঁহার মধুর নৃত্য। নিত্যানন্পগ্রুর হস্ত ধারণ করিয়া প্রভু নৃত্য করিতেছেন। আর চতুদ্দিকে ভক্তগণ হই প্রভুকে বেষ্টন করিয়া আনন্দে নাচিতেছেন। শচীমাতা রন্ধনগৃহ হইতে বাহিরে আদিয়া শ্রীমতী বিষ্ণু-প্রিয়া দেবীকে সঙ্গে লইয়া এই অপূর্বন নয়নরঞ্জন দৃশ্য দর্শন করিতেছেন। শ্রীমতী বিষ্ণুপ্রিয়াদেবী অবওঠনের মধ্য দিয়া প্রান্তর নৃত্য দেখিয়া মৃত্যন্দ হাসিতেছেন। পুরনারী-বুন্দ হরিঞ্চনি করিতেছেন। প্রভুর গৃহে আজি মহোৎসব; তাবৎ ভক্তবুন্দের সহিত প্রভূ প্রেমালিন্সন করিতেছেন। প্রেমে প্রভুর অন্ধ টলমল। পূর্ববলীলা স্মরণ করিয়া তিনি আননে মত্ত হইয়াছেন। তাঁহার বাহজান নাই। গলা-স্থান করিয়া আদিয়াছেন, বাড়ীতে মংগৎসব, ভক্তরন্দের নিমন্ত্রণ, বেলা দ্বিতীয় প্রহর অতীত, এ সকল কথা তাঁহার মনেই নাই। তিনি প্রেমভরে নৃত্য করিতেছেন, ভক্তবুন্দ পুনরায় তাঁহাকে লইয়া গদামানে চলিলেন। শ্রীনিত্যানন্দপ্রভু শচীনন্দনের হস্ত ধরিয়া চলিয়াছেন। ভক্তবুন্দ সকলেই আনন্দে মাতোয়ারা।

পুনরার গঙ্গাতীরে কীর্ত্তন আরম্ভ হইল। কীর্ত্তনের রোলে সর্ব্বনদীয়া পূর্ণ হইল। ভক্তবৃন্দের উদ্বন্ত নৃত্য, গগনম্পর্গী হরিধানি, প্রাণম্পর্শী ভাবতরঙ্গ, নদীয়াবাসী নরনারীর মনপ্রাণ হরণ করিল। পুনরায় সকলে স্থান করিলেন। স্থানের সময় ভক্তবৃন্দের পুনরায় সেই জলকেলি।

শচীনন্দনকে ঘিরিয়া শ্রীনিতাইচাঁদ অগাণ জলে দাঁড়াইয়া আছেন। ভক্তবৃন্দ প্রচণ্ডবেগে জলের ছিটা দিতেছেন, তাহাতে কাহারও ক্রমেপ নাই। জলযুদ্ধে সকলেই উন্মন্ত। স্থান করিয়া পুনরায় কীর্ত্তন করিতে করিতে প্রভু ভক্ত-গোষ্ঠা সঙ্গে করিয়া গৃহহ আসিলেন। তথন তৃতীয় প্রহর

আছেন। প্রভুর বাড়ীতে আজু মহা মহোৎদব। সকল ভক্ত মিলিয়া নন্দোৎসবের গীত গাইতে গাইতে প্রভুর বার্টীতে প্রসাদ পাইলেন। মহোংস্বান্তে প্রভুর অঙ্গনে প্রসাদ লইয়া আর একবার নৃত্যোৎসব হইল। পবিত্র অন্ধ-ক্ষেত্রে সকল বৈষ্ণব মিলিয়া গড়াগড়ি দিলেন। শ্রীনিত্যানন্দ প্রভু এই অন্ধ-মহোৎসবের মূল কর্তা। প্রভূও তাহার মধ্যে শ্রীমদৈতপ্রভু, শ্রীবাসপত্তিত প্রভৃতি প্রাচীন ভক্তবৃন্দ বালকের ত্যায় অন্ধ-প্রাদান লইয়া স্বচ্ছনে জীড়া করিলেন। শ্রীনিত্যানন্দপ্রভূ শ্রীঅদ্বৈতপ্রভূকে লইয়া কিছু রঙ্গ করিলেন। তাঁহার স্কাঙ্গে অন্ন ব্যঞ্জন মাথাইয়া দিয়া তাঁহাকে ক্রোড়ে করিয়া উদ্বন্ত নতা করিলেন। প্রভ একপাশে দাঁড়াইয়া রঙ্গ দেখিতেছেন ও হাসিতেছেন। তাহার পর আর একবার রাত্রি ছই দণ্ডের সময় সকলে মিলিয়া নাচিতে নাচিতে গঙ্গাতীরে গিয়া গঙ্গান্ধান করি-লেন। নদীয়ায় প্রভুর মন্দিরে নন্দোৎসবলীলা এইরূপে হইত।

পূর্ব্বে বলিয়াছি পূর্ব্বলীলার শ্রীদান শ্রীগোরাঙ্গলীলার অভিরাম গোস্বামী, তাঁহার নামান্তর রামদাস। তিনি শ্রীনত্যানন্দ পরিকর (১)। তাঁহার নিবাস ছিল থানাকুল ক্ষণনগর। শ্রীবৃন্দাবনের গোবর্ধন পর্ব্বতকন্দরে এই মহাপুরুষ ঘাপরয়ৃগ হইতে ধ্যানময় ছিলেন; শ্রীনিত্যানন্দ প্রভুর সহিত কিরুপে ইহার মিলন হয়, তাহা পূর্বেবলিয়াছি। এই মহাপুরুষ এক্ষণে শ্রীশ্রীনবদ্বীপচন্দ্রের অন্তসন্ধানে নদীয়ায় আসিয়াছেন। শ্রীনিতাইটাদের সহিত মিলিত হইয়াছেন। তিনি ইহাকে প্রভুর সহিত গোপনে মিলন করিয়া দিয়াছেন। এই শুভ মিলনের সময় প্রভুর মনে পূর্বলীলার শ্রীদাম প্রভুর সহিত মিলিত হইয়াই তাঁহাকে চিনিতে পারিয়া বলিয়াছিলেন—

ফিরিতে যাই বনে বনে, চরাইতে ধেছগণে, বাশি হাথে চূড়া মাথে গলে পরতে বনমালে।

(১) অভিরাম মুধ্য শাধা স্থা প্রেম রাশি। বোল সাঙ্গের কাঠ বে তুলির। কৈল বাঁশি চৈঃ চঃ তুই যে মোদের ছিলে সথা, এত দিনে পেলাম দেখা, সথা ব'লে নাই মনে, নদে এসে ভূলে গেলে। প্রাচীন গীড়।

এই মহাপুকষের প্রণাম যে-সে সহ্য করিতে পারিতেন না। শ্রীনিত্যানন্দপ্রভুর অষ্ট পুত্র এই মহাপুরুষের প্রণামে নষ্ট হয়। তাহার পর শ্রীবীরচন্দ্র প্রভুর জন্ম হয়। ইহার প্রণামে বীরচন্দ্র প্রভুর কিছুই হয় নাই। শ্রীপণ্ডের ঠাকুর রঘুনন্দনকে এই মহাপুরুষ এইরূপ পরীক্ষা করিয়া করিয়া-ছিলেন। তিনিও পরীক্ষায় উত্তীর্ণ হন।

তিনি একদিন ব্রন্ধভাবে বিভাবিত হইয়া বাঁশি অধেযণ করিতে লাগিলেন; নিকটে ৩২ জন বলবান লোকের
বহনোপযোগী এক স্থাবৃহৎ কাঁটা গাছ পড়িয়াছিল, প্রেমোমত্ত অভিরাম এই বৃহৎ কাষ্ঠকে বাঁশি জ্ঞানে অনায়াসে
হাতে তুলিয়া লইয়া এবং তৃই হত্তে বাঁশির স্থায় ধরিয়া
তাহাতে ফুংকার দিলেন। আশ্চর্য্যের বিষয় এই যে,
তাঁহার ফুংকারে সেই কার্ছের মধ্যে রন্ধ্যাদি হইয়া গেল
এ সকল লীলা-কথা ভক্তি-রত্বাকর শ্রীগ্রন্থে বর্ণিত আছে।

অভিরামের হাতে সর্বাদা এক গাছি পাঁচনি থাকিত, এই পাঁচনির নাম ছিল "জয়মঙ্গল"। তিনি রূপা করিয়া যাঁহাকে এই পাঁচনির দ্বারা আঘাত করিতেন, তাঁহার প্রেমধন লাভ হইত। কবিরাজ গোস্বামী লিখিয়াছেন, তিনি,-

''কৃষ্ণ দিতে, প্রেম দিতে ধরে মহাশক্তি''। অক্তর লিথিয়াছেন—

"অভিরাম গোস্বামীর প্রভাব প্রচণ্ড"।

জনাইমীর পর গোঠাইমী পুণ্যতিথি, কার্ত্তিক মাস।
নদীয়ার ভক্তবৃদ্দ এই পুণ্যতিথির আরাধনায় ব্যস্ত হইয়াছেন। এনিকে প্রভুর মনে পূর্বলীলার ভাবের তরক
উঠিল। তিনি গৌরীনাস পণ্ডিতের মুথের প্রতি চাহিয়া
হাসিতে হাসিতে কহিলেন "পণ্ডিত! কি দেখিছ? আজ
বড় ভভনিন, চল আমরা সকলে গোঠে ঘাইব। ছাদন দড়ি
কোথায়?—গো-দহন করিতে হইবে। ধবলী স্থামলী
গাভী কোথায়? শ্রীনাম স্থান্য স্থাগণ কোথায়? আমার

দাদা বলাই কোথায় ?" এই বলিয়া শচীনন্দন ব্ৰজভাবে ব্যাকুল হইয়া এদিক ওদিক চাহিতে লাগিলেন। সময় বৃঝিয়া শ্রীনিত্যানন্দপ্রভু ত্ঞ্ধ-দোহনভাগুটি প্রভুর হাতে দিলেন। প্রভুকে ভাবাবেশে বিহ্বল দেখিয়া তিনি তাঁহাকে কোলে করিয়া বদিলেন। ভক্তবৃন্দ চতুর্দ্দিকে হরি হরিধানি করিতে লাগিলেন। মৃকুন্দ গোষ্ঠবিহারের গান ধরিলেন। বাস্থ্যোধ ধুয়া ধরিলেন—

গোষ্ঠলীলা গোরাচাঁদের মনেতে পড়িল।
ধবলী শ্যামলী বলি সঘনে ডাকিল॥
শিক্ষা বেণু মুরলী করিয়া জয়ধ্বনি।
হৈ হৈ করিয়া ঘন ঘুরায় পাঁচনি॥
রামাই স্থন্দরানন্দ সঙ্গে নিত্যানন্দ।
গোরীদাস আদি সবে পাইল আনন্দ।
বাহ্দেব ঘোষ গায় মনের হরিষে।
গোষ্ঠলীলা গোরাচাঁদ করিলা প্রকাশে॥

শ্রীগোরাঙ্গপ্রভু কথঞিৎ ভাব সম্বরণ করিয়া সেগান रहेरा डिंगिलन वर्ष, किन्छ धवनी, भामनी, निका, त्वन, मूत्रनी विनित्रा छिटेन्डः ऋदत्र घनघन क्रम्सनि क्रितिएक नार्शितन । পাঁচনি লইয়া ঘনঘন ঘুৱাইতে লাগিলেন। সকল ভক্তবৃন্দ গোপবেশে সাজিয়া নৃত্য করিতে লাগিলেন। প্রভুরও স্থন্দর গোপবেশ। কটিদেশে ধটি করিয়া বস্ত্র আঁটা। একহত্তে পাচনি, অপর হতে হ্পনোহন ভাও। ছাদনের দড়িগাছটী ऋषा स्निष्टिष्ट्। मछ क् सूँ है वादा। मूर्य देश देश देश শব্দ। প্রভু আমার আবা আবা রবে গগনমণ্ডল প্রকম্পিত করিয়া ভক্তগণ সঙ্গে গন্ধাতীরাভিমূখে মাঠের দিকে ছুটিয়া-ছেন, সৰ্ব্ব নবৰীপ আনন্দে মাতিয়া উঠিয়াছে। নদীয়ার নরনারী, বালক, বৃদ্ধ, যুবা, প্রভুর অভুত নৃত্যভন্গী দেখিয়া মনে করিতেছে এ যেন প্রকৃতই দাপরের শেষ,—নব্দীপ र्यम र्शाकून। मकरनेत्रहे त्रांथान ८वन। अञ्जितामनामी গাভী বংস লইয়া চলিয়াছেন। গৌরীদাস পণ্ডিত সঙ্গে সংক पाह्न। देशता पृहेकन भूर्वनीमात खीनाम ७ स्वन। अङ् সর্বাত্যে চলিয়াছেন। কথনও বা শ্রীনিভ্যানন্দপ্রভু ভাইয়ার অগ্রে গিয়া তুইজনে হাত ধরিয়া মধুর নৃত্য করিতেছেন। নদীয়ার আজ অপূর্ব্ব শোভা। ঠাকুর বংশীবদন এই লীলা স্বচক্ষে দর্শন করিয়া একটি পদে এই ভাবটি স্থন্দর প্রকাশ করিয়াছেন। যথা:—

> **बीनसनसन**, শচীর হুলাল, চলে গোঠে পায় পায়। রোহিণী কোঙর, নিত্যানন্দ রায়, ভায়ার অগ্রেতে ধায়॥ শ্রীদাম সাঙ্গাইত, অভিরামস্বামী, গাভী বংস লৈয়া চলে। স্থবল পণ্ডিত, গৌরীদাস আদি. তুরিত মিলিত দলে॥ নবদ্বীপ আজ গোকুল হইল যেন ছাপরের শেষ। লইল পাচনি পরিকর সবে ধরিয়া রাখাল বেশ ॥ ছাইল গগন আবা আবা রবে স্থরগণে হেরি হাসে। গোঠেতে চলিল তা স্বার সঙ্গে পামর এ বংশীদাসে ॥

শ্রীনিত্যানন্দপ্রভূর মুথে শিক্ষার অপূর্ব্ব শব্দ শুনিয়া প্রেমভরে ভক্তগণ অজ্ঞান হইয়া পড়িলেন। সকলেই ব্রজভাবে
উন্নত্ত । 'ভাইয়ারে! ভাইয়ারে!' বলিয়া অভিরামস্বামী
ছুটিয়াছেন। সকলে মিলিয়া প্রভূকে গঙ্গাতীরে স্থন্দর গোপবেশ করিয়া দিলেন। মন্তকে শিথিপুচ্ছ বাঁধিয়া দিলেন,
চরণে স্পূর পরাইয়া দিলেন। সর্বাহে চন্দন লেপন করিয়া
দিলেন। হল্দে পেড়ে ধৃতি পরিধান করাইয়া দিলেন।
স্থন্দর চাদর গলদেশে ঝুলাইয়া দিলেন। মালতীর মালা
গলদেশে লম্বমান করিয়া দোলাইয়া দিলেন। ভক্তগণ
সময় বুঝিয়া নিমিষের মধ্যে এ সকল কোথা হইতে যোগাড়
করিয়া আনিলেন। প্রভূর নবনটবর বেশ দেখিয়া ভক্তগণের প্রাণে বড় আনন্দ হইল। প্রাণের আবেগে প্রাকৃকে
সাজাইয়া তাঁহারা প্রেমাবেশে নাচিতে নাচিতে যেন

গোবর্দ্ধনে চলিয়াছেন। পূর্বলীলার অভিনয় দেখিয়া প্রভূর আন্ধ আনন্দের সীমা নাই।

শচীমাতা এবং মালিনীদেবী প্রভৃতি বৈশ্বব-মৃহিণীগণ গোর-ক্ষেত্র গোষ্ঠবিহারীরূপ দেখিতে চলিলেন। সঙ্গে অনেক নদীয়াস্থশরী পুরনারীগণ চলিলেন। মনের আনন্দে তাঁহারা গঙ্গাতীরের উচ্চভূমিতে উঠিয়া দাঁড়া-ইলেন। তাঁহারা দেখিলেন—

বৃশাবনের ভাবে গোরা ফিরায় পাঁচনি।
আবা আবা রবে ডাকে গোরা গুণমণি।
ভাবিছেন গোরাচাদ দেই ভাবাবেশ।
বৃশাবনের ভাবে গোরার হৈল আবেশ।
শচী প্রতি কহে চল যাই দেখিবারে।
বিপিনে যাইবে গোরা গোষ্ঠ করিবারে।
শীবাসের ব্রাহ্মণী ধাইয়া চলিল।
বাস্থদেব ঘাষ কহে যাইতে হইল।

বাস্থদেব ঘোষ প্রভুৱ বাল্যলীলারঙ্গ স্বচক্ষে দেখিয়া লিথিয়া দিয়াছেন। প্রভুকে পূর্বলীলা মরণ করাইয়া দিয়া অভিরামস্বামী শচীনন্দনকে গৃহদ্বারে গিয়া ডাকিতেছেন। অভিরামস্বামী পূর্বলীলার শ্রীদাম স্থা। এই লীলা বাস্কুঘোষ স্বচক্ষে দেখিয়া গাহিয়াছেন—

অভিরাম ডাকে শারেতে,
আরে রে গৌর যাবি থেলাতে,
গৌরব করে বৈদে আছ শচীমায়ের কোলেতে।
ব্রজের থেলা গোচারণ,
নৈদার খেলা সংকীর্ত্তন,
যাতে মন্ত শিশুগণ।
হারে রে রে জানা যাবে যেয়ে স্থরধূনীর তীরেতে॥
সময়ে অসময় হলো,
গোঠে যাওয়ার সময় গেল,
গৌর যাবি কিনা বল্।
ভিজানে বৈদে আছ শচীমায়ের কোলেতে॥

ভনে অভিরামের কথা,

কহিছেন শচীমাতা.

তোরা যাবি রে কোথা।
 গোঠে যাবে গোরাচাঁদ, বাস্থ্ যায় নিয়া ছাতা॥
 শচীমাতা প্রথমে বুঝেন নাই আজ কি কাণ্ড হইবে।
 এখন যাহা দেখিলেন, তাহাতে তাঁহার প্রাণ আনন্দে
ভরিয়া উঠিল। নদীয়াস্থলরী কুলললনাগণ হল্দনি দিতে
লাগিলেন। শচীমাতা পরমানন্দে শ্রীগৌরক্তফের গোষ্ঠবিহার দেখিতেছেন। তিনি আজ যশোদার ভাবে
বিহ্বল হইয়া পড়িলেন। মালিনীদেবী তাঁহাকে কোলে
ধরিয়া ভূমিতে বসিলেন। গঙ্গাতীরের মাঠে আজ অপুর্ব্ব
শোভা। উচ্চ হরিসংকার্তনের তরঙ্গ উঠিয়াছে; নদীয়াবাদীর আনন্দের সীমা নাই। সর্ব্বনদীয়ার লোক আজ
গঙ্গাতীরে সমবেত হইয়াছে;—

"নদীয়ানগর লোক সব ধাওত হেরইতে গৌরক রঙ্গ।" গদাধর, বাস্থদেব মুকুন্দ সকলে কীর্ত্তনরঙ্গে মাতো-য়ারা। সকলে মিলিয়া ধুয়া ধরিলেন—

> লাথবান হেমবরণ গৌরযুতি মুপবর সারদ চাদ।

> অথিল ভূবনমোহন, মনমথ মনোরথ, রাজ কি ছাঁদ॥
>
> দেখ গোরচন্দ্র নব কাম।

আনন্দ্যার, নিলিত নবদীপে, প্রকটভাব অভিরাম॥ জ।

মঙ্গল স্থসময় হেরি ক্ষণে ক্ষণ, বোলত হেরব গোষ্ঠবিহার!

পুন তব বোলত, সকল জীবন তছু, যে ইহ রূপ নেহার॥

ব্ৰন্ধপতি নন্দন, চাঁদ চলত বন, সৌধ উপরে চল যাই।

রাধামোহন ও রস সাগরে সোই চরণ জমু পাই॥

উচ্চ অট্টালিকা উপরে নদীয়াস্থন্দরীগণ গোরাচাদের গোষ্ঠবিহারের অপরূপ রূপ দেখিবার জন্ম ব্যগ্র হইয়া দাঁড়াইয়াছেন; সকলেরই মনে ব্রজভাবের উত্তেক হই- য়াছে। নদীয়ানগরকে আজ গোকুল বলিয়া জ্বম হইতেছে। প্রভুর গোষ্ঠবিহারের অপরূপ রূপরাশি দেখিয়া নদীয়াবাসী আনন্দে অধীর হইয়া বলিতেছে—

উভ ঝুটি শোভে শিরে, বদনে অমিয়া ঝরে,
রূপ জিনি সোনা শত বান।

যতন করিয়া মায়, ধড়া পরায়েছে তায়,
কাজরে উজোর ত্'নয়ান॥

করে শোভে তাড় বালা, গলে মৃকুতার মালা,
কর পদ কোকনদ জিনি।

সবে কহে মরি মরি, সাগরে কামনা করি,

হেন স্থত পাইল শচীরাণী॥

বেলা অবসান হইয়া আসিল দেখিয়া গোরাচাঁদের ভাবসিষ্কু উথলিয়া উঠিল। তিনি ভাবে গদ গদ হইলেন। ভক্তগণ তাঁহার মনের ভাব বুঝিয়া পদ ধরিলেন—

জয় শচীনন্দন ভ্বন আনন্দ।

আনন্দ শকতি, মিলিত নবদ্বীপে,

উग्रन नवत्रम कन्म ॥ 🚁 ॥

গোখুর ধূলি, দিশহ উর অম্বর,

শুনি রব বেণু নিশান।

অপরপ খাম মধুর মধুরাধর,

মৃত্ মৃত্ মুরলীক গান ॥

এত কহি ভাবে, বিবশ গৌর-তহ

পুন কহ গদ গদ বাত।

খ্যাম স্থনাগর, বন সাজে আওত,

সমবয়ঃ সহচর সাথ।

মর্মন নয়ন, জুড়ায়ল কলেবর

मक्न (जन हेर (मर ।

রাধামেহন কহ; ইহ অপরূপ নহ,

ম্রতি মত সেই লেহ।

শচীনন্দন গোষ্ঠ হইতে গৃহে ফিরিলেন। সদ্ধ্যাকালের গৃহে প্রত্যাগত গাভীরন্দের খ্রোখিত ধুলিরাশির সহিত ভক্তপদর্জ মিলিত হইয়া নদীয়াগগণ অন্ধকার করিল। উচ্চ সংকীর্ত্তন-রস্তরন্ধে নদীয়াবাসী নরনারী হার্ডুর খাইতে লাগিল। আনন্দে মাতোয়ারা হইয়া তাঁহারা প্রাণ ভরিয়া
নৃত্য করিতে লাগিল। নদীয়ার আজ অপূর্ব শোভা!
বজের গোষ্ঠাইমী আর নদীয়ার গোষ্ঠাইমী শুভ তিথি
একত্রে মিলিত হইয়া ভ্বনমন্দল শুশ্রীগোরাক্স্করের চরণ
আচর্না করিলেন। শ্রীমতী বিষ্ণুপ্রিয়া দেবী স্থী কাঞ্চনাকে সম্বোধন করিয়া মনের হৃংথে বলিলেন—

"সজনি ! না বুঝিয়ে গৌরাঙ্গ-বিলাস। প্রেনহি নিমগণ, রহত অত্থণ, কৃতিহু নাহি অবকাশ।" দাসভুবন।

পূর্ব্বে বলিয়াছি প্রভু নদীয়ায় আত্মপ্রকাশ করিতে আরম্ভ করিয়াছেন মাত্র; কিন্তু সন্ধ্যে দক্ষে কিছু কিছু ঐশ্বর্য্য লীলারক্ষও তিনি বিশেষ বিশেষ ভক্তগণকে দেখাইতে-ছেন। এই সময়কার তাঁহার একটা ঐশ্বর্য্য লীলারক্ষ-কাহিনী এখানে বিবৃত করিব।

নদীয়ার গঙ্গাতীর শ্রীগৌরাঙ্গপ্রত্ব নবদ্বীপ-লীলারঙ্গের কেন্দ্রন্থল। শ্রীয়ম্নাতীরে নন্দনন্দন শ্রীয়ষ্ণ থেরপ লীলারঞ্জ প্রকট করিয়া ব্রজ্বাদীর মন হরণ করিতেন, গঙ্গাতীরে শচীনন্দন শ্রীগৌরাঙ্গপ্রভূও তদ্রপ লীলারঙ্গরদ বিস্তার করিয়া নদীয়াবাদীর নয়ন মন পরিভূপ্ত করিতেন। সর্ব্ব অব-তারদার শ্রীগৌরাঙ্গের লীলাস্থলী নদীয়ার গঙ্গাতট বৈষ্ণবের সর্ব্বশ্রেষ্ঠ তীর্থ। পতিতপাবনী স্থরধুনীর মনে বড়ুই তৃঃখ ছিল, শ্রীয়ম্নার ভাগ্য তিনি প্রাপ্ত হন নাই। ভক্রবংসল শ্রীগৌরভগবান তাঁহার সেই মনবাঞ্ছা পূর্ণ করিয়াছিলেন।

শ্রীধরকে প্রভূ কহিয়াছিলেন—

যে গ**ন্ধা পূ**জহ তুমি আমি তার পিতা। সত্য সত্য তোমারে কহিন্ন এই কথা॥ চৈঃ ভাঃ

আর একস্থলে প্রভূ শ্রীমৃথেই বলিয়াছিলেন—
গঙ্গা ভূগা দাসী মোর মহেশ কিন্ধর। চৈঃ চঃ

প্রভ্বাক্য শ্রীধর তথন ব্ঝিতে পারেন নাই। পরে তিনি প্রভ্বাক্যের সফলতা প্রত্যক্ষে দর্শন করিয়া কুতার্থ ইইয়াছিলেন। প্রভ্ শ্রীধরকে যাহা বলিয়াছিলেন গঙ্গাভক্ত নবদীপের গঙ্গাতীরবাসী এক নিষ্ঠাবানু বিপ্রকে কুপা করিয়া তাহা দেখাইয়াছিলেন। এই লীলাটি শ্রীচৈতক্ত ভাগবতে লিখিত নাই। ঠাকুর লোচনদাস তাঁহার শ্রীচৈতক্তমঙ্গল-শ্রীগ্রন্থে প্রভূর এই মধুর লীলাটি লিপিবদ্ধ করিয়া গিয়াছেন।

দিবা অবসানে একদিন গন্ধাতীর আলোকিত করিয়া কিছুদ্রে ভক্তগণসহ শ্রীগোরাদস্কর যোগপট্টাসনে বসিয়া আছেন। অকমাৎ গলাদেবী তরঙ্গভলে কুল কুল স্বরে প্রভুর গুণগান গাহিতে আরম্ভ করিলেন। ক্রমে ক্রমে গলানীর বন্ধিত হইয়া তীর অতিক্রম করিয়া উদ্ধে উথিত হইল। গলার তরঙ্গ-গর্জনে উপস্থিত নরনারীর্ন্দ শহিত হইয়া ভাবিতে লাগিলেন, আজি এ কি হইল—মেঘ গর্জন নাই, বায়ুর বেগ নাই, গলাদেবীর আজ এত আনন্দ কেন?

প্রতিদিন দেখি গঙ্গা যেমন তেমন।
আজি কেন অপরূপ শুনি এ গর্জ্জন॥
মেঘ বরিষণ নাহি বাড়য়ে সলিল।
ধরতর স্রোত বহে নীর উথলিল॥ চৈঃ মঃ

গঙ্গাদেবী শ্রীগোরাক্সন্দরের পদরজম্পর্শ কামনায় মহা-বেগে এবং অন্থরাগে প্রভুর চরণপ্রাস্তে ধাবিত হইতেছেন। এ দৃশ্য অতি মনোহর; কিন্তু ইহা ব্ঝিবার শক্তি কয় জনের আছে? ক্রমে গঙ্গাদিলি প্রভুর পদরজম্পর্শ করিয়া তবে কান্ত হইল—

তৈলোক্য-পাবনী গঙ্গা বহে মহাবেগে।
আপনা না ধরে গঙ্গা প্রভু অন্থরাগে ॥
উথলিল গঙ্গাদেবী বাড়য়ে সলিল।
কুল কুল শব্দে প্রভু অন্ধ পরসিল ॥ চৈঃ মঃ

ক্রমে ক্রমে গকানীর ধীরে ধীরে যথাস্থানে নামিয়া গেল। প্রভ্র লীলারক-রহস্থ প্রভূ ব্ঝিলেন আর গকাদেবী ব্ঝিলেন। কিন্তু দেখানে আর একটা ভাগ্যবান গকাভক্ত বিপ্র ছিলেন। তিনি গকা ও ভগবানে সমবৃদ্ধি করিয়া গকাতীরে কুটীর বাঁধিয়া বাস করিতেন ও গকার আরাধনায় তথায় দিনাতিপাত করিতেন। হরিনাম-মহামদ্রের তিনি সাধক ছিলেন।

গ্ৰার ভকত এক আছ্য়ে ব্রাহ্মণ।

গন্ধার প্রসাদে তার অস্তর নির্মাল।
ভূত ভবিশুৎ বিপ্র জানিল সকল॥
গন্ধা আরাধনা করে জপে হরিনাম।
গন্ধা-গোরান্ধ যেন দেখে এক ঠাম॥ চৈঃ মঃ

এই ভাগ্যবান বিপ্র গঙ্গাদেবীর অন্তকার অপূর্ব্ব উল্লাসদর্শনে চিন্তা করিতে করিতে প্রভু যেখানে বয়স্তগণ
পরিবেষ্টিত হইয়া বসিয়া আছেন, সেখানে আসিয়া উপস্থিত
হইলেন। আসিয়া বিপ্র যাহা দেখিলেন, তাহাতে তাঁহার
হাদয় আনন্দে ভরিয়া গেল। অন্তর্যাভরে প্রভু আমার
গঙ্গাদর্শন করিতেছেন। করুণাভরে তাঁহার ছল ছল আঁথি।
প্রতি অঙ্গে কদম্ব-কেশরের ন্তায় পুলকরাজি বিরাজিত।
অপূর্ব্বদর্শন অপরপরপসম্পন্ন শ্রীগোরাঙ্গপ্রভুকে দর্শন
করিয়া এই গঙ্গাভক্ত বিপ্র তাঁহাকে সাক্ষাৎ পূর্ণব্রহ্মসনাতন
বলিয়া চিনিলেন।

বিশ্বস্তুর মহাপ্রভু ভকত বেষ্টিত।
গঙ্গার সমীপে রহে দেখে আচ্ছিত॥
গঙ্গা নিরিথয়ে প্রভু বড় অন্তরাগে।
ছিগুণ হইল দেহ অঙ্গের পুলকে॥
করুণা অরুণ ছল ছল করে আঁখি।
দেখিয়া পাইল বিপ্র অস্তরের সাক্ষী॥
এই সেই ভগবান কভু নহে আন।

চিন্তিতে চিন্তিতে গেলা প্রভু বিগ্রমান ॥ হৈচং মং গঙ্গাভক্ত ভাগ্যবান বিপ্রা প্রাভুর নিকটে গিয়া আরও দেখিলেন, গঙ্গার শোভা দর্শন করিতে করিতে বিহরল হইয়া গঙ্গার তরঙ্গাবলী নিকটে আসিতেছে দেখিয়া তিনি করকমল ছারা গঙ্গাজল স্পর্শ করিলেন। কিন্তু গঙ্গাদেবী তাহাতে সন্তুই হইলেন না। প্রথমে তিনি উচ্চসিত তরঙ্গভঙ্গী হারা প্রভুর শীচরণ স্পর্শ করিলেন, পরে মৃত্তিমতী হইয়া গললয়ৡভবাসে প্রভুর পদরজ্ব প্রার্থনা করিলেন। ভাগ্যবান বিপ্রা প্রত্যক্ষে গঙ্গামৃত্তি দর্শন করিয়া ৡতার্থ হইলেন।

প্রভুর নিকটে গিয়া দাগুাইয়া দেখে। অবশ হঞাছে প্রভু গদা অমুরাগে॥ গদার হান্য প্রভু জানে মনে মনে।
আগুসারি করে গদা কর পরশনে॥
, কর পরশনে গদার না পুরিল আশ।
তেউ ছলে করে গদা চরণ-সভাব॥
মৃত্তিমতী হয়ে গদা প্রভু কাছে রহে।
করবোড় করিয়া চরণপদ্ম চাহে॥ চৈঃ মঃ

গঙ্গাভক্ত বিপ্র এই অপূর্ব্ব গঙ্গা-গোরাঙ্গ-মিলন নাক্ষাৎ দর্শন করিয়া প্রেমভমে পুলকাশ্রুপাত করিতে করিতে আনন্দে বিহনল হইলেন। বিপ্রের অভীষ্ট পূর্ণ ংইল; তিনি কৃতকৃতার্থ হইলেন।

দেখিয়া আহ্বাণ পুলকিত সব অঞ্চ।
দেখহ সকল লোক গঙ্গা-গোরাঙ্গ ॥
প্রভু পরশিল গঙ্গা চরণকমলে।
কৃতার্থ হইয়া গঙ্গা গেলা নিজজলে॥
গৌরাঙ্গ নিকটে গঙ্গা কেহ না জানিল।

ব্রাহ্মণ অভীষ্ট ভরি নয়ানে দেখিল। চৈ: মঃ
এদিকে শ্রীগোরাঙ্গ প্রভু গঙ্গাদশনে পুলকিতাঙ্গ ইইলেন।
হরিনামানন্দে বিভোর ইইয়া তিনি তাঁহার নিজজনকে
প্রেমালিঙ্গন দিয়া মধুর নৃত্য করিতে লাগিলেন। তাঁহার
নয়নযুগলে শতধারা বহিতে লাগিল। তাঁহার প্রেমসিন্ধ্
যেন উপলিয়া উঠিল। গঙ্গার ঘাটে সকল ভক্তগণ মিলিয়া
মহা হরি-সংকীর্ত্তন আরম্ভ করিলেন। নদীয়ার লোক
সকল চমৎকৃত ইইলেন। ইহার মধ্যে গঙ্গাভক্ত বিপ্র থাহা
দেখিলেন, তাহা আর কেহ দেখিতে পাইলেন না—

স্বধুনী অম্বাগ পাঞা গৌরহরি।
পুলকিত সব অঙ্গ কাঁপে থর থরি ॥
অবশ হইয়া প্রভু বোলে হরি বোল।
সবশ হইয়া নিজজনে দেই কোল॥
অরুণ-বরণ ভেল প্রেমার আরম্ভ।
কদম্ব-কেশর জিনি পুলক কদম॥
প্রভু অম্বাগে গদ্ধা হিয়া মাঝে রহে।
শত শত ধারা আঁথি-সাগরেতে বহে॥
লোমে লোমে বহে নীর লোকে বলে ঘর্ম।

উথলিল প্রেম-সিদ্ধু স্তবময় ব্রহ্ম ॥

চৌদিকে সকল লোক হরি হরি বোলে।

উথলিল প্রেম-সিদ্ধু আনন্দ-হিলোলে॥ চৈ: মঃ
গঙ্গাভক্ত বিপ্রের আজ আনন্দের সীমা নাই। তির্নি
প্রভ্র চরণে পতিত হইয়া প্রেমানন্দে বিহ্বল হইলেন।
তিনি আজ প্রত্যক্ষে তাঁহার অভীষ্ট দেবী গঙ্গাকে মৃর্ভিমতী
দেখিতে পাইলেন। আর সঙ্গে সঙ্গে শ্রীশ্রীমহাপ্রভ্র তত্ত্ব
জানিতে পারিলেন। তাঁহার ভাগ্যের পরিসীমা নাই।
তাঁহার ভাগ্য শিববিরিঞ্চি বাঞ্ছিত। তিনি প্রভূর পদতলে
পডিয়া আর্ত্রনাদ করিতে লাগিলেন—

চরণে পড়িয়া বিপ্র করে আর্ত্তনাদ।
এত দিনে গঙ্গা মোরে কৈল পরসাদ॥
যোগেন্দ্র মৃণীক্ষ যাহান। পায় ধেয়ানে।
হেন মহাপ্রভু আজি দেখিল নয়নে॥
ভূমে গড়াগড়ি যায়ে কান্দে আর্ত্তনাদে।

আপনা পাসরে বিপ্র প্রেমার আনন্দে। চৈঃ মঃ
চতুর্দ্দিকে গঙ্গার ঘাটে লোক দাঁড়াইয়। এই সৌভাগ্যবান বিপ্রের রঙ্গ দেখিতেছে। প্রভূ এই অবসরে সেথান
হইতে উঠিয়া—অলক্ষ্যে গৃহে গমন করিলেন। ভাগ্যবান
বিপ্র তথন প্রাণের আবেগে গঙ্গাদেবীর পূর্ব্বজনমক্থা
সকলকে শুনাইতে লাগিলেন ও গঙ্গামহিম। কীর্ত্তন করিতে
লাগিলেন।

গ্রন্থে এই ভাগ্যবান বিপ্রের নামোল্লেখ নাই। গন্ধা ভক্ত বিপ্র এখন একনিষ্ঠ গৌরাদ্ধ-ভক্ত হইলেন। তিনি আর প্রভুর সদ ছাড়িলেন না। প্রচ্ছন্ন অবতার শ্রীগৌর-ভগবান জাঁহাকে গোপনে আদেশ করিলেন একথা যেন প্রকাশ হয় না। ঐশ্বর্য দেখাইলেই তিনি এরপ কথা বলিতেন, কেন বলিতেন তাহার বিচারের প্রয়োজন নাই। শ্রীগোরাদ্প্রভুর প্রকট লীলা গুপ্তলীলা, কারণ তিনি কলির প্রচ্ছন্ন অবতার।

অবতার নাহি কহে আমি অবতার। মূনি সব জানি করে লক্ষণ বিচার॥ टेठः চঃ

একত্রিংশ অধাায়।

-:*:-

🗐 অদৈত প্রভুর নবদীপে পুনরাগমন।

শ্রীবাস অঙ্গনে শ্রীগোরাঙ্গ পূজা।

--- 0 * * 0 ---

''চলহ রামাঞি! তুমি অছৈতের বাস। তাঁব স্থানে কহ গিয়া আমার প্রকাশ। আমাব পূজার সাজ উপহার লৈয়া। ঝাট আসিবারে বোল সন্ত্রীক হইয়া॥''

প্রভূবাক্য শ্রীচৈতগ্যভাগবত।

শ্রীঅবৈতপ্রভু আমাদের গৌর-আনা-গোদাঞি। তিনি অভিমানী ভক্ত। প্রভুর উপর তাঁহার অভিমান। তিনি অভিমান করিয়া নবদীপ হইতে শাস্তি-পুর গিয়া বসিয়া আছেন। প্রভু আত্ম-প্রকাশ করিবেন, তাঁহাকে আদর করিয়া প্রভু ডাকিলে তবে তিনি আসি-বেন। প্রভ গ্রাণাম হইতে নবদীপে প্রত্যাবর্ত্তন করিয়া শ্রীঅদৈতসভায় গিয়া তাঁহাকে একবার স্বরূপ দেখাইয়া ছিলেন, তাঁহার নিকট পূজা গ্রহণ করিয়াছিলেন। কিন্তু প্রভুৱ বৈশ্বীমাঘায় অভিভৃত হুইয়া এখন তিনি সে স্কল কথা ভলিয়া থিয়াছেন। তাঁহার মনে সন্দেহ "শচীনন্দনই कि जामात जाजी है (पत ? देनिटे कि जिनि ?" गश्विक অবতার এঅধৈতপ্রভু সহজে ছাড়িবার পাত্র নহেন। শ্রীভগবান যেমন ভক্তকে পুন: পুন: পরীক্ষা করেন, ভক্তও শ্রীভগবানকে সেইরূপ পরীক্ষা করেন। শ্রীঅদ্বৈতপ্রভূ শ্রীশ্রীগোরভগবানকে পরীক্ষা করিবার জন্ম নবদ্বীপ ছাড়িয়া শান্তিপুর গমন করিলেন। তাঁহার প্রতিজ্ঞা—

> সত্য যদি প্রভূ হয় মৃঞি হব দাস। তবে মোরে বান্ধিয়া আনিব নিজ পাশ॥ চৈঃ ভাঃ

এই জন্মই তাঁহার নবদীপ-বাস ত্যাগ। প্রভূকে পরীক্ষা করিবার জন্মই তাঁহার শাস্তিপুরে বাস। প্রীচৈতন্য-ভাগবতকার স্পষ্টই লিথিয়াছেন— ''পরীক্ষিতে করিলেন শান্তিপুর বাস।"

শ্রীনিত্যানশপ্রভুর নবদ্বীপ আগমনের পর প্রভুর আত্ম-প্রকাশ লীলার জ ক্রমশঃ প্রকট হইতে লাগিল। হরিদাস ঠাকুরের ত্রিভূবনমঙ্গল উচ্চ হরিনামসংকীর্ত্তনে, শ্রীনিত্যানন্দ প্রভুর শ্রীঅকের বাতানে নদীয়ারাসীর প্রাণ ভক্তিপথে উন্মুথ হইল, তাহাদের উদভাস্ত মন স্থান্থির হইল, কলুষিত চিত্ত নিৰ্মাণ হইল। অনেকেই নিতা শুদ্ধ ভূবনমূল নাম ব্রন্ধের আশ্রয় লইলেন। শ্রীবাসঅঙ্গনে বৈফবরুকের অধিকতর সমাবেশ হইতে লাগিল। যুগধর্ম সংকীর্ত্তন যজ্ঞাপুষ্ঠানকল্পে কৃষ্ণভক্ত বৈফ্বসকল এক্ষণে বন্ধপরিকর হইলেন। প্রাভূ এক বৎসরকালের অধিক হইল গ্যাধাম হইতে নদীয়ায় ফিরিয়া আদিয়াছেন। কুষ্ণপ্রেম যে কি বস্তু, কি তাহার অপূর্ব্ব মহিমা, তাহা প্রভুকে দেখিয়া নদীয়াবাসী একণে কিছু কিছু বুঝিতে পারিয়াছেন। প্রভু কৃষ্পপ্রেমে দিবানিশি উন্মন্ত থাকেন। সংসারে তাঁহার পূর্ণ বৈরাগ্য। কুষ্পপ্রেমে বিহরল হইয়া আবিষ্টভাবে তিনি আকুল কেন্দন করেন, কখনও বা উচ্চ হাস্ত করেন, কখনও বা ধুলায় লুটাইয়া গড়াগড়ি দেন। শ্রীবাসঅঙ্গনে তাঁহার শ্রীমূথের মধুর কীর্ন্তন ভনিলে ও নয়নরঞ্জন নৃত্যবিলাস লীলারঙ্গ দেখিলে ভক্তবুন্দের মনে হয়, যেন তিনি একটি আনন্দ-ঘন-লীলারসময় জীবিগ্রহ। তিনি ঈশ্বরাবেশে বিষ্ণুখটায় উপবেশন করিয়া কখন কখন "মুঞি সেই মুঞি সেই" বলিয়া প্রচণ্ড ছরার গর্জন করেন। একদিন প্রভূ এইরূপ শ্ৰীভগবানভাবে আবিষ্ট হইয়া শ্ৰীবাসপণ্ডিতের জাতা রামাইপণ্ডিতকে ডাকিয়া কহিলেন-

চলহ রামাই ! তুমি অবৈতের বাদ।
তাঁর স্থানে কহ গিয়া আমার প্রকাশ ॥
যার লাগি করিয়াছ বিস্তর আরধন।
যার লাগি করিয়াছ বিস্তর ক্রন্দন ॥
যার লাগি করিয়াছ বিস্তর ক্রন্দন ॥
যার লাগি করিলা বিস্তর উপবাস।
সে প্রভু তোমার লাগি হৈল প্রকাশ ॥
ভক্তিবোগ বিলাইতে ভাঁর আগমন।
আপনি আসিয়া ঝাট্ কর বিবর্ত্তন ॥

নির্জ্জনে কহিও নিত্যানন্দ আগমন।
যে কিছু দেখিলা তাঁরে কহিও কথন॥
আমার পূজার সজ্জা উপহার লৈয়া।
বাট আদিবারে বোল সন্তীক হইয়া॥ চৈঃ ভাঃ

রামাইপণ্ডিত শ্রীবাদপণ্ডিতের কনিষ্ট ল্রাতা। প্রভুর একান্ত অম্বরক্ত ভক্ত। শ্রীবাসপণ্ডিতের চারি ভ্রাতাই শ্রীগৌরাঙ্গদাস। রামাইপণ্ডিতকে প্রভূ বিশেষ রূপা করেন। তিনি প্রভুর আজ্ঞ। শিরোধার্য্য করিয়া, "হরি" স্মরণ করিয়া, তৎক্ষণাৎ মহানন্দে শান্তিপুর যাতা করিলেন। আনন্দে বিহ্বল হইয়া তিনি নৃত্য করিতে করিতে শান্তিপুরের পথে চলিয়াছেন। বদনে "হরে কৃষ্ণ" নাম অবিরত উচ্চারিত হইতেছে। তিনি শান্তিপরে শ্রীঅদ্বৈতভবনে আসিয়া পৌছিলেন। শ্রীঅধৈতপ্রভুকে নমস্কার করিয়া তিনি তাঁহার সম্মুখে দাঁড়াইয়া রহিলেন। তাঁহার হৃদয়ে অনেন্দের <u>ৰোত বহিতেছে নয়নদ্য হইতে আনন্দাশ প্ৰবাহিত</u> হইতেছে। প্রেমানান্দ তাঁহার বাক্য ফুর্ত্তি হইতেছে না। সর্বাজ্ঞ শ্রীঅধৈতপ্রভু ভক্তিযোগ প্রভাবে সকলি জানিয়া-ছেন। প্রভু তাঁহাকে নবদ্বীপে লইয়া যাইতে রামাই পণ্ডিতকে পাঠাইয়াছেন। ইহা জানিয়া তিনি স্বয়ং হাসিয়া কহিলেন-

"বৃঝি আজ্ঞা হৈল আমা নিবার কারণ"

রামাইপণ্ডিত তথন কর্যোড়ে কহিলেন "আচার্য্য ঠাকুর! আপনি ত সকলি জানেন, এক্ষণে শীঘ্র নবদীপে চলুন, বিলম্ব করিবেন না"(১)। শ্রীঅধৈষতপ্রভূ ইহা শুনিয়া আনন্দে গদ গদ হইলেন।

> স্মানন্দে বিহ্নল হৈলা স্মাচার্য্য গোসাঞি। হেন নাহি স্থানে দেহ স্মাছে কোন ঠাঞি॥ চৈঃ ভাঃ

শীঅবৈত-চরিত্র অতিশয় গভীর। কার সাধ্য তাঁহার গভীর মমভাব ব্ঝে? তিনি সকলি জানেন। কিন্তু ম্থে কিছু প্রকাশ নাই। তথন তিনি তাঁহার মনভাব

()) করবোড় করি বোলে রামাই পণ্ডিত। সকল জানিঞাছহ, চলহ ছরিত।। চৈ: ভা: পরিবর্ত্তন করিলেন। রামাইপণ্ডিতকে লক্ষ্য করিয়া ক্রুদ্ধ-ভাবে তিনি কহিলেন—

> কোথায় গোসাঞি আইলা মাহ্ন্য ভিতরে। কোন্ শাস্ত্রে বোলে নদীয়ায় অবতরে। মোর ভক্তি অধ্যাত্মা, বৈরাগ্য জ্ঞান মোর। সকল জানয়ে শ্রীনিবাস ভাই তোর।" চৈঃ ভাঃ

অর্থাৎ শ্রীঅকৈতপ্রকু বলিলেন, "মান্থবের ভিতরে আবার শ্রীভগবানের অবতার? কোন্ শাস্ত্রে নদীয়ায় অবতারের কথা আছে? আমি অধ্যাত্ম-জ্ঞান-যোগী, তোমার ভ্রাতা শ্রীবাসপণ্ডিত আমাকে বিশেষ জানেন"।

রামাইপণ্ডিত শ্রীঅবৈতপ্রভূর চরিত্র বিশেগরূপে জানেন। তিনি তাঁহার কথা শুনিয়া কোন উত্তর শাক্রিয়া মনে মনে হাসিলেন।

শ্রীঅবৈতপ্রভূর পুনরায় ভাবান্তর হইল। তিনি রামাই পণ্ডিতকে হাসিয়া কহিলেন—

————"কহ কহ রামাই পণ্ডিত।
কি কারণে তোমার গমন আচ্ছিত॥" চৈ: ভা:
রামাই পণ্ডিত বুঝিলেন শ্রীক্ষতিপ্রভুর মন শাস্ত ইইয়াছে তথন তিনি কান্দিতে কান্দিতে কহিলেন—

"যার লাগি করিয়াছ বিশুর জ্রন্দন।

যার লাগি করিলা বিশুর আরাধন॥

যার লাগি করিলা বিশুর উপবাস।

দে প্রস্কু তোমারি লাগি হইলা প্রকাশ॥

ভক্তিযোগ বিলাইতে তাঁর আগমন।

তোমারে সে আজ্ঞা করিতে বিবর্ত্তন ॥

যড়ক পূজার বিধি-যোগ্য সজ্ঞা লইয়া।

প্রভুর আজ্ঞায় চল সন্ত্রীক হইয়া॥

নিত্যানন্দ স্বরূপের হৈল আগমন।

প্রভুর বিতীয় দেহ তোমার জীবন॥

তুমি সে জানহ তাঁরে মুক্রি কি কহিমু।

ভাগ্য থাকে মোর তবে একজ্ঞ দেখিমু॥ চৈঃ ভাঃ

ভাগ্য থাকে মোর তবে একএ দোবমু।। টো: ভা: এই কথা শুনিয়া শ্রীক্ষৈতপ্রভু উর্চবাই ইইয়া অঝোর নয়নে কন্দন করিতে লাগিলেন। প্রেমানন্দে বিভোর হইয়া তিনি মৃচ্ছিত হইয়া ভূতলে পতিত হইলেন; সকলে দেখিয়া আশ্চর্যা হইলেন। রামাইপণ্ডিত এক পার্শে দাঁড়াইয়া সকলি দেখিতেছেন, আর অবিরল প্রেমাশ্রু বর্গণ করিতেছেন। ক্ষণকাল পরেই প্রভুর ইচ্ছায় শ্রীঅদৈতপ্রভুর বাহ্যজ্ঞান হইল। তিনি "আনিলুঁ আনিলুঁ" বলিয়া হুয়ার গর্জন করিয়া ভূমিতল হইতে উঠিয়া উদও নৃত্য করিতে লাগিলেন (১)।

''মোর লাগি প্রভু আইলা বৈকুণ্ঠ ছাড়িয়া।''

এই বলিয়া কান্দিতে কান্দিতে তিনি পুনরায় ভূমিতলে পতিত হইলেন। অবৈতগৃহিণী সীতাঠাকুরাণী অন্তরালে দাড়াইয়া সকলি দেখিতেছিলেন ও শুনিতেছিলেন। নদীয়ায় প্রভুর প্রকাশ, এবং তাঁহার প্রেম-আহ্বান শুভবার্ত্তা
শ্রেবণে আনন্দে আত্মহারা হইয়া কান্দিতে লাগিলেন।
শ্রীক্তবত-তন্ম বালক শ্রীঅচ্যুতানন্দও প্রেমানন্দে জননীর সহিত কান্দিতে লাগিলেন। দাস দাসী অন্তরগণ প্রেমানন্দে বিহলে হইয়া তাঁহাদিগকে চতুর্দিক বেইন করিয়া কান্দিতে লাগিল। অবৈতভ্বন যেন প্রেমময় হইল, সকলেই নদীয়ায় অবতারের প্রেমাহ্বান শুনিয়া পরানন্দ লাভ করিলেন। শ্রীঅবৈতপ্রভু প্রেমাবিষ্ট হইয়া স্থিরভাবে দাড়াইতে পারিতেছেন না। প্রেমভরে তাঁহার সর্ব্ব অঙ্গাটন্যল করিতেছে (২)। রামাইপণ্ডিতের প্রতি চাহিয়া

তিনি কান্দিতে কান্দিতে কহিলেন-

শার প্রভাব রামাই পণ্ডিত।
মার প্রভাবত ॥
আপন ঐশ্বর্য যদি আমারে দেখায়।
শীচরণ তুলি দেয় আমার মাথায়॥
তবে সে জানিমু মোর হয় গ্রাণনাথ।
সত্য সত্য সত্য এই কহিলু তোমাত ॥ চৈঃ ভাঃ

শ্রীঅধৈতপ্রভূ শচীনন্দনকে কি ভাবে পরিক্ষা করিবেন রামাইপণ্ডিতকে তাহার আভাদ দিলেন। শ্রীঅধৈত আচার্য্য সর্কলোক পূজ্য, বৃদ্ধ ব্রাহ্মণ, প্রভূর পিতার অপে-ক্ষাও ব্যুদে বড়। শচী-জগন্নাথকে তিনি চতুরাক্ষর গৌর-গোপালমন্ত্রে দীক্ষিত করিয়াছেন। অতএব তিনি শচীনন্দনের গুরুর গুরু।

আত্মশোধনের জন্ম প্রভুর অগ্রজ শ্রীমিদিশারণ প্রভুর মধুময় চরিতকাহিনী কিছু কিছু লিখিতে আরম্ভ করিয়াছি। এই স্থেরে শ্রীমিদিশারপের জন্ম-বৃত্তান্তটা শ্রীঅদৈতপ্রকাশ গ্রন্থ ইইতে সঙ্গলিত করিতে গিয়া একটা অপূর্ব্ব তত্ত্ব দেখিলাম। অদৈতপ্রকাশ প্রামাণিক গ্রন্থ। শ্রীল ঈশাননাগর এই শ্রীগ্রন্থের রচয়িতা। এই মহাপুরুষ শ্রীঅদৈতপ্রভুর বাল্য সহচর ও শিষ্য ছিলেন। তিনি সীতাদেবীর আদেশে শ্রীঅদৈতপ্রভুর আগন্তলীলা স্বচক্ষে দর্শন করিয়া এই শ্রীগ্রন্থে লিখিয়া রাখিয়াছেন। এই মহাপুরুষই শ্রীঅদৈতপ্রভুর আদেশে নবদ্বীপে গমন করিয়া গৌর-বিরহিনী শ্রীমতী বিষ্ণুপ্রিয়া দেবীর কঠোর ভদ্ধন-বৃত্তান্ত শ্রবণ করিয়া এবং স্বচক্ষে তাঁহার গৌরবিরহ-বিদগ্ধ কন্ধালাবশিষ্ট শ্রীমৃর্ভি দর্শন করিয়া প্রাণম্পাশী ও মর্দ্যভেদী ভাষার বর্ণনা করিয়াছেন।

এই শ্রীঅদৈতপ্রকাশ গ্রন্থে লিখিত আছে, শচীমাতার অষ্ট কম্মা অকালে কালগ্রাসে পতিত হইলে একদিন শ্রীপাদ জগন্নাথ মিশ্র, পত্নীর হৃংখে সবিশেষ কাতর হইয়া শ্রীঅদৈত-প্রভূব শ্রীচরণে আশ্রয় গ্রহণ করিলেন এবং যাহাতে তাঁহার বংশরক্ষা হয় সেই জম্ম প্রার্থনা করিলেন। মিশ্রপুরশার শ্রীঅদৈতপ্রভূকে বলিলেন—

⁽১) ক্ৰেকে পাইয়া বাজ কর্মে হকার। আনিলুঁ আনিলু বোলে প্রভু আপনার।। চৈঃ ভাঃ

⁽২) অবৈতপৃহিনী পতিব্ৰতা জগন্মাতা।
প্ৰভুৱ প্ৰকাশ গুনি কান্দে আনন্দিতা।।
অবৈতের তন্ম অচ্যানন্দ নাম।
প্রম বালক সেহো কান্দে অবিরাম।।
কান্দেন অবৈত-পত্নী পুত্রের সহিতে।
অসুচর সব বেড়ি কান্দে চারি ভিডে।।
কেবা কোন দিপে কান্দে চারি ভিডে।
কৃষ্ণ প্রেমমর হৈল অবৈতের ঘর।।
ছির হর অবৈত, ইইতে নারে খির।
ভারাবেশে নিরবধি দোলরে শরীর।। চৈঃ ভাঃ

"তুমা শ্রীচরণে মৃঞি লইমু শরণ।
অপরাধ থাকে যদি করহ মার্জ্জন ॥
দয়া করি প্রভু মোরে দেহ এই ভিক্ষা।
মো হেন অভাগার হয় থৈছে বংশ রক্ষা ॥ অঃ প্রঃ
শ্রীঅধৈত গ্রভু তুষ্ট হইয়া আদর আপ্যায়িত করিয়া মিশ্রপুরন্দর ঠাকুরকে বলিলেন, "তুমি গৃহে যাও" আমি ইহার
বিধান করিব।

"যে হয় বিধান মৃঞি কহিম্ তোঁহারে।"

শীঅবৈতপ্রভূ পরদিন প্রাতে প্রাতঃকৃত্য সমাধান করিয়া

মিশ্রপুরন্দর-গৃহে গিয়া উপস্থিত হইলেন। মিশ্র-দম্পতি
মহাসমাদরে শ্রীঅবৈতপ্রভূর শ্রীচরণ অর্চনা করিলেন।
শচীমাতা তাঁহাকে প্রণাম করিলে শ্রীঅবৈতপ্রভূ আশীর্কাদ
করিলেন—"তুমি পুত্রবতী হও।"

"এতু কহে বাছা তুমি হও পুত্রবতী।" অঃ প্রঃ
মিশ্রপুরন্দর সসম্মমে উত্তর করিলেন—
"যাহে তুয়া বাক্য রহে কর সেই কাজ।" অঃ প্রঃ
তথন শ্রীঅদৈত প্রতু হাসিতে হাসিতে বলিলেন—
"প্রতু কহে এক মন্ত্র পাইমু স্বপনে।
ভক্তি করি সেই মন্ত্র লহ তুই জনে॥
সর্ব্ব অমঙ্গল তবে অবশ্য খণ্ডিবে।
পরম পণ্ডিত দিব্য তনয় লভিবে॥" অঃ প্রঃ

শীঅবৈত প্রভ্র এই আদেশ শ্রবণ করিয়া আনন্দিত চিত্তে শচী-জগন্ধাথ গঙ্গা-স্বানে চলিলেন। গঙ্গাম্বান করিয়া তাঁহারা গৃহে আদিলে শীঅবৈত প্রভ্ যথাবিধি নারায়ণ পূজা করিয়া উভয়কে চতুরাক্ষর গৌরগোপালমমে দীক্ষিত করিলেন।

আজ্ঞা শুনি আইলা দোঁহে করিয়া দিনানে।
তবে প্রভূ যথাবিধি পূজি নারায়ণে ॥
দোঁহাকারে মন্ত্র দিলা শ্রীঅবৈতচন্দ্র।
চতুরাক্ষর শ্রীগৌরগোপাল মহামন্ত্র॥ আঃ প্রঃ

এই অপূর্ব্য মন্ত্র পাইয়া মিশ্রদম্পতির মনে মহাপ্রেম-ভাবোদাম হইল। উভয়ে শ্রীঅবৈতপ্রভূকে প্রণাম করিয়া কর্যোড়ে স্তব স্তুতি করিলেন। শ্রীঅবৈতপ্রভূ তাঁহাদিগকে "ক্লফে মতিরস্ত্র" বলিয়া আশীর্কাদ করিলেন। সে দিন শ্রীপাদ জগদ্বাথমিশ্র গৃহে ভিক্ষা করিয়া শ্রীক্ষবৈতপ্রভু গৃহে গমন করিলেন।

"মন্ত্র পাঞা দোঁহাকার হৈল ভাবোদাম।
প্রভুরে প্রণমি করে সদৈত স্তবন ॥
ক্ষেণ্ট মতিরস্ক বলি প্রভু বর দিলা।
ভোজন করিয়া তবে নিজ স্থানে গেলা॥" অ: প্র:
ইহার পরেই শ্রীশচীদেবীর গর্ভ সন্থাবনা হইল। এই
নবম গর্ভে শ্রীমিদ্বিরপপ্রভুর আবির্ভাব হইল। পূর্বের
এই শ্রীঅবৈতপ্রভুর প্রণামে শচীমাতার অট কন্তা গর্ভে
নট হয়।

শচীমাতার বয়:ক্রম তথন আহুমানিক চল্লিশের উপর, আর মিশ্রপুরন্দরের বয়:ক্রম প্রায়, পঞ্চাশং বর্ষ। তাঁহারা অবশ্য এতদিন অদীক্ষিত ছিলেন না। বিফুমন্ত্রে কুলগুরুর নিকটে তাঁহারা অবশ্যই যথাসময়ে দীক্ষিত হইয়াছিলেন। কিন্তু শ্রীহারা অবশ্যই যথাসময়ে দীক্ষিত হইয়াছিলেন। কিন্তু শ্রীহার অবশ্যই ইহার উপর পুনরায় ইহাদিগকে চতুরাক্ষর গোরগোপাল-মত্রে দীক্ষিত করিলেন কেন? শ্রীহাকত প্রত্নাক্ষাং মহাবিষ্ণুর অবতার। তিনি সর্বজ্ঞ। তিনি জানিতেন, শ্রীশচীদেবীর গর্ভে, শ্রীগোরগোবিন্দের আবির্ভাব হইবে। পূর্ব্ব হইতে যাহাতে মিশ্র-দম্পতির মনে শ্রীগোরগোবিন্দ-মৃত্তির ক্র্তি হয়, যাহাতে তাঁহাদের হদয়, মন, কায় সেই গোর-গোবিন্দভাবে বিভাবিত হয়, এই সিদ্ধান্ত করিয়া সর্বজ্ঞ শ্রীঅবৈতপ্রভু শ্রীগোরাক্রের জনক জননীকে শ্রীগোরগোপালমন্ত্রে দীক্ষিত করিলেন।

শচীনন্দন একণে ছাবিংশবর্থ বয়স্ক তরুণ নবীন যুবক।
তিনি এই অল্প বয়সে সর্কবিদ্যায়, সর্কপান্তে পরম পশুতে
ইইয়াছেন বটে, কিন্তু শীঅহৈতপ্রভুর শাস্তজ্ঞান তাঁহা
অপেক্ষা কোন অংশে ন্যন নহে। তাঁহার মনে সন্দেহ
শচীনন্দন কি তাঁহার অভীষ্ট দেব নন্দনন্দন? এই সন্দেহ
প্রভুই তাঁহার মনে সন্দেহ জন্মাইয়া দিয়াছেন। ইহারও
গৃঢ় মর্ম আছে। সে সকল কথা যথাস্থানে পরে বলিব।

লীলাভদ করিয়া অনেক দ্র আসিয়া পড়িয়াছি। পরম ভাগবত রামাইপণ্ডিত তাঁহার স্বাভাবিক দৈয়া সহ- কারে করযোড়ে এতাইছতপ্রভূর চরণে নিবেদন করিলেন—

"প্রভূ! মুঞি কি বলিমু।

বিজ্! মুক্তি কি বালম্।

যদি মোর ভাগ্য থাকে নয়নে দেখিম্॥

যে তোমার ইচ্ছা প্রভূ! সেই ত তাঁহার।

তোমার নিমিত্ত প্রভূ এই অবতার॥" চৈঃ ভাঃ

রামাইপণ্ডিতের কথায় শ্রীঅবৈতপ্রভু অতিশয় সম্ভষ্ট হইলেন। তাঁহাকে গাঢ় আলিদন দানে রুপার্থ করিলেন। রামাইপণ্ডিত আনন্দে গদ গদ হইয়া কান্দিয়া ফেলিলেন। শ্রীঅবৈতপ্রভুর চরণধূলি লইয়া তিনি মন্তকে দিয়া কুতার্থ হইলেন।

শান্তিপুরনাথ তংক্ষণাৎ নবদীপযাত্রার উদ্যোগ করিতে আদেশ দিলেন। গৃহিণিকে ডাকিয়া কহিলেন "গৃহিণি! রুপা করিয়া এ অধমকে প্রস্থ শারণ করিয়াছেন। পূজার সজ্জা দইয়া চল, অদ্যই আমরা নদীয়ায় যাইব।" পতিপরায়ণা গৌরাক্ষণতপ্রাণা সীতাঠাকুরাণী আনন্দে উংক্ষের হইয়া সকল উদ্যোগ করিতে লাগিলেন। তিনি শ্রীগৌরাক্তন্ত সকলি জানেন। তত্ত্বে তিনি সর্বজ্ঞা যোগন্মায়। বস্ত্র, অলকার, গদ্ধমাল্য ধৃপ, দীপ, ক্ষীর, সর, দিণ, নবনী, মিষ্টান্ন, কর্পুর, তাত্ম্ল, ফলম্ল প্রভৃতি পূজার শ্বয়াদি সকল লইয়া তিনি প্রস্তুত হইলেন।

পতিব্রতা সেই চৈতত্তের তত্ত্ব জানে।
গন্ধ, মাল্য, ধূপ, বস্ত্র অংশষ বিধানে॥
কীর, দধি, স্থনবনী, কর্পুর তাম্বল।
লইয়া চলিলা যত সব অমুকুল॥ চৈঃ ভাঃ

শ্রী অবৈতপ্রভূ গোপনে রামাইপণ্ডিতকে কহিলেন শ্রোমি নদীয়ায় আদিতেছি, দেখানে গিয়া প্রভূকে বলিও না। প্রভূকে বলিবে অবৈতাচার্য্য আদিলেন না। প্রভূ কি বলেন শুনিয়া আমাকে বলিবে। আমি নন্দন আচার্য্যের গৃহে লুকাইয়া থাকিব" (২)। রামাইপণ্ডিত শ্রীঅহৈতপ্রভূর কধা ওনিয়া মনে মনে হাসিলেন। একথার তিনি কি আর উত্তর দিবেন ?

শীঅদৈতপ্রভু সপরিবারে দাস দাসী লইয়া পূজার সমস্ত প্রবাসস্ভার সঙ্গে করিয়া নবদ্বীপ যাত্রা করিলেন। সীতাঠাকুরাণী পূজার সজ্জা সকল তাঁহার সঙ্গেই লইলেন। তাঁহারা রামাইপণ্ডিতে সঙ্গে যথা সময়ে নবদ্বীপে আসিয়া সপরিবারে নন্দন আচার্য্যের বাটাতে গিয়া উঠিলেন।

অন্তর্যামী শ্রীগোরভগবান শ্রীঅদৈতপ্রভুর মনভাব জানিতে পারিলেন। তিনি নিজ মন্দিরে ছিলেন। শ্রীবাস অঙ্গনের দিকে চলিলেন। সঙ্গে ভক্তবৃন্দ আছেন। শ্রীবাস অঙ্গনে গিয়া আবিইভাবে প্রভু একেবারে বিষ্ণুখটায় উঠিয়া বসিলেন। প্রভুর আবিইভাব দেখিয়া, এবং প্রেম হুগারগর্জন ধ্বনি শুনিয়া ভক্তবৃন্দ ভীত হইলেন। তাঁহারা বৃঝিলেন প্রভু অদ্য কি এক অপূর্ব্ব লীলারঙ্গ প্রবুট করিবেন। সকলেই উদিগ্রচিত্তে প্রভুর বদনচন্দ্রের প্রতি চাহিয়া আছেন। হুকারগর্জন করিতে করিতে প্রভুবারখার বলিতে লাগিলেন—

"নাঢ়া আইসে, নাঢ়া আইসে" বোলে বারম্বার।
নাঢ়া চাহে মোর ঠাকুরাল দেখিবারে ॥" চৈ: ভা:
শ্রীগৌরাঙ্গপ্র শ্রীঅবৈতাচার্য্যকে "নাড়া" বলিয়া ডাকিতেন। এইটি তাঁহার বড় আদরের ডাক। কখনও বা
প্রভু বাহ্মিক রাগ প্রকাশ করিয়া তাঁহাকে "নাড়া" বলিয়া
ডাকিতেন। প্রভুর এই প্রীতিসম্বোধনটি শ্রীঅবৈতাচার্য্য
ভানিতে বড়ই ভালবাসিতেন। জ্ঞানচর্চা লইয়া তিনি
প্রভুকে মধ্যে মধ্যে রাগাইয়া তাঁহার শ্রীম্থের এই মধ্
সম্ভাষণে আপ্যায়িত হইতেন। প্রভু যথন শ্রীক্রিকপ্রভুকে
"নাড়া" বলিয়া ডাকিতেন, তথন শান্তিপুরনাথের মনে
অপার আনক্ষ হইত। প্রভু ভগবানভাবেই তাঁহাকে
"নাড়া" বলিয়া ডাকিতেন।

শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীগৌরভগবানের ইচ্ছাশক্তি।

দেখি প্রভূ মোরে তবে কি বোলে তথন। গুপ্ত থাকো সূঞি নন্দন আচার্যোর ঘরে। না আইলা বলি ভূমি করিবা গোচরে।। টো: ভাঃ

^{(&}gt;) পদ্মীরে বলিলা বংট্ হও সাবধান। লইয়া পূজার সজ্জ চল আগুরান।। চৈঃ ভাঃ

⁽২) রামেরে নিবেধে "ইছা না কছিবা কতু। না আইলা আচার্ব্য তুরি বলিবা বচন।।

তাঁহার আত্মপ্রকাশের ভাব ব্ঝিয়া বিষ্ণুখন্তীয় উপবিষ্ট প্রীশ্রীনবদ্বীপচন্দ্রের শিরোপরি তিনি ছত্র ধরিলেন। নর-হরি চামর ঢুলাইতে লাগিলেন। গদাধরপণ্ডিত সময় ব্ঝিয়া কপুর ও তাত্মল লইয়া প্রভূর পার্যে দাঁড়াইলেন। অন্তরক ভক্তগণ নিজ নিজ অহুকুল সেবায় ব্রতী হইলেন। কেহ স্তব পাঠ করিতে লাগিলেন—

> জয় জয় সর্ব্বপ্রাণনাথ বিশ্বস্তর। জয় জয় গৌরচক্র করুণাদাগর॥

শ্রীবাস-অন্ধন ঘন ঘন ইরিধ্বনিতে মুথবিত হইল। পুরনারীরুদ্দ শুভ শন্ধনাদে শ্রীগোরান্ধ-জন্ম-গান করিতে লাগিলেন। পুরনারীরুদ্দ শুভ হলুধ্বনি দ্বারা মন্ধলগীত গাইলেন।
এই শুভ সময়ে রামাঞিপণ্ডিত শান্তিপুর হইতে প্রভুর
নিকটে আসিয়া কর্যোড়ে দাঁড়াইলেন। তিনি কোন কথা
বলিতে না বলিতেই সর্বজ্ঞ প্রভু প্রেমাবিষ্টভাবে তাঁহাকে
লক্ষ্য করিয়া কহিলেন—

"মোরে পরীক্ষিতে নাড়া পাঠাইল তোরে।" এই বলিয়া প্রভু প্রেমাবেশে মন্তক ঢুলাইয়া পুনরায় কহিতে লাগিলেন—

> "জানিয়াও নাঢ়া মোরে চালয়ে সদায়। এথাই রহিল নন্দনাচার্য্যের ঘরে। মোরে পরীক্ষিতে নাঢ়া পাঠাইল তোবে। আন গিয়া শীঘ্র তুমি এথাই তাহানে। প্রসন্ধ শীমুথে আমি বলিল আপনে।" চৈঃ ভাঃ

ভক্তবংশল প্রভু আমার এখানে একটি কার্য্যে তুইটি ভক্তের মনবাস্থা পূর্ণ করিলেন। রামাইপণ্ডিতকে প্রীঅবৈত-প্রভু তাঁহার নবদ্বীপ-আগমনবার্ত্তা প্রভুর নিকট প্রকাশ করিতে নিষেধ করিয়া দিয়াছিলেন। ইহাতে রামাই-পণ্ডিতের বড় বিপদ হইয়াছিল। প্রীঅবৈতপ্রভুর আদেশ রক্ষা করিলে তাঁহাকে প্রভুর নিকট মিথ্যাবাদী হইতে হয়। না করিলে তিনি প্রীইবতপ্রভুর অপ্রিয় হন। তিনি বিষম শহুটে পড়িয়া প্রভুর শর্মা লইলেন। ভক্তবংশল প্রভু ভক্তের মনের ভাব ব্ঝিয়া রামাইপণ্ডিতের মুখ দিয়া কোন কথা প্রকাশ করিবার অবসর দিলেন না। তিনি স্বয়ং

নিজ দর্বজ্ঞতার পরিচয় দিয়া রামাইপণ্ডিতকে এই বিপদ হইতে উদ্ধার করিলেন। রামাইপণ্ডিত গ্রীগৌরভগবানের ভক্তবৎসলতার পরিচয় পাইয়া আনন্দে গদ গদ হইয়া তাঁহার চরণে পড়িয়া কান্দিয়া আকুল হইলেন। 🕮 আছৈত-প্রভুরও মনবাত্বা পূর্ণ হইল। তিনি রামাইপতিতকে আদেশ করিয়াছিলেন "তুমি নবদ্বীপে গিয়া প্রভূকে কহিবে আচাৰ্য্য আদিলেন না; ইহাতে প্ৰভু কি বলেন আমাকে আসিয়া বলিবে।" প্রভু রামাইপণ্ডিতকে যাহা বলিলেন. তাহাতে এতিছিত প্ৰভুৱ মনবাঞ্চা সিদ্ধ হইল। প্ৰভু বলি-লেন ''আমি নাডার মনভাব বুঝিতে পারিয়াছি, সে আমাকে পরীকা করিতে চাহে। তা' বেশ। তাহাকে নন্দন আচার্য্যের গৃহ হইতে সত্তর আমার নিকট লইয়া এস। সে সেথানে দুকাইয়া আছে।" শ্রীঅবৈতপ্রভুর ইচ্ছা এই যে, প্রভু তাঁহাকে কেশে ধরিয়া নিজ চরণান্তিকে টানিয়া লয়েন। ভক্তবৎসল প্রভু তাহাই করিলেন। চতুরচুড়ামণি শ্রীগৌরভগবান এক কার্য্যে তুই উদ্দেশ্য-সাধন করিলেন।

রামাইপণ্ডিত প্রভূর আদেশ, প্রাপ্তমাত্রেই মহানন্দে
নন্দন আচার্য্যের গৃহের দিকে ছুটিলেন। শ্রীঅদ্বৈতপ্রভূকে
সকল কথাই খ্লিয়া বলিলেন। তিনি তাঁহার অভীষ্টদেবের রূপান্তমতি পাইয়া পূজার সজ্জা ও জব্যসম্ভার লইয়া
সন্ধীক শুব পাঠ করিতে করিতে শ্রীবাস-অঙ্গনে আদিয়া
উপস্থিত হইলেন। বছ দূর হইতে প্রভূকে দণ্ডবং প্রণাম
করিতে করিতে শান্তিপুরনাথ শ্রীবাস-অঙ্গনে প্রবেশ করিলেন (১)। তিনি যথন প্রভূর সন্মুখীন হইয়া কর্যোড়ে
দাঁড়াইলেন, শান্তিপুরনাথ দেখিলেন তাঁহার প্রভূ অপর্কপ
রপরাণি প্রকাশ করিয়া বিষ্ণুখটায় বিরাজ করিতেছেন।
এমন অপরূপ রূপ নিখিল বন্ধাণ্ডে কেহ কথন দেখে নাই।
শ্রীগোরান্ধলীলার ব্যাসাবভার শ্রীল বৃন্ধাবনদাস ঠাকুর
প্রভূর সেই ঐশ্বর্যাপূর্ণ মদনযোহন রূপের নিয়ালিখিত অপূর্ব্ব

(>) দূরে থাকি দশুবং করিতে করিতে। সন্ত্রীকে আইনে তব পড়িতে পড়িতে।। কৈ: ভা: বর্ণনাটি লিপিবদ্ধ করিয়াছেন (১)। শ্রীক্ষবৈতপ্রভূ সন্ত্রীক প্রভূর এই অপরূপ ঐশ্বয়রপ দর্শন করিয়া আনদ্দে আত্ম-

(>) क्रिनिका कमर्ग काहि नावना मुम्मत्र। জ্যোতির্মায় কণক কুন্দার কলেবর।। প্রসন্ন বদন কোটি চক্রের ঠাকুর। व्यक्तित अधि त्व मन्त्र अहत् ॥ তুই বাত কোটি ক্পকের শুভ লিনি। উছি দিবা অলকার রতের থেঁচমি।। ঞীৰংস কৌজত মহামণি শোভে বকে। यकत्र कश्चन देवकश्चीत्र माना (प्रत्थ ।। কোটি মহা হুৰ্যা জিনি তেজে নাহি অন্ত। পাদপ যে রমা, ছতা ধরুরে অনস্ত ।। কিবা নথ কিবা মণি না পারে চিনিতে। ত্ৰিভঙ্গে ৰাজার বাঁশি হাসিতে হাসিতে।। क्रिया अञ्चलिया गण, किया जनकात। জ্যোতির্মন বই কিছু নাহি দেখে আর।। দেখে পড়িয়াছে চারি পঞ্চ শত সুধ। মহা ভৱে গুডি করে নারদাদি শুক।। मकत्र वाहन तथ এक वजालना । দও পরণামে আছে বেন গঙ্গা সমা।। তৰে দেখে গুডি করে সহস্রবদন। हांत्रि फिट्म दम्दर्भ दमां जिन्द्रिय दमनभन ।। छन्दिश हाट्ड निक हब्रालंब उटन । সহত্র সহত্র দেব পড়ি কুঞ্চ বোলে।। व भूजात मगरत व वन शांन करता। **छाहा ८ मध्य हाति मिटक हत्रत्वत्र छटन ।।** দেখিরা সম্ভ্রমে হও পরণাম ছাতি। উঠিল অংখত, অভুত দেখি বড়ি।। (मर्थ मक्ष क्षांत्र महानात्रत्र । উৰ্দ্ধ ৰাহ শুভি কৰে তুলি সৰ ক্ষণ।। चन्नतीय পत्रिभूर्ग (मर्थ मिष्) तथ । तक हरम चर्च निर्दाशित बाद्यश्य ।। কোট কোটি নাগৰণু সকল নয়নে। कुक वनि खिछ करत पर्व विश्वभाति ॥ কিভি অন্তরীকে সান নাতি অবকালে। एएए পড़िशांट प्रहा कविशन भारत ।। रेठ: छा: হারা হইয়া স্বান্ধ্য ক্রান্থ ক্রান্থ বাক্য শৃর্তি হইল না। ত্ইজনের নয়নে অবিরল প্রোমাশ্রারা, তুইজনেরই সর্ব অঙ্গ পুলকিত। শ্রীগৌর-ভগবানের সন্মুখে খোড়হন্তে তাঁহারা জড়বৎ দণ্ডায়মান আছেন।

শ্রীশ্রীগৌরভগবান তথন শ্রীঅধৈতপ্রভুর প্রতি ভঙ দৃষ্টিপাত করিয়া মধুর স্বরে কহিলেন—

"তোমার সঙ্কল লাগি অবতীর্ণ জামি।
বিশুর জামার আরাধনা কৈলে তুমি।
ভাতিয়া আছিলুঁ ক্ষীরসাগর ভিতরে।
নিদ্রাভঙ্গ মোর তোর প্রেমের ছকারে।
দেখিয়া জীবের হুঃখ না পারি সহিতে।
আমারে আনিলে সর্ব্ব জীব উদ্ধারিতে।
যতেক দেখিছ চতুর্দিকে মোর গণ।
সভার ইইল জন্ম তোমার কারণ।
গে বৈশুব দেখিতে ব্রহ্মাদি ভাবে মনে।
তোমা হৈতে তাহা দেখিবেক সর্ব্ব জনে।" চৈঃ ভাঃ

শ্রীঅবৈতপ্রভু ও তাঁহার গৃহিণী সীতাঠাকুরাণী প্রভুর
মধুমাথা বাক্য শ্রবণ করিয়া আনন্দে গদগদ হইলেন॥
শ্রীঅবৈতপ্রভু উর্ধবাহু হইয়া ক্রন্দন করিতে লাগিলেন।
ভক্তিমতী সীতা ঠাকুরাণীর নয়নের প্রেমাশ্রধারায় বক্ষ
ভাসিয়া গেল। তাঁহারা উভয়ে একত্তে প্রভুর চরণতলে
নিপতিত হইলেন। শান্তিপুরনাথের নিকট শ্রীগোরভগবান
নদীয়ার সর্বভক্তগণ সমক্ষে এইরপ ঐশ্বর্যভাবে আত্মপ্রকাশ
করিলেন। শ্রীঅবৈভাচার্য্যের নিকট প্রভুর এইরপ আত্মপ্রকাশে তাঁহার ভগবতা সম্বন্ধে নদীয়ার সর্বভক্তর্ম্পের
মনের সকল সন্দেহ দ্রীভৃত হইল। শ্রীগৌরভগবান এইরূপে সর্বলোকপৃত্যা শ্রীঅবৈভাচার্য্যকে আত্মশং করিলেন।

শ্রীঅবৈতপ্রভূ আত্মসংবরণ করিয়া প্রেমানন্দে বিভোর হইয়া কান্দিতে কান্দিতে প্রভূর চরণতলে নিপতিত হইয়া কর্যোডে আত্মনিবেদন করিলেন—

"আজি সে সফল মোর দিন পরকাশ। আজি সে সফল কৈয়ুঁ যুক্ত অভিলায। আজি মোর জন্ম দেহ সকল সফল।
সাক্ষাতে দেখিলুঁ তোর চরণ যুগল॥
ধ্যোষে মাত্র চারি বেদ যারে নাহি দেখে।
হেন তুমি মোর লাগি হৈলা পরতেখে॥
মোর কিছু শক্তি নাই ভোমার করুণা।
তোমা বৈ জীব উদ্ধারিতে কোন জনা"॥ চৈঃ ভাঃ

এই কথা বলিতে বলিতে আচার্য্যঠাকুর প্রেমবিহ্বল ংইয়া পড়িলেন। তথন ভক্তবৎসল শ্রীগৌরভগবান মৃত্ মধুর হাসিয়া আদেশ করিলেন ''অছৈত ! আমাকে পূজা কর"। প্রভুর ক্লপাদেশ পাইয়া সর্বলোকমান্য বুদ্ধ ব্রাহ্মণ প্রেমানন্দে গরগর চিত্তে নয়নজলে অভিযিক্ত হইয়া শ্রীগোরাঙ্গপুজায় বসিলেন। স্থবাসিত জলে প্রথমে তিনি প্রভুর শ্রীচরণকমলম্বয় ধৌত করিয়া দিলেন। স্থন্ধ নব বস্ত্র বারা রাঙ্গা পা'হথানি মুছাইয়া দিলেন। দিব্য তুলদী মঞ্জরী চন্দনে ডুবাইয়। অর্থের সহিত প্রভুর শ্রীচরণ উপরি হাপন করিলেন। তাহার পর তিনি গন্ধ, পুষ্প, ধূপ, দীপ, বভৃতি পঞ্চোপচারে প্রভুর ষথারীতি পূজা করিলেন। াুজা করিতে বসিয়া বুদ্ধ ত্রাহ্মণ প্রেমভরে কান্দিয়া াকুল হইলেন (১)। নমনের প্রেমন্ধলে তাঁহার অভীষ্ট मरवत भाषभा विरधो छ कतिया पिरलन । भरत शक्खांनीभ মালিয়া প্রেমভরে প্রভুর আরতি করিলেন। ভক্তবুন ণকলে ঘন ঘন জয়ধ্বনি করিতে লাগিলেন। শঙ্খ ঘণ্টা েবে শ্রীবাস-অঙ্গন মুখরিত হইল। প্রভুকে পঞ্চোপচারে পূজা করিয়া শ্রীঅদ্বৈতাচার্য্যের মন উঠিল না। আবার তিনি প্রভূকে ষোড়শোপচারে পূজা করিতে কসিলেন (২)।

- (>) প্রথমে চরণ ধৃই স্থবাদিত জালে।
 শেবে গজে পরিপূর্ণ পাদপত্ম চালে।।
 চন্দনে ড্বাই দিব্য তুলদী মঞ্জরী।
 অর্থের সহিত দিলা চর্ম উপরি।।
 গক্ষ পূক্ষা ধূপ দীপ পঞ্চ উপচারে।
 পূজা করে প্রথজনে বহু মহাধারে।। চৈঃ ভাঃ
- (২) করিয়া চরণ পূজা ঘোড়োবপচারে। আর বার দিলা মাল্য বস্তু অলম্বারে।।

যথাশান্ত বন্ধ, অলকার, দিব্য মাল্যচন্দন ছারা প্রভূকে যথারীতি ষোড়শোপচারে পূজা করিয়া এই বলিয়া প্রণাম করিলেন—

নমো বন্ধণ্যদেবায় গোবান্ধণ হিতায় চ। জগদ্ধিতায় কুঞায় গোবিন্দায় নমোনমঃ॥

প্রণাম করিয়া মহাবিষ্ণুর অবতার শান্তিপুরনাথ শ্রীঅবৈতপ্রভু করযোড়ে নিজ ভাষায় শ্রীশ্রীগৌরভগবানের স্তুতি করিলেন। যথা শ্রীচৈতক্সভাগবতে—

> জয় জয় সর্ব্ব প্রাণনাথ বিশ্বস্তর। জয় জয় গৌরচন্দ্র করুণা সাগর॥ জয় জয় ভকতবচন সত্যকারী। জয় জয় মহাপ্রভু মহা অবতারী॥ জয় জয় সিন্ধুস্থতা রূপ মনোরম। জয় জয় শ্ৰীবংস কৌস্তুভ বিভূষণ॥ জয় জয় হরেক্বন্ধ মন্ত্রের প্রকাশ। জয় জয় নিজ ভক্তি গ্রহণ বিলাস ॥ জয় জয় মহাপ্রভু অনস্ত শয়ন। জয় জয় জয় সর্বব জীবের শরণ॥ তুমি বিষ্ণু তুমি ক্বফ তুমি নারায়ণ। তুমি মংস্থ তুমি কৃষ্ম তুমি সনাতন॥ তুমি সে বরাহ প্রভূ তুমি সে বামন। তুমি কর যুগে যুগে বেদের পালন। তুমি রক্ষ্ক্লহন্তা জানকীজীবন। তুমি গুহ বরদাতা অহল্যা মোচন॥ তুমি সে প্রহ্লাদ লাগি কৈলে অবতার। হিরণা বধিয়া নরসিংহ নাম যার॥ সর্বাদেব চূড়ামণি তুমি দ্বিজরাজ। তুমি সে ভোজন কর নীলাচল মাঝ॥

শাস্ত দৃষ্টে পৃঞা করে পটোল বিধানে।
এই লোক গড়ি করে দণ্ড পরণামে।
আপন গলার মালা অবৈতেত্ত্ব দিরা।
"বর মাগ, বর মাগ" বলেন হাসিরা।। চৈঃ ভাঃ

তোমারে সে চারিবেদে বলে অন্থেষিয়া। এখা তুমি আসি রহিয়াছ লুকাইয়া। লুকাইতে বড় প্রভু তুমি মহাবীর। ভক্তজন ধরি তোমা করয়ে বাহির॥ সঙ্গীর্ত্তন আরম্ভে তোমার অবতার। অনন্ত ব্রহ্মাণ্ডে ভোগা বই নাহি আর॥ এই তোর ছই খানি চরণকমল। ইহারি সে রসে গৌরী শঙ্কর বিহবল ॥ এই সে চরণে রমা সেবে এক মনে। ইহারি সে যশ গায় সহস্র বদনে॥ এই সে চরণ ব্রহ্মা পুজয়ে সদায়। শ্রতি স্থৃতি পুরাণে ইহারি তত্ত্ব গায়॥ সত্য লোক আক্রমিল এই সে চরণে। বলি-শির ধন্য হৈল ইহার অর্পণে॥ এই সে চরণ হৈতে গঙ্গা অবভার। শঙ্কর ধরিলা শিরে মহা বেগ যার"॥

শুব সমাপনান্তে শ্রীঅবৈতাচার্য্য দীঘল হইয়া প্রাভ্র চরণতলে নিপতিত হইলেন। প্রভুর শ্রীচরণের মহিনা কীর্ত্তন করিতে করিতে ভাবাবেশে তাঁহার নয়নমুগল দিয়া অবিপ্রান্ত অঞ্চধারা পতিত হইয়া প্রভুর চরণতল অভি-সিক্ত করিল। অন্তর্যামী ভক্তবাঞ্চা-কল্লতক শ্রীগোর ভগবান ভক্তের মন ব্রিয়া শ্রীঅবৈত্প্রভুর মন্তকে তাঁহার অজ্বভব বন্ধিত রাতুল চরণ তুইখানি তুলিয়া দিলেন।

> সর্বভূত অন্তর্গামী শ্রীগৌরাঙ্গরায়। চরণ তুলিয়া দিলা অবৈত মাথায়॥ চৈঃ ভাঃ

শীঅদৈতপ্রভ্র ভগবান-পরীক্ষা এখানে সম্পূর্ণ ইইল।
ভক্তবাঞ্চা-কল্পতক শ্রীগোরভগবান তাঁহার মনবাঞ্চা পূর্ণ
করিলেন। উপস্থিত ভক্তবৃন্দ মহানন্দে ঘন ঘন জয়ধ্বনি
করিতে লাগিলেন। সকলেই আনন্দে বিহলল ইইয়া উচিচঃস্বরে হরি হরি ধ্বনি করিতে লাগিলেন। তাহার পর
সকলেই প্রেমানন্দে ধূলায় গড়াগড়ি দিতে লাগিলেন, আর
কেন্দন করিতে লাগিলেন। কেহ কাহারও গলদেশ ধারণ
ভরিয়া প্রেমাবেশে অঝোর নয়নে ঝুরিতে লাগিলেন।

আনন্দ কোলাহলে এবাসঅন্ধন পূর্ণ হইল। রামাইপণ্ডিং ইহার মধ্যে আছেন। যখন এআছিতপ্রভু তাঁহাবে শান্তিপুর হইতে আদিবার সময় বলিয়াছিলেন "য্দি তোমাদের শচীনন্দন আমার মন্তকে তাঁহার শ্রীচরণ তুলিয় দেন, তবেই বৃঝিব তিনি আমার অভীষ্টদেব, এবং প্রাণ বল্লভ।" রামাইপণ্ডিত উত্তর করিয়াছিলেন, "প্রভ ইহার উত্তর আমি আর কি দিব ? যদি ভাগ্যে থাকে ইহা আমি স্বচক্ষে দর্শন করিয়া ক্বতক্তার্থ হইব।" সেই পরম সৌভাগ্যবান রামাইপণ্ডিতের এঞ্চণে সেই সৌভাগ উপস্থিত। তাঁহার মনে আজ বড আনন। প্রেমাননে আবেগভরে তিনি স্ত্রীলোকের মত ফুঁপিয়া ফুঁপিয়া কান্দি তেছেন। অদৈত-গৃহিণী সীতা ঠাকুরাণীরও এই অবস্থা তিনি সাক্ষাৎ যোগমায়া: শ্রীগোরান্ধ-তত্তাভিজ্ঞা। তাঁহার প্রাণের বাসনা পূর্ণ হইল, এই আনন্দে তিনি আত্মহার হইয়াছেন। মুখে বলিয়া সে আনন্দ প্রকাশ করা যায় না, তাই গীতা ঠাকুরাণী নীরবে প্রেমাঞ্চ বিমজ্জন করিছে ছেন। তাঁহার পতি-দেবতার ভাগা দেখিয়া তিনি প্রম নন্দ্রাভ করিয়াছেন। আনন্দ্ররূপ। ইইয়া তিনি পার্শ্বে দাঁড়াইয়া আছেন।

শ্রীগৌরভগবান তথন শ্রীঅবৈতপ্রভুর প্রতি ভঙ্গুঞ্চী করিয়া আদেশ করিলেন—

"অরে নাড়া। আমার কীর্ত্তনে নৃত্য কর।"

প্রভ্র আদেশ প্রাপ্তমাত্রই শ্রীঅবৈতাচার্য্য প্রভ্র চর ধৃলি গ্রহণ করিয়। সসম্বন্ধে উঠিয়া ধীরে ধীরে মধুর প্রেল্ড আরম্ভ করিলেন। সর্বলোকপৃজ্য, সর্বলোকমান্ত ব্রাহ্মণের এই প্রথম নত্যোদ্যম। ইহার পূর্বেকে কেই কণ তাহাকে নৃত্য করিতে দেখেন নাই। তিনি নৃত্যার করিলে মৃকুন্দাদি ভক্তবৃন্দ কীর্ত্তনের ধুয়া ধরিলেন। শ্রীগৌরভাগনা বিষ্ণুখট্টায় আবিষ্টভাবে বিদিয়া কীর্ত্তন শুনিতেছেন এবং শ্রীঅবৈত্তপ্রভুর নয়নরঞ্জন মধুর নৃত্বদেখিতেছেন। ভাঁহার শ্রীবদনচন্দ্রের মৃত্ব হাসিতে থে অমৃত বর্ষণ করিতেছে। ভক্তবৃন্দের মধুক্ষেঠর মধুক্

কীর্ত্তনধ্বনি গগণ ভেদ করিয়া শৃষ্য পথে টল। সর্ব্ব নদীয়ায় যেন মধুবৃষ্টি হইল।

উঠিল কীর্ত্তিনধ্বনি অতি মনোহর।
 নাচেন অধৈত গৌরচন্দ্রের গোচর ॥ হৈঃ ভাঃ

ধীরে ধীরে নৃত্য করিতে করিতে প্রেমোন্নত্ত হইয়া ক্রমে বৃদ্ধ ত্রাহ্মণ প্রচণ্ড উদ্দণ্ড নৃত্যারম্ভ করিলেন। তাঁহার পদভরে মেদিনী কম্পমান হইল। তিনি কথনও বা কটি দোলাইয়া মধুর মনমোহন নৃত্য করেন। কথনও বা বিশাল উদত্ত নৃত্যে ভক্তবন্দের প্রাণে মহা ভীতির সঞ্চার করিয়া দেন। এক এক বার বিশাল ছম্বার গর্জন করেন, পরক্ষণেই দস্তে তৃণ করিয়া অপূর্ব্ব দৈন্ত সহকারে করযোড়ে প্রভুর চরণে নিপতিত হইয়া আত্মনিবেদন করেন। উঠিয়া পুনরায় ভূমিতলে গড়াগড়ি দেন। কথন প্রেমাননে তাঁথার ঘন ধন খাদ পতিত ইইতেছে, কখন বা প্রেমাবেশে মূর্চ্ছাভঙ্গে উঠিয়া পুনরায় মধুর নৃত্য করিতেছেন। কথন বা দূরে দাড়াইয়া উর্দ্ধবাহু ইইয়া উচ্চকীর্ত্তন করিতে করিতে প্রভুর সমুখে ধাইয়া যাইতেছেন, আর প্রভুর হাস্তর্তু মনোহর বদনচন্দ্রছটা অবলোকন করিয়া প্রেমানন্দে বিহরণ হইয়া ভূমিতলে পতিতপ্রায় হইতেছেন। অবধৃত খ্রীনিত্যানন্দপ্রভু ইহা দেখিয়া ভ্রুকুটি করিয়া হাসিতেছেন। শ্রীঅদৈতপ্রভুর অপূর্ব্ব প্রেমভাবস্থলিত মধুর মনমোহন নৃত্যবিলাস দর্শন করিয়া শ্রীনিত্যাননপ্রভু ও নদীয়ায় ভক্ত-বৃন্দ অপার আনন্দ অন্তত্ত্ব করিতেছেন। শান্তিপুরনাথ শ্রীনিত্যানন্পপ্রভূকে এই প্রথম দেখিলেন। তিনি প্রভূর শ্রীমন্তকে ছত্ত ধরিয়া দাঁড়াইয়া শ্রীঅধৈতপ্রভুর অপূর্বে নৃত্য-ভঙ্গী দেখিয়া মৃত্ মধুর হাসিতেছেন। তিনিও প্রেমোরত ভাবে প্রেমভরে টল মল হইয়া প্রভুর সেবায় নিযুক্ত আছেন। তাঁহার মদবিঘূর্ণিত রক্তাক্ত নেত্রযুগলে অবিরল প্রেমাশ্রধারা পড়িতেছে। তাঁহার মদমত্ত অঙ্গভাব: প্রেমে চুলু চুলু করুণ নয়নদ্বয়ে এক একবার শ্রীঅবৈতপ্রভুর প্রতি ওভদৃষ্টি করিতেছেন। শান্তিপুরনাথ কথন তাঁহাকে প্রভূ বলিয়া সংঘাধন করিতেছেন, কখন বা প্রেমডরে কৌতুক ক্রিয়া "মাতালিয়া" বলিয়া রক্ষ করিতেছেন।

তিমি নৃত্য করিতে করিতে হাসিয়া শ্রীনিত্যানন্দপ্রভুকে সম্বোধন করিয়া বলিলেন—

---- "ভাল হৈল আইল নিতাই। এত দিন তোমার নাগালি নাই পাই॥ যাইবা কোথায় আজি এড়িমু বান্ধিয়া।

ক্ষণে বোলে প্রভু ক্ষণে বোলে মাতালিয়া। চৈঃ ভাঃ
প্রীনিত্যানন্পপ্রভু সেবানন্দে মগ্ন আছেন। শ্রীঅবৈতপ্রভুর
কথা তাঁহার কর্ণে গেল না। কীর্ত্তন ও নৃত্য চলিতে
লাগিল। ভক্তগণ প্রেমোন্মত্ত হইয়া এই কীর্ত্তনে যোগ
দিয়াছেন; মৃগঙ্গ করতালের মধুর শঙ্গে শ্রীবাসঅঙ্গন
প্রকম্পিত হইতেছে। ভক্তবংসল প্রভু দেখিলেন বৃদ্ধ ব্রাহ্মণ অভিশয় কীর্ত্তনশ্রাত হইয়াছেন। তিনি ইঙ্গিতে শ্রীঅবৈতপ্রভুকে নৃত্য সন্ধরণ করিতে আদেশ দিলেন। প্রভু-আজ্ঞা শিরোধার্য করিয়া তিনি সম্মুথে আসিয়া কর-যোড়ে স্থির হইয়া দাঁড়াইলেন। শ্রীশ্রীগোরভগ্রান তথ্ন স্বীয় প্রসাদী পুম্পমাল্য শ্রীহত্তে তাঁহার গলদেশে পরাইয়া দিয়া হাসিয়া কহিলেন " অবৈত। বর প্রথনা কর।"

শ্রীঅবৈতপ্রভাৱ কোন উত্তর করিলেন না দেখিয়া দয়াময় শ্রীগোরভগবান পুনঃ পুনঃ "বর মাগ, বর মাগ" এই কথা বলিতে লাগিলেন। তথন শ্রীঅবৈতাচার্য্য কান্দিতে কান্দিতে করবোড়ে প্রভুর চরণে নিবেদন করিলেন—

"আর কি মাগিম্বর ॥

যে বর চাহিল্ঁ তাহা পাইল্ঁ সকল ॥
তোমারে সাক্ষাং করি আপনে নাচিল্ঁ।

চিত্তের অভীষ্ট যত সকলি পাইল্ঁ॥

কি চাহিম্ প্রভূ! কিবা শেষ আছে আর ।

সাক্ষাতে দেখিল্ঁ প্রভূ! তোর অবতার ॥

কি চাহিম্ কি বা নাহি জানহ আপনে ।

কি নাহি দেখহ তুমি দিবা দরশনে ॥" চৈঃ ভাঃ

শ্রীগোরভগবান শ্রীদৈতপ্রভ্র এই কথায় পরম সন্তোষ লাভ করিলেন। শ্রীভগবানের নিকট বর-প্রার্থনা সকাম ধর্ম। বৈফবের ধর্ম সকাম নহে। শ্রীভগবানের সহিত বৈষ্ণবের নিত্য সম্বন্ধ 'প্রভু ও দাস।'' দাসের কার্য্য বৃঝিয়া প্রস্থার দিবেন। দাস পুরস্থার চাহিবে কেন? দাসের কার্য্য অকপটে প্রভু-সেবা; প্রভুর কর্ত্তব্য উত্তরোত্তর উচ্চ সেবাধিকার দান। ভক্ত ও ভগবানের মধ্যে যে এই সেব্য সেবক সমন্ধ ইহা একেবারে স্বার্থাভিলায় শৃত্য। দাস কায়মনপ্রাণে দেবা করিয়া প্রভূকে তৃষ্ট করিবে। প্রভূ তৃষ্ট হইলেই তাঁহার সর্ব-সিদ্ধিলাভ হইল। তাহার আর কিছু চাহিবার নাই। খ্রীগোরভগবান খ্রীঅবৈতপ্রভুর প্রেম-দেবার তৃষ্ট হইয়া বৈকুঠের স্থব ছাড়িয়া নদীয়ায় পচীগর্ভে অবতীর্ণ হইয়া তাঁহাকে স্বরূপ দেখাইলেন, তাঁহাকে আত্ম-তত্ত্ব বলিলেন, তাঁহার নিকট আত্মপ্রকাশ করিলেন। শ্রীঅদৈতপ্রভু কলিহত জীবের মঙ্গলকামনায় কলিক্লিষ্ট জীবোদারকল্পে আকুলপ্রাণে ঐকান্তিক ভক্তির সহিত শ্রীকৃষ্ণচন্দ্রের অবতার কামনা করিয়াছিলেন। প্রভু কুপা করিয়া তাঁহাকে সর্ব-অবতারসার শ্রীশ্রীগৌরকৃষ্ণমৃতি দেখাইলেন, আর তাঁহার কোন অভিলামই নাই। তাঁহার সকল অভিলাষই দয়াময় প্রভু পূর্ণ করিলেন। তাই তিনি বলিলেন--

"বে বর চাহিলুঁ তাহা পাইলুঁ সকল।"
প্রস্থা কিন্তু ছাড়িবার পাত্র নহেন। শ্রীঝাঁষতপ্রভুর
মুখ দিয়া শ্রীগোরান্ধ-অবতারতত্ব প্রকাশ করাইবেন,
ইহাই তাঁহার ইচ্ছা। তিনি যুগ-ধর্ম প্রচার করিবেন,
অজভব-বান্থিত প্রেমভক্তি কলিহত জীবের ঘরে ঘরে
বিলাইবেন, এই জন্মই তাঁহার নদীয়ায় অবতার গ্রহণ।
সেই মূল কথা তুলিয়া শ্রীগোরভগবান আবিইভাবে মন্তক
চুলাইতে চুলাইতে শ্রীঅবৈষ্ঠাচার্য্যকে নিজ অবতারের মূল

মন্ত্ৰ বলিলেন। যথা শ্ৰীচৈতগুভাগবতে—

মাথা ঢুলাইয়া বোলে প্রভূ বিশ্বস্তর ।

"তোমার নিমিত্তে আমি হইলুঁ গোচর ॥

ঘরে ঘরে করিমু কীর্ত্তন পরচার ।

মোর বশে নাচে যেন সকল সংসার ॥

ব্রহ্মা ভব নারদাদি যারে তপ করে ।

হেন ভক্তি বিলাইমু ধলিলুঁ তোমারে ॥"

শীক্ষাকৈতপ্রভু একণে সময় বুঝিয়া প্রভূর চরণ ধরিয়া

কাঁদিতে কাঁদিতে একটি ভিক্ষা প্রার্থনা করিলেন। বৈষ্ণবের বর প্রার্থনার নাম ভিক্ষা। ভগবদ্দাস নিজ্প প্রভুর নিকট একটি ভিক্ষা চাহিলেন—

——"যদি ভক্তি বিলাইবা।
ন্ত্রী শৃক্ত আদি যত মূর্থেরে সে দিবা॥
বিক্যা-ধন-কুল আদি তপস্থার বাদে।
তোর ভক্ত, তোর ভক্তি যে যে জনে বাধে॥
সে পাপিষ্ঠ দেখি সব মক্ষক পুড়িয়া।

চণ্ডাল নাচুক তোর নাম গুণ গ্যায়্যা॥" চৈ: ভা: শ্রীঅদ্বৈতাচার্যা তাঁহার অভীষ্ঠদেবের নিকট কি বর চাহিলেন বৃঝিলেন কি ? বিগাভিমানী পণ্ডিত ও জ্ঞানী দিগের মতে স্ত্রী-শূব্র ও নীচ জাতি, শাস্ত্রচর্চায় ও শ্রীবিগ্রহ **अनिधिकाती, भाज-आ**रलाहना ইहारनत भरक নিষিদ্ধ। পাণ্ডিত্যাভিমানী জ্ঞানগৰ্কীগণ এই শ্ৰেণীর জীবকে চিরকাল হীন চক্ষে দেখেন। খ্রীভগবানের চক্ষে তাঁহার স্ট জীব সকলেই সমান। কুপা করিয়া প্রকৃ যথন বলিলেন ভক্তি বিলাইতে তাঁহার এই অবতার গ্রহণ, তখন সর্বভৃত সমদর্শী মহাবিষ্ণুর অবতার শ্রীঅবৈতপ্রভূ এ শুভ স্থবোগ ছাড়িবেন কেন? শান্তিপুরনাথ কলিহত জীবের ছংখে ও নিত্য হাহাকারে ক্লিষ্ট হইয়া প্রভুর নিকট এই ভিক্ষা প্রার্থনা করিলেন "প্রভু হে! যদি দেই অজভব বাঞ্চিত প্রেম-ভক্তিই তুমি বিলাইতে এই অবতার গ্রহণ করিয়াছে, দেখ হে পতিতপাবন প্রভু! স্ত্রী শূদ্র নীচ জাতি যেন বাদ পড়ে না। এই হল্লভ বস্ত তাহাদিগকে কুপা করিয়া তুমি দান করিবে। পাণ্ডিত্যাভিমানী কুলশীলসম্পন্ন বিপ্র বা रयागधर्मावनची जनवी हेश तिथिया जनिया श्रृष्या मकक, তাহাতে কোন ক্ষতি নাই, চণ্ডাল তোমার প্রেমময় নাম গুণ গাইয়া কুতার্থ হউক।"

এরপ বর কলিমুগে কেহ কথন শ্রীভগবানের নিকট প্রার্থনা করেন নাই। ভক্তিজগতেই এইরপ বর প্রার্থনা দৃষ্ট হয়। জগতের ইতিহাস খুঁজিমা দেথ, ধর্ম জগতের প্রাচীন ধর্ম-কাহিনী সকল পাঠ করিমা দেথ, এরপ উচ্চভাবপূর্ণ, এরপ উদারতাপূর্ণ, এরপ সর্বজীব-হিতকারী প্রার্থনাবাক্য কোথাও দেখিতে পাইবে না। গৌরভক্ত বৈশ্ববৃদ্দের বর প্রার্থনা জগতে অদ্ভূত, তাঁহাদের আত্ম নিবেদন অপূর্ব্ব, শীভগবানের নিকট তাঁহাদের ভিক্ষা সাধারণ সাধকের মত নহে। বৈশ্বরের প্রার্থনায় স্বার্থ ও স্বাভীষ্ট লাভ—বাসনা-পরিত্পির লেশমাত্র নাই, সকাম উপাসনার গন্ধ মাত্র নাই। প্রভূর মহাপ্রকাশলীলাবর্ণনার সময় এই গুরুতর বিষয়টি বিশেষভাবে আলোচনা করিবার ইচ্ছা রহিল।

শান্তিপুরনাথের এই অপুর্ব বর-প্রার্থনা শুনিয়া প্রভু প্রেমানন্দে হুকার করিয়া বজ্রগন্তীরনাদে বলিলেন "তথাস্ক।" ভক্তবৃন্দ আনন্দে হরিধ্বনি করিতে লাগিলেন। श्वतमातीवृक्त त्थामान्य ७७ भः थस्तिन कतिए नागित्नन। প্রীঅদ্বৈতপ্রভুকে সকলে ধরা ধরা করিতে লাগিলেন। নকলের মুথেই "জয় শ্রীশ্রীনবদ্বীপচন্দ্রের জয়। জয় শচী-মন্দনের জয়। জয় শান্তিপুরনাথের জয়! জয় শ্রীঅহৈত-প্রভুর জয়।" এইরূপ জয় জয় শব্দে নদীয়া-গগণ প্রকম্পিত হইল। শ্রীবাস-অঙ্গনে সেদিন যে আনন্সপ্রোত প্রবাহিত হইল, তাহাতে সৰ্ধানদীয়া প্লাবিত হইল। নদীয়াবাসী স্কৃতিবান নরনারীরুদ্দ প্রেমানন্দে ভাসিয়া শ্রীগৌরভগবানের ভগবত্তায় স্থৃদুঢ় বিখাদ স্থাপন করিলেন। তাঁহার। যথন ভনিলেন সর্বলোকপুজ্য, সর্ববিভাবিশারদ, সর্বশান্তজ বুদ্ধ ব্রাহ্মণ শ্রীঅধৈত আচার্য্যের মন্তকে প্রভু শ্রীচরণ প্রদান করিয়া তাঁহাকে রূপা করিয়াছেন, তথন তাঁহাদের মনে শচীনন্দনের ভগবতা সম্বন্ধে সকল সংশয় দূর হইল। তাঁহার। একে একে সকলে আসিয়া প্রভুর শরণাগত হইতে नाशित्नम । ननीयात देवश्वमः था এই ऋत्य निन निन वृक्षि रहेटक नाजिन।

প্রভূ আত্মসম্বরণ করিয়া শ্রীঅবৈতপ্রভূকে বলিলেন "আচার্যা! তুমি সম্ত্রীক নবদীপে বাস কর।" শ্রীঅবৈত প্রত্মানন্দে বৈষ্ণবর্গণ লইয়া নদীয়ায় কৃষ্ণকীর্ত্তন করিয়া ভক্তিমত প্রচার করিতে লাগিলেন এবং অবৈতসভার পুনর্গঠন করিয়া ভক্তিমত প্রচার করিতে লাগিলেন (১)। শ্রীনিত্যানন্দ

(১) সন্ত্ৰীকে জানন্দে হৈলা জাচাৰ্য্য গোসাঞি। জভিষত পাইঞা ক্ৰিলা দেই ঠাঞি।। চৈঃ ভাঃ প্রভূত হরিদাস ঠাকুর নামপ্রচার কার্য্যে ব্রতী হইলেন।
প্রভূর আত্মপ্রকাশের সঙ্গে সঙ্গেই নানাস্থান হইতে তাঁহার
নিত্যদাসর্দ্দ নদীয়ায় আসিয়া তাঁহার সহিত মিলিত হইলেন। প্রভূ তাঁহাদিগকে তাঁহার নিত্যদীলাস্থলী নব্দীপধামে আকর্ষণ করিলেন। কারণ তাঁহারা প্রভূর সন্ধীর্ত্তন
রাসলীলার সহায় এবং নিত্য পরিকর। এইরূপে প্রভূ নবদ্বীপে আত্মপ্রকাশ করিলে নদীয়াবাসী তাঁহাকে প্রকৃতভাবে
চিনিতে পারিল; নদীয়ার নিমাইপণ্ডিতকে অনেকেই
শ্রীভগবানের স্থানে বসাইয়া ভক্তিভরে পূজা করিতে
লাগিলেন।

দ্বাত্রিংশ অধ্যায়।

শ্রীনিত্যানন্দপ্রভুর ব্যাসপূজা। শক্ত ক্ল ক্লপ দর্শন।

--:*:---

প্রভূরে ডাকিয়া বোলেন শ্রীবাস উদার। না প্রেন ব্যাস এই শ্রীপাদ তোমার॥

শ্ৰীচৈতম্ভাগৰত।

শীনিত্যানন্দ প্রভু শীবাস-অন্ধনে প্রভুর সহিত কীর্ত্তনবিলাস-রঙ্গে উন্মত্ত। শ্রীঅবৈতপ্রভু নিজ ভবনে অবৈতসভার পুনর্গঠন করিলেন। সেই সভায় নবদ্বীপের বৈষ্ণবন্
বন্দ একত্তিত হইয়া তাঁহার নিকট ভক্তিতত্ত্ব ও ক্রম্ককথা
ভনিতেন। সেখানেও কীর্ত্তন হইত। শ্রীবাস-অন্ধনে
প্রতিদিন রাজিতে কীর্ত্তন হইত। প্রভু সেই কীর্ত্তনে মধুর
নৃত্য করিতেন। শ্রীনিত্যানন্দ প্রভুর উদ্বত নৃত্যে পৃথিবী
কম্পিত হইত। শ্রীঅবৈতাচার্য্যের স্কুলর নৃত্যভুদীতে ও
ছমার-গর্জনে ভক্তর্নের মন হরণ করিত। শ্রীবাস-অন্ধনে
আনন্দের স্রোত প্রবাহিত হইত। একবংসরকাল প্রভু
শ্রীবাস-অন্ধনে নৃত্যকীর্ত্তন-বিলাস প্রক্ট করিলেন (১)।

তবে প্রস্কৃতীবাদের গৃহে নিয়ন্তর।
রাত্রে সংকার্তন কৈল এক সম্বংসর।।
কপাট দিয়া কার্ত্তন করে পর্যর আবেশে।
পাবতী হানিতে আইদে না পার প্রবেশে।। হৈঃ চঃ

শীনিত্যানন্দ প্রভুর বালভাবে সর্বানদীয়ার লোক মৃধ।
সর্বানদীয়ায় তিনি অবধৃতবেশে পরিভ্রমণ করেন। তাঁহার
বদনে কেবল—

ভঙ্গ গৌরান্ধ কহ গৌরান্ধ লহ গৌরান্ধের নাম রে।

যে জন গৌরান্ধ ভজে সেই আমার প্রাণ রে।

নদীয়াবাসীকে তিনি গৌরান্ধ-ভজন শিক্ষা দেন,
হরিনাম মহামন্ত্র দীক্ষা দেন। ঠাকুর হরিদাস তাঁহার

এই কার্য্যের প্রধান সহায়। তুই জনে বড় সম্প্রীতি।

নিজ মন্দিরে বসিয়া একদিন প্রভু মধুর রুফ্ষকথা কহিতেছেন। অবধৃত নিত্যানন্দ প্রভু আর ভক্তবৃন্দ শ্রবণ করিতেছেন। সকলেরই নয়নে আনন্দ ধারা। রুফ্ষ-কথা-রসে সকলেই উন্মত্ত। প্রভু আবিষ্ট হইয়া রুফ্ষ-তুণ গাহিতেছেন। সেথানে যেন স্থার্টি হইতেছে। রুফ্ষকথা-প্রসঙ্গে সকলের মন উল্লাসিত। প্রভু রুফ্ষকথা শাক্ষ করিয়া শ্রীনিত্যানন্দ গ্রভুর প্রতি চাহিয়া কহিলেন—

> "শুন শুন নিত্যানন্দ শ্রীপাদ গোসাঞি। ব্যাসপূজা তোমার হইব কোন ঠাঞি॥ কালি হৈব পৌর্ণমাসী ব্যাসের পূজন। আপনে বুঝিয়া বোল যারে লয় মন॥" চৈঃ ভাঃ

সন্মাদীদিগের ব্যাসপ্তা অবশু কর্ত্তর। অবধৃত শ্রীনিত্যানন্দপ্রভু সন্মাসধর্ম আশ্রয় করিয়াছেন, অতএব তাঁহার পক্ষে ব্যাসপ্তা আবশুকবোধে ধর্ম-সংস্থাপক শ্রভু তাঁহাকে এই ভঙ তিথি স্মরণ করাইয়া দিলেন। শ্রীবাসপতিত কিছু দূরে বসিয়া ছিলেন। শ্রীনিত্যানন্দপ্রভু উঠিয়া তাঁহার হন্ত ধারণ করিয়া প্রভুর নিকটে হাজির করিয়া হাসিয়া কহিলেন—

ব্যাস পূজা এই মোল্ল বামনের ঘর ॥" চৈঃ ভাঃ

শ্রীনাসপথিতের উপর গুঞ্জার পড়িল। শ্রীনিত্যা-নন্দপ্রভূ ব্যাসপূজা করিবেন, তত্পযুক্ত উদেখাগ আয়োজন করিতে হইবে। সর্ক নবদীপের বৈষ্ণবগণ শ্রীনিত্যানন্দ প্রভূর ব্যাসপূজা দেখিতে আসিবেন। তাঁহাদিগকে প্রসাদ বিভরণ করিতে হইবে; সময় নাই। কল্য পূর্ণিমা তিথি, ব্যাদপূজার নির্দিষ্ট দিন; সর্বজ্ঞ প্রভু শ্রীবাদপণ্ডিতের মন বৃঝিয়া তাঁহার প্রতি শুভ দৃষ্টিপাত করিয়া মধুর হাদিয়া কহিলেন—

"বড় ভার লাগিল তোমার উপর।" কৃষণাময় প্রভুর কুপাদৃষ্টিতে শ্রীবাদপণ্ডিত কৃতার্থ হইয়া উত্তর করিলেন—

প্রভূ কিছু নহে ভার।
তোমার প্রসাদে সব ঘরেই আমার॥
বন্ধ মৃদ্য যজ্ঞ স্থ্র স্থত গুয়া পান।
বিধি যোগ্য যত সজ্জ সব বিদ্যমান॥
পদ্ধতি পুন্তক মাত্র মাগিয়া আনিব।
কালি মহা ভাগ্যে ব্যাস পূজন দেখিব॥" ৈ চৈঃ ভাঃ

ব্যাদপূজা গৃহস্থর্মাচরণ নহে। উহা সন্মাদ ধর্মাচরণ ; কাজেকাজেই এই পূজার পদ্ধতিপুত্তক গৃহী বান্ধণ পণ্ডিতের গৃহে কি করিয়া থাকিবে। তাই শ্রীবাদপণ্ডিত পুঁথিখানি কেবল চাই, তাহা মাগিয়া আনিব। অন্ত সকল দ্রব্যাদি আমার গৃহ্ছেই আছে। শ্রীবাসপণ্ডিতের কথায় প্রভূ অতিশয় প্রীত হইলেন। ভক্তবৃন্দ আনন্দে হরিধ্বনি করিলেন। কিছুক্ষণ পরে শ্রীগৌরাঙ্গপ্রভূ শ্রীনিত্যানন্প্রভুকে সঙ্গে লইয়া শ্রীবাসমন্দিরে গমন করি-লেন। সঙ্গে ভক্তগণ চলিলেন। নদীয়ার পথে ভক্তবৃন্দ বেষ্টিত হইয়া নিতাই-গৌর তুই ভায়ে হাত ধরাধরি করিয়া রক্ষেভকে হেলিয়া ছলিয়া চলিয়াছেন। বোধ হইতেছে যেন ব্রঞ্জের পথে রামকৃষ্ণ গোপবালকরুন্দে পরিবেষ্টিত इरेग्रा लीलांत्रक छिलग्राष्ट्रन । नेनीग्रावामी नवनातीवृत्त গৌরনিত্যানন্দরূপ-মাধুরীরদে মগ্ন হইয়া দর্ব্ব কর্ম পরিত্যাগ পূর্বক যুগলরপ-স্থা পান করিতেছে। আর মনে মনে ভাবিতেছে এমন রূপের সাগর ও গুণের নাগর তুইটিকে যদি একটিবার বক্ষের উপর নাচাইতে পারি তবে প্রাণের সাধ মিটে (১)। নদীয়াবাসীর স্থদয়ে প্রেম-ত্রুক

^{(&}gt;) হুবেরই পাধার নদীদার। গৌরাকটাদের উদর।।

ছুটাইয়া, বর্হিম্থ পাষণ্ডীদিগের মনে ভীতির সঞ্চার করিয়া নিতাই-গৌর সদর্পে নদীয়ার পথ আলোকিত করিয়া সদল-বলে, চলিয়াছেন। শ্রীবাসমন্দিরে প্রবেশ মাত্র প্রভুর আজ্ঞার বহিছারে কবাট পাড়িল। নিতান্ত নিজ্জন ভিন্ন সেথানে জন্ম কাহারও প্রবেশ করিবার অধিকার নাই।

> কপাট পড়িল তবে প্রভূর আজায়। আপ্রগণ বিনে আর যাইতে না পায়। চৈঃ ভাঃ

প্রভুর আদেশে যুগধর্ম-সংকীর্ত্তনযক্ত আরম্ভ হইল। মৃদক্ষ করতালধানিতে - এৰাসঅঞ্চন মুখরিত হইল। **এে** भागतम ভक्তबृत्मत भतीत भूतिक्छ इट्टेन। শ্রীনিত্যান প্রপ্রত্বর ব্যাসপূজার অধিবাসকীর্ত্তন। প্রভূ অতি স্থকর অঙ্গভঙ্গী করিয়া স্কাণ্ডে কীর্ত্তনে নামিলেন। শ্রীনিত্যানন্দপ্রভূ তাঁহার সঙ্গে পরমানন্দে যোগ দিলেন। ছই প্রভূ হাত ধরাধরি করিয়া প্রথমে মধুর নৃত্য করিতে লাগিলেন। ভক্তবুন তাঁহাদিগকে বেষ্টন করিয়া ক্লফ কীর্ত্তনের ধুয়া ধরিলেন। জ্রমে কীর্ত্তনান্দ ঘনীভূত হইলে, ছই প্রভু হন্ধারগর্জন করিতে লাগিলেন। কাহারও বাহজান নাই। প্রভু প্রেমভরে মৃচ্ছিত হইলেন, শ্রীনিত্যা-নন্দপ্রভূ ধূলায় পড়িয়া গড়াগড়ি দিতে লাগিলেন। ভক্ত-কুল প্রেমানন্দে বিভোর হইয়া অঝোর নয়নে ঝুরিতে লাগিলেন। মূচ্ছাভঙ্গে প্রভু উঠিয়া শ্রীনিত্যানন্পপ্রভুকে প্রেমভরে গাঢ় প্রেমালিঙ্গন দান করিলেন। তাহার পর ছ্ইজনে পুনর্কার মধুর নৃত্য আরম্ভ করিলেন। নৃত্য করিতে করিতে উভয়ে উভয়ের পদধূলি লইবার জন্ম রণ-রকে মত্ত হইলেন। উভয়েই চতুর চূড়ামণি,—উভয়েই कीर्जन तनवीत, উভয়েই প্রেমবলে বলীয়ান্। কাহারও চরণ ধরিতে পারিলেন না। তথন আত্যন্তিক প্রেমাবেশে উভয়েই শ্রীবাস্ত্রস্থনের ধুলায় পড়িয়া গড়াগড়ি मिट्ड नाशिस्नि। काशांत्र वाश्कान नारे। **धा**नूत

মনে করি, নদে ভরি, এ দেহ বিছাই।
ভাহার উপরে আমার গৌরাঙ্গ নাচাই।।
প্রাচীন পদ।

পরিধান বসন খিনিয়া পড়িল, শ্রীনিত্যানদ্দ প্রভুৱ কৌপীন শিথিল হইল। ভক্তবৃদ্দ উভয়ের বসন সম্বরণ করিয়া দিতে গেলেন। কিন্তু কাহাকেও ধরিতে পারিলেন না (১)। উভয়েই কীর্ত্তনানন্দে উন্মন্ত। মদমন্ত হন্তীর ছায় তুই কাত্তর পদভরে পৃথিবী যেন টল মল করিতেছে। শ্রীনিত্যানন্দপ্রভুৱ উদত্ত নৃত্যে মেদিনী ভূমিকম্পের ন্যায় ঘন ঘন কম্পান্তি হইতেছে। প্রভুৱ মধুর নৃত্য-বিলাসভন্দী দেখিয়া ভক্তবৃদ্দের মনে আনন্দের তরক্ষ উঠিয়াছে। শ্রীবাস-অক্ষন আনন্দন্দবিতে পরিপূর্ণ হইল। ভক্তবৃদ্দ বৈকুঠের ছুণ অনুভব করিতে লাগিলেন।

এই সময়ে প্রভু ভগৰানভাবে আবিষ্ট হইয়া বিষ্ণুখট্টায় উঠিয়া বসিলেন। তাঁহার বলরামভাৰ হইল।
শীনিত্যানন্দপ্রভুকে তিনি নদীয়ায় ভক্তবৃন্দ মধ্যে প্রকাশ
করিবার অভিপ্রায়ে এই আত্মপ্রকাশলীলা প্রকট করিলেন।
বলরামভাবে মহামত্ত হইয়া ঘ্র্ণিতলোচনে প্রভু "মদ
আন, মদ আন" বলিয়া হু হারগর্জন করিতে লাগিলেন।
শীনিত্যানন্দপ্রভুকে সমুখে দেখিয়া তিনি প্রেমোক্সভভাবে
বলিলেন—

"ঝাট্ দেহ মোরে হল ম্বল সত্তর।"
প্রভ্র আদেশমাত্র শ্রীনিত্যানন্দ প্রভ্ উাহার হত্তে হল ও
ম্বল প্রদান করিলেন। উপস্থিত ভক্তবৃন্দ কেবল প্রভ্দ্যের হস্ত প্রসারণমাত্র দেখিতে পাইলেন। কোন কোন
স্কৃতিবান্ অন্তরঙ্গ ভক্ত স্থর্নের হল ও ম্বল প্রভ্যুক্ত দেখিয়া
কৃতার্থ হইলেন (২)। এ সকল লীলারহস্ত জীববৃদ্ধির
অগম্য। প্রভ্র নিত্যদাস কুপাসিদ্ধ ভক্তগণই এ রহক্তের
মর্ম বৃথিতে পারেন। শ্রীলবৃন্দাবনদাস ঠাকুর লিখিয়াছেন—

- পরম আলনেদ দৌহে গড়াগড়ি যায়।
 আপনা না জানে দৌহে আপন লীলায়।।
 বাহ্ দুর হইল বদন নাহি রহে।
 ধরয়ে বৈশ্বগণ ধরণ না বায়ে।। ৈচঃ ভাঃ
- (২) কর দেখে কেছো আর কিছুই না দেখে। কেছো বা দেখিল হল মুবল প্রভাকে।। চৈঃ ভাঃ

এ বড় নিপৃত্ কথা কেহমাত্র জানে। নিত্যানন্দ ব্যক্ত সেই সর্বজন স্থানে॥

বৃশাবনদাসঠাকুর শ্রীনিত্যানন্দপ্রভূব সিদ্ধ ভক্ত।
তাঁহারই শ্রীম্থে তাঁহার লীলাকথা শুনিয়া তিনি লিপিবদ্ধ
করিয়াছেন; এই নিগৃঢ় কথাটি শ্রীনিত্যানন্দপ্রভূই বোধ হয়
তাঁহার নিকট ব্যাক্ত করিয়াছিলেন। শ্রীভগবানের অলৌকিক লীলাকথায় স্থাচ় বিখাস আবশ্রক। শ্রীভগবানের সকল
কার্যাই অলৌকিক। তাঁহার কার্য্যে অলৌকিকত্ব না
থাকিলে, তাঁহার ভগবতাই থাকে না। এই জন্ম শ্রীভগবান তাঁহার অসংখ্য অবতারে অসংখ্য অলৌকিক লীলা
করিয়া গিয়াছেন। এই অলৌকিক কার্যাগুলি তাঁহার
লীলারক। আর এই লীলারকতেই তাঁহার আত্মপ্রকাশ
দৃষ্ট হয়। শ্রীভগবান যাহাকে কুপা করেন, তিনিই তাঁহার
আলৌকিক লীলায় বিশাস করেন।

প্রভূ শ্রীগোরাক শ্রীনিত্যানক্ষপ্রভূর হস্ত হইতে হল মৃষল লইয়া প্রেমোক্সভাবে "বাক্ষণী বাক্ষণী" বলিয়া প্রবল হকার গজ্জন করিতে লাগিলেন। ভক্তগণ প্রভূর উন্মন্তভাব দেখিয়া ভয়ে স্বস্তিত হইয়া আছেন, কি করিবেন কিছুই স্থির করিতে পারিতেছেন না। সকলেই পরস্পর মৃথ চাহাচাহি করিতেছেন। স্বচতুর শ্রীবাসপণ্ডিত তথন ঘটপূর্ণ গলাজল আনিয়া প্রভূর শ্রীহস্তে দিলেন। প্রভূ মহানক্ষে তাহা পান করিলেন(১)। সত্যসত্যই তিনি বেন কাদম্বরী পানে উন্মন্ত হইলেন। প্রভূ তাঁহার পানীয় জল ভক্তবৃন্দকে প্রসাদ দিলেন। ভক্তবৃন্দ প্রভূদত্ত অমৃতবারি পান করিয়া প্রেমানক্ষে বিভোর হইয়া শ্রীবলরামের স্থাতি পাঠ করিতে লাগিলেন। ইহার পর প্রভূ "নাড়া নাড়া" বলিয়া উচ্চৈশ্বরে ডাকিতে লাগিলেন। ৫মাবেশে তিনি মন্তক ঢুলাইতেছেন, আর তাঁহার প্রিয় ভক্ত নাড়াকে ডাকিতেছেন। "গৌর-আনা-গোসাঞি" তথন শান্তিপুরে

(>) সর্বাহন দেই জল প্রভু কয়ে পান। সভা বেন কাদখনী পিয়ে হেন ভান।। চৈ: ভা: ছিলেন। নদীয়ার ভক্তরুক প্রভুর শ্রীমুখে "নাড়া" শব্দ এই প্রথম শুনিলেন। সকলে প্রভুর নিকটে গিয়া কর-যোড়ে কহিলেন "প্রভু! নাড়া কে?" প্রভু আবিষ্ট-ভাবে উত্তর করিলেন—

শংশত আচার্য্য বলি কথা কহে যার।
সেই নাড়া লাগি মোর এই অবতার॥
মোহরে আনিল নাড়া বৈকুণ্ঠ থাকিয়া।
নিশ্চিন্তে রহিলা গিয়া হরিদাস লৈয়া॥
সংকীর্ত্তন আরম্ভে মোহর অবতার।
ঘরে ঘরে করিলুঁ কীর্ত্তন পরচার॥
বিদ্যা ধন কুল জ্ঞান তপস্থার মদে।
মোর ভক্ত স্থানে যার আছে অপরাধে॥
সে অধম সভারে না দিমু প্রেম্যোগ।
নাগরিয়া প্রতি দিব ব্লুজাদির ভোগ"॥"

ভক্তগণ তথন প্রভুর মনের ভাব ব্রিলেন। প্রভু এখানে নদীয়ায় ভক্তগণ সমক্ষে আত্মপ্রকাশ করিয়া তাঁহার অবতার সম্বন্ধে ত্ইটা গৃঢ় কথা বলিলেন। প্রথম কথা "সংকীর্ত্তন আরম্ভে তাঁহার অবতার"। দিতীয় কথা "পাণ্ডিত্য ও কুলশীলাভিমানে যিনি তাঁহার ভক্তের নিকট অপরাধী, তাঁহাকে তিনি এই অবতারে প্রেমভক্তি দিবেন না।" নদীয়ার ভক্তবৃন্দ ব্রিলেন "সংকীর্ত্তন-যজ্ঞেশর প্রভু যুগধর্ম-প্রবর্তন কার্য্য আরম্ভ করিয়াছেন, জ্ঞানযোগী ও কন্মীগণ যুগধর্ম সংকীর্ত্তন-যজ্ঞে যোগ না দিলে তাঁহাদের উদ্ধারের আর উপায় নাই। তাঁহারা প্রভুব মন ব্রিয়া জীবোদ্ধার কার্য্য আরম্ভ করিলেন।

পূর্ব্ব অধ্যায়ে নবদীপে শান্তিপুরনাথ শ্রীঅদৈত প্রভুর নবদীপে আগমন-কাহিনী বর্ণিত হইয়াছে। শ্রীনিত্যানন্দ প্রভুর ব্যাসপূজার পর শ্রীঅদৈতপ্রভু নবদীপে আগমন করেন। প্রভুর উপরিলিখিত উক্তি শ্রীঅদৈতপ্রভুর নয়দীপ আগমনের পূর্ব্বে তাঁহার শ্রীম্থ হইতে নির্গত হইন্যাছিল। লীলা বর্ণনাতে ক্রমভঙ্গ দোষ মার্জ্কনীয়। ক্তৃপান্ময় পাঠকরন্দ তাহা অবশ্বই জ্ঞাত আছেন।

এসব কথার অহকেম নাহি জানি। যে তে মতে চৈতন্তোর যশ সে বাখানি॥ চৈঃ চঃ

প্রভূ আত্মসম্বরণ করিলেন। তাঁহার বাহ্যজ্ঞান হইলে তিনি ভক্তর্পকে লজ্জিতভাবে জিজ্ঞাসা করিলেন "আমি কিছু চাঞ্চল্য করিলাম ?" ভক্তর্প হাসিয়া উত্তর করিলেন "না, এমন কিছু নয়"।

"কি চাঞ্চল্য করিলাও" প্রভূ জিজ্ঞাসয়ে।
ভক্ত সব বোলে "কিছু উপাধিক নহে।" চৈঃ ভাঃ
ভক্তবুন্দের কথা শুনিয়া প্রভূ হাসিয়া সকলকে প্রেমাকিঙ্গনদানে কতার্থ করিলেন। তিনি বিনীতভাবে সকলকে
কহিলেন—

"অপরাধ মোর না লইবা সর্কাকণ"।

প্রভুর কথায় ভক্তবুন্দ হাসিয়। অস্থির হইলেন। শ্রীনিত্যানন্ত্রভু প্রেমানন্দে ভূমিতলে ধুলায় গড়াগড়ি দিতে লাগিলেন। রঙ্গিয়া প্রভুর রঙ্গ দেখিয়া তিনি আর তাঁহার ভাব সম্বরণ করিতে পারিলেন না। তিনি প্রেম-রুদে বিহ্বল হইয়া কথন বা উচ্চ হাস্থ্য, কথন ক্রন্দন, কথন বা বাল্যভাবে দিগম্বর হইয়া নৃত্য করিতে লাগিলেন। তাঁহার দণ্ডকমণ্ডলু কোথায় পড়িয়া রহিল,—কোথায় বা কৌপীন খদিয়া পড়িল,—কিছুই জ্ঞান নাই। তিনি প্রেমানন্দে হন্ধার গর্জন করিতেছেন। ভক্তগণ তাঁহাকে ধরিতে গেলেন, কিছুতেই তাঁহাকে কেহ শাস্ত করিতে পারিলেন না। তিনি যথন অত্যন্ত চঞ্চল হইয়া উঠিলেন, তথন প্রস্থু তাঁহার নিকট গিয়া হস্তধারণ করিয়া তাঁহাকে স্থান্তির করাইলেন। প্রভু বলিলেন "শ্রীপাদ! স্থির হও, কল্য তোমার ব্যাসপূজা, অগ্ন অধিবাসে এত চঞ্চলতা করিলে কল্য কি করিয়া পূজা করিবে ?" প্রভুর কথায় প্রেমান্ত শীনিত্যানন্ত্রভু কথঞ্চিৎ স্থির হইলেন। শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর লিখিয়াছেন-

চৈতন্তের বচন-অঙ্কৃশ সবে মানে।
নিত্যানন্দ মত্ত সিংহ আর নাহি জানে॥
প্রভূ ভক্তবৃন্দকে বিদায় দিয়া, নিত্যানন্দপ্রভূকে প্রেমালিঙ্কন দিয়া রাজিতে নিজ মন্দিরে গমন করিলেন।

শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীবাসভ্যনেই রহিলেন। ভক্তবৃশ্ব প্রভুকে তাঁহার মন্দিরে রাখিয়া স্ব স্ব গৃহে গমন করিলেন; রাজি তখন দিতীয় প্রহর অতীত হইয়াছে। শ্রীনিত্যানন্দ-প্রভুর ব্যাসপূজার শুভ অধিবাসকর্ম এইরূপে স্বসম্পন্ন হইলে তিনি শয়ন করিলেন।

শ্রীবাসগ্রহে শ্রীনিত্যানন্দপ্রভু শয়ন আছেন। শ্রীবাস-পণ্ডিত নিজ শয়নগৃহে শয়ন আছেন। রামাইপণ্ডিত পার্বের প্রকোষ্টে শয়ন করিয়াছেন। গভীর রাত্রিতে শ্রীনিত্যানন্প্রভু শ্যা হইতে উঠিলেন। চন্দ্রালোকে তাঁহার শয়নগৃহ আলোকিত। তাঁহার দণ্ডকমণ্ডলুর প্রতি লক্ষ্য পড়িল। প্রবল হুকার গর্জ্জন করিয়া তিনি তাঁহার দণ্ডকমণ্ডলু ভাঙ্গিয়া ফেলিলেন, এবং পুনরায় শয়ন করি-লেন। রামাঞিপণ্ডিত প্রাতে শ্যাত্যাগ করিয়াই শ্রীনিত্যানন্প্রভুর শয়নগৃহে গিয়া তাঁহাকে নিত্য দর্শন করিয়া পদধূলি লইতেন। তিনি গৃহমধ্যে দণ্ড ও কমণ্ডলু ভগ্ন দেখিয়া ৰিম্মিত হইলেন। শ্ৰীবাসপণ্ডিতকে তৎক্ষণাৎ এই সংবাদ দিলেন। খ্রীবাসপণ্ডিত আসিয়া সকলি দেখি-লেন এবং প্রভূকে এ সংবাদ সহর জানাইতে কহিলেন। রামাঞিপণ্ডিত প্রভুর নিকটে ছুটিলেন। প্রভু ইহা শুনিয়া হাসিতে হাসিতে শ্রীবাসঅঙ্গনে আসিয়া পৌছিলেন (১)। প্রভূকে দেখিয়া শ্রীনিত্যানন্দপ্রভূ আনন্দে হাসিয়া আকুল হইলেন। হাসিতে হাসিতে তাঁহার বাহজান লুপ্ত হইল। শ্রীনিত্যানন্দপ্রভুর এত আনন্দ ও হাসির তরঙ্গছটা পূর্বের (कह कथन एनएथन नाई। मकल्वेड छाँशात आक्रिकात अत्रथ

(১) কথো রাত্রে নিত্যানন্দ হ্বার করিরা।
নিজ দণ্ড কমগুলু কেলিলা ভালিরা।।
কে ব্রুরে ইপরের চরির অবও।
কেনে ভালিলেক নিজ কমগুলু দও।।
প্রভাতে উরিরা দেখে রামাই পশুত ।
ভালা দণ্ড কমগুলু দেখিরা বিন্দিত।।
পণ্ডিতের হানে কহিলেন ভতক্ষে।
শ্রীবাস বোলেন ঘাও ঠাকুরের হানে।।
রামাইর মুখে শুনি আইলা ঠাকুর
বাহ্য নাহি নিত্যানন্দ হানেন প্রচুর।। চৈঃ ভাঃ

অপূর্ব্ব প্রেমভাব দেখিয়া বিশ্বিত হইলেন। স্ব্রব্জি প্রভ শীনিত্যানন্দ-মর্ম সকলি জানেন। তিনি আর কিছু না ৰলিয়া শ্ৰীহন্তে ভগ্ন দণ্ডটি তুলিয়া লইয়া অবধৃত শ্ৰীনিত্যা-नमञ्जूरक मद्भ कतिया श्रमात्रात हिन्दिन। পণ্ডিত ও শ্রীবাসাদি ভক্তবৃন্দ প্রভূর সঙ্গে চলিলেন। প্রভূর হত্তে ভগ্ন দণ্ড দেখিয়া শ্রীনিত্যানন্প্রভুর শ্রীবদনে পুনরায় উচ্চ হাসির রোল উঠিল। তিনি আজ কেন, এত হাসিতে-ছেন, তাঁহার মনে কেন আজ এত আনন্দ উচ্ছাস, কেহই তাহা বৃঝিতে পারিতেছেন না। প্রভু গন্ধাতীরে গিয়া নিত্যানন্দপ্রভূর ভগ্ন দওটিকে গন্ধান্ধলে সমর্পন করিলেন। গঙ্গার প্রবল তরঙ্গমোতে তৎক্ষণাৎ তাহা কোথায় ভাসা-ইয়া লইয়া গেল, ভাহা কেহ কেহ দেখিতে পাইলেন না। শ্রীনিত্যানন্প্রভুর দণ্ডের অন্তর্গান দেখিয়া তাঁহার মনে অধিকতর আনন্দ হইল। তিনি প্রেমানন্দে ঝপ্প দিয়া গঙ্গা-গর্ভে পতিত হইলেন। নির্ভয় হৃদয়ে মাঝ গঙ্গাজলে গিয়া তিনি আনন্দে সম্ভরণ দিতে লাগিলেন। কুন্ডীর দেখিয়া বেগে ধরিতে যান, ইহা দেখিয়া শ্রীবাদাদি ভক্তরুল হায় হায় করিতে লাগিলেন। অবধৃত খ্রীনিত্যানন্পপ্রভূকে কেংই নিবারণ করিতে পারিলেন না। তথন প্রভু তাঁহাকে উচৈচ: यद जिया विलालन "अटर जीलान! তোমার ব্যাস পূজা। শীঘ্র স্নান করিয়া চল" (১) প্রভুর কথায় তিনি গন্ধাগর্ভ হইতে তীরে উঠিলেন। প্রভুর সঙ্গে শ্ৰীবাসঅঙ্কনে আসিলেন। সেথানে সকল ভক্তগণ আসিয়া भिनित्नन ।

এই যে শ্রীনিত্যানন্পপ্রভুর দণ্ডভঙ্গ-লীলা, ইহা নিগৃত্ রহস্ত পূর্ণ। এক্ষণে তিনি আপন দণ্ড আপনিই ভঙ্গ করি-লেন। পরে প্রভুর দণ্ডও তিনিই ভাঙ্গিয়াছিলেন। তাহারও গৃত্ মর্ম আছে। এই অপূর্ব দণ্ডভঙ্গ-লীলা লইয়া একটু আলোচনা করিব।

শীনিত্যানন্প্রভূ অবধৃত সন্মাসী। দণ্ড গ্রহণ ও ধারণ

(>) বিজ্ঞানন্দ প্রতি ডাকি বোলে বিষম্ভর। ব্যাস পুঞা আসি বাই করহ সহর।। চৈঃ ডাঃ তাঁহার স্বধর্ম। দণ্ডই সন্ন্যাসীর প্রাণ। ছাদশ বর্ষ বয়ক্রম হইতে শ্রীনিত্যানন্দপ্রভু এই দণ্ড বহন করিয়া আসিতেছেন, ছেন। বিংশতিবর্ষ কাল যে ধর্মাচরণ করিয়া আসিতেছেন, যে দণ্ড নিজ ক্ষন্ধে ধারণ করিয়া আসিতেছেন, আজ তিনি অকমাৎ সেই স্বধর্মের এরপ বিরুদ্ধাচরণ করিলেন কেন? সেই দণ্ড আজ ভঙ্গ করিলেন কেন? ইহার অবশ্রুই গৃঢ় অর্থ আছে। শ্রীনিত্যানন্দপ্রভু লীলাচলের পথে ব্ধন শ্রীকৃষ্ণচৈত্রপ্রভুর দণ্ডভঙ্গ করিয়াছিলেন, সেই দণ্ডভঙ্গ লীলা বর্ণনা করিতে করিতে শ্রীল কবিরাজগোস্বার্য লিখিয়াছিলেন—

এহে। কেন দণ্ড ভাঙ্গে তেঁহে। কেন ভাঙ্গায়।

ভাঙ্গাইয়া কেন ক্ৰদ্ধ এহো ত দোধায়॥

म छ- छ**त्र**-लील। **এই** পরম গঞ্চীর।

সেই নুঝে দোঁহার পদে যার ভক্তি ধীর॥ চৈঃ চঃ
প্রভাৱ দণ্ডভঙ্গ-লীলা, এবং শ্রীনিত্যানন্দপ্রভাৱ দণ্ডভঙ্গলীলাতে একটু বিশেষত্ব আছে। শ্রীনিত্যানন্দপ্রভাৱ যথন
নীলাচলের পথে প্রভাৱ দণ্ডভঙ্গ করিয়াছিলেন, প্রভাভ তথন
ক্রুদ্ধ হইয়া সকলের সন্ধ ত্যাগ করিয়া সর্কাণ্ডে নীলাচলে
চলিয়া গিয়াছিলেন। শ্রীনিতাইচাঁদের এই কার্য্যে প্রভাৱ মনে
বড় হুঃখ হইয়াছিল। কিন্তু শ্রীনিত্যানন্দপ্রভাৱ দির দং
ভান্ধিয়া মনের আনন্দে হাসিয়া অন্থির হইলেন। এত
আনন্দ,—এত হাসি,—তাঁহারা কেহ কথন পূর্ব্বে দেখেন
নাই। তাই বলিতেছি এই যে শ্রীনিতাইটাদের দণ্ডভঙ্গ
লীলা, ইহাও বড় গন্তীর। সন্ধ্যাসধর্ম্বের প্রধান অবলম্বন,—
তেতিশে কোটী দেবতার অধিষ্ঠান সাক্ষাৎ নারায়ণ-স্করপ যে

দণ্ড, তাহা ভঙ্গ করিয়া শ্রীনিত্যানন্পপ্রভুর মনে আজ এত

আনন্দ কেন? এ লীলারহস্ত বুঝিবার শক্তি আমাদের নাই, তবে ক্লপাময় গৌরভক্তবুন্দের ক্লপাবলে, আর দয়াম্য

প্রভুর ইচ্ছায় জীবাধম গ্রন্থকারের মনে দয়াল নিতাইটাদ যে

ভাবতরক্ষ উঠাইয়া দিয়াছেন, তাঁহার কথঞিৎ আভাস

শ্রীনিত্যানন্দপ্রভূ শ্রীগৌরভগবানের অভিন্নকলেবর এব ইচ্ছাশক্তি। ইচ্ছাময় প্রভূর যাহা ইচ্ছা হয়,তিনি তাহা তৎ

এথানে দিবার প্রয়াস পাইব।

ক্ষণাৎ করেন। দণ্ডভঙ্গ-লীলাটি প্রভুরইচ্ছায় শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীবাসপণ্ডিতের গৃহে প্রকট করিলেন। তিনি ব্যাসপূজার পূর্বরাত্তে এই লীলারঙ্গটি প্রকট করিলেন। শ্রীনিত্যানন প্রভুরও দাস্তভাব। দাদশবর্ধ বয়ংক্রম হইতে বিংশ বংসর কাল পর্যান্ত নানা তীর্থ পরিভ্রমণ করিয়া তিনি স্বীয় অভীষ্ট (मरतत अञ्चनकान कतिरासन । याँशांत ज्ञा करितात महाराम ধর্মাশ্রয় করিলেন,—বাঁহার জন্য দিবারাত্রি এই গুরু দত্ত-ভার বহন করিলেন, নদীয়াধামে আসিয়া তাঁহার সাক্ষাৎ দর্শন পাইয়াছেন। প্রাণবল্লভের দর্শন পাইয়া তাঁহার জীবন সকল হইল। এতদিনের কঠোর সন্মাস-ত্রতামুষ্ঠানের ফললাভ হইল। আর বুথা দণ্ডভার ধারণের প্রয়োজন কি ? তিনি প্রভুর দেবায় নিযুক্ত হইয়াছেন। সর্কেন্ডিয়ে দিয়া দর্মাঙ্গ দিয়া, মনের সাধে তিনি প্রভুর সেবা করিবেন। দণ্ডভার ধারণ,—তাঁহার ইষ্টদেবের সেবাব্রতের বিরোধী— অহং জ্ঞানের পরিচায়ক। অহং জ্ঞান থাকিতে ভগবদাস ভগবতদেবায় সম্পূর্ণ অধিকার লাভ করিতে পারেন না। "आगि नाम जूमि आ इ" এই यে मधुत मधक, हेहा मन्नामीत ধম-বিরুদ্ধ। শ্রীনিত্যানন্দপ্রভূ শ্রীগোরভগবানের শ্রীচরণ ক্মলে সম্পূর্ণভাবে আত্মসমর্পন করিয়াছেন; জ্ঞানের এই ধ্বজাটি আর কেন রাখিবেন ? সেবার বিরোধী বস্তু প্রার কেন হন্তে ধারণ করিবেন ? আর এক কথা। হত্তে দণ্ড দেখিলেই প্রভু তাঁহাকে প্রণাম করেন। ইহা শ্রীনিত্যানন্দপ্রভুর একেবারেই ভাল লাগে না। দণ্ড-টিকে তথন তিনি তাঁহার পক্ষে প্রকৃত দণ্ড বলিয়াই মনে করেন। তাই তিনি এই দণ্ডধারণ-দণ্ড হইতে চিরদিনের जना व्यवाश्व गांख्य वागाय निक मे निष्के उन করিলেন। ব্যাসপূজার অধিবাস রাত্রে এ কার্য্য তিনি কেন করিলেন? সর্বজ শ্রীনিত্যানন্দপ্রভু জানিয়াছেন শ্রীগোরাঙ্গ ভিন্ন অন্য কেহ এখন আর তাঁহার পূজ্য হেন। ব্যাসপুজায় তিনি কি করিবেন, তাহা মনে ননে স্থির সংকল্প করিয়া লইয়াছেন। ব্যাদের পরিবর্তে তিনি ব্যাদের গুরুর গুরু শ্রীগৌরালপুলা করিবেন, ব্যাস-प्तिवानिष्टे मह्यामधर्माहत्रावंत आसाजन आत छाटात नारे,

তাহা তিনি উত্তম বৃঝিয়াছেন। ইহাই শ্রীগোরাঙ্গপ্রত্ব ইচ্ছা। প্রভুর এই ইচ্ছার ফলেই পরে শ্রীনিত্যানন্দপ্রভুকে পুনরায় সংসারাশ্রম স্বীকার করিতে হইয়াছিল। অতএব ইচ্ছাময় প্রভুর ইচ্ছাতেই তাঁহার ইচ্ছাশক্তি শ্রীনিত্যানন্দ প্রভু তাঁহার নিজ দণ্ড ভঙ্গ করিলেন। এই দণ্ডভঙ্গলীলায় প্রভু দেখাইলেন, বৈষ্ণব সন্ন্যাসীর পক্ষে দণ্ড ধারণ অপ্রয়োজন। মায়াবাদী সন্ন্যাসী ও বৈষ্ণব সন্ন্যাসী তৃইটি সম্পূর্ণ বিভিন্ন বস্তা। শ্রীবৈষ্ণবসাধূগণ সন্ন্যাস গ্রহণ করেন কৃষ্ণসেবার জন্য,—সর্কেন্দ্রিয় ছারা কৃষ্ণান্থশীলনের জন্য। দণ্ডধারণ সর্কেন্দ্রিয় ছারা কৃষ্ণান্থশীলনের জন্য। দণ্ডধারণ সর্কেন্দ্রিয় ছারা কৃষ্ণান্থশীলনের জন্য। দণ্ডধারণ সর্কেন্দ্রিয় ছারা কৃষ্ণান্থশীলনের অন্তুল ধর্মা নহে বলিয়া, বৈষ্ণব সন্ন্যাসীর পক্ষে ইহা কৃষ্ণসেবার বিরোধী বলিয়া, ইচ্ছাময় প্রভুর ইচ্ছায় অবধৃত শ্রীনিত্যানন্দপ্রাক্থ নিজ দণ্ডভঙ্গ-লীল। প্রকট করিলেন এবং পরের তাঁহারই ইচ্ছায় নীলাচলের পথে প্রভুরও দণ্ড তিনিই ভঙ্গ করিয়াছিলেন।

প্রভাৱ দণ্ডভশ্ব-লীলা নবদীপ লীলার অন্তর্গত নহে।
কিন্তু এথানে প্রসঙ্গক্রমে সে লীলাটিরও কিছু আলোচনা
করিবার লালদা পরিত্যাগ করিতে পারিলাম না। ক্রপাময়
পাঠকরুন্দ বৈর্ঘ্য ধারণ করিয়া এ সকল তত্ত্বকথাগুলি পাঠ
করিলে ক্বতার্থ ইইব।

মহাজন লীলা-লেখকগণ প্রভুর দণ্ডভঙ্গ-লীলার রহস্থ উদ্যোচন করেন নাই। প্রজাপাদ শ্রীল কবিরাজগোস্বামী এই গুরুতর কার্যাটি শ্রীগোর-নিত্যানন্দের প্রিয় ভক্তর্ন্দের উপর ভার দিয়া নিশ্চিন্ত রহিলেন। তাঁহারা অনেকেই এই পরম গন্তীর লীলারসে মন প্রাণ ডুবাইয়াছেন। তাঁহা-দিগের মনে এই নিগৃঢ় লীলারহস্থ পরিস্টু হইয়াছে। তাঁহারা ধনা হইয়াছেন। কবিরাজগোস্বামীর মনবাহা পূর্ণ হইয়াছে।

ইহাদিগের মধ্যে কেহ কেহ বলেন, সন্ন্যাসীর দত্তে তেত্রিশ কোটা দেবতার অধিষ্ঠান। শ্রীশ্রীগৌরভগবাদ সর্বাদেব শিরোমণি, সর্বাদেবপূজ্য, তিনি কেন তেত্রিশ কোটি দেবতার গুরুভার স্বরূপ এই দণ্ড বহন করিবেদ? শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীগৌরভগবানের অভিন্নকলেবর : জাহার দাস্তভাব। তিনি মনে করিলেন এই সন্নাদীর দণ্ডবহনকর্মটি প্রভুর পক্ষে প্রকৃতই দণ্ডস্বরূপ। অতএব এই দণ্ডভার দূর করা প্রয়োজন, এই ভাবিয়া প্রভুর দণ্ডকে সম্বোধন করিয়া বলিলেন "হে দণ্ড! তুমি আমার প্রভুকে বহু কটু দিতেছ, তোমার স্থান আমার প্রভুর হন্তে ও স্কন্ধে নহে। তুমি দূর হও।" এই বলিয়া ক্রোধভরে প্রভুর দণ্ডটিকে তিন ধণ্ড করিয়া ভগ্ন করিয়া জলে নিক্ষেপ করিলেন।

কেহ বলেন প্রভু আমার প্রেমদাতা, ছই হতে তিনি জগজ্জীবকে প্রেমদান করেন। দণ্ড,কমণ্ডলু তাঁহার প্রেমদান কার্যের বাধক, অতএব প্রেমময় শ্রীনিত্যানন্দপ্রভু প্রেমানবার শ্রীনিত্যানন্দপ্রভুর দণ্ডভঙ্গলীল প্রসঙ্গের প্রায়ায় তবে সেখানে এ কার্যাটি ইচ্ছাময় প্রভুর ইচ্ছায় শ্রীনিতাইটাদ ধ্যং করিয়াছিলেন।

কেহ বলেন প্রভুর হতে দণ্ড দেখিয়া শ্রীনিত্যানন্দ প্রভুর মনে শচী-বিষ্ণুপ্রিয়ার বিষম গৌরবিরহ-দশার ভাব উদয় হইয়াছিল। তাঁহার মনে হইল এই কালস্বরূপ দণ্ডই অনাথিনী শচী-বিষ্ণুপ্রিয়াকে নিরপরাধে বিষম দণ্ডে দণ্ডিতা করিয়াছে; তাঁহাদের বক্ষে গৌর-বিরহরূপ বিষম শেল বিদ্ধ করিয়াছে, অতএব এই দণ্ডের অবশ্য দণ্ডভোগ করিতে হইবে। তাই তিনি ক্রোধের বশীভূত হইয়া প্রভুর দণ্ডটি খান খান করিয়া ভঙ্ক করিলেন।

কেহ বলেন প্রভূ সর্কেখর খতর ঈখর। তিনি বিধি
নিয়মের অতীত। তাঁহার পক্ষে আবার এ দণ্ডবিধি
কেন? দণ্ডধারণের জয় প্রভূ খচ্ছনে কোন কাজ করিতে
পারেন না, মনের সাধ ভাঁহার মনেই রহিয়া যায়।
শ্তরাং এই দণ্ডবিধিভদ্দ প্রয়োজনবোধে শ্রীনিত্যানদ
প্রভূ দে কার্য্য সাধন করিলেন। শ্রীচৈতন্মভাগবতে
শ্রীদ বুন্দাবনদাস ঠাকুর লিথিয়াছেন—

আমি খাঁরে বহিষে হান্যে।

সে ভােমারে বহিবেক এত যুক্তি নহে।

প্রভূর হস্তস্থিত দণ্ডের প্রতি শ্রীনিত্যানন্দপ্রভূর এই
উক্তি, তাঁহার আ্ট্যান্তিক শ্রীগৌরাক্সপ্রতির পরিচায়ক

প্রভুর দণ্ডভঙ্গ-লীলা-রহস্তের ইহাও একটি প্রকৃষ্ট যুক্তি।

এই ত গেল এক পক্ষের সিদ্ধান্ত; অর্থাৎ শ্রীনিতাইটাদ প্রভুর সন্মাদ-দণ্ড ভাঙ্গিলেন কেন ? অপর পক্ষের সিদ্ধান্ত এক্ষণে একটু বিচার করিতে হইবে। রঙ্গিয়া প্রভু আমার শ্রীনিত্যানন্দপ্রভুর ঘারা নিজ দণ্ডগাছটি ভাঙ্গাইলেন কেন ? এ কথার আলোচনা বড় একটা শুনিতে পাওয়া যায় না। প্রভু স্বতম্ভ ঈশ্বর, তিনি ইচ্ছাময়। তাঁহার ইচ্ছা ভিন্ন কোন কার্য্যই সিদ্ধ হয় না। শ্রীনিত্যানন্দ প্রভু তাঁহার ইচ্ছাশক্তি। প্রভুর মনে কোন ইচ্ছায় উদয় হইলেই শ্রীনিত্যানন্দপ্রভু দ্বারায় তৎক্ষণাৎ তাহার ক্রিয়া হয়,—ইহা পূর্ব্বে বলিয়াছি।

এই দণ্ডভদ-লীলা অভিনয়ে প্রভুর মনে কি ইচ্ছার উদয় হইল ? কেন তিনি শ্রীনিত্যানন্পপ্রভুর দারা তাঁহার সন্ন্যাসজীবনের একমাত্র অবলম্বন,--্যতিধর্মের একমাত্র সম্বল, নিজ দণ্ডটি এরপ অবৈধভাবে ভাঙ্গাইলেন? তাহার পর বেশ একটু প্রভু ক্রুদ্ধও হইলেন। প্রভুর এই দণ্ডভদ্ব-লীলাটি যে অতিশয় গম্ভীর এবং নিগৃঢ় রহস্তপূর্ণ তাহাতে বিন্দুমাত্র সন্দেহ নাই। প্রভুর অনন্ত লীলারস-সাগর মন্থন করিলে অত্যুজ্জন সিদ্ধান্তরত্ব সকল উথিত হয়। ভক্তবৃন্দ গৌরাঙ্গ-লীলারদ-সমুজের পাকা ভুর্রি: তাঁহাদিগের দারা লীলার্স-সমুদ্রসম্ভূত বহুমূল্য সিদ্ধান্ত-রত্ব-রাজির উদ্ধার সাধন হয়। এই দণ্ডভদ্ধ-লীলারহস্মট नहेशा জीवाधम श्रष्टकात श्रीधाम तुन्तावतन वामकानीन माधक গৌরভক্তরন্দের সহিত ইষ্টগোষ্টী করিয়া যে সকল দিন্ধার রত্ন উদ্ধার করিয়াছিলেন, তাহাই এখানে গৌরভক্তবুদের করকমলে উপহৃত হইল। শ্রীকৃষ্ণ চৈতন্তপ্রভূর ''সবে মাত্র ধন" তাঁহার দণ্ডটি; সেই দণ্ডতঙ্গলীলা-রহস্টটি নিগ্ হইলেও অতি মধুময়। খ্রীল কবিরাজগোস্বামী লিখিয়া ছেন--

এসব সিদ্ধান্ত গৃঢ় কহিতে না জুয়ায়।
না কহিলে কেহ ইহার অন্ত নাহি পায়॥
অতএব কহি কিছু করিয়া নিগৃঢ়।
বুঝিবে রুসিক ভক্ত না বুঝিবে মূঢ়॥

হৃদয়ে ধরয়ে যে চৈতন্ত নিত্যানন্দ। এ সব সিদ্ধান্তে সেই পাইবে আনন্দ॥

এ সকল লীলাকথারস রূপাময় গৌরভক্তবৃন্দের আস্বা-দনের জন্ম লিখিত হইতেছে। ইহা বহিরস লোকের জন্ম নহে।

"অন্তরঙ্গ সঙ্গে কর রসাস্বাদন"।

প্রভুর সন্ম্যাস যে কপট সন্ম্যাস তাহা ঋষি মহাজনগণ একবাকো স্বীকার করিয়া গিয়াছেন। ইহার প্রচুর প্রমাণ যুগাস্থানে লিখিত হইয়াছে। প্রভুর সন্মাসবেশ ধারণের উদ্দেশ্য তিনি শ্বয়ং শ্রীমুথে প্রকাশ করিয়া গিয়াছেন। যে সকল হুর্ভাগা কলিহত জীব প্রভুর ঐশ্বর্যাময় নবদীপলীল। দর্শণে তাঁহার চরণে কুবৃদ্ধিবশে আত্মসমর্পণ করিতে পারিল না, তাঁহাকে স্বধু নিমাইপণ্ডিত জ্ঞানে অভিমানে স্বতম্ব থাকিতে ইচ্ছ। করিয়াছিল,তাহাদিগকে কেশে ধরিয়া উদ্ধার করিবার উদ্দেশ্যে প্রভু নদীয়ার অতুল ঐশ্বর্যা ছাড়িয়া, শোনার সংসার ছারেথারে দিয়া দওকমণ্ডলু ধারণ করি-লেন। সন্ধ্যাসবুদ্ধ্যেও যদি ভাঁহার চরণে কেহ একটিবার মাত্র মস্তক অবনত করে, তাহা হইলেই তাহাদের উদ্ধার সাধন হইবে। কলিহত অবোধ জীব প্রভুর সংসার-স্থথে বাদী হইল। প্রভু সর্বাহিতকারী ও সর্বাস্পলময়; সর্বজীবের উদ্ধারকল্পেই তাঁহার নদীয়ায় অবতার গ্রহণ জীবের মঙ্গলার্থে,—তাহাদের হিতকামনায় বৃদ্ধা জননী ও তরুণী ভার্যার বক্ষে নিদারুণ শেল মারিয়া নবীন বয়দে তিনি ভিথারীর বেশে গৃহত্যাগ করিয়া কপট যতি সাজি-লেন। জ্ঞানীর জ্ঞানগর্ব্ব,—পণ্ডিতের পাণ্ডিত্যাভিমান,— কলিতে ব্রাহ্মণ্যধর্মের অযথা শাসন,—জাতিকুলের রুথা অহমার প্রভৃতি ভক্তিবিরোধী কুসংস্কারসমূহ দূর করিয়া সর্বভৃতসমদর্শী ও হিতাকাজ্ঞ্মী প্রভৃ আমার ভক্তিপথের কণ্টকোদ্ধার করিয়া গিয়াছেন। সর্বজীবকে সমভাবে দর্শন করিয়া নিজগুপ্তবিত্ত প্রেমভক্তিদানে তাঁহাদের উদ্ধার সাধন করিবার জন্মই প্রভুর এই কপট সন্মাসভাব। প্রভুর সন্ধাসধর্ম মায়াবাদী সন্ধাসীদিগের মত নহে। দণ্ড कम्छन् धात्रन, क्लांच्यन প्रतिधान, कर्त्रात त्यागांचान,

বেদান্ত পঠন ও পাঠন প্রভৃতি বাহ্য বিষয়ের প্রতি লক্ষ্য না করিয়া শ্রীগোরান্তপ্রভৃ একটা আদর্শ বৈষ্ণব-সন্ন্যাসাশ্রম স্থজন উদ্দেশ্যে স্বয়ং এই সন্ন্যাসাশ্রম গ্রহণ করিলেন। কৃষ্ণভক্ত বৈষ্ণবসন্ন্যাসী শন্ধরাচার্য্যমতবাদী মায়াবাদী সন্ন্যাসী হইতে সম্পূর্ণ বিভিন্ন। এই অতি পবিত্র ও বিশ্বদ্ধ বৈষ্ণব সন্ম্যাসাশ্রমধর্মের অষ্ঠান প্রভূ স্বয়ং আচরণ করিয়া কলির জীবকে শিক্ষা দিলেন, যে সোহহং জ্ঞান ভাগবতীয় বিশুদ্ধধ্মের বিরোধী,—জীবে ঈশ্বর বৃদ্ধি, ভক্তি পথের অন্তরায়,—আত্মাভিমান ভক্তিপথের কন্টক,—অহমার ভক্তির বাধক, স্বতরাং ভগবস্তক্তের পক্ষে বিষবৎ পরিত্যজ্য। সন্মাসীর হত্তে দণ্ড কমণ্ডল্ দেখিলেই তাঁহাকে স্ক্লোকে পূজা করিবে এবং প্রণাম করিবে। তিনি মাতাপিতারও প্রণম্য। কলির যুগধর্ম হরিনামসংকীর্ত্তন, হরিনাম মহামন্ত্র কালহত জীবের একমাত্র সাধন। এই মন্ত্র সাধনের প্রক্রিয়া—

তৃণাদপি স্থনীচেন তরোরিব সহিষ্ণা। স্থামানিনা মানদেন কীর্ত্তনীয়া সদা হরিঃ॥

ইহা প্রভুর শ্রীমৃথ নিংসত বেদবাণী। প্রভু ধর্ম সংস্থাপক
এবং সংশাস্ত্র-মর্যাদারক্ষক। শাস্ত্রে বলে কলিতে সন্ধ্যাসগ্রহণ
নিষিদ্ধ (১)। শাস্ত্রকারগণ ত্রিকালজ্ঞ ঋষি ছিলেন।
মায়াবাদী সন্ধ্যাসাশ্রমধর্ম যুগধর্মাচরণের বিরোধী বলিয়াই
তাঁহাদিগের এই শাস্ত্রশাসন। মায়াবাদী সন্ধ্যাসীদিগের
অহংজ্ঞানময় ধর্মপ্রচার যুগধর্ম সংস্থাপনের পক্ষে হিতকর
নহে বলিয়াই যুগধর্ম সংস্থাপক নদীয়ার অবতার শ্রীগৌরাদ্ধপ্রভুর আবিতাব। কলিহজ্ঞীবের ভূগতি,—এই যে তাহাদের নিত্য হাহাকার, ইহা ধর্ম বিপর্যায় হইতে সম্ভূত।
সর্বজ্ঞ শ্রীগৌরভগবান দিব্যচক্ষে ইহা দেখিলেন। জীবে
ঈশ্বরুদ্ধি, ভক্তি-ধর্মবিপ্লবের ম্লীভৃত কারণ ভাবিয়া
শ্রীগৌরাদ্প্রভু কলিকালোচিত উদাসীন কৃষ্ণভক্তের জন্ম
বৈষ্ণব সন্ধ্যাসাশ্রমধর্ম, যুগধর্ম সংকীর্তনযজ্ঞামন্ত্রানের সন্দে

^{(&}gt;) অবংশং গৰালভং সন্থাসং প্ৰশৈপ্তৃকং । দেববেশ স্ভোৎপত্তিঃ কলে পঞ্চ বিৰক্ষিণ্ডেও ।। ব্ৰহ্মবৈৰ্গত পূৰাণ ঃ

সঙ্গে প্রবর্ত্তন করিবার অভিপ্রায়ে ফিনি স্বয়ং আদর্শ বৈষ্ণব-সন্মাসী সাজিলেন। সন্মাসাশ্রম গ্রহণ করিবার পর প্রভুর অপুর্ব্ব দীনতা, আকর্ষ্য কষ্টসহিষ্ণুতা, অতুলনীয় মানাভিমান শুক্ততার বিষয় পর্য্যালোচনা করিয়া দেখিলেই স্পষ্টই বুঝিতে পারা যায়, যে তিনি এই নিগৃঢ় উদ্দেশ্যশাধনের বিদ্যা এই বৈষ্ণব সন্মাসাত্রমধর্ম গ্রহণ করিয়াছিলেন। দীনতিদীন হইয়া হরিনাম সংকীর্ত্তন করিতে হইবে,—আত্মাভিমান र्वाक्टिं इरेग्रा बीकृष्ण्डकन कतिए इरेट्स, मानाभमान, জ্ঞানগর্ব ও বৈরাগ্যাভিমান হৃদয় হইতে দ্রীভূত করিতে रहेत्व, তবে रित्रनाम मरामञ्जनाधरन অधिकाती रहेत्व। মুগধর্ম প্রবর্ত্তক শ্রীগৌরভগবান দেখিলেন কলিতে ধর্ম विপर्यात्र इरेबाट्स, ङङ्किथर्म-विद्याधी मात्रावानी मन्नामी-দিগের দলপুষ্টি হইতেছে। শহরভায়ের সোহহংবাদতত্ত বিছাভিমানী পণ্ডিতগণ অষ্থা বিশ্বাস স্থাপন করিয়া ভ্রমে পঞ্জিয়া যুগধর্মে অনাদর করিতেছেন। মূর্থ লোক সকল তাঁহাদিগের বাগ্চাতুরীজালে ভূলিয়া কলিযুগের প্রকৃত সাধনপথ ভুলিয়া বিপথে আসিয়া পড়িয়াছে। ধর্মবিপ্লব সংঘটন করিয়া ধর্মধ্বজীদিগের স্বার্থসিদ্ধির পথ প্রসারিত হইয়াছে। এই কারণে কলিযুগাবতার শ্রীশ্রীগোরভগবান নদীয়ায় আত্মপ্রকাশের পরেই দিব্যুচকে দেখিলেন প্রীপাদ মাধবেজপুরী গোসাঞি প্রভৃতি বৈষ্ণব-সন্মাসীগণের সংখ্যা একেবারে দুগুপ্রায় হইয়াছে। তাই তিনি স্বয়ং বৈষ্ণব সন্ত্রাস গ্রহণ করিলেন এবং স্বয়ং আচরণ করিয়া ইহা অধি-কারী বৈষ্ণবসাধুগণকে শিক্ষা দিলেন। খ্রীগোরাঙ্গপ্রভূ শ্বয়ং ঐীনিত্যানন্দপ্রভূর ভগ্ন দণ্ডগাছটি গন্ধার জলে নিকেপ ক্রিয়া বৈষ্ণবন্ধগতকে শিক্ষা দিলেন, ভগবছক্তের পক্ষে **एक** धार्व खटार्याक्रम ।

প্রকৃর দওজদ-লীলাও এই উদ্দেশ্যে প্রকৃতিত হয়।

কীগোরাদপ্রকৃ যদি দওকমগুলু ধারণ করিয়া, জটাজুট বন্ধল
পরিধান করিয়া, সোহহংবাদী সন্ন্যাসীর দলে মিশিতেন,
মায়াবাদী ধর্মাধিকরণ সকল রক্ষা করিতেন, তাহা হইলে
তাঁহার বৈষ্ণব-সন্ন্যাসাভ্রম গ্রহণের উদ্দেশ্য সফল হইত
না। জগতে সন্ন্যাসগর্ম, বৈরাগ্যাভিমান, সোহহংজ্ঞান-

গরিমা আরও বর্দ্ধিত হইত। প্রভুকে স্বয়ংভগবান বলিয়া স্বীকার করিলেও মায়াবাদী সন্ন্যাসীগণ মনে করিতেন তিনি তাঁহাদেরই দলভুক্ত, তাঁহাদিগের মধ্যে একজন অত-এব তাঁহারা প্রত্যেকেই স্বয়ং ভগবান,—পূর্ণব্রহ্মদনাতন। জ্ঞানগর্ব্ব থর্ব্ব করিয়া ভক্তিমাহায়্যের প্রাধান্ত প্রবল করি-বার জন্মই প্রভুর নদীয়ায় অবতার গ্রহণ। প্রভুকলির মায়াবাদী সন্মাসী হইলে, তাঁহার অবতারের উদ্দেশ্য সফল হইত না। এই জন্ম চতুরচূড়ামণি প্রভু এক অভিনব পন্থা অবলম্বন করিলেন। যুগধর্মামুযায়ী এক নবভাবের मन्नाममूर्जि धातरावत मःकज्ञ कतिरानन, गूर्शधर्माञ्चाघी देवताना ধর্ম প্রবর্তনের বাসনা করিলেন। সন্ন্যাস গ্রহণ করিয়াই তাঁহার মনে হইল, ভক্তিপন্থার বিরোধী দওধারণ যুগধর্ম প্রবর্তকের উপযুক্ত কর্ম নহে। সঙ্গে সঙ্গে প্রভুর দণ্ড ত্যাগের ইচ্ছা হইল। ইচ্ছাময় প্রভুর ইচ্ছামুরপ কার্য্য, তাঁহার ইচ্ছাশক্তি শ্রীনিত্যাননপ্রভু করিলেন। নীলাচলের পথে তিনি প্রভুর দণ্ডটি ভাঙ্গিয়া তিনথানি করিয়া জলে (फलिया मिरलन ।

প্রভুর এই কপট সন্ন্যাদের উদ্দেশ্য শ্রীকৃষ্ণারেষণ। তাঁহার এই ভক্তিভাবের নাম ক্লফবিরহোদীপক বৈরাগ্য যোগ। বৈষ্ণব সন্মাসী ক্লম্পপ্রেমে উন্মত, -- ক্লম্ব সেবার-त्रक, क्रकारत्रयत जीर्यज्ञभगाजिनायी ७ कृष्णन् ज्ञाजिमानी। তিনি দও কমওলুর ধার ধারেন না, জটাজুট ধারণের ধার ধারেন নাই, তাঁহার চর্মা,বঙ্কল পরিধানের আবশুকতা নাই। কেবলমাত্র শিথাস্থত্র ত্যাগ, কৌপীন বহির্বাদ পরিধান, **দদা দর্বভৃতহিতে রত, আত্মাভিমানবর্জ্জিত, হরিনাম মহা-**भन्न প्रচারক, বদনে সদা कृष्णनाम, अर्शनिन कृष्णश्रानन, কৃষ্ণলীলা-গানোন্মত, কৃষ্ণপ্রেমানন্দে নৃত্যপরায়ণ, সদানন্দ, এই হইল বৈষ্ণব সন্ন্যাসীর লক্ষণ। প্রভু যথন সন্ন্যাসগ্রহণের পর নীলাচলে গমন করেন,পথে তাঁহার মনে হইল কলিহত জীবোদ্ধার-কার্য্যের জন্ম এইরূপ প্রকৃত অধিকারী কয়েক জন বৈষ্ণব সন্মাসীর প্রয়োজন। তিনি স্বয়ং এইরূপ সম্যাসী সাজিলেন এবং স্বরূপ দামোদরাদি অপর কয়েক জনকেও সাজাইলেন। দণ্ড কমগুলু দুর করিয়া দিলেন।

শ্রীগোরাঙ্গমহাপ্রভু সন্ন্যাসগ্রহণের পর যথন উন্নত্তের ন্তায় ছুটিয়া বাহির হইলেন, তথন নিম্নলিখিত ভাগবতীয় শ্লোকটি আবৃত্তি করিতে করিতে চলিলেন— "এতাং স আস্থায় পরাত্মনিষ্ঠামধ্যাসিতাং পূর্বতমৈর্মহৃদ্ধিঃ। অহ' তরিয়্যামি দূরস্তপারং তমে। মুকুলাজ্যি নিষেবয়েব॥"

শ্রীচৈতক্সচরিতামৃতকার এইরূপে প্রভুর এই লীলা বর্ণনা করিয়াছেন—

এই শ্লোক পড়ি প্রভু ভাবের আবেশে।
ভামিতে পবিত্র কৈল সব রাচ্দেশে॥
প্রভু কহে সাধু এই ভিক্ষ্ক বচন।
মুকুল্দেবন ব্রত কৈল নির্দারণ॥
পরাত্মনিষ্ঠা এই সার বেশ গারণ।
মুকুল্দেবায় হয় সংসার তারণ॥
সেই বেশ কৈল এবে বৃল্গাবনে গিয়া।
কৃষ্ণনিযেবন করি নিভূতে বসিয়া॥
ইহাই শ্রীকুল্গাবনের পথ। শ্রীকৃষ্ণস্বোই বৈষ্ণ্য-সন্ম্যাসীকে
শ্রীকুল্গাবনের পথে লইয়া যায়। অতএব শ্রীমৃকুল্দেবার

নীলাচলে গিয়া যথন তিনি সার্কভৌমভট্টাচার্য্যের বাটাতে উঠিলেন, সার্কভৌমভট্টাচার্য্য এবং তাঁহার নায়াবাদী সন্ন্যাদী ছাত্রবৃন্ধ দেখিলেন, এই নবীন সন্ন্যাদী একটা সম্পূর্ণ স্বতম্ব বস্তু,—নৃতন তথ। তাঁহাদের মত নহেন,—সন্ন্যাদী হইয়াও তিনি কৃষ্ণপ্রেমের প্রেমিক, কৃষ্ণপোই তাঁহার মুখ্য উদ্দেশ্য,—প্রেম তাঁহার সর্কস্ব বন,—শুদ্ধা প্রেমভক্তি লইয়াই তাঁহার কারবার। সন্ন্যাদ্ধর্মাচরণ তাঁহার মূলমন্ত্র নহে, কৃষ্ণনামে তিনি স্বপ্রেমানন্দে বিভার। তিনি মায়াবাদী সন্ন্যাদীদিগের মত শুক্তনানী বা নীরস হৃদয় নহেন। সার্কভৌমভট্টাচার্য্য মহাশয় এই নবীন সন্ন্যাদীটিকে প্রথমে চিনিতে পারিলেন না, তাঁহার নবীন বন্ধদে সন্ন্যাদাশ্রমধর্মগ্রহণ লইয়া ভট্টাচার্য্যের মনে নানাবিধ সংশয় উপস্থিত হইল। তাঁহাকে বেদান্ত পড়াইয়া সন্ন্যাদর্য্য শিক্ষা দিবার জন্ম তিনি ব্যগ্র হইলেন। কিন্তু পরে যথন প্রভুর কুপায় বৃঝিলেন তিনি বৈষ্ণব

সন্ধ্যাসী,—মায়াবাদী সন্ধ্যাসী হইতে তিনি একটা সম্পূর্ণ বিভিন্ন বস্তু, তিনি ভক্তিযোগী এবং ভক্তিযোগ প্রবর্ত্তক, তথন তিনি প্রভূর পদে আত্মসমর্পন করিলেন। প্রকৃষ্ণ- চৈতন্ত নামধারী স্বয়ং ভগবান নদীয়ার জগন্নাথ মিপ্রপ্রকলরের পুত্রকে তিনি সাক্ষাৎ ভগবানভাবে হৃদয়ের মধ্যে স্থাপন করিয়া পূজা করিলেন এবং বন্দনা করিলেন—

বৈরাগ্য বিভা নিজভক্তিযোগ শিক্ষার্থমেক: পুরুষ পুরাণ:। শ্রীকৃষ্ণচৈতন্ত শরীরধারী কৃষ্ণাম্বধি র্য সমহং প্রপত্তে॥

প্রভূ তাঁহার নিজ দণ্ড ভঙ্গ করাইলেন কেন রূপাময় পাঠকরন্দ এখন তাহা বিচার করন। শ্রীভগবানের লীলাছ-শীলন, লীলাগান, লীলাগান করিতে করিতে লীলাছভূতি হয়। তখন এই সকল তত্ত্ব হৃদয়ে প্রভূই পরিক্ষৃত করিয়া দেন। ইহাই ভক্তিসাধকের ভজনাঙ্গ। লীলাছধানই ভগবতরূপালাভের শ্রেষ্ঠ উপায় (১)। রূপাময় পাঠকরৃন্দ! জীবাধম গ্রন্থকারের অপরাধ লইবেন না, ধুইতা ক্ষমা করিবেন।

বৈষ্ণবের পদে মোর এই মনস্কাম। মো অধম প্রতি যেন না হইও বাম ॥

শ্রীনিত্যানন্দপ্রভ্র ব্যাসপ্জা-লীলারক বর্ণনা করিতে করিতে আমরা লীলাতরকে ভাসিয়া অনেক দ্র আসিয়া পড়িয়াছি। প্রভু প্রেমানন্দবিহ্বল নিত্যানন্দপ্রভৃত্বে গদাগর্ভ হইতে উঠাইয়া হাত ধরিয়া শ্রীবাসঅকনে লইয়া আসিলেন। শ্রীবাসপত্তিত ব্যাসপ্জার সমস্ত উদ্যোগ করিয়াছেন। তিনি এই ব্যাসপ্জার আচার্য্য। প্রভৃত্ব আদেশে তিনি আচার্য্যপদ গ্রহণ করিয়াছেন। শ্রীবাসঅকনে মধ্র মধ্র কীর্ত্তন আরম্ভ হইল। ভক্তবৃদ্ধ আসিয়া কীর্ত্তনা-

^{(&}gt;) ইভি ছ শ্ব সকলবেদলোকদেবরাজ্বগ্রাং প্রবভ্রোর্ডস্থ-ব্যুখনভাষ্য ভারতেরিতের পুংসাং সম্ভত্তরভাতিহরং পর্ম-মহামঙ্গলারায়ণমিদমস্পূর্ণোত্যাপ্রাবর্তি চাবহিতোভগ্রতি ভ্রিন বাসুদেব একান্তভোতজির্বরোব্যি সম্প্রতিত।

নন্দে যোগদান করিলেন। শ্রীবাসমন্দির আনন্দধাম বৈকৃষ্ঠভবনে পরিণত হইল। প্রভু সর্বভক্তগণমধ্যে অঙ্কন আলোকিত করিয়া বসিয়াছেন। শ্রীনিত্যানন্দপ্রভু প্রেমানন্দে অঙ্কনের চতুর্দিকে ভ্রমণ করিতেছেন, আর মৃত্মন্দ হাসিতেছেন। শ্রীবাসপণ্ডিত যথাবিধি ব্যাসপৃত্ধা করিয়া দিব্যগন্ধযুক্ত একগাছি পৃপ্পমালিকা শ্রীনিত্যানন্দ প্রভুর হন্তে দিয়া কহিলেন—

"শুন শুন নিত্যানন্দ এই মালা ধর।
বচনে পড়িয়া ব্যাসদেবে নমন্ধর॥
শান্ধবিধি আছে মালা আপনে সে দিবা।
ব্যাস তুই হইলে সর্ব্ব অভীই পাইবা॥ চৈঃ ভাঃ

শেষ বচনটি শুনাই অবধৃত নিত্যানন্দপ্রভূ চমকিয়া छेडि लिन थरः मत्न मत्न छाविलिन, छिनि मर्काछिनाध পরিত্যাগপুর্বক সর্বস্থে জলাঞ্চলি দিয়া সন্মাদীর একমাত্র শীবনদম্বল দণ্ডকমণ্ডলু ধারণ করিয়াছিলেন; তাহাও ত গত तात्व विमर्कन नियारहन। वागिरानव पृष्टे रहेल छाँरात আমার কি হইবে ? এখন ত তাঁহার সর্বাভীষ্ট পূর্ণ হইয়াছে, আবার সেই সকাম প্রার্থনা কেন ? এখন যাঁহাকে তুষ্ট করিতে হইবে, তিনি ত সমুখেই স্বয়ং বিরাজমান; বাঁহাকে পূজা করিতে হইবে, তিনি ত নিকটেই দাঁড়াইয়া রহিয়াছেন; তবে আর এই কর্মকাণ্ডের রুণা আড়ম্বর কেন ? এইরপ চিস্তা করিতে করিতে শ্রীনিত্যানন্দপ্রত্ বাহজান হারাইলেন। এবাসপণ্ডিত যতবার তাঁহাকে মন্ত্র পাঠ করিয়া ব্যাসদেবকে মাল্য দিতে বলেন ততবারই তিনি মাথা নাড়িয়া "হয় হয়" বলেন। তিনি মালাগাছটি হত্তে লইয়াছেন, মুথে বিড় বিড় করিয়া পাগলের মত আপন মনে কি বলিতেছেন কেহ তাহ। বৃঝিতে পারিতে-ছেন না। তিনি মাল্য হত্তে করিয়া আবিষ্টভাবে এদিক ওদিক চাহিতে লাগিলেন (১)। ইহা দেখিয়া শ্রীবাসপণ্ডিত

(>) বছ শুনে নিজ্ঞানন্দ কৰে হয় হয়।
কিনেয় বচন পাঠ প্ৰবোধ দা লয়।।
কিবা বোলে ধীয়ে ধীয়ে বুখন না বায়।
মালা হাতে কয়ি পুনঃ চারিদিকে চায়।। চৈঃ ভাঃ

প্রভুর চরণে নিবেদন করিলেন---

"না পূজেন ব্যাস এই শ্রীপাদ ডোমার"।

শীবাসপণ্ডিতের কথা শুনিয়া প্রভু আসন ত্যাগ করিয়া শীনিত্যানন্দপ্রভুর সমুখে আসিলেন। প্রভুথে সমুখে দেখিয়াই অবধৃত নিত্যানন্দপ্রভুর আনন্দের আর সীমা রহিল না; তিনি আনন্দে মৃত্য করিতে লাগিলেন। প্রভু ধীরে ধীরে অতি মধুর বচনে তাঁহাকে বিনয় করিয়া কহিলেন—

> ———"নিত্যানন ! শুনহ বচন। মালা দিয়া ঝাট্কর ব্যাদের পূজন ॥" চৈঃ ভাঃ

শ্রীনিত্যানন্দপ্রভূ বাঁহাকে খুঁজিতেছিলেন, তাঁহাকে সমুখে পাইয়া আর কালবিলম্ব না করিয়া সেই ব্যাসপূজার স্থান্ধিযুক্ত পুস্পমালিকা তাঁহার অভীষ্টদেব শ্রীগৌরভগবানের শ্রীমন্তকোপরি তুলিয়া দিলেন। প্রভূর ভ্রমরকৃষ্ণ চাঁচর চিকুরের উপর পুস্মালিকার অপূর্ব্ধ শোভা হইল।

এই সময় প্রভূ একটি অলৌকিক লীলারঙ্গ প্রকট করিলেন। শ্রীনিত্যানন্দপ্রভূকে শ্রীগৌরভগবান তাঁহার অপূর্ব ঐখর্যপূর্ণ ষড়ভূজ মূর্ত্তি দেখাইলেন। যথা শ্রীচৈতত্ত্য ভাগবতে—

দেখিলেন নিত্যানন্দ প্রভু বিশ্বস্তর।
মাল্য তুলি দিলা তার মন্তক উপর॥
চাঁচর চিকুরে মালা শোভে অতি ভাল।
ছয় ভূজ বিশ্বস্তর হইলা তৎকাল॥
শন্ধ, চক্র, গদাপদ্ম শ্রীহল মৃষল।
দেখিয়া বিশ্বিত হৈলা নিতাই বিহবল॥

প্রভূ তাঁহার এই অপ্র ঐশ্বর্গপূর্ণ শ্রীমৃত্তি লীলাচলে শার্মভৌম ভট্টাচার্যকে আর একবার দেখাইয়াছিলেন। প্রভূর বড়ভূজ মৃত্তি সার্মভৌম ভট্টাচার্য শ্রীজগন্নাথদেবের মন্দিরে অন্ধিত করিয়া রাখিয়াছিলেন। সেই অপ্র্র্ম শ্রীমৃত্তি সেধানে অভাপিও বর্ত্তমান আছেন।

প্রভূর ষড়ভূজ মূর্ত্তি দর্শন করিয়া শ্রীনিত্যানন্দপ্রভূ সেথানে মূর্চ্ছিত হইয়া পড়িলেন। যড়ভুজ দেখি মূৰ্চ্ছা পাইল নিতাই। পড়িলা পৃথিবীতলে ধাতৃ মাত্ৰ নাই॥ চৈঃ ভাঃ

প্রৈছ্র এই অপূর্ব্ব বড়ভূজমৃত্তি অন্ত ভক্তগণ কেহ দেখিতে পাইলেন না। শ্রীনিত্যানকপ্রভুর অকস্মাৎ মৃষ্ঠা দেখিয়া তাঁহাদিগের মনে বিষম ভয় হইল। সকলেই "কৃষ্ণ! রক্ষা কর, কৃষ্ণ রক্ষা কর" এই বলিয়া ভীতিবিহ্বল-চিত্তে ক্রন্দন করিতে লাগিলেন। প্রভূ ভ্রারগজ্জন করিয়া কক্ষে তালি দিয়া শ্রীবাসঅঙ্গনে উদ্ভ নৃত্য করিতে লাগিলেন। শ্রীনিত্যানকপ্রভূকে অধিকক্ষণ মৃ্দ্রিত দেখিয়া প্রভূ তাঁহার ঐপ্যাভাব সম্বরণ করিয়া তাঁহার নিকটে আসিয়া বিদিলেন। ধীরে ধীরে সঙ্গেহে তাঁহার গাত্রে শ্রীহন্ত দিয়া তাঁহাকে মধুর বচনে কহিলেন—

"উঠ উঠ নিত্যানন্দ! স্থির কর চিত।
সঙ্কীর্ত্তন শুন দে তোমার সমীহিত ॥
যে কীর্ত্তন নিমিত্ত করিলে অবতার।
দে তোমার সিদ্ধ হৈল কিবা চাহ আর ॥
তোমার যে প্রেমগুজি তুমি প্রেমময়।
বিনি তুমি দিলে কারো ভক্তি নাহি হয়॥
আপনা সদ্ধরি উঠ নিজ্জন চাহ।
যাহারে তোমার ইচ্ছা তাহারে বিলাহ।
তিলার্চ্চেক তোমারে যাহার দ্বৈষ রহে।
ভজ্জিলেহ সে আমার প্রিয় কতু নহে॥ হৈঃ ভাঃ

প্রেমানন্দময় বাহজানশৃত্য অবধৃত নিত্যানন্দপ্রভূব
শিরোদেশে বিদিয়া শ্রীগৌরাঙ্গপ্রভূ তাঁহার শ্রীঅঙ্গে পদ্মহস্ত
বুলাইতেছেন, আর মধুভাষে এই সকল কথা বলিতেছেন।
শ্রীনিত্যানন্দপ্রভূ ধ্যানানন্দে ময় আছেন। তিনি শ্রীগৌরভগবানের অপূর্বে ষড়ভূজমূর্ত্তির অপরূপ-রূপধ্যান করিতেছেন। প্রভূর কথা তাঁহার কর্ণে প্রবেশ করিল না।
শ্রীগৌরভগবান তখন তাঁহাকে তাঁহার ঐশ্র্যময় চতুর্ভূজ
মূর্ত্তিও দর্শন করাইলেন, পরে দ্বিভূজ গৌর-কৃষ্ণ মূর্ত্তি দেখাইয়া তাঁহার সমাধি ভঙ্গ করিলেন। এ সকল লীলাকথা
শ্রীপাদ-ক্বি-কৃর্পুর গোস্বামী তাঁহার শ্রীচৈতন্মচরিতামুত

মহাকাব্য গ্রন্থে বর্ণনা করিয়াছেন (১)।

শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীশ্রীগোরগোবিন্দের দ্বিভূদ মূর্বি দর্শন মাত্রই বাহ্মজান লাভ করিলেন এবং ভূমিতল হইতে সকচিতে উঠিয়াই প্রভূর শ্রীমন্তকে পুস্পর্ষ্টি করিতে লাগিলেন, এবং প্রেমানন্দে উন্মন্ত হইয়া মধুর নৃত্য আরম্ভ করিলেন (২)।

প্রভাব যে এই ষড়ভূজমৃত্তি, ইহা তাঁহার এখা থবং
মহিদাস্চক। তাঁহার দক্ষিণ দিগতি ভূজঅয়ে শাখাচক্র ও
নির্মান গদা, এবং বানদিগতি ভূজঅয়ে ম্রলী, পদা ও শাক্ষ
(ধয়) শোভা পাইতেছে। বক্ষংস্থলে মোক্তিকমালা
শোভিত, কর্ণযুগলে মকরাক্বতি কুণ্ডল দোঘ্যল্যমান, কম্থকঠে নীলমণিহার শোভিত, বালস্থ্য-কিরণের আয় রক্তাধর পরিধান। শ্রীগোরভগবান তাঁহার এই পরমৈশ্য্যমর অপরপ ষড়ভূজমৃত্তি এই প্রথম শ্রীনিত্যানক্ষপ্রভূকে
দেখাইলেন। পরে এই অপ্রেম্ভ ভূজমৃত্তি তিনি নীলাচলে সার্কভৌম ভট্টাচার্য্যকেও দেখাইয়াছিলেন। সেই
শ্রীমৃত্তির এক হতে কমণ্ডলু ছিল এবং তাহা অমুগাবতার
মহিনাস্টক বলিয়া কীব্তিত।

- (২) মহনীরম্তিরবধ্ ছবিভূ: পরিধ্তসর্ক কলিক লিমল:।
 সপ্নরের জত্র করণাস্নিধে রতি হুন্দরীং মধ্র রূপস্থা:।
 অপিবিদিলোচন পুটেন মৃত্যনিত্যোহন্ত পারনগম্বিভব:।
 বরষ্ডুল্লং জমথ দক্ষিপতোদর চক্র নির্মাণ গদাল্লধরং।।
 মূরলীবরাস্ক্র শাক্ষ ধরং রুচিরৈ রুথাপর ভূজত্তিতর:।
 ক্রুন্দর ভূমিক্রত্ত রূপাক্রং ক্রুন্দার কিবিং।।
 বরকৌস্তত্ত্বতি বিরাজ্ত্ব: হুলশোভি মৌজিকসরং সরসং।
 আবণাঘ্রান্ত বিলস্ক্রকাকৃতি ক্ওলজ্বিত গওর্গং।।
 নবলীসরত্ব বরহারসস্বর্কভূক্ত স্চিরং ক্মলং।
 প্রথমোদিতাক ক্র গৌরবরাস্বর্ম্লস্প্রদ্ধিক নিত্রতীং।।

 শ্রিচ্ছল্ডিরিভাস্ত্মহাকার্য।
- (২) ইতি তং বিলোক্য কঞ্পাজলধিং মুমুদেহৰধুতবিভ্রেবভূশিং।
 তদনন্তরং ভূলচতুইর সং কমনীয়লপমধ বাত্গুগং।।
 ভাবলোকা বিমিত্মন!: অমনা: অমনশ্চনং রহসি তং হাকিরং।
 তদনন্তরঞ্পত্ত হপ্ড বৈবিদলন্তনান্টিভূমারত ভ।।
 জী চৈতন্তারতারতারত মহাকাৰ্য।

শ্রীপাদ কবিকর্ণপুর গোস্বামী প্রাভুর এই বড়ভুজ মৃত্তির মহিমা বর্ণনা করিয়া লিখিরাছেন—

> ভূজৈঃ যড়ভিরেভিঃ সমাধ্যাতি কশ্চি-ন্ধিদর্গোগ্রযড়বর্গ হস্তেতি ভোস্তাং। বয়ং ক্রমহে হেম হেচ্ছ স্বমেভি-

> > ***চতুর্বর্গদো ভক্তিদঃ প্রেমদ*চ**॥

অর্থাৎ প্রভু হে! তুমি জীবসমূহের কামাদি ছয় রিপুকে বিনাশ করিবার নিমিত্ত এই শড়ভুজমূর্ত্তি ধারণ করিয়াছ, ইহা কেহ কেহ বলিয়া থাকেন, কিন্তু আমরা তাহা না বলিয়া এই বলি, যে তোমার ভূজ-চতুইয় জীবের চতুর্বর্গ দাতা এবং অবশিষ্ট ভূজদ্বয়ের মধ্যে একটি ভক্তি অপরটি প্রেম দান করিয়া থাকে।

শ্রীনিত্যানন্দপ্রভুর আনন্দর্ত্য দর্শনে ভক্তগণের প্রাণ অভ্তপৃর্ব্ব প্রেমরসে দিক্ষিত হইল। তিনি মনোহর নৃত্যভঙ্গী করিয়া সর্ব্ব আপিনা পরিভ্রমন করিলেন। এবং সকলকে একে একে প্রেমালিঙ্গনদানে শক্তি সঞ্চারণ করিলেন। ভক্তবৃন্দ প্রেমানন্দে অধীর হইয়া তাঁহার পদত্তলে নিপতিত হইলেন। শ্রীবাসঅঙ্গন আনন্দধামে পরিণত হইল। শ্রীগোরাঙ্গপ্রভু তথন তাঁহার পূর্ব্ব কথার প্রকৃত্তিক করিয়া শ্রীনিত্যানন্দপ্রভূকে কহিলেন "শ্রীপাদ! আপনার প্রেমভক্তির উপমা নাই। আপনার ক্রপায় আমরা প্রেমভক্তির উপমা নাই। আপনার ক্রপায় আমরা প্রেমভক্তির উপমা নাই। আপনার ক্রপায় আমরা প্রেমভক্তির বাহাকে ইক্রা, তাহাকে বিতরণ কঙ্গন। আপনি সর্বলোক-হিতাকান্দ্রী; আপনার প্রতি যাহার তিলান্ধকালও দ্বেষ থাকে, সে কথনও আমার প্রিয় নহে।"

প্রভুর স্থামাথা প্রিয়বচন শুনিয়া শ্রীনিত্যানন্দপ্রভূ ঈষৎ হাসিলেন। তাহার হাসির মর্ম "ঠাকুর! তোমাকে আমি চিনিয়া লইয়াছি। আজি তুমি ধরা পড়িয়াছ। আজ আমি আমার ব্যাসপূজার ফল হাতে হাতে পাইলাম।

শ্রীনিত্যাননপ্রভূ এখন প্রকৃতিস্থ হইয়াছেন। প্রভূর সন্মৃথে শাসিয়া তাঁহাকে তিনি কর্যোড়ে ন্তব করিলেন— জয় জয় বিশ্বস্তব্য জনক সবার।
জয় জয় সংকীর্ত্তন হেতু অবতার।
জয় জয় বেদধর্ম সাধু বিপ্রপাল।
জয় জয় অভক্তদমন মহাকাল।
জয় জয় সর্ব্বসত্যময় কলেবর।
জয় জয় ইচ্ছাময় মহা মহেশর।
ব্যে তুমি অনন্ত কোটি ব্রহ্মাণ্ডের বাস।
ব্যে তুমি প্রীশচীগর্তে করিলা প্রকাশ।
তোমার যে ইচ্ছা কে বুঝিতে তার পাত্র।
ক্ষি হিতি প্রলয় তোমার লীলা মাত্র।
তোমার আজ্ঞায় এক সেবকে তোমার।
অনন্ত ব্রহ্মাণ্ড পারে করিতে উদ্ধার। হৈঃ ভাঃ

স্থবান্তে শ্রীনিত্যানন্দপ্রভু শ্রীগৌরভগবানের সন্মুখে ক্রমোডে দাঁড়াইয়া রহিলেন। তাঁহার সর্ব্ব অঞ্চ কদম্ব কেশরের আয় পুলকাবলীতে পূর্ণ,—গদগদ ভাষ,—প্রেমভরে সর্ব অঙ্গ টলনল। তাঁহার দৃষ্টি প্রভুর রাতুল পাদপদ্মের প্রতি। শ্রীনিত্যানন্ত্রভুকে শ্রীমন্ত্রগ্রপ্রভু আজু নিত্যা-নন্দ দান করিলেন। এইরূপে সেদিন শ্রীবাস্থঙ্গনে শ্রীনিত্যানন্দপ্রভুর ব্যাসপূজ। সমাপন হইল। পণ্ডিত ব্যাসপূজার সমুদ্য ত্রব্যসামগ্রী আনিয়া প্রভুর সমুথে রাখিলেন। প্রভু নিজ হন্তে তাহা ভক্তগণকে বতন করিয়া দিলেন। ভক্তবুন্দ মহানন্দে প্রসাদ পাইয়া কুতার্থ হইলেন এবং আনন্দে হরিধ্বনি করিতে লাগিলেন শ্রীবাদপণ্ডিতের বাড়ীর আত্মীয়স্বন্ধন, দাসদাসী পর্যান্ত সকলে প্রভুর প্রীহন্তে এই প্রসাদ পাইলেন (১)। শ্রীবাস পণ্ডিতের প্রতি প্রভুর রূপার অবিদ নাই। তাঁহার বাড়ীর যবন দরজী পর্যান্ত প্রভুর ক্বপাপাত্র ছিলেন। এই যবন দরজীকে প্রভূ তাঁহার স্বরূপ দেখাইয়া ক্বতার্থ করিয়া-ছिলেন। সে সকল नौला कथा পরে বলিব।

শ্রীনিত্যানন্দপ্রভুর তৃইটি কমলনয়নে দরদরিত

(১) ত্ৰহ্মাদি পাইয়া বাহা ভাগ্য ছেন মানে। ভাহা পায় বৈক্ৰেৰ দাস দাসীগণে।। চৈঃ ভাঃ প্রেমাশ্রধারা দৃষ্ট হইতেছে। তিনি প্রেমানন্দে বিহ্বল হইয়া প্রভুর বদনচন্দের প্রতি চাহিয়া আছেন। শ্রীগৌরাঙ্গ প্রভু তথন ভক্তবৃন্দের প্রতি শুভদৃষ্টিপাত করিয়া কীর্ত্তন আরম্ভ করিতে আদেশ দিলেন।

> সভা প্রতি মহাপ্রভু বলিলা বচন। পূর্ণ হৈল ব্যাসপূজা করহ কীর্ত্তন॥ চৈঃ ভাঃ

অমনি চতুর্দিকে গগনভেদী হরিহরিধ্বনি উথিত হইল। ভক্তবুন্দ মূদক করতাল যোগে প্রেমানন্দে মত হইয়া স্বন্ধর কীর্ত্তন আরম্ভ করিলেন। শ্রীশীগৌর-নিত্যানন্দ इरे जाजाय युगन रहेया की उत्न नामित्नन। इरे जत्नरे আজ প্রেমানন্দে উন্মত্ত। কাহারও বাহজ্ঞান নাই। প্রেমাননে ছুই জনেরই প্রীঅঙ্গ টলমল। ভক্তবুন প্রেমোক্ত ও নৃত্যপরায়ণ শ্রীগোর-নিত্যানক শ্রীবিগ্রহ भुगनारक त्वर्षेत्र कतिया नाहिरज्ञाह्म (১)। कीर्खनानारम সকলেই বিভার। কেহ ভূমিতলে পড়িয়া গড়াগড়ি দিতেছেন, কেহ কাহারও চরণ ধরিয়া কান্দিতেছেন। আজ শীবাসঅঙ্গনে সকল ভক্তবুন্দ একত্রিত হইয়াছেন। বৈফবগৃহিণীগণ আসিয়াছেন। জগুয়াতা শচীমাতা অন্তঃপুরে নিভূতে বদিয়া তাঁহার পুত্ররত্বের লীলারন্থ দেখিতেছেন। গৌর-নিতাই ছই ভায়ে হাত ধরাধরি করিয়া প্রেমানন্দে মধুর নৃত্য করিতেছেন। ইহা দেখিয়া মেহময়ী শচীমাতার মনে বড়ই আনন। তিনি ভাবিতেছেন এই ছুইটাই তাঁহার পুত্র (২)। বাৎসলা ভাবে বিভাবিত হইয়া, শচীমাতা শ্রীনিত্যানন্দপ্রভূকে বিশ্বরূপ দেখিতেছেন। আহা! বহুদিন তিনি বিশ্বরূপকে उमरथन नारे। जननीत প्रान शूज-वितरह **जाकूल हरे**यारह। তিনি ভাবিতেছেন বিশ্বস্তব ও বিশ্বরূপ তুই ভায়ে মিলিয়া

- (১) নিভাবেশ গৌরচন্দ্র নাচে এক ঠাই। মহামত হুই ভাই কারো বাহ্য নাই।। চৈঃ ভাঃ
- (২) চৈতক্ষ প্রভুৱ মাতা লগতের আই।
 নিভ্তে বসিয়া রঙ্গ নেখেন তগাই।।
 বিশ্বত্ত নিত্যানন্দ দেখি ছই জনে।
 ছই জন মোর পুত্র হেন বাংস মনে।। চৈঃ ভাঃ

আঙ্গিনায় নৃত্য করিতেছেন। শচীমাতার ইচ্ছা করিতেছে ছুটিয়া গিয়া হুই ভাইকে একত্রে ক্রোড়ে লইয়া, বক্ষে তুলিয়া তাপিত প্রাণ শীতল করেন। বৈষ্ণব গৃহিণীগণ শচীমাতার নিকট বিদিয়া আছেন। শচীমাতার নয়নে দরদরিত অশুধারা পড়িতেছে, আনন্দে তিনি আত্মহারা হইয়া অনিমেয় নয়নে গৌর-নিতাননদের মধুর নৃত্যভঙ্গী নিরীক্ষণ করিতেছেন, আর তাঁহাদের অপক্ষপ ক্ষপস্থধা পান করিতেছেন।

প্রভুর আদেশে অপরাত্নে কীর্ত্তন বন্ধ হইল। তাহার
পর শ্রীবাসপণ্ডিত সেদিন ব্রাহ্মণ বৈষ্ণব ভোজন করাইলেন।
এইরপে শ্রীনিত্যানন্দপ্রভুর ব্যাসপূজা সমাপন হইল।
শ্রীনিত্যানন্দপ্রভুর ষড়ভুজরপ দর্শন লীলাকাহিনী শ্রবণের
ফলশ্রুতি ঠাকুর বুন্দাবন্দাস লিখিয়াছেন—

এই নিত্যানন্দের যড়তুজ দর্শন। ইহা যে শুনয়ে তার বন্ধ বিমোচন॥

বাাসপূজার দিনে শ্রীনিতাানন্দপ্রভূকে তাঁহার অপূর্ব্ধ

যড় ভূজ শ্রীমৃত্তি দেখাইয়া প্রভু তাঁহার সন্নাাস-ধর্মাচরণের
প্রকৃত ফল দান করিলেন। ইচ্ছাসয় প্রভুর ইচ্ছায় শ্রীনিত্যানন্দপ্রভূ নিজ দণ্ড ভঙ্গ করিলেন। কারণ, এক্ষণে দণ্ডধারণ
তাঁহার আর গ্রয়োজন নাই। তিনি এখন বিধিনিষেধের অতীত। তাঁহার দণ্ড ধারণের কার্যা শেষ

হইয়াছে, তাঁহার সর্বাভীষ্ট সিদ্ধ হইয়াছে। এক্ষণে
তিনি দণ্ড ত্যাগ করিয়া নিশ্চিন্ত হইয়া সর্বেজিয় দারা
শ্রীগৌরভগবানের সেবাকার্যো নিমৃক্ত হইলেন। এক্ষণে
তিনি প্রকৃত বৈষ্ণব-সন্নাদী হইলেন।

ত্রয়োত্রিংশ অধ্যায়।

শ্রী**অদৈ**তপ্রভু-প্রোক্ত)বিষ্ণুপ্রিয়াতত্ত্ব।

কলিসুগে ভক্তিমৃত্তি দেবী বিঞ্প্ৰিয়া। শ্ৰীঅদৈতপ্ৰভূকহে তাহা প্ৰকাশিয়া॥

बीविकृत्रियामञ्जन।

শ্রীনবদ্বীপে প্রভুর আত্মপ্রকাশের পর নদীয়া-যুগল-ভঙ্গননিষ্ঠ গৌরভক্রন্দের মনবাঞ্চা পূর্ণ করিবার জন্ম শীশীবিফুপ্রিয়াবন্নভই শীক্ষেতপ্রভার শীমুগ দিয়া এই সময়ে শ্রীবিষ্ণুপ্রিয়াতত্ত্ব প্রকাশ করেন। শ্রীগৌরাঙ্গ সবতারে শ্রীবিষ্ণপ্রিয়াতত্ব অতীব নিগৃত। জীশীসমহাপ্রভু কলির প্রহন্ত অবতার। আগনাকে প্রছন্ত রাথিবার জন্ম তিনি কিরূপ সাবধান ছিলেন, তাহা গৌরভক্ত মাত্রেই অবগত আছেন। প্রভু যথন তাঁহার স্বরূপ ও তত্ত্ব প্রকাশে এত সাবধান, তখন তাঁহার বক্ষবিলাসিনী খ্রীবিফুপ্রিয়াদেবীর তত্ব প্রকাশ কিরুপে সম্ভব হইতে পারে ? তবে নদীয়া-যুগল-ভদন-নিষ্ঠ নিতাদাসগণ ছাড়িবার পাত্র নহেন। তাঁহাদিগের একান্ত ইচ্ছায় এবং সনির্মন্ধ অনুরোধে শ্রীমহৈতপ্রভূ একদিন শ্রীবাদ্যদনে বদিয়া প্রভুর সহিত রহস্তকথা প্রসঙ্গে প্রিয়াজির তত্ব প্রকাশ করিলেন। **জীনিত্যানন্দপ্রভু স্ব**য়ং এই নিগৃঢ় তত্ত্বসন্ধিৎস্থ নদীয়া-যুগল-ভজননিষ্ঠ সাধক গৌরভক্তবুন্দের অগ্রণী ছিলেন। এ সকল কথা শ্রীকবিকর্ণপুর গোস্বামী তাঁহার শ্রীচেতগ্রচন্দ্রো-দয় নাটকে লিখিয়া গিয়াছেন।

এই সময়ে শ্রীণান্তিপুরনাথ শ্রীমানহাপ্রভু কর্তৃক আদিষ্ট হইয়া শান্তিপুর হইতে নবদ্বীপে আদিয়াছেন। নদীয়ায় আদিয়া তিনি যে ভাবে প্রভুর সবিশেষ কুপা প্রাপ্ত হইলেন, তাহা পূর্বে বলিয়াছি। নদীয়ায় নিমাইপণ্ডিত তথন নবীন যুবক। নদীয়ার এই ব্রাহ্মণকুমারটি তাংকালিক বাদ্লার অদ্বিতীয় পণ্ডিত, তাহার পিতার সমবয়ন্ধ

নদীয়া—শান্তিপুরের ত্রান্ধণমণ্ডলীর অধিকাংশের দীক্ষা ও শিক্ষা ওক শ্রী মহৈ তাচার্যোর শিরে শ্রীচরণ দিয়া যে ভাবে কুপা করিয়াছিলেন, তাহা সকলেই অবগত আছেন। এরপ অম্বত কুপাবৃষ্টির অবশ্রুই কিছু নিগৃঢ় মর্ম আছে। শ্রীঅদৈতপ্রত্ন আমাদের গৌর-আনা-গোসাঞি। গোলোকপতিকে গোলোক হইতে ভূলোকে আনিতে পারেন, তিনি তাঁহার স্বরূপশক্তি সাক্ষাৎ ভক্তিস্বরূপিনী শ্রীবিফুপ্রিয়াদেবীর তত্ত্ব প্রকাশ করিবার উপযুক্ত পাত্র, ইহা বোধ হয় কেহই অস্বীকার করিবেন না। প্রীশ্রীনিত্যা-নন্দপ্রভু এবং শ্রীঅদ্বৈতপ্রভু উভয়েই শ্রীশ্রীনবদীপচক্তের মুগল-ভদ্দনিষ্ঠ সাধক ছিলেন। শ্রীবিফুপ্রিয়াতত্ব প্রকাশ-কার্যে৷ স্বয়ং শ্রীশান্তিপুরনাথের নদীয়া-যুগল-ভলনের আভাস পাওয়া যায়, এবং শচীআঙ্গিনায় শ্রীশ্রীবিষ্ণুপ্রিয়া-গৌরাঙ্গের युगलितलामभर्मरन धीदीनिकानस्थान्त (धर्मानस्वावहे তাঁহার নদীয়া-যুগল ভজনের প্রাকৃত্তি পরিচায়ক। সে সকল মধুর লীলাকথা এই গ্রন্থে যথাস্থানে বিস্তারিত বর্ণিত इट्टेर्ट ।

শ্রীঅদৈতপ্রভুর নবদীপে পুনরাগমনের কিছুদিন পরে তিনি একদিন শ্রীবাসঅঙ্গনে আসিয়া দেখিলেন শ্রীবিফু-প্রিয়াবলভ ভক্তগণসঙ্গে কৃষ্ণকথারসরঙ্গে বিভোর আছেন। সীতানাথকে দেখিয়া ভক্তসুন্দসহ গ্রভু গাজোখান করিয়া সম্মানে তাঁহাকে আসনে বসাইলেন; শ্রীঅদৈতপ্রভু শ্রীগৌর স্ক্রেকে প্রণাম করিলে তিনিও যথারীতি নমস্কার করিলেন। তথন উভয়ের মধ্যে কথোপকথন আরম্ভ হইল। এই রসময় কথাওলি শ্রীপাদকবিকর্ণপুর গোস্বামী সংস্কৃত ভাষায় লিখিয়া গিয়াছেন। তাঁহার বঙ্গান্থবাদ নিয়ে প্রদত্ত হইল।

রিসিকশেথরপ্রত্ন প্রথমেই হাসিয়া কহিলেন "এক্ষণে দীতাপতি (১) আসিয়াছেন। আর আমরা শমনভয়ে ভীত নহি।" প্রভুর শ্রীমূপে এই কথা শুনিবামাত্র উপস্থিত ভক্তবৃন্দ সবিশেষ আনন্দসহকারে হরিধ্বনি করিলেন। শ্রীসীতানাথ, শ্রীশীবিঞ্পিয়াবল্লভের কথা উটাইয়া ধরিয়া

(১) অংব চগৃহিণার নাম জ্বীনাতাদেশী।

কৌতুকরঙ্গে মৃত্ব হাসিয়। কহিলেন "রঘুপতিকে ত এখানে দেখিতেছি না, ভাঁহার পরিবর্ত্তে যত্নপতিকে দেখিতেছি"। প্রভুর এবদনে देवং হাসির রেখা দেখা দিল, তিনি আর কোন উত্তর করিলেন না। অন্ত কথা তুলিয়া তিনি তাঁহাকে কহিলেন "আপনি শান্তিপুরে থাকেন, ইহাতে আমি মনে বড় তুঃথ পাই।" শ্রীমনৈতপ্রভুর উত্তর দিবার পূর্বেই শ্রীবাসপণ্ডিত বলিলেন ''প্রভু! ম্ছাপি শান্তি-পুরে বাদ শ্রীমহৈতাচার্য্যের পক্ষে উপযোগী বটে, তথাপি দর্মবিধ ভক্তিরদের আকর শ্রীনবদ্বীপধামের প্রতি আপনার আবিভাবের পর হইতেই তাঁহার বিশেষ অন্তরাগ র্জনিয়াছে। সেই জন্ম সর্কার্যাপক শ্রীনিত্যানন্দপ্রভুও এখানেই আছেন(১)। নারদ-অবতার শ্রীবাদপণ্ডিতের এই ক্থার তাৎপর্য্য, শ্রীমহৈতপ্রভু প্রথমে শাস্ত ও দাস্তরসের দাৰক ছিলেন, এক্ষণে প্রভুর কুপায় নবদীপধামে আদিয়া তিনি র্ষিকভক হইয়া নব্দীপর্সের নিত্যান্দ ভোগ করিতেছেন। এঅবৈতপ্রতু এবাদপণ্ডিতের তত্বপূর্ণ সরস কথা গুলি মনোযোগপূর্কাক শুনিলেন। প্রভুর বদন-চন্দ্রের প্রতি চাহিয়া তিনি উত্তর করিলেন "সেই জন্য শ্রীবাসও এথানে"। পরম পণ্ডিত ও বাগী শ্রীবাস অমনি তাহাকে ধরিয়া বদিলেন। শ্রীমধৈতপ্রভুর এই কথা বলিবার তাংপর্যা এই যে, যেস্থানে শ্রী অর্থাৎ লক্ষ্মীদেবী বাস করেন সেথানে সর্ব্বসিদ্ধি লাভ হয়। শ্রীবাস পণ্ডিত হাসিয়া রহস্তা করিয়া শ্রীমহৈতপ্রভুকে কহিলেন ''ঠাকুর। আপনি যে লক্ষীদেবীর কথা বলিতেছেন, তিনি

(১) শ্রীবাস:। দেব। বজলি শান্তিপুরে বাস এবাবৈতোপযোগী ভ্রমণি নবানাং ভক্তিনাং দ্বীপইবেতি নবদীপে চরণাবিভাবাবিধি শ্রেরাবৈত পক্ষপাতঃ। তেন বাণিকো নিত্যান-ল-কাতা।

অধৈতঃ। অভোহত ঐবাসঃ।

শীবাস:। সাতু ভিরোভ্তেব।

ভগবান। এীবিফুভক্তি: সা ভক্ক ক্ৰৰ্ভ এব।

व्यव्या देशनीः रेमव विकृत्यिशा।

ভগৰান। অৰ কিং দৎস্ জ্ঞানাদি মাৰ্গেৰু ভক্তিরেববিফোঃপ্রিয়া।

অবৈত। অতএব ভগবান তামসীচকার।

গ্রি তৈক্তকোদর নাটক।

ত তিরোভূতা হইরাছেন"। প্রভু এ**তক্ষণ শ্রীঅধৈতপ্রভু** ও শ্রীবাসপণ্ডিতের কথোপকথন এক মনে শুনিতেছিলেন। তাঁহার প্রথমা ঘরণীর অন্তর্দানের প্রসঙ্গ শুনিয়া তিনি যেন কিছু বিচলিত হইলেন। একথার সত্তুর না দিয়া তিনি আর থাকিতে পারিলেন না। নিতাধাম নবদ্বীপ হইতে শ্রীগোরভগবানের নিতাদাসী শ্রীলক্ষ্মীদেবীর অস্ত-দ্ধান হইতেই পারে না। তাই প্রভু বলিলেন "ওছে শ্রীবাদপণ্ডিত ! শ্রী শব্দে ভক্তি। তোমরা ভক্তবৃন্দ যেখানে বর্ত্তমান, দেখান হইতে ভক্তিদেবীর অন্তর্দ্ধান হইয়াছে ইহা অসম্ভব। তাঁহার বাস তোমাদের নিকটেই।" এক্ষণে মহাবিষ্ণুর অবতার দর্শ্বক্ত শ্রীঅদ্বৈতাচার্য্য প্রভুর মনভাব বুঝিয়া তাঁহার প্রেরণায় শ্রীবিষ্ণুপ্রিয়াতত্ত্ব স্থির করিলেন। তাঁহার হৃদয়ে শ্রীগোরাসভগবান শ্রীবিষ্ণুপ্রিয়াতত্ত্বের ক্রতি করিয়া দিলেন। তিনি শ্রীবিষ্ণুপ্রিয়াবন্নভের শ্রীবদনের প্রতি সপ্রেম নয়নে চাহিয়া কহিলেন ''অবশ্রুই শ্রী অর্থাৎ ভক্তি নবদ্বীপেই আছেন। আর সেই ভক্তিদেবীই এথানে শ্রীবিফু প্রিয়া হইয়াছেন। শ্রীবিফু প্রিয়া-বন্ধভ এই কথায় মনে বড আনন্দ পাইলেন। কলির প্রচ্ছন্নঅবতার স্বীয় মন-ভাব গোপন করিয়া শ্রীঅদৈত প্রভুকে লক্ষ্য করিয়া গন্ধীর ভাবে উত্তর দিলেন "তা বটে, জ্ঞানাদি অনেক উপায় থাকিলেও ভক্তিই বিষ্ণুর প্রিয়া।" অর্থাৎ শ্রীভগবানের স্বরূপশক্তিই ভক্তি, আর তিনি স্ব্রাপেক্ষা ভক্তিকেই ভাল বাদেন। প্রভুর উত্তর শুনিয়া শ্রীঅদ্বৈতপ্রভূ আনন্দে অধীর হইয়া শেমানন্দে নুত্য করিতে লাগিলেন। উপস্থিত ভক্তবৃন্দ তাহাতে যোগ দিলেন। তাহার পর শান্তি**পুরনার্থ** দর্ম দমকে হাদিতে হাদিতে বলিলেন "প্রভু! এই জন্মই তুমি সনাতন মিশ্রের তৃহিতা শ্রীমতি বিষ্ণুপ্রিয়াদেবীকে নিজ অঙ্কে স্থান দিয়াছ। তিনিই মৃতিমতী ভজিদেবী, তিনিই তোমার সন্ধিৎ সন্ধিনী ও হ্লাদিনী শক্তির সারভূতা; তিনিই তোমার স্বরূপশক্তি। তাঁহার শক্তি লইয়াই তুমি শক্তিমান"। দৰ্বজ শ্ৰীঅহৈতাচাৰ্য্য দৰ্বে শান্তজ বৃদ্ধ আদ্বাণ, সর্বলোকের সমানার্। প্রভূ তাঁহার পুত্র অপেকাও বয়সে ছোট। শ্রীমধৈত প্রভু পূর্বের কখন জাহার সহিত সহিত এরপ কোতৃক রহস্ত করেন নাই। তাঁহার মুথে শ্রীবিষ্ণুপ্রিয়া-তত্ত্ব শুনিয়া ভক্তবৃন্দ আনন্দে অধীর হইয়া হরি ধবনি করিতে লাগিলেন। চতুর চূড়ামণি শ্রীবিষ্ণুপ্রিয়া-নাথ লজ্জাবনতবদনে বসিয়া রহিলেন। তাঁহার মনে আজ বড় আনন্দ। গৃহিণীর প্রশংসায় কাহার না মনে আনন্দ হয় ? এঅধৈতাচার্য্যের প্রতি প্রভু এক একবার অবনতবদনে আড়নয়নে চাহিতেছেন, চোথোচোথি হইলেই লজ্জায় বদনচন্দ্র অবনত করিতেছেন। শান্তিপুর নাথ প্রভুর এই সলজ্জভাবপূর্ণ অপরূপ রপরাশি দর্শন করিয়া আনন্দে আত্মহারা হইলেন। ভক্তবৃদ্ আনন্দে উৎফুল হইয়া শ্রীঅধৈত প্রভুর জয়জয়কার দিলেন। শ্রীবাস-অঙ্গনে আজ এক অভিনব আনন্দের স্রোত প্রবাহিত হইল। দে সোতের তরঙ্গে নদীয়ার বাল বুদ্ধ নারী ভাসিয়া গেল। শ্রীক্ষেতপ্রস্থা বিফুপ্রিয়া-তত্ব লুকাইয়া বলিলেন না। সর্বাসমকে এই নিগৃত তত্ত প্রকাশ করিয়া তিনি কলিহত জীবের অশেষ মঙ্গল সাধন করিলেন। গৃহের षष्ठतात्न माँफारेया देवश्वत-भृहिगीनगु विविकृत्यिया-उप अनित्नन । भानिनी दनवी ছुটिशा शिशा भठी गांठा व वर्ष একথা গোপনে বলিয়া আসিলেন। ইহা ভনিয়া শচী-মাতারও আনন্দের অবধি রহিল না। প্রভুর মনে আজ থে আনন্দের তরক উঠিয়াছে, শচীমাতার প্রাণে তাহার ঘাতপ্রতিঘাত লাগিল। আনন্দাধিকো তিনি তংক্ষণাৎ ত্রীঅবৈতপ্রভূকে তাঁহার গৃহে নিমন্ত্রণ করিতে পুত্রের निक्छ त्लाक भागे हिल्लन । जीत्लात्कत मत्न यथन वित्मव चानक इम, तकर यथन छांशामिशतक तकान एक मःवाम **८एम, ज्थन जार्शनिर**शत ८मरे প्रम स्वनुष्यनरक खेखम করিয়া থাওয়াইতে ইচ্ছা করে। শচীমাতার অতিশয় প্রিয় রন্ধনকার্য। এই কার্য্যে তিনি স্থনিপুণা। লোক ধাওয়াইয়া উাহার যত স্থুথ হয়, এত আনন্দ আর কিছুতেই হয় না। জীঅবৈতপ্রভু তাঁহার প্রবেধুর প্রশংসা করিয়াছেন, हेशाट कांशांत मन आव आनत्म उरमूह हहेगाटह। जाहे আব তিনি তাঁহাকে গৃহে নিমন্ত্রণ করিয়া পাঠাইলেন। মনের প্রবন আনন্দাধিক্যে তিনি ভূলিয়া গেলেন, এপর্য্যন্ত

শ্রীঅবৈতাচার্য তাঁহার হতে কথন অন গ্রহণ করেন নাই।
তিনি বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ, প্রভূ বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ।
এই তুই শ্রেণীর ব্রাহ্মণের মধ্যে সামাজিক নিয়মে অন্ন
ভোজন বিধি নাই। পকান্ধ, ফল মূল প্রভৃতির ব্যবহার
চলিত আছে। শ্রীঅবৈতাচার্য নৈষ্টিক ব্রাহ্মণ। তিনি
বৈদিক শ্রেণীর ব্রাহ্মণ-কন্সার হতে পাকান্ধ গ্রহণ করিবেন
না, একথা শ্রীমাতার মনেই উদয় হইল না। পুত্রের
নিকট লোক পাঠাইবার পর একথা তাঁহার মনে হইল।
তথন তিনি চিন্তা করিতে লাগিলেন।

এদিকে প্রভুর নিকট যথন শচীমাভার লোক গিয়া এঅবৈতপ্রভূকে নিমন্ত্রণের কথা জানাইল, তিনি প্রমানন্দে শচীমাতার নিমুল গ্রহণ করিয়া বলিলেন ''জগজ্জননী শচীমাতা আজ আদর করিয়া আমাকে নিমন্ত্রণ করিয়াছেন, আমার প্রম সৌভাগ্য। তাঁহার হত্তের পাকান্নব্যঞ্জন প্রদাদ পাইয়া আজ আমি ক্লতার্থ হইব"। রঙ্গিয়া প্রভূ ব্ঝিলেন শ্রীঅহৈত আচার্য্য এক্ষণে আর সে নৈষ্ট্রিক ব্রাহ্মণ নাই। তথাপি চতুরচুড়ামণি প্রভু তাঁহার মন পরীকা করিবার নিমিত্ত খুলিয়া কহিলেন "আচার্য্য! অদ্য আমার কুটীরে আপনাকে কষ্ট করিয়া রন্ধন করিতে হইবে। ইহা জননীর বিশেষ অন্তরোধ। 🕮 বাসপণ্ডিত, আমাকে বিশেষ করিয়া ধরিয়াছেন তিনিও আপনার হত্তের অন্ন ব্যন্ত্রন আজ আমার কুটীরে প্রদাদ পাইবেন,—আমিও বাদ পড়িব না। আপনার বিশেষ কট্ট হইবে না, আমার মাতাঠাকুরাণী সকল উদেযাগ করিয়া দিবেন"। চতুরচ্ডামণির চতুরতা দেখিয়া এ অধৈতপ্র মনে মনে বড়ই হাসিলেন। প্রভুর গোষ্ঠার সহিত তাঁহার আহার ব্যবহার ছিল না বলিয়াই প্রভু তাঁহাকে এত কথা বলিলেন,ইহা তিনি বুঝিতে পারিয়া লজ্জিত হইয়া মৃত্ ভাষে উত্তর করিলেন "প্রভু! কুপা করিয়া তুমি যখন একবার এ অধমকে চরণে স্থান দিয়াছ তথন আর অধরামৃত প্রদাদদানে তাহাকে বঞ্চিত করিও না।" জাঁহার এই মৃত্ ভাষ প্রভু ব্যতিত অন্ত কেহ শুনিতে পাইলেন না। প্রভূ ঈ্বং হাসিয়া একবার শ্রীষ্ণাছৈত-প্রভুর প্রতি করণ নয়নে চাহিলেন। ইহাতেই তিনি তাঁহার

মনের ভাব ব্ঝিতে পারিলেন। আর র্থা বাক্যব্যয়
না করিয়া তিনি শ্রীবাদপণ্ডিতের দহিত প্রভ্র সঙ্গে
তাঁহার নিজ মন্দিরে আদিলেন। প্রভ্জননীকে কহিলেন
"মা! আজ শ্রীঅদৈতাচার্যা তোমার হস্তের পাকার ভোজন
করিবেন।" শচীমাতা আনন্দে গদ গদ হইলেন।

শচীমাতা নানাবিধ শাক ব্যঞ্জন, অমু মিষ্টাল ক্সেত্ৰত করিয়া শ্রীঅদৈতপ্রভূকে স্বয়ং পরিবেশন করিয়া প্রম্ স্মা-ারে অতিশয় শ্রদ্ধাসহকারে ভোজন করাইলেন। শ্রীমতী বিষ্ণু প্রিয়াদেবী সকল বিষয়েই তাহার সাহায্যকারিণী। তিনিও রদ্ধনকার্য্যে স্থপটু হইয়াছেন। ইহার মধ্যে অনেক ব্যঞ্জন তিনিই পাক করিয়াছেন। শ্রীঅদৈতপ্রভু পরম পরিতোষ পূর্ব্বক ভোজন করিয়া শচীমাতার নিকট তাঁহার পুত্রবধুর বহু প্রশংসা ও স্থ্যাতি করিলেন। প্রীমতী বিফুপ্রিয়াদেবী ইহা ভ্রমিয়া লজ্জায় গৃহান্তরে পলায়ন করিলেন। শচীনন্দন চকিতে ক্ষণেকের তরে সেই গুহে গিয়া প্রিয়াজির কানে কানে কি বলিলেন। তিনি লজ্জায় সে গৃহ হইতেও অক্সত্ৰ পলায়ন করিলেন। শ্রীঅদৈতপ্রভু শ্রীশ্রীগ্রোর-বিষ্ণুপ্রিয়ার এই যুগল লীলারন্ধ স্বচক্ষে দেখিলেন। রসিক চূড়ামণি প্রভূ কৌশলে তাঁধার রিদিকভক্ত শ্রীঅবৈতপ্রভূকে মধুময় এই মুগল লীলারস্ব দেখাইয়া কৃতার্থ করিলেন। এইরূপ মুগল-নীলারঙ্গ তিনি শ্রীনিত্যানন্দপ্রভুকেও দেখাইয়াছিলেন। সে কথা পরে বলিব।

সেই দিনই প্রীঅদৈত আচার্য্যকে কুপা করিয়া প্রভু গহার গৌর-কৃষ্ণ রূপ দেখাইলেন। গৌর-কৃষ্ণ যে অভেদ-ত্বে, তাহা প্রভু সেই দিন প্রীঅদৈতপ্রভুকে স্পষ্ট করিয়া ঝাইয়া দিলেন। শ্রীবাসপণ্ডিত এই কার্য্যের মধ্যস্থ ছলেন। তিনি নারদের অবতার। শ্রীগৌরভগবানের প্রিয় পারিষদ। শ্রীঅদৈতপ্রভুর মনের সন্দেহ ''ইনিই কি তিনি ?'' বছদিন পর্যান্ত ছিল। তাঁহার এই যে সন্দেহ, ইহাও প্রভুর একটা লীলারক। এ সকল লীলাকথা থাস্থানে বিচার করিবার প্রয়াস পাইব।

প্জাপাদ মহাজনগণ শ্রীবিষ্ণুপ্রিয়াতত্ত্ব প্রকাশ করিয়া বিছেন। ইহা প্রভুর ইক্ষায় গুপ্ত ছিল, এক্ষণে ক্ষমে ক্ষে

ব্যক্ত হইতেছে। প্রভ্র প্রকটাবস্থায় তাঁহাকেই অপ্রকাশ
রাখা প্রভ্র আদেশ ছিল। তাঁহার অপ্রকটের পর তাঁহার
ভক্ত মহাজন ঋবিগণ তাঁহাকে প্রকাশ করেন, তাঁহার তত্ত্ব
বিচার করেন। জগতে শ্রীবিষ্ণুপ্রিয়াতত্ত্ব প্রকাশ ও
বিচারের এখন সময় আসিয়াছে। কারণ শ্রীবিষ্ণুপ্রিয়াদেবীর ইচ্ছায় এখন গৌরভক্তবৃন্দের মনে ইহা জানিতে
একটা প্রবল বাসনা হইয়াছে। শ্রীরাধাতত্ত্ব, শ্রীকৃষ্ণতত্ত্ব
প্রকাশের বহুকাল পরে প্রকাশিত হইয়াছিল। শ্রীগৌরাঙ্গপ্রভূ স্বয়ং ইহার প্রকাশক। শ্রীবিষ্ণুপ্রিয়াতত্ব তাঁহার একান্ত
নিজন্তনের দারা প্রকাশিত হইবে। তক্তের ভগবান ভক্তিতব্ব প্রকাশের সহায়তা করিতেছেন॥ শ্রীবিষ্ণু প্রিয়াতত্ব
ভক্তিতব্ব। উহা স্বপ্রকাশ বস্ত্ব। স্বয়ং ভগবান ইহার
প্রকাশক,—ভক্ত উপলক্ষ্য মাত্র।

চতুর্ত্রিংশ অধ্যায়।

পুণ্ডরীকবিছানিধি ও গদাধরপণ্ডিত।

ঐগোরাজ-বিতাবিধি মিলন।

পুগুরীক গদাধর ছ'য়ের মিলন।
বে পড়ে বে শুনে তারে মিলে প্রেমধন॥
শীচৈতগাভাগবত।

শ্রীগোরভগবান যথন নদীয়ায় আত্মপ্রকাশ করিতে আরম্ভ করিলেন, শ্রীবাসআদিনায় যথন তিনি ভ্বনমঙ্গল যুগধর্ম শ্রীহরিসংকীর্ত্তন-যজ্ঞার্ম্ভ করিলেন, তাঁহার নিত্য পার্যদগণ একে একে নবদীপে আদিয়া প্রভ্র চরণে আত্মন্যর্পণ করিতে লাগিলেন। শ্রীঅবৈতপ্রভ্, হরিদাস ঠাকুর, শ্রীনিত্যানন্দপ্রক্ শ্রীন্সমনা প্রভ্র গরমভক্ত চট্টগ্রামবাসী পুঞ্রীক বিছানিধিকে এই সময়ে শ্রীগোরভগবান নিজ ধামে আকর্ষণ করিলেন। শ্রীবাসঅঙ্গণে প্রভ্র একদিন নৃত্য কীর্ত্তনানন্দে মত্ত আছেন। তাঁহার নদীয়ার অন্তর্ম্ব ভক্তর্ম্ব সকলেই সেধানে উপস্থিত আছেন, হঠাৎ সেদিন তিনি "বাপ পুঞ্রীক, বাণ পুঞ্রীক" বিলয়া উক্তৈঃশ্বে ক্রম্বন করিতে

লাগিলেন। প্রেমাবেশে বিহ্নল হইয়া তিনি কাঁনিতে কাঁনিতে বলিতে লাগিলেন--

"পুগুরীক আরে মোর বাপ্রে বন্ধ্-রে।
কবে ভোমা দেখি আরে-রে বাপ্রে॥" চৈঃ ভাঃ
ভক্তবৃদ্দ প্রভুর এই প্রেমকেন্দনের মর্মা বৃঝিতে না পারিয়া
বাাক্ল হইলেন। পুগুরীকের নাম লইয়া প্রভু এত কান্দেন
কেন, তাহা কেহ বৃঝিতে পারিলেন না। ভক্তবৃন্দ বৃঝিলেন পুগুরীক প্রভুর কোন প্রিয়ভক্ত হইবেন। প্রভু বাহাভানশ্ত হইয়া "বাপ্ পুগুরীক! তুমি কোথায় আছ?
একবার এসে দেখা দাও" বলিয়া আকুল ক্রন্দন করিতেছেন। সকলে তাঁহাকে কছু জিজ্ঞাসা করিতেও পারেন না।
সকলেই প্রভুর প্রেমবিহল বদনচন্দ্রের প্রতি চাহিয়া
আছেন। গদাধরপণ্ডিত প্রভুকে ক্রোড়ে করিয়া বিসয়াছেন। কতক্ষণ পরে প্রভুর বাহজান হইল। তিনি
কিঞ্চিং স্ক্রেছ ইইলে ভক্তবৃন্দ জিজ্ঞাসা করিলেন—

"কোন্ ভক্ত লাগি প্রাভূ করহ ক্রন্দন।
সত্য আমা সভা প্রতি করহ ক্র্পন॥
আমা সভাকার ভাগ্য হউ তানে জানি।
তাঁর জন্ম কর্ম কোথা কহ প্রাভূ শুনি॥" চৈঃ ভাঃ
প্রাভূ কান্তিতে কান্তিত মধুরবচনে উত্তর করিলেন—

"তোমরা সকল তাগ্যবান।
ভানিতে হইল ইচ্ছা তাঁহার আখ্যান॥
পরম অস্তুত তাঁর সকল চরিত্র।
তাঁর নাম শ্রবণেও সংসার পবিত্র॥
বিষয়ীর প্রায় তাঁর পরিচ্ছদ সব।
চিনিতে না পারে দেকেল ভিক্টো দে বৈষ্ণব ॥
চাটিগ্রামে জন্ম বিপ্র পরম পণ্ডিত।
পরম সাচার সর্ব লোকে অপেক্ষিত॥
কৃষ্ণভক্তি-সিন্ধু মাঝে ভাসে নিরস্তর।
অশ্রকম্প পুলক বেষ্টিত কলেবর॥
গঙ্গামান না করেন পাদম্পর্শ ভয়ে।
গঙ্গাদরশন করে নিশির সময়ে॥

গঙ্গায় যে-সব লোক করে জনাচার।
কুল্লোল দন্তধাবন, কেশ সংস্থার ॥
এসকল দেখিয়া পায়েন মনে ব্যথা।
এতেক দেশেন গঙ্গা নিশায় সর্ব্বথা ॥
বিচিত্র বিশ্বাস আর এক শুন তান।
দেবার্চ্চন পূর্ব্বে করে গঙ্গাছল পান ॥
ভবে সে করেন পূজা আদি নিত্যকর্ম।
ইহা সর্ব্ব পণ্ডিতেরে ব্ঝায়েন ধর্ম ॥
চাটিগ্রামে আছেন, এথাহো বাড়ী আছে।
আসিবেন সম্প্রতি দেখিবা কিছু পাছে ॥
তাঁরে ঝাট্ কেহো চিনিবারে না পারিষা।
দেখিলে বিষয়ী মাত্র জ্ঞান সে করিষা ॥
তাঁরে না দেখিয়া আমি স্বাস্থ্য নাহি পাই।
সভে তাঁরে আক্ষিয়া আনহ এথাই ॥" চৈঃ ভাঃ

এই কথা বলিতে বলিতে প্রভু পুনরায় আবিষ্ট হই-লেন। "বাপ্পুণ্ডরীক! বাপ্পুণ্ডরীক"! বলিয়া পুনরার উচ্চৈঃস্বরে রোদন করিতে লাগিলেন।

প্রত্থীক বিভানিধিকে বাপ্ বলিয়া সম্বোধন করিলেন কেন? ইহার নিগৃঢ় তত্ত্ব আছে ৷ প্রভূ যথন জীরাধিকার ভাবে বিভাবিত হইতেন, তথন এইরূপ করিতিন ৷ পুগুরীক বিভানিধি পূর্বলীলায় রাজা ব্যভায় ছিলেন ৷ যথা শীগোরগণোদেশ দীপিকায়—

বৃষভান্থ তয়া খ্যাতঃ পুরা যো ব্রজমণ্ডলে। অধুনা পুগুরীকাক্ষ বিত্যানিধি মহাশয়ঃ॥

প্রভূ পূর্বলীলার সম্পর্কে তাঁহাকে পিতৃ সম্বোধন করি-লেন। ভক্তবৃন্দ ইহা কি করিয়া বৃ্বিবেন? প্রভূর আকর্ষণে পুগুরীক বিভানিধি নবদীপে আসিলেন।

> ঈখরের আকর্ষণ হৈল তাঁর প্রতি। নবদীপে আসিতে হৈল তার মতি॥ চৈঃ ভাঃ

তিনি বড় লোক, বিষয়ী এবং সম্পত্তিশালী। হাতি ঘোড়া, লোক জন, ব্রাহ্মণ বৈষ্ণব এবং বছবিধ দ্রব্যসন্তার সঙ্গে লইয়া শ্রীপুগুরীক বিভানিধি নবন্ধীপে আগমন করিয়া গঙ্গাতীরে একটা বড় বাড়ী ভাড়া করিয়া মহা বিষ্^{য়ীর}

স্থায় সেখানে যাস করিতে লাগিলেন। তাঁহার সজে অনেক বান্ধণ শিশ্ব আছেন, দাস দাসী আছে। প্ৰম विषयी १९ ভোগী विषया ननीयांत लाक छांशांक जानि-তেন। বৈষ্ণব-সমাজে তিনি পরিচিত ছিলেন না (১)। প্রস্থার পরম ভক্ত স্থক্ত মুকুন্দ দত্ত কেবল পুগুরীক বিছা-নিধিকে জানিতেন, কারণ তাঁহারও নিবাস চট্টগ্রামে ছিল; ছই জনে পুরেষ পরিচয়ও ছিল। বিছানিনি महाश्व नवहीं (१) जानिया विवासी विषयीत छात्र वास করিতে লাগিলেন। তাঁহার আগমন-বার্ত্তা প্রবণ করিয়া প্রভুর মনে বড় আনন্দ হইল। মুকুন্দ দত্ত প্রভুর অন্তর্জ ভক্ত; তাঁহার বিশেষ রুপাপাত। তিনি পুওরীক বিভানিধির পরিচিত। মুকুন্দ ও বাস্থদেব দত্ত উভয়ে মিলিয়া তাঁহার সঙ্গ করেন। বিজ্ঞানিধি ঠাকরের প্রেম-ভক্তির কথা আঁহার। স্বিশেষ জানেন। গ্রদানর প্রিতের সহিত মুকুন্দের বন্ধত্ব ছিল। মুকুন্দ তাঁহার নিত্যসহচর,প্রিয় বন্ধু এবং শ্রীগোরাঙ্গভজনের প্রধান সহায়। দাসের মত মুকুন্দ গদাধরপণ্ডিতের সেবা করেন। নবদীপে যেথানে গাহা উত্তম দেখেন ব। ওনেন, স্ক্রাত্রে আসিয়া গ্রাণর প্রিতকে বলেন: পুওরীক বিছানিধির নদীয়ায় আগমন বার্ছা মুকুন্দ গিয়া সহাক্তে তাঁহার প্রিয়বন্ধ গ্লাধরকে কহি-লেন 'পণ্ডিত। এখানে একজন অতি অন্ত বৈষ্ণব মাসিয়াছেন। তুমি যদি তাঁহাকে দর্শন করিতে বাসনা কর, আমি তাঁহার নিকট তোমাকে আভ লইয়। যাইব" (২)। ইহা শুনিয়। বৈষ্ণবচুড়ামণি গদাধর আনন্দে গদগদ হইয়া তৎক্ষণাৎ মুকুন্দের সঙ্গে এই অন্তত বৈষ্ণব

> (>) পরম ভোগীর প্রায় সর্বলোকে দেখে। বৈক্ষবসমাজে ইছা কেছো নাছি শুনে ॥ চৈঃ ভাঃ

(২) মুকুন্দের বড় প্রিয় পণ্ডিত গদাধর।
একান্ত মুকুন্দ ভার সঙ্গে অসূচর।।
বথাকার বে বার্ডা করেন আদি সব।
আজি হেখা আইলা এক অভুত বৈকব।।
গদাধর পণ্ডিত ! শুনহ সাবধানে।
বৈক্ষম দেখিতে বে বাংশ্ছ ভূমি মনে।।
অভুত বৈক্ষম আজি দেখাৰ ভোষারে।
সেবক ক্রিয়া বেন স্বঙর কারাবে।। হৈঃ ভাঃ

দর্শনে গমন করিলেন। শ্রীকৃষ্ণ স্মরণ করিয়া ত্ই জন গৃহ হইতে যাতা করিলেন।

পুওরীক বিভানিধি ধনী বিষয়ী লোকের বাসোপযোগী একটি উত্তম অটালিকার স্বসজ্জিত প্রকোঠে রাজপুত্রের ন্থায় বিলাসরশে মগ্ন হইয়া বসিয়া আছেন। তাঁহার আকার ও পরিচ্ছদ প্রভৃতি পরম বিলাসী ধনী সম্ভানের মত। বছ লোকজন, দাসদাসী, কর্মচারী পরিবেষ্টিত হইয়া তিনি দিবা পালম্বের উপরে বসিয়া স্থথে তামূল চর্মবণ করিতেছেন। গ্রীম্মকাল,—ময়রের পাথা দিয়া ছই দিকে ছই জন ভূত্য তাঁহাকে বাতাস করিতেছে। প্রীল বুন্দাবনদাস ঠাকুর বিভানিধি মহাশয়ের বৈঠকখানার চিত্রটি অতি স্থলর বর্ণনা করিয়াছেন। ক্রপাম্য পাঠকরন্দের চিত্তবিনোদনার্থ সেই অপুর্ব্ব চিত্রটি নিম্নে উদ্ধৃত হইল (১)।

গদাধরপণ্ডিত গৃহী-বৈষ্ণব-সন্তান হইলেও আজন । সংসার-বিরক্ত। নদীয়ার বিশুদ্ধ বিপ্রক্লভূষণ আচাধ্য

> (১) বসিরা আছেন পুগুরীক মহাশয়। রাজপুত হেন করিয়াছেন বিজয়।। দিবা খট্টা হিঙ্গল পিত্তলে শোভা করে। मिया हत्नांडण जिन जानांव छे भरत ।! তহি দিব্য শ্যা শোভে অতি সূল্ববাদে। প্রনৈত বালিদ শোভৱে চারি পালে।। ৰত ঝারি ছোট ঝারি শুটি পাঁচ সাত। দিবা পিওলের বাটা পাকা পান ভাত।। দিবা আলব।টি ছই শোভে ছই পালে। পান থাঞা অধরে দেখি দেখি হালে।। विदा मगुरम्ब भाषा वहे छूहे करन । বাভাস করিতে আছে দেহ সর্বকাণে।। চন্দ্ৰের উদ্ধি পুঞ্জিলক কপালে। গৰের সহিত্ত তথি কাঞ বিন্দু মিলে।। কি কহিব সে বা কেশভারের সংকার। पिया गब आमलको यह नाहि आत !: किया अकारन (प्रश्न मनन गर्मान । ৰে বা চিনে ভার হয় বাজপুত্র জান।। সন্মৰে বিচিত্ৰ এক গোলা সাহেবান। विवतीत शाह द्वन वांचान मरहान ॥ रहः छाः

মাধব মিশ্র তাঁহার পিতা। গদাধর শিশুকাল হইতেই সংসার-বিরাগী। তিনি ভক্তিপথের সাধক, ভক্তিশাস্ত্রে স্থপিওত গদাধরপণ্ডিতের সংসার-বৈরাগ্য নদীয়ার সর্কালোক বিদিত। শ্রীল পুগুরীক বিভানিধি মহাশয়ের বাহ্য ব্যবহার দেখিয়া আজন্মবিরক্ত গদাধরপণ্ডিতের মনে তাঁহার প্রতি কিছু সন্দেহ জ্মিল। মুকুন্দ নিকটে ব্দিয়া আছেন; গদাধরপণ্ডিতের মনের ভাব ব্রিতে তাঁহার আর বাকি রহিল না।

বিদ্যানিধিঠাকুর মহাশয় গদাধরপণ্ডিতের মুখের প্রতি চাহিয়া মুকুলকে হাসিয়া জিজ্ঞাসা করিলেন, "মুকুল ! ইহার কি নাম, কোথায় নিবাস ? ইহার পরম স্থলর আরুতি প্রকৃতি দেখিয়া মনে হইতেছে ইনি একজন পরম ভগবদ্বক্ত । ইহার কলেবর বৈষ্ণব-তেজপূর্ণ (১)। মুকুল সমন্ত্রমে উত্তর করিলেন "ইহার নাম প্রীগদাধর পণ্ডেত । ইনি শ্রীমাধবাচার্গ্য মিশ্রুঠাকুরের পুর । এই ভাগ্যবান্ পুরুষ-রম্বটি শিশুকাল হইতেই সংসার-বিরক্ত । ইনি ভক্তিমার্গের সাধক । নদীয়ার সর্ব্ব বৈষ্ণবগণ ইহাকে বিশেষ প্রীতি করেন । আপনার নাম শুনিয়া আপনাকে দর্শন করিতে ইনি আমার সঙ্গে আসিয়াছেন।" পুঞ্রীক বিদ্যানিধি গদাধরপণ্ডিতের পরিচয় পাইয়া পরম আনন্দিত হইয়া তাঁহাকে সাদর সম্ভাষণ করিয়া নিকট বসাইলেন ।

গদাধরপণ্ডিতের মনের সন্দেহ মনেই রহিল। তিনি ভাবিলেন—

ভাল ত বৈষ্ণব সব বিষয়ীর বেশ।
দিব্য ভোগ দিব্য বেশ দিব্য গন্ধ কেশ।
শুনিঞা ত ভাল ভক্তি আছিল ইহানে।
আছিল যে ভক্তি সেহ গেল দরশনে। চৈঃ ভাঃ
স্বচতুর মৃকুক তাঁহার প্রিয়বক্স গদাধরের মনের কথা
ব্ঝিলেন। তাঁহার মুখ দেখিয়াই তিনি বক্সুর মনভাব

(>) জিজানিলা বিভানিধি মুক্লের ছানে।
কিবা নাম ইহার থাকেন কোন গ্রামে।।
বিজ্ঞুভজি ভেজোময় দেখি কলেবর।
কাহুতি প্রকৃতি হুই পরম সুক্র ।। চৈ: ভা:

বৃঝিলেন। একণে মুকুন্দ ভক্তচ্ছামণি পুণ্ডরীক বিদ্যা-নিধিকে প্রকাশ করিতে ইচ্ছা করিলেন।

> বৃঝি গদাধর চিত্ত শ্রীমৃকুন্দানন্দ। বিদ্যানিধি প্রকাশিতে করিলা আরম্ভ ॥ চৈঃ ভাঃ

মুকুন অতি স্থকণ্ঠ, প্রভুর কুম্ফীর্তনের তিনি প্রধান গায়ক। তিনি ভক্তিশান্ত্রেও স্থপণ্ডিত। মুকুন স্থর তালযোগে শ্রীমন্তাগবতের নিম্নলিখিত শ্লোকটি মধুর স্বরে আর্ত্তি করিলেন।

> অহো বকী যং শুন কালকুটং জিঘাংসয়াহপায়যদপ্যসাধনী । লেভে গতিং ধাত্ৰ্যচিতাং ততোহস্তং কংবা দ্যালুং শরণং ব্ৰজেম ॥ (১)

অর্থ। অহো! বকাস্থরভগিনী পুতনা গাঁহাকে বণ করিবার বাসনায় নিজ অন্যুগলে কালকুট বিষ মাথাইয়। পান করাইয়াছিল, কিন্তু ভাহাতেও সেই কুর্দ্দিপরায়ণ। অসাধনী গাঁহার নিকট হইতে পাত্রীপদ্যোগ্যা গতি প্রাপ্থ হইয়াছিল, বল দেখি তিনি ব্যক্তি অন্য কোন্ দ্যালুর শ্রণ গ্রহণ করিব ?

অকৈতব রুষ্ণভক্তিপূর্ণ শ্রীভাগবতীয় এই পুণ্যশ্লোক শ্রবণমাত্রেই বিচ্চানিধি মহাশ্যের নয়নদ্বয়ে মুক্তামালার ন্যায় অপূর্ব্ব প্রেমাশ্রধারা দৃষ্ট হইল। তিনি প্রেমবিহ্বল-ভাবে অঝোরনয়নে কাঁন্দিতে লাগিলেন। তাঁহার নয়ন-দ্বয়ে যেন গঙ্গাদেবীর আবির্ভাব হইল।

> নয়নে অপূর্ব্ব বহে শ্রীআনন্দ-ধার। যেন গঙ্গাদেবীর হইল অবতার॥ চৈঃ ভাঃ

তাঁহার অংক একেবারে অষ্ট-সাত্তিক ভাবতরকের উদয় হইল। হুদ্ধার গর্জ্জন করিয়া মৃকুন্দের প্রতি চাহিয়। তিনি "বোল" "বোল" করিয়া মহা চীৎকার করিতে লাগিলেন। তিনি দিব্য পালকের উপরে বসিয়াছিলেন।

(>) অণিচ দশন কৰে—
 পুত্ৰা লোকবালয়ী রাক্ষনী ক্ষবিরাশনা।
 বিকাদেয়াশি হরদে ত্তনা ক্রাপ স্পাতিং।।

আর সেখানে স্থির থাকিতে না পারিয়া ভূমিতলে পতিত হইয়া প্রেমভরে "হা কৃষ্ণ! হা কৃষ্ণ" বলিয়া ধূলায় গড়াগড়ি, দিতে লগিলেন এবং কৃষণশ্বরে কাঁন্দিতে লাগিলেন। মুক্লও প্রেমানন্দে বিভার হইয়া সেই উত্তম শ্লোকটী পুনং পুনং মধুর শ্বরে আর্ত্তি করিতে লাগিলেন। তিনি যতই উহা পাঠ করেন, বিদ্যানিধি মহাশয় ততই বিহ্বল ভাবে অঙ্গ আছাড়িয়া ক্রন্দন করেন। কৃষ্ণপ্রেমে উয়ত্ত হইয়া তিনি পরিধানবন্ধ ছিয় করিয়া তুইখণ্ড করিলেন। পদাঘাতে গৃহের সমুদয় প্রব্যাদি দ্রে নিক্ষেপ করিলেন। বহুন্লা প্র্যাদি ভাঙ্গিয়া চুরমার হইয়া গেল, কোন দিকেই তাঁহার লক্ষ্য নাই। তিনি কেবল এক একবার মৃকুন্দের মুথের প্রতি চাহিতেছেন, আর চাঁংকার শ্বরে "বোল বোল" শক্ষ করিতেছেন। যথা শ্রীচৈতন্ত ভাগবতে—

"বোল বোল" বলি মহা লাগিল গজ্জিতে।
হির হৈতে না পারিলা পড়িলা ভূমিতে॥
লাখি আছাড়ের ঘায়ে যতেক সন্তার।
ভাঙ্গিল সকল রক্ষা নাহি কারো আর॥
কোখা গেল দিব্যবাটা দ্রব্যগুরাপান।
কোখা গেল ঝারি যাখে করে জলপান॥
কোখা পড়িল গিয়া শ্যা পদাণাতে।
প্রেমাবেশে দিব্যবন্ত চিরে হুই হাথে॥
কোখা গেল সে-বা দিব্য কেশের সংস্কার।
ধূলায় লোটায়ে করে ক্রন্সন অপার॥ চৈঃ ভাঃ
ভিনি কাঁন্দিতেছেন আর করুণস্বরে বিলাপ করিতেছেন—

মোরে সে করিলা কার্চ পাষাণ সমান ॥''
তিনি প্রেমবিহ্বলভাবে একবার উঠিতেছেন, আবার ভূমিতলে আছাড় খাইয়া পড়িতেছেন। উপস্থিত সকলে মনে
করিতেছে, তাহার শরীরের অন্থি সকল যেন চূর্ণ-বিচূর্ণ
হইয়া গেল; তাঁহারাও কান্দিতেছেন। ঘোর অন্থতাপানলে দগ্ধ হইয়া আর্ত্বরে তিনি কান্দিয়া কান্দিয়া মৃকুন্দকে
বলিতেছেন—

कृष्ण त्त्। ठीकृत (त्। कृष्ण भात ल्यान।

''মৃঞি সে বঞ্চিত হইলুঁ এই অবতারে।''

তাঁহার প্রেমবিহরণতা দেখিয়। মৃকুন্দ ও গদাধরপণ্ডিত জড়-বং স্তম্ভিত হইয়াছেন। বিদ্যানিধি মহাশম এক্ষণে মৃদ্ধিত হইয়া ভূমিতলে পড়িয়া আছেন। তাঁহার বাহ্ঞান সম্পূর্ণ-কপে লুপ্ত হইয়াছে। তিনি পরমানন্দে মগ্গ হইয়া নিশেষ্ট আছেন।

তিল মাত্র ধাতু নাই সকল শরীরে। ডুবিলেন বিদ্যানিধি আনন্দসাগরে॥ চৈঃ ভাঃ

গদাধরপণ্ডিত বিদ্যানিধি মহাশ্যের প্রেমবিহ্বলতা দেথিয়া অতিশয় বিস্মিত হইলেন। তাঁহার মনে বিষম অফতাপানলের জালা হইল—

"হেন জনেরে যে আমি অবজ্ঞা করিলুঁ।
কোন বা অগুভক্ষণে দেখিতে আইলুঁ॥" চৈঃ ভাঃ

মুকুলকে ক্রোড়ে করিয়া তিনিও অঝোর নয়নে কালিতে
লাগিলেন। তাঁহার নয়নজলে মুকুলের সর্ব্ধ অঙ্গ সিঞ্চিত
হইল। গদাধরপণ্ডিতের মনে হইল তিনি বিভানিধি
মহাশয়ের নিকট বিষম বৈষ্ণবাপরাধে অপরাধী হইয়াছেন। কি প্রকারে তাঁহার এই অপরাধ ভগ্গন হয়, তাহার
উপায় মনে মনে স্থির করিয়া মুকুলকে সংখাদন করিয়া
তিনি কালিতে কালিতে কহিলেন—

"মৃক্ল আমার তুমি কৈলে বন্ধৃকাষ্য।
দেখাইলা ভক্তি, বিহ্নানিধি ভট্টাচাষ্য॥
এই মত বৈষ্ণব কিবা আছে ত্রিভ্বনে।
ত্রৈলোক্য পবিত্র হয় এ ভক্ত দর্শনে॥
আজি আমি এড়াইলুঁ পরম সম্বটে।
দেহো যে কারণে তুমি আছিলা নিকটে॥
বিষয়ীর পরিক্ষণ দেখিয়া উহান্।
বিষয়ী বৈষ্ণব মোর চিত্তে হৈল জ্ঞান॥
প্রিয়া আমার চিত্ত তুমি মহাশয়।
প্রকাশিলা পুগুরীক-ভক্তির উদয়॥
যত খানি আমি করিয়াছি অপরাধ।
তত খানি করাইবা চিত্তের প্রসাদা॥ চৈ: ভা:
এক্ষণে বন্ধ্বরের নিকট নিজ অপরাধ-ভঞ্জনের কথা

তুলিয়া স্বয়ং যে উপায় চিন্তা করিয়াছেন, তাহাও তিনি প্রকাশ করিয়া বলিলেন—

> "এপথে প্রবিষ্ট যত সব ভক্তগণ। উপদেষ্টা অবশু করেন এক জন॥ এপথেতে আমি উপদেষ্টা নাহি করি। ইহান স্থানেই মন্ত্র উপদেশ ধরি॥ ইহানে অবজ্ঞা যেন করিয়াছি মনে। শিষ্য হইলে সব দোষ ক্ষমিবে আপনে॥ চৈঃ ভাঃ

গ্লাধরপণ্ডিত তথ্ন প্যান্ত মন্ত্রদীক্ষা গ্রহণ করেন ভাঁহার নিকট নিজকত এই অপরাধভঃনেজায় গদাধর পণ্ডিত তাঁহার নিকট মন্ত্রদীকা লইতে স্কল্প করিলেন। মৃকুন্দ তাহার প্রিয়বন্ধুর মূথে এই সাধু সঙ্গল শুনিয়া অতি-भग्न जानिक इहेरलन। हुहे ज्ञात यथन এहे नकन **मर**नत কথা হইতেছিল, বিভানিদি মহাশয় তথনও প্রেমানন্দে অচৈতন্ত আছেন। তুই প্রহর পরে তাঁহার বাহজান হইল। গদাধরপণ্ডিত এবং মুকুন্দ ছুই জনে তাঁহার পদতলে বনিয়া সেবা-ভঞ্মা করিতেছিলেন। গদাপর পণ্ডিতের নয়নের জলে তাঁহার সর্ব্দ অঙ্গ ভাসিয়া যাইতে-ছিল। শ্রীপুগুরীক বিছানিধি কতক্ষণ পরে আত্মসম্বরণ করিয়া গদানরপণ্ডিতকে ক্রোডে করিয়া গাঢ় প্রেমালিকন দান করিলেন। ইহাতে ভক্তিপ্রাণ গদাধরের প্রেমানন্দ্রেগ বিভণ বৃদ্ধিত হুইল, তাঁহার প্রেমাশ্রণারা নদীন্ত্রোতের ক্যায় প্রবাহিত হইতে লাগিল। অতিশয় সম্রমের সহিত তিনি বিভানিধি মহাশয়ের প্রেমা-লিখন গ্রহণ করিলেন। হৃদয়ের আবেগে তাঁহার মুথে বাক্যফ ঠি হইল না। তিনি উাহার মনের ভাব প্রকাশ कतिएक भातित्वन ना। मुकुन्त काँशत इरेशा विकानिभि ঠাকুরকে বিনয়পুর্বক কহিলেন—

"ব্যবহার ঠাকুরাল দেখিয়া তোমার। পূর্ব্বে কিছু চিত্ত দূবিয়াছিল উহার॥ ইবে তার প্রায়শ্চিত্ত চিত্তিলা আপনে। সম্মানীকা করিবেন কোমারক স্থানে॥ বিষ্ণৃতক্তি বিরক্তি শৈশবে বৃদ্ধরীত।
মাধব মিশ্রের কুলনন্দন উচিত।
শিশু হৈতে ঈশবের সন্দে অন্তর।
গুরুশিষ্য যোগ্য পুগুরীক গদাধর।
আপনে বৃঝিয়া চিত্তে এক শুভ দিনে।
নিজ ইষ্টমন্ত্র-দীকা করাহ ইহানে॥ চৈঃ ভাঃ

মুকুন্দের কথা ভ্রিয়া পুঞ্রীক বিল্লানিধি হাসিতে লাগিলেন। গদাধরের সমল ভুনিয়া তাঁহার মনে বঙ আনন্দ হইল। গদাধরপণ্ডিতের মত শিষা তাঁচাকে প্রভ মিলাইয়া দিলেন, এই ভাবিয়া তাঁহার মন আনন্দর্পে গ্লাবিত হইল। তিনি প্রকৃর রূপায় গদাধরতক কিছু কিছু জানিতেন। প্রভুর রূপার কথা শার্ণ করিয়া আন্দে গদগদ হইয়া মুকুন্দকে কহিলেন "মুকুন্দ্ তুমি আজ আমাকে একটি মহারত্ন আনিয়া মিলাইয়। দিলে। বছভাগ্যে এমন শিয়লাভ ঘটে। তোমাদের বাসনা পূর্ণ হইবে। আগামী শুরুদাদশী তিথি সকা স্থলকণ যুক্ত। সেই ভভদিনে গদাধরের সংকল্প সিদ্ধি হইবে।" বিদ্যানিধি মহাশরের আশাসবাণী ওনিয়া গদাধরপতিত আনকে গদ গদ হইয়া তাঁহাকে প্রণাম করিয়া চরণধুলি नहेशा विषाय গ্রহণ করিলেন। মুকুন্দ ও গদাধরপঞ্জিত বিদ্যানিধিঠাকুরের গৃহ হইতে বাহির হইয়া তাঁহারই কথা-প্রদক্ষে গঙ্গাতীরে আদিলেন। সেথানে বদিয়া কিছুকণ এই मकन विषय्यत जात्नाहमा कतित्नम । श्रत मुक्न गृरह গমন করিলেন। গদাধর তথন প্রভুর এমিন্দিরে আসিলেন। তথন রাত্রি হইয়াছে। প্রভুকে তিনি বিদ্যানিধির কথা वनित्न । প্রভু ভনিয়া ঈষৎ হাসিলেন।

সেইদিন রাজিতে ভক্তচ্ছামণি পুগুরীক বিদ্যানিধি
প্রস্কুদর্শনে আসিলেন। তিনি অতি দীনবেশে রাজিকালে
একাকী শচীআদিনায় শচীনন্দনকে দর্শন করিতে আসিলেন। প্রকুকে এই তাঁহার প্রথম দর্শন। তিনি নদীয়ার
অবতারের কথা ভনিয়াছেন। নদীয়ার অবতার শচীনন্দমকে পূর্ণজন্মাসনাতন স্বয়ং ভগবান বলিয়া তাঁহার
বিশাস কুইয়াছে। শাক ভিনি সেই কলিপাবনাবভাগ

শ্রীশ্রীগোরভগবান দর্শনে যাইতেছেন। তাঁহার মনের মধ্যে আঙ্গ যে কত ভাবের তরঙ্গ উঠিতেছে, তাহা ভাবগ্রাহী প্রভূই জানেন। তিনি ভাবিতেছেন "আহা! আমার মত হতভাগ্যের অদৃষ্টে কি শ্রীগৌরভগবানের চরণ দর্শন लांड रहेर्द ? चांचि अमन कि चकुंछि कतिशाहि ?" अहेन्नश ভাবিতে ভাবিতে আনশে বিভোর হইয়া তিনি নিমাঞি-পণ্ডিতের দারদেশে আসিয়া উপস্থিত হইলেন। বহিবাটির ষার দেখিয়া ভাবিলেন ''এই কি সেই বৈকুণ্ঠপুরী ? এই ছানেই কি এী নীলন্ধীনারায়ণ বিরাজ করিতেছেন ?" নদীয়ার অবতার প্রেমময় শ্রীগৌরস্কলর রাধাশক্তি গদাপরের শহিত নিজ মন্দিরে আনন্দ-বিহার করিতেছেন। পুওরীক বিদ্যানিদি অবনত মন্তকে প্রভুর সমুথে গিয়া দাঁড়াইলেন। তাঁহার দৃষ্টি প্রভুর শীচরণমূগলের প্রতি, একবার মাত্র বদন-চক্রের প্রতি চাহিয়াই বিদ্যানিধির মূর্চ্ছা হইল। তিনি গুৰুকে দণ্ডবং প্ৰণাম পৰ্য্যন্তও করিতে পারিলেন না। প্রেমাননে মচ্ছিত হইয়া তিনি ছমিতলে নিপতিত হই-্লেন। এ ভুর ইচ্ছায় কণকাল পরেই তাহার মক্ষা ৩% হইল। তথন তিনি কর্যোড়ে প্রভুর চরণে সদৈন্তে निर्वतन क्रिलान--

> কৃষ্ণ রে ! পরাণ মোর কৃষ্ণ মোর বাপ্। মূঞি অপরাধীকে কতেক দেহ তাপ্॥ সর্ব্য জগতেরে বাপ্ উদ্ধার করিলা।

সবে মাত্র মোরে তুমি একেলা বঞ্চিলা। চৈঃ ভাঃ
প্রভ্রে শ্রীমন্দিরে তথন অন্তান্ত অন্তরঙ্গ ভক্তবৃদ্দও কেহ
কেহ উপন্থিত ছিলেন। পুগুরীকা বিদ্যানিধির সদৈন্য ও
আর্তিপূর্ণ বিলাপধ্যনি ভনিয়া তাঁহারা সকলে প্রেমভরে
কান্দিয়া আকুল হইলেন। কর্মণাময় শ্রীগোরাক্ষপ্রভূ দিব্যাসনে উপবিষ্ট ছিলেন। ভক্তবৎসল শ্রীগোরাক্সবানের হাদয়
ভক্তের সকর্মণ আর্ত্তনাদে মথিত হইল। তিনি ধীরে ধীরে
গাজোখান করিয়া বিদ্যানিধির নিকটে আনিয়া অভিশয়
সক্ষেহে সম্প্রমের সহিত তাঁহাকে ক্রোড়ে করিয়া বসিলেন।
তাঁহার শ্রীহন্ত পুগুরীকবিদ্যানিধির অক্তে দিয়া কান্দিতে
কান্দিয়ে ব্রেমভরে মধুর বচনে কহিলেন, "বাপ্ পুগুরীক।

আজ তোমাকে দেখিয়া আমার প্রাণ শীতল হইল, নগ্রন জুড়াইল। বছদিন পরে আজ আমি আমার বাপ্কে দেখিলাম''—

"পুণ্ডরীক বাপ্" বলি কান্দেন ঈশর।
বাপ্ দেখিলাও আজ নয়ন গোচর॥ চৈঃ ভাঃ
এই বলিয়া উভয়েই প্রেমালিন্ধনে বন্ধ ইইয়া প্রেমাবিষ্ট ইলেন।

বিদ্যানিধিকে এই যে প্রস্কুর পিতৃসংদাধন এবং তাঁহার দ্বীলোকের ন্যায় "বাপ্" বলিয়া করুণ ক্রন্দান, ইহার মর্মা-ভাব অতি নিগৃত। প্রভু যথন রাণাভাবে বিভাবিত হইতেন, তথন পুগুরীকবিদ্যানিধিকে পিতৃসংদাধন করিয়া তাঁহার দর্শনাকাজ্জায় কান্দিয়া আকুল হইতেন। পুগুরীকবিদ্যানিধি রাজা ব্রভান্তর অবতার। তিনিও প্রভুর দর্শন লাল্যায় কাতর ও বিহরল হইয়া পড়িতেন। এ সকল অতিশয় নিগৃত কথা। রুপাসিদ্ধ ও নিত্যদাস ভাবক সাধকজন্ধ ভিন্ন অন্য কেই ৭ সকল কথার তাংপ্যা ও মর্ম্ম পরিপ্রহ করিতে সম্প হইবেন না। বিনি সদ্প্রক্রপাবলে পুগুরীকবিদ্যানিধিতত্ব ও প্রভুতত্ব উভয়ই উভ্যান্ধপে ব্রিয়াছেন, তিনিই এ সকল নিগৃত রহুন্সের মর্ম হ্লয়ঙ্গম করিতে পারিবেন।

শ্রীগৌরাক্সপ্রভূ বিদ্যানিধিকে বক্ষে ধারণ করিয়া কমল নয়নের প্রেমজনে তাঁহার সর্বাক্ষ সিক্ত করিলেন।

> বিদ্যানিধি বক্ষে ধরি শ্রীগৌর-স্থন্দর। প্রেম জলে সিঞ্চিলেন তাঁর কলেবর ॥ চৈঃ ডাঃ

এদিকে বিদ্যানিধি মহাশমও প্রভূকে বক্ষ হইতে ছাড়েন না। প্রভূ যেন তাঁহার অবে লান হইয়া রহিলেন। আদরের পুত্র-কন্যা যেমন ক্ষেহ-ভরে পিতা-মাতার অবে একালীভূত হইয়া থাকে, তদ্রূপ উভয়ে রহিলেন।

বংশ হৈতে বিদ্যানিধি না ছাড়ে ঈশরে।
লীন হৈলা যেন প্রাভূ তাঁহার শরীরে । চৈঃ ভাঃ
গদাধরপণ্ডিত প্রভৃতি প্রাভূর অস্তরক ভক্তবৃদ্দ তথন
বৃধিলেন পুগুরীক বিদ্যানিধি প্রভূর একান্ত অন্তর্মক ভক্তঃ
ও নিদ্ধান। সকলেই উচ্চাদের উভ্যের এই অপুসা ন্থেম

রন্ধ পরম প্রীতিনয়নে দেখিতে লাগিলেন। ভক্ত ও ভগ-বানে একাদীভূত হইয়া প্রহরেক কাল নিশ্চেষ্ট ভাবে রহিলেন।

"প্রহরেক গৌরচন্দ্র আছেন নিশ্চলে"।
তাহার পর প্রভুর বাহ্যজ্ঞান হইল। পুগুরীক বিদ্যানিধির মুথের প্রতি চাহিয়া প্রভু সজলনয়নে কহিলেন—
"আজি রুষ্ণ বাঞ্চা সিদ্ধি কৈলেন আমার।
আজি পাইলাঙ সর্ব্ব মনোর্থ সার্য। চৈঃ ভাঃ

তথন প্রভূ একে একে সকলের সহিত পুগুরীক বিদ্যানিধির পরিচয় করিয়া দিলেন এবং তাঁহাদিগকে বলিলেন "আজি হইতে ইহার পদবী হইল "প্রেমনিধি"। বিধাতা ইহাকে প্রেমভক্তি বিতরণের জন্যই জগতে পাঠাইয়াছেন (১)। এই বলিয়া ভক্ত বংসল শ্রীগৌরভগবান বিদ্যানিধি নহাশয়ের যশ ও গুণ বর্ণনা করিয়া আজামুলখিত তুই ভুজ উদ্ধে উত্তোলন করিয়া উচ্চৈঃস্বরে হরিধ্বনি করিলেন। তিনি উদ্ধবাহ হইয়া প্রেমানন্দে বিহ্বলভাবে ভক্তর্ককে সংশোধন করিয়া প্রেম গদগদভাধে কহিলেন—

——"আজি স্থাভাত আমার।
আজি মহামদল বাসিয়ে আপনার॥
নিম্রা হৈতে আজি,উঠিলাঙ শুভক্ষণে।
দেখিলাঙ প্রোমনিধি সাক্ষাতে নয়নে॥" চৈঃ ভাঃ

বিদ্যানিধিঠাকুর বাহ্যজ্ঞানশূন্য হইয়াছিলেন। প্রভূ কি বলিতেছিলেন, তাঁহার কর্ণে প্রবেশ করে নাই। তিনি তথন প্রভূর অপরূপ রূপস্থাপানে বিভোর ছিলেন; প্রভূর রূপায় তাঁহার আত্মন্ত তাঁহার কর্ণে প্রবেশ হয় নাই। তাঁহার বাহ্যজ্ঞান থাকিলে তিনি লজায় প্রাণে মরিতেন।

পুগুরীক বিদ্যানিধির যথন বাহ্যজ্ঞান হইল তথন তিনি তাঁহার অভীষ্টদেবের চরণে লুটাইয়া পড়িলেন। দেখানে শ্রীমবৈতপ্রভূপ্ত ছিলেন। তাঁহাকে অথ্যে প্রণাম করিয়া মঞ্জান্ত সকল ভক্তবুলকে যথাযোগ্য প্রণাম নমস্কার, ও

> (>) ইহার পদবী পুগুরীক বিদ্যানিধি। প্রেমভন্তি বিলাইকে গড়িকেন বিধি।। চৈঃ ভাঃ

বন্দনা করিলেন। নদীয়ার ভক্তবৃন্দ পুশুরীক বিদ্যানিধিকে পাইয়া আনন্দে আত্মহারা হইলেন। প্রভুর মন্দিরে আজ্
যে আনন্দ্রোত প্রবাহিত হইল, তাহার তরঙ্গাঘাতে
সমগ্র নদীয়াবাসী ভক্তবৃন্দের প্রাণে প্রেম-ভক্তির উৎস্
উঠিল। সেই প্রেম-উৎসের প্রেমসলিলে নদীয়াবাসী
নরনারীর সর্ব্ব কামনা ও বাসনা বিদ্যোত হইল। পুশুরীক
বিদ্যানিধি মহাশয়কে সর্ব্ব নদীয়াবাসী বৈষ্ণবমশুলী
ভক্তিপূর্বক প্রেমপূজা করিতে লাগিলেন। তাঁহার
সঙ্গাণে বহু কৃষ্ণবহিমুপ্ জীব ভক্তিপথের পথিক হইল।

সর্বশেষে গদাধরপণ্ডিত প্রভ্র নিকট নিজ মনের কথাটি বলিলেন। তিনি বিদ্যানিধি মহাশয়ের নিকট মন্ত্রদীক্ষা গ্রহণ করিবেন। এই শুভ সংকল্প কার্য্যে পরিণত করিতে প্রভ্র অহমতি প্রাথনা করিলেন। তিনি কর্যোড়ে প্রভ্র চরণে নিবেদন করিলেন—

না জানিঞা উহান অগম্য ব্যবহার।

চিত্তে অবজ্ঞান হইয়াছিল আমার॥

এতেক উহান আমি হইবাঙ শিগ্য।

শিগ্য অপরাধ গুরু ক্ষমিব অবশ্য॥ চৈঃ ভাঃ

সর্বজ্ঞ প্রভূ হাসিয়া বলিলেন "গদাধর। এই শুভ কর্মা শীঘ্র সমাধান কর। কদাচ কালবিলম্ব করিও না।" প্রভূর অন্ত্যতি পাইয়া গদাধরপণ্ডিত জৈচ্চ মাসের শুরু পক্ষের দ্বাদশী তিথিতে শ্রীল পুগুরীক বিদ্যানিদি মহাশয়ের নিকট মন্ত্রদীক্ষা গ্রহণ করিয়া ক্তার্থ হইলেন। পুগুরীক বিদ্যানিধি ঠাকুরের অপার মহিমা। ভাঁহার মহিমার সীমা নাই। শ্রীলর্কাবনদাস ঠাকুর একটা কথায় অতি স্থল্য ভাবে ভাঁহার মহিমা কীর্গুন করিয়া লিখিয়াছেন—

> কি কহিব আর পুগুরীকের মহিমা। গদাধর শিক্স তাঁর ভক্তির এই সীমা॥

গৌর-গদাধর-তত্তক কুপাময় পাঠকর্ন্দের নিকট বিদ্যানিধি ঠাকুরের মহিমা আর কিছু বিশেষ করিয়া বলিতে হইবে না। প্রভূ যাঁহাকে বয়ং "প্রেমনিধি" পদবী দান করিয়াছেন, সেই প্রেমনিধির পুণা চরিত যংকিধিং বানা করিয়া আবংশাধন করিলাম মাত্র। প্রজুর কুপায় আমরা এই প্রেমনিধিকে প্রাপ্ত হইয়াছি।
তিনি আমাদের হাদয়ের ধন,—প্রাণের নিধি। সর্বাক্ষণ
তাঁহাকে হাদয়ে ধ্যান করিতে ইচ্ছা হয়, আর দ্য়াময় প্রভুর
গুণগান করিয়া জীবন সার্থক করিতে বাসনা হয়। কুপাস্য় পাঠকরৃক্ষণ আহ্বন সকলে মিলিয়া বিদ্যানিধি ঠাকুরের
সহিত প্রভুর জয় গান করি—

''জয় জয় পুগুরীক বিদ্যানিধি প্রেমধন। জয় জয় গৌরচন্দ্র শ্রীশচী-জীবন॥''

শ্রীল পুগুরীক বিদ্যানিধিকে নবদীপে প্রভূ এই প্রথম প্রকাশ করিলেন। নীলাচল-লীলায় প্রভূ তাঁহার এই প্রিয়তম অস্তরক ভক্তটিকে পুরুষোত্তমধামে আকর্ষণ করিয়া লইয়াছিলেন। সেথানে তিনি প্রেমনিধি ঠাকুরের সহিত যে লীলারক করিয়াছিলেন তাহা তাঁহার লীলাচল-লীলা-শ্রীগ্রে বিবৃত হইয়াছে।

শ্রীল পুণরীক বিজ্ঞানিধিসাকরের পুর্বারন্ত যাহ।

সংগ্রহ করিতে পারিয়াছি, গৌরভক পাসকর্মের অবগতির

ছল তাহা কিছু কিছু নিয়ে বণিত হইল। এই মহাপুক্ষের
বংশপরিচয় হতলিখিত পুরাতন পুঁথি হইতে সংগৃহীত

হইয়া বছদিন পূর্বে শ্রীশীবিষণুপ্রিয়া প্রিকায় প্রকাশিত

হইয়াছিল। সেইটি অবিকল নিয়ে উদ্ধৃত হইল।

(হস্তলিখিত পুথি হইতে সংগৃহীত।) সাবর্ণগোত্রঃ পরতত্তসেবী শ্রীমান স্থান্তা বাঘিয়া নিবাসী বাণেশব্যোহসৌ শিবরামপুত্রঃ প্রথ্যাত শাক্তঃ কিলধর্মচেতাঃ।

তৎপত্মী পরমা সাধ্বী গন্ধাদেবীতি বিশ্রত।
বভূব করুণামূর্ত্তিশ্বায়েব প্রিয়গামিনী।
তন্তাশ্ব রন্ধগর্ভায়া গর্ভজাতো বভূব সং
বিজ্ঞানিধি রিতি খ্যাত: "প্ওরীকে।" বিদাংবর:।
ভূবনহিতপনোম: শ্রীল গৌরাদনামা
পতিতজনহিতৈষী প্তধন্তাবতার:।
কলিকলনমহান্তং যক্ত সংশিক্ষণন্তং
পরিকরশ্বতমাসীং প্রেরীক: স তক্ত।
রামপ্রিয়া তক্ত পত্মী তদ্গর্ভে পণ্ডিভাগ্রণী:
রামপ্রামাদনাম্মানীং পুরুঃ পরমধার্ষিক:!

তংপুত্র: প্রাণক্তক্ষ: স্কল গুণ্যুত তংক্তো রামকাস্থ:
বিজ্ঞাবাগীশ নামা গুণীগণ বিদিতো ধর্মকর্মাস্থরাগী।
বেদান্তে পারদর্শী তদজনি তনয়: স্তোত্তমেকঞ্চকার
নামা গোবিন্দরাম: প্রথিত কুলপদো দেবভক্তো বরেপ্য।
তক্ত পত্র: সদাচার: ভবানীচরণ: স্থাী:
বাগীশ ইবসিদ্ধান্তে তেন নামোদিত: ক্তিতা।
বিষ্ণুপ্রিয়া তক্তপত্নী কৃষ্ণরামন্ডদক্ষত্র:
মাদীতক্ত স্কত: শ্রীমান্ রামগোপাল সংক্তক:।

ক্থিত আছে শ্রীল বিল্লানিধিঠাকুরের পিতা পরম শাক্ত ছিলেন। পুত্রের জন্ম হইতে তাঁহার গুহে বৈষ্ণবতা দ্ট হইয়াছিল। পুগুরীক বিভানিধিঠাকুর কথা কহিতে शिथिशारे "रुद्रिरवान रुद्रिरवान" वृत्ति मर्कारो विलिखन। ইহাতে তাঁহার শক্তি-উপাসক পিতামাতার হৃদয়ে হরি-চট্টগ্রামের মেথলা গ্রামে তাঁহার ভক্তির উদয় হয়। পুওরীক বিলানিধিঠাকুরের পিতৃপুরুদের মাদি নিবাস ঢাকা জিলার অন্তর্গত বাদিয়া গ্রামে ছিল। মেথলা আমের জমিদার রাজারাম চৌধুরীর বদান্যভাগ বিভানিধি ঠাকুরের পিতা বালেশ্বর অন্সচারী মেপলাগ্রামে নিষর ভূমি পাইয়া দেখানেই বাদ করেন। অভাপিও তাঁহার বংশধরগণ এই মেখলা গ্রামেই বাস করিতেছেন। তাঁহার প্রতিষ্ঠিত শ্রীশীলন্দ্রীগোবিন্দদেবের শ্রীবিগ্রহ অদ্যা-বধি শ্রীপাট মেথলায় তাঁহার বংশধরগণকর্ত্ব পুঞ্জিত इटेरज्हा ।

শ্রীল পুগুরীক বিভানিধিঠাকুর শ্রীপাদ মাধবেক্সপুরীর শিষা এবং শ্রীঅবৈতপ্রভু হরিদাসঠাকুর প্রভৃতি নদীয়ার আদি ভণ্ডমণ্ডলীর মধ্যে অক্তম। বিদ্যানিধি-তদ্ধ পুর্বেষ্ কিছু লিধিয়াছি। তিনি শ্রীগোরাঙ্গলীলার রাজা বৃবভাহর অবতার। শ্রীশ্রীমন্মহাপ্রভু শ্রীমতি রাধিকার ভাব ও কান্তি লইয়া নদীয়ার অবতার গ্রহণ করিয়াছিলেন। স্বতরাং বিদ্যানিধি ঠাকুর তাঁহার পিতৃস্থানীয়। সেই জন্ম তিনি তাঁহাকে প্রেমভরে "বাপ্ বিদ্যানিধি," "বাপ্ পুঞ্রীক" বিদ্যানিধি-তদ্ববোধক একটি

শ্লোক বৃহন্ধারদীয় পুরাণেও দেখিতে পাওঘা যায় (১)। এই
প্রাচীন শ্লোকটিতে স্পষ্টই প্রমাণিত হইয়াছে, যিনি পূর্ব্ব
অবতারকালে শ্রীমতি রাধিকার পিতা বৃষভাকু ছিলেন,
ভিনিই শ্রীগোরাক অবতারে চক্রশেণর পর্ব্বতের সন্নিহিত
নেখলা গ্রামে পুগুরীক বিদ্যানিধিরণে অবতীর্ণ ইইয়াছেন।

শ্রীল গদাণরপণ্ডিত শ্রীল বিদ্যানিধিঠাকুরের নিকট
মন্ত্রদীক্ষা গ্রহণ করিয়া স্বাভীষ্ট লাভ করিলেন। গুরুশিষ্যে একত্ত হইয়া একণে নদীয়ার অবতার শ্রীগৌরভগবানের সেবা-পরিচর্যায় নিযুক্ত হইলেন। প্রভ্র
শাস্ত্র-প্রকাশের সঙ্গে সঙ্গে নদীয়ায় তাঁহার নিভ্য
পার্বদগণের প্রকাশ হইতে লাগিল। বিদ্যানিধি ঠাকুর
নদীয়ায় বাস করিয়া বহু শিষ্য করিলেন এবং তাঁহাদিগকে
শ্রীগৌরাক্ষভন্তনের উপদেশ দিতে লাগিলেন। বিদ্যানিধি
ঠাকুর ও গৌরধর্ম-প্রচারক ছিলেন। পৃগুরীক বিদ্যানিধির
বিচিত্র চরিত্র অফুশালন করিলে শ্রীকৃষ্ণপাদপদ্মে রভি হয়,
শ্রীগৌরাক্ষভন্তনে অধিকার জন্মে। ঠাকুর বৃন্দাবনদাস
লিপিয়াছেন—

পুণ্ডরীক বিদ্যানিধির চরিত্র ভনিলে। অবশ্য তাঁহারে ক্লম্পাদপদ্ম মিলে।

এক্ষণে বিদ্যানিধি ঠাকুর নদীয়ায় বাস করিতে লাগিলেন। তিনি প্রভৃত সম্পত্তিশালী ধনী লোক। তাঁহার
গৃহে নিত্য উৎসব আনন্দ হইত। নদীয়ার ভজকুন্দ
তাঁহার গৃহে গমন করিয়া আনন্দোৎসবে যোগদান করিতেন। বৈষ্ণবীয় নিত্যক্রিয়াকর্ম ও উৎসবাদি সকলি
তিনি মহাসমারোহে সম্পন্ন করিতেন। বৈষ্ণবের করণীয়
সকল উৎসবপর্বই তাঁহার গৃহে অক্ষণ্ডিত হইত। প্রভৃ
স্কান সন্দে তাঁহার গৃহে গিয়া আনন্দ করিতেন।

বীরাধিকার জন্মোৎসব-লীলা পুগুরীক বিদ্যানিধির

(১) কলে: প্রথম সন্ধ্যারাং পুত্রীকো ভবিষ্ঠি। বিভাবিবীতি বিখ্যাতো বঙ্গন্তে পূর্বে চট্টলে।। কর্মাব্যে ভারতেবর্বে চক্রশেশর সমিবৌ। র্বভাস্থ: পুরেলানীং ধীনতী কলক্ত্রসঃ।।

बुक्कावनीटक ।

গৃহে মহাসমায়োহে অহাষ্টিত হয়, সর্বাক্ত প্রকৃ তাহা জানেন। নদীয়ার ক্লফভক্ত বৈঞ্চবগণ খ্রীখ্রীরাধাইমী পুণা তিথির আরাধনার আশায় উদগ্রীব হইয়া ৰসিয়া আছেন। त्मरे **७**७ मिन जाग्र थार। नमीसावामी मर्स देवश्वदत মনে অপার আনন। কলা এ শীব্দভামুন নিনীর জন্মোৎ-भव-नीला। निमाय छे**० भवानत्म**त छत्र छेठियारह । শীবাস-অঙ্গনে ৰসিয়া শীগোরাকপ্রভু এই শুভ উৎসবামু-ষ্ঠানের কথা কহিতে কহিতে পুগুরীক বিদ্যানিধির প্রতি চাহিয়া, হাসিয়া কহিলেন "বিদ্যানিধি! তোমার গুহে কলা এরাধিকার জন্মোৎসব হইবে।" প্রভুর এমুথে এই কথা খাবণ করিয়া পুগুরীক বিদ্যানিধির হৃদয় আনন্দে নাচিয়া উঠিল। তিনি প্রভুর পদতলে পড়িয়া মনের व्यानत्म त्थामा वर्षन कतित्वन। श्रकु रुष धतिया विमान নিধিকে উঠাইয়া বলিলেন, "তুমি গৃহে গিয়া সকল উদ্যোগ কর, কল্য ভক্তগণের সহিত আমি তোমার গৃহে উৎসবে যোগদান করিব।" বিদ্যানিধি মহা উল্লাসিত অক্তঃকরণে গুহে গমন করিলেন। তাঁহার অর্থের অভাব নাই, লোক-বলও যথেষ্ট। শ্রীরাধিকার জন্মোৎসবের উদ্যোগ সমারোহের সহিত সম্পন্ন হইল। পত্ৰ**প্ৰ**প্ৰ স্থগোভিত হইল, বাদ্যগীতের আয়োজন অম্বরত্ব ভক্তবুন্দের নিমন্ত্রণ হইল। আজ বিদ্যানিধির গ্রহে মহা আনন। বিদ্যানিধি শ্বয়ং কর্মকর্তা। নদীয়ার ভक्तत्रम উদ্যোগী। সকল উদ্যোগ শেষ হইলে এগৌরাল স্থান্য গোপবেশধারী অস্তরজগণসহ নৃত্য করিতে করিতে विष्णानिधित भूटर जानमन कतिरलन। त्रीनकर्मभत শীগোরাকেরও আজ গোপবেশ,--সঙ্গে গদাধর। প্রভূ গদাধরের মুখের প্রতি চাহেন, আর লছ লছ হাসেন। উভয়ের নয়নে যেন আনন্দ প্রস্রবণ ছটিতেছে। তিলে তিলে প্রভুর হৃদয়ে ব্রজর্ম-সম্জ উপলিয়া উঠিতেছে। মুকুন্দ, মাধব, বাহ্নঘোষ মধুরস্বরে সময়োচিত আনন্দবর্জন করিতেছেন। খোল গাছিয়া মধুর ধ্বনিতে বিদ্যানিধির मुम्दन त গ্লাধরকে বামে জরিয়া **এগৌরাক্তন্দ**র মধুর **२**हेन।

নৃত্য করিতেছেন, নৃত্যাবেশে প্রভুর অক্ষের নব নব শোভা সন্দর্শন করিয়া ভক্তরন্দের মনে আনন্দ ধরিতেছে না। প্রভূর অক্ষোভার তুলনা নাই। ভূবনমূলল খোল-করতাল-ধ্বনিতে বিদ্যানিধির গৃহ মুখরিত। প্রভুর প্রেমাবেশে মধুর নত্যে ধরণী টলমল। গোরীদাসপগুতের স্কব্দে দ্ধিছ্মের ভার। তিনিও গোপবেশে নৃত্য করিতেছেন পুওরীক বিদ্যানিধিও নানাভাবে প্রভুর সহিত নৃত্য করিতেছেন। মধ্যে মধ্যে দধি হরিস্তা লইয়া তিনি ভক্ত-রন্দের মস্তকে ছিটাইতেছেন। খ্রীনিত্যানন্দপ্রভু, অধৈতা-**ठाया, जैवामामि मकलारे श्रकृत तक एमिया जानसमागरत** ভাসিতেছেন। প্রাকৃর শীঅঙ্গকান্তি হইতে তাঁহার। নয়ন ফিরাইতে পারিতেছেন না। পুগুরীক বিদ্যানিধির স্থবিস্থত প্রাঙ্গণে নদীয়াবাসী নরনারীবৃন্দ আজ একত হইয়াছেন। অঙ্গনের চারিদিকে ভাঁহারা দাঁড়াইয়া একদৃষ্টে নব্দীপ-চক্রের অপুর্ব রূপমাধুরী দর্শন করিয়া মনপ্রাণ শীতল করিতেছেন। কেহ কেহ বলিতেছেন—

"নাচে ইকি কণকের কাম।"

পুগুরীক বিদ্যানিধির আনন্দের সীমা নাই; ওাঁহার গৃহে আজ শীরাধিকার জন্মোংসব। প্রভু ভক্তগণসহ গোপবেশে নৃত্য করিতেছেন, ভক্তগণ ঢোকে ঢোকে প্রভুর অপরূপ রূপস্থা পান করিতেছেন—সকলেই ব্রজরুসে উন্মন্ত। শীরাধিকার জন্ম-অভিবেক-কার্য্যে গদাধরের মনে মনে আজ বড় আনন্দ,—ততোধিক আনন্দ প্রভুর মনে। তাই তিনি আজ তিলে তিলে ব্রজরুসে মান্থোয়ার। হইয়া-ছেন—

> আৰু গোৱাটাৰ গণসহ গোপবেশে। ভিলে ভিলে অধিক বিভোল সে না রঙ্গে॥

তিনি গদাধরের বদনচক্রের প্রতি এক একবার বিলোল দৃষ্টিতে চাহিতেছেন,—আর লহু লহু হাসিতেছেন। গদাধর লক্ষায় বদনচক্রথানি অবনত করিয়। প্রভাব বানে দাড়াইয়া আছেন। উভয়ের নয়নেই প্রেমাঞ্জনর। তাঁহাদের নয়নছয় যেন সক্ষল জনদ,—অবিশ্রাস্থ

হাসে লছ লছ চাহে গদাধর পানে। বহুয়ে আনন্দ-বারিধারা ছু নয়ানে॥

ভক্তবৃশ্ধ দেখিতেছেন, ৫ জু ব্রজভাবাবেশে বাহ্যজ্ঞানশৃষ্ঠা, গদাধর রাধাভাবে বিভার। গৌরীদাসপণ্ডিত
গোপীভাবে আত্মহারা, শ্রীনিত্যানশপ্রভু মহা প্রভুর রক্ত
দেপিয়া প্রেমানশে হুমার করিতেছেন, অবৈতাচার্য্য
অনিমেদনয়নে প্রভুর শ্রীঅক্কান্তি দর্শন করিতে করিতে
জড়বং ইইয়া ভূমিতে বিদয়া পড়িয়াছেন, শ্রীবাসপণ্ডিত
দিহিরিজাক্ত কলেবরে ভূমিতে গড়াগড়ি দিতেছেন।
মুক্তশের কীর্ত্তনে ভক্তবৃন্দ মন্ত্রমৃষ্ঠ। পুগুরীক বিদ্যানিধি
আনন্দে আত্মহারা ইইয়া অঝোরনয়নে কাদিতেছেন, আর
প্রেমানশে নৃত্য করিতেছেন। আর প্রাভূ মাহা করিতে
ছেন তাহা বর্ণনাতীত। ঠাকুর নরহরি লিণিয়াছেন—-

"শ্ৰীরাধিকা জন্ম অভিষেক এথা হৈল। কি বলিব প্রভু ভাবাবেশে গাহা কৈল॥"

পদকর্তা ঘনস্থামদাস একটি পদে প্রভুর এই মধুময় লীলারকটি অভি হালর মধুর ভাষায় কীর্ত্তন করিয়া গিয়া-ছেন—

> আৰু কি আনৰ विनामिति घटत রাধিকা জন্মচরিত গানে। নাচে সে আবেশে, শচীহ্নত গোরা, সে নব ভিন্ন কি উপমা আনে ॥ চারি পাশে গোপ- বেশে পরিকর. কাঁধে ভার ফিরে অঞ্চলে রলে। নবনীত দধি रतिजामि त्मर्टे, হাসি হাসি সভে সভার অংশ ॥ मुल्क मिन्द्रां, শ্ৰ কর্ডাল, নানাবাদা বায় বাদক ভালে। স্মধুর ধানি **टब्रुट्स** शशन (क ना नां कि विश्व विश्व (भ्रमाना, जांदन ॥ विविध भक्त करत नातीक्त् ু পুল্কিত চিত উল্লু দিয়া। 😘

ব্যভাম পুর সম শোভা, ভণে ঘনখাম, স্থে উথলে হিয়া॥

বাস্থদেব ঘোষ, তাঁহার ভ্রাতা মাধবসহ এই আন-ন্দোৎসবে উপস্থিত ছিলেন। শ্রীরাধিকা-জন্মোৎসবের এই অপূর্ব্ব দৃষ্ট, আর শ্রীশ্রীগোরকিশোরের নৃত্যকালীন অপরূপ রপলাবণ্য দর্শনে বিমুগ্ধ হইয়া তিনি লিখিয়াছেন—

"গোরারপে কি দিব তুলনা।
তুলনা নহিল রে ক্ষিত বাণ সোনা।
মেঘের বিজুরী নহে, রূপের সমান।
তুলনা নহিল রূপে চম্পক্রে দাম॥
তুলনা নহিল রূপে কেতকীর দল।
তুলনা নহিল গোরোচনা নির্মল॥
কুকুম জিনিয়া রূপ অতি মনোহরা।
কহে বাস্থ কি দিয়া গড়িলা বিধি গোরা॥"

শীরাধিকার জন্মোংসবের পরে শীশ্রীগোরাঙ্গন্থনর পূর্বলীলা স্মরণ করিয়া ত্রিভঙ্গভাবে বিদ্যানিধির অঙ্গনে
দাঁড়াইলেন। গদাধর প্রভুর বামেই দাঁড়াইয়া আছেন।
পুগুরীক বিদ্যানিধি ব্রজরুসে বিভোর হইয়া একটা বংশী
আনিয়া প্রভুর শ্রীহন্তে দিলেন। রসিকশেপর শ্রীগোরাঙ্গ,
অধরে মুরলী ধারণ করিয়া বংশীরন্ধে ফুংকার দিলেন।
তাঁহার কণক চম্পকাঙ্গুলিছারা বংশীতে স্থললিত গান
ধরিলেন। ব্রজরুসবিভোর নদীয়াবাসী নরনারীর মন
মজাইয়া শ্রীগোরাঙ্গস্থলরের মধুর মুরলীর গীতধ্বনি বিদ্যানিধির অঙ্গন মুথরিত করিল। সমগ্র নদীয়া ব্রজভাবে
মাতিয়া উঠিন। পশুপন্ধী, তর্ফলভা পর্যান্ত পুলকে পরিপুরিত হইল। শ্রীগোরাঙ্গের অন্তরঙ্গ মুর্মীভক্ত বাস্থদেব
ঘোষ স্থচকে এই স্থমধুর নয়নানন্দ নবদীগলীলা দর্শন
করিয়া পদ রচনা করিয়া রাখিয়া গিয়াছেন—

"সোঙরি প্রবলীলা জিভন্দ হইলা। মোহন-ম্রলী গোরা অধরে ধরিলা॥ ম্রলীর রক্ষে ফুক দিলা গোরাচান্দ। অসুলি চালায়া করে স্থললিত গান॥ নগরের যত লোক ভানিয়া মোহিত। স্থাৰ্থনী তীরে তল্পতা পুলকিত।
বাস্থাৰে ঘোষ তাহা কি বলিতে জানে।
জুবন মোহিল গোৱা মুৰলীর গানে॥"

বিদ্যানিধির গৃহে সে দিন যে আনন্দ হইল, তাহ।
লিখিয়া বর্ণনা করিবার ভাষা স্থজিত হয় নাই। শ্রীগৌরকিশোর, বজকিশোর-বেশে বজলীলার প্রতি অন্ধ অভিনয়
করিয়া নবদীপবাসী অন্তর্ম ভক্তর্ন্দের মনে নিত্য নব নব
স্থাদানে বজভাব ফ্রিত করিতেন। বজরসাম্বাদনে উন্নত্ত
হইয়া নদীয়াবাসী ভক্তগণ, শ্রীগৌরাক্স্ক্লরকে ব্রজকিশোর
শ্রীনন্দনন্দনভাবে অন্থরাগভরে ভজন করিতেন।

''ব্ৰেজেন্দ্ৰ নন্দন যেই, শচীস্থত হৈল সেই।''

এই বিশ্বাদে তাঁহার। মনের সাধে প্রাণগৌরাঙ্গকে লইমা নিতা নব নব ব্রজ্ঞলীলা-মাধুর্য্যে ময় থাকিতেন। নবদ্বীপ-রদ এইভাবে ক্রমশং ব্রজ্ঞরদে মিশ্রিত হইল। এই অপুর্ব্ধ সংমিশ্রেণে যে নির্যাদ উথিত হইল তাহাতে বিভাবিত হইমা মহাত্বভব গৌরভক্তবৃন্দ নানাভাবে বছবিধ নদীয়া-নাগরীর পদ রচনা করিয়া গিয়াছেন। নবদ্বীপধামের নব-বৃন্দাবন আখ্যা এইজন্মই মহাজ্ঞনগণ দিয়া গিয়াছেন।

পুণ্ডরীক বিভানিধি মহাশয় বৃষভাত্বর অবতার; তাই প্রভাত্মনন্দিনীর জন্মোৎসব-কর্ম তাঁহার গৃহে অন্তর্গান করাইয়া নদীয়াবাসীর প্রাণে ব্রজরস-তরক উঠাইলেন।

বিদ্যানিধির গৃহে নদীয়ামাধব যে মধুর দীলারকটা আজ প্রকট করিলেন, তাহার আভাস সাধকশ্রেষ্ঠ, অমর কবি চণ্ডীদাস বহুপূর্বের পাইয়াছিলেন। তিনি সর্বজ্ঞ ছিলেন। আশীতি বংসর পূর্বের তিনি দিব্যচক্ষে শ্রীগৌরাক-অবতারের স্বরূপ ও লীলা দর্শন করিয়াছিলেন। তাহা তিনি অতি স্থমধুর ভাষায় লিখিয়া রাখিয়া গিয়াছেন। তাঁহার সেই অপুর্বে মধুময় পদরত্বটি এক্তেন উদ্ধৃত হইল—

আৰু কে গো ম্রলী বাজায়।

এত নহে কভু খামরায়॥

ইহার গোর-বরণে করে আল।

চুড়াটি বান্ধিয়া কেবা দিল॥

তাঁহার ইক্রনীলমণিকান্ত তম।

এত নহে নক্ষস্ত কাম্ ॥

ইহার রূপ দেখি নবীন আরুতি।

নটবর বেশ পাইল কান্তি॥

বনমালা গলে দোলে ভাল।

হেন বেশ কোন্ দেশে ছিল॥

কুঞ্জে ছিল কাম্থ-ক্মলিনী।

কোথা গেল কিছুই না জানি॥

আজু কেন দেখি বিপরীত।

হবে বৃঝি দোঁহার চরিত॥

চণ্ডীদাস মনে মনে হাসে।

এরূপ আর হবে কোন দেশে॥

দয়ার অবতার শ্রীগোরাক্প্রভূ সাধকভক্তের মনসাধ পূর্ণ করিয়া শ্রীধাম নবদ্বীপে অবতীর্ণ হইয়া শ্রীগোরাক্তরপে প্রকাশ হইলেন আর, সেথানে নবভাবে ব্রদ্গীলা প্রকট করিলেন।

এই যে প্রভ্র নবদীপলীলা, ইহা বড়ই মধুর, ইহাতে ব্রন্ধলীলার সকল অন্ধ বর্ত্তমান। নবদীপরস ব্রন্ধরের সহিত মিশ্রিত হইয়া অপূর্ব্ধ উপাদের বস্তু হইয়াছে। ইহার আস্বাদনে উভয় রসের রসিক ভক্তবৃন্দের মনপ্রাণ প্রেমাননন্দে ভরপুর হয়। রুপাময় গৌরভক্তবৃন্দ! নবদীপ রসমন্তার আপনাদিগেরই নিজস্ব ধন। আপনাদের রুপাভিখারী, জীবাধম গ্রন্থকারের কেশে ধরিয়া আপনারাই এই অথও থওানার তাহার দারা বিতরণ করাইতেছেন। সম্পূর্ণ অযোগ্যপাত্তে এই গুরুভার দিয়া আপনারা তাহাকে বড়ই বিষম বিপাকে ফেলিয়াছেন। সর্ব্ধবিপদহারী শ্রীগোরাদ্ধর তাহাকে এই বিপদ হইতে রক্ষা করুন। উত্তম বস্তুর পরিবেষ্টার বিপদ পদে পদে। পরিবেষ্টা নির্দোভ না হইলে আরও বিপদ। আর একার্যো লোভশৃশ্ব হইলে বিপদের শীমা নাই; অতএব উভয় শক্ষ্ট।

এ শহুটে তার গৌরহরি। তোমার ছ'টি রাজা চরণে ধরি॥

পঞ্জিশে অধ্যায়

শ্রীশ্রীনিত্যানন্দ-মাহাত্ম্য।

শ্রীবাদপণ্ডিতের পরীক্ষা ও আইর স্বপ্ন।

--:*:--

তিলার্দ্ধেক ইহানে যাহার দ্বেষ রহে। ভক্ত হইলেও সে আমার প্রিয়নহে॥ প্রভুবাক্য শ্রীচৈতক্সভাগবত।

সর্বনদীয়ায় অবধৃত শ্রীনিত্যানন্দপ্রভূ প্রেমানন্দে পরি-ভ্রমন করেন। স্কিস্থানেই তাঁহার যাতায়াত। স্কলেই তাঁহাকে সন্মান ও ভক্তি করেন। বালস্বভাব নিত্যানন্দ नमीया-वालकत्रत्मत व्याग। जिनि यथन नमीयात भर्ध বাহির হন, অসংখ্য নদীয়া-বালক তাঁহার সঞ্জে স্বচ্ছনে ও পরমানন্দে ক্রীড়া করিতে থাকে; তিনি বালকরুন্দকে ক্ষমে করিয়া পথিমধ্যে মধুর নৃত্য করেন, তাঁহাদিগকে আদর করিয়া মিষ্টার ক্রয় করিয়া ভোজন করাম। শ্রীনিত্যানন্দপ্রভু সর্বাদাই বাল্যভাবে প্রেমানন্দে মন্ত থাকেন। কথন গন্ধাজলে সম্ভরণ দিয়া জলবিহার রন্ধরসে মত্ত্র, কথন নদীয়ার পথে বালকর্ন্দের সহিত কৌতুকপূর্ণ বাল্যক্রীড়ারত; কথন প্রভুর মন্দিরে গিয়া আইর সহিত বালভাষে ও বাল্যভাবে নানা প্রকার লীলারস করেন, কথন মুরারিগুপ্ত বা গঙ্গাদাস পণ্ডিতের বাড়ীতে গিয়া তাঁহাদের সহিত মহা রস-কোন্দল করেন। শচীমাত। তাঁহাকে পুত্রবৎ ক্ষেহ করেন, কিন্তু যথন তিনি বাল্যভাবে আইর চরণ ধরিতে যান, তথন শ্রীগোরাক-জননী সমন্ত্রমে প্লায়ন করেন।

বাল্যভাবে নিভ্যানন্দ আইন্চরণ। ধরিবারে যায়, আই করে পলায়ন॥ চৈঃ ভাঃ

নদীয়ার পথে যথন গোর-নিতাই ছই ভায়ে মিলিয়া বাহির হন, দিবলে যেন একসঙ্গে চক্র স্থেয়ের উদয় হইয়াছে বলিয়া বোধ হয়। নদীয়ার পথ আলোকিত করিয়া তুই লাতায় হাত ধরাধবি করিয়া রক্টেউ नानाविश को ठुक तरम मध रुरेया ठटनन; ननीयावामी নরনারী অনিমেষ নয়নে তাঁহাদিগের অপরূপ রূপরাশি দর্শন করিয়া জীবন সার্থক করে। এত রূপের মাছ্য ত मनीयातानी शृद्ध कथन (मृद्ध मार्ट, निनेन्म्हनद क्र সাগরে এত দিন তাহারা ডুবিয়া ছিল; এখন দেখিল এই অপর্প রূপসাগরের আর একটা প্রবল প্রবাহ আছে। সেই ক্ষণের প্রবাহটি এখানে নব্দীপে আসিয়া তাহাদের স্থনয়ে প্রবেশ করিল। তাহারা গৌরনিত্যানন্দ রূপসাগরসঙ্গমে শ্বাপ দিল। তাহারা সম্ভরণ পটু নহে, রূপসাগরের তরকে পড়িয়া একণে তাহারা ছুকুল ভাদাইল, হাৰুডুৰু খাইতে লাগিল। সৌভাগাবান নদীয়াবাদী নরনারী সকলে রূপ মৃদ্ধ হইল; দ্ধপের সাগর গৌর-নিত্যানন্দের অপরূপ রূপাক্ণণে তাহাদের মন ছুই আতার চরণে দৃঢ়ভাবে আরুষ্ট হ'ইল। রূপের আকর্ষণ অতীব তীব্র। এক দণ্ড গৌর্নিতাইকে না দেখিলে নদীয়াবাদী জগত অন্ধকার দেখে,—সর্বন ধর্মা, সর্বন কর্মা পরিত্যাগ করিয়া তাহারা সমস্ত দিন গৌর-নিতাইর সঙ্গে সঙ্গে ফিরে। রাত্তিতে গৃহে শ্বন করিয়া স্বপ্নে শ্রীশ্রীগোর-নিত্যানন্দের অপূর্ব্ব রূপরাশি দর্শন করে। আহা। শ্রীভগবানের রূপের এমনি আকর্ষণই वर्षे । जगरञत जीरवाकातकांग क्रभनिषि जैङ्गवास्नत অপরূপ রূপের প্রভাবেই সংসিদ্ধ হয়। সেই জ্বাই অরূপ ব্রহ্ম স্রপ হইয়া ভূতলে অবতার গ্রহণ করেন। অরূপ ৬গবান আজ, নিওণি, নিধিকার, নিশিপ্ত পর্মত্রন্ধ সরূপ ভগবান,—অবতাররূপী, জন্মধারী, সগুণ, মায়াধীশ, উাহার স্ট জীবের একান্ত নিজজন। তিনি আমাদের মধ্যে আমাদের মত হইয়া আদেন, মাহুষের মত দংসারে লিপ্ত হন, তাঁহার অপরূপ মায়ায় সর্বলোককে বশীভূত করেন, অপরূপ রূপচ্ছটীয় স্বইচিত্ত আকর্ষণ করেন। শচীনন্দন স্বয়ং ভগবান নন্দনন্দন শ্রীকৃষ্ণ। তিনি স্বয়ং ভগবান হইয়াও নিজ জনের মধ্যে পরমান্মীয়, পরম স্বেহময়, পরম প্রীতির বস্তা। তিনি নদীয়াবাদীর পুত্ত অপেক্ষাও ধ্যু, নদীয়া-বাদিনীর পতি অপেকাও বড়। পতিপুতে

তাঁহাদের যে প্রীতি, তাহার শত গুণ প্রীতি শচীনন্দন গৌরহরির প্রতি। 🔊 ভগবানের এই গুণ আছে বলিয়াই তাঁহার ভগবতা, তাঁহার সর্বশ্রেষ্ঠন। তাঁহার রূপ ওপই জাহার মহিমা **প্রকাশ**ক যন্ত্র। সেই জনাই তিনি এত রূপ ও গুণ লইয়া ভূতলে অবতার গ্রহণ করেন। নদীয়ার অবতার শ্রীগৌরাদপ্রভু স্বধু রূপের অবতার নহেন,---তিনি গুণের অবতার,—তিনি দয়ার অবতার,—তিনি কক-ণার অবতার। এত রূপ, এত গুণ, এত দয়া, এত করুণা, কোন অবতারে শ্রীভগবান একাশ করেন নাই। এই জন্যই শ্রীগৌরাঙ্গঅবতার সর্বশ্রেষ্ঠ অবতার। অধম কলিহত জীবের ছর্গতির শেষ নাই,—তাঁহাদের ছংথ হাহাকারের জন্তু নাই;—ভাহাদের ত্রিতাপ জালার সীমা নাই। স্থংশ বা কলাবতারের দারা তাহাদের উদ্ধার কার্য্য সাধিত ट्डेंटर ना विनग्नारे अपः छगरान औरगोताककरण नतीयाय অবতীর্ণ ইইয়াছিলেন। কলিহত জীবের এক মাত্র উপাক্ত এীগৌরাকপ্রভু,—তাহাদের যুগান্তবর্ত্তি ভজন প্রীগৌরাক ভজন ৷

গৌরনিতাই ত্ই ভাতার একদিকে তাঁহাদিগের অপরূপ রূপলাবণ্যছটোর আকর্ষণে নদীয়াবাসী সর্ব্ধ জীবের মন
হরণ করিয়া তাহাদিগকে চরণে টানিয়া লইতেছেন,—অন্য
দিকে সর্বালাকপূজ্য শ্রীঅবৈতপ্রভূ তাঁহাদিগের গুণগরিমা
গানে স্ফুতিবান নদীয়াবাসীর চিত্ত বিনোদন করিয়া
শ্রীগৌরাক্ষভন্তন-পথে টানিয়া আনিতেছেন। ঠাকুর
হরিদাস এই কার্য্যের প্রধান সহায়। অবৈতসভা এই
কার্য্যের কেক্সন্থান। নদীয়ার ভক্তমগুলী ইহার কার্য্য
কারক সভা। অবৈতসভার রুক্ষকীর্ত্তন হয়, শ্রীমন্তাগবত
গাঠ হয়, ভক্তিতত্ব আলোচনা হয়, ভক্তচরিত ব্যাখ্যান
হয়। সর্বালেষে গৌর-নিত্যানক্ষতত্ব উপদেশ প্রদান হয়।
শ্বয়ং শ্রীগৌরভগ্রান অবর্ত শ্রীনিত্যানক্ষপ্রভূকে প্রকাশ
করিতে সংক্ল করিলেন। ভক্তবৃন্দের দারা একার্য্য সংসিদ্ধ
হইবে না বলিয়াই প্রভূপ্নং ইহার ভার লইলেন।

শীনিত্যানন্পপ্রভূ অবধৃত সন্থাসী; তাঁহার নিরন্তর বাল্যভাব, সর্বনা তাঁহার সহাস্য বদন, প্রেমানন্দে তাঁহার সর্ববি অঙ্গ গর গর। তিনি মুখে অন্ন উঠাইয়া খাইতে পারেন না। এবাসপণ্ডিতের গ্রহে থাকেন। এবাসপদ্মী गाविनी (पर्वी डाँशांक शुख्यः (अह करत्न, वानरकत शांत्र লালন পালন করেন। তাঁহার মুখে অল্পাস তুলিয়। ক্ষেহভরে থাওয়াইয়া দেন। এইরূপে পুত্রভাবে পতিব্রতা মালিনী দেবী খ্রীনিত্যানন্দপ্রভর দেবা করেন (১)। শ্রীবাস-মন্দিরে বসিয়া প্রভু একদিন শ্রীবাসপণ্ডিতের সহিত কৃষ্ণকথা কহিতেছেন। প্রভুর মনে 🖣বলরাম-অবতার শ্রীনিত্যানন্দমহিমা প্রকাশের ভাব উদয় হইল। তিনি শ্ৰীবাসপণ্ডিতকে প্ৰীক্ষা কৰিবাৰ সন্ধন্ন কৰিলেন। শ্রীভগবানের পরীক্ষায় কাহারও নিস্তার নাই। শ্রীগৌর-ভগবান ভাঁহার স্নেহ্ময়ী জননীকে পর্যান্ত পরীক্ষা করিতে ছাড়েন নাই। চতুরচূড়ামণি রঙ্গিয়াপ্রভু শ্রীবাসপণ্ডিতের প্রতি কণ্ট ক্রোধভরে চাহিয়া গম্ভীরভাবে কহিলেন "পণ্ডিত! তুমি এই অবধৃতকে গৃহে স্থান দিয়াছ কেন? তুমি গৃহত্ব বান্দণ, পরম উদার প্রকৃতি, এই অবধৃতের জাতি কুল কিছুই তুমি জান না। যদি তুমি আপনার জতি কুল রক্ষা করিতে চাহ, অতি শীল্ল তুমি এই অজ্ঞাত কুলশীল অবধৃতকে নিজ গৃহ হইতে দূর কর। আমি ভোমাকে সাবধান করিয়া দিলাম" (২)। এীবাসপণ্ডিত প্রভুর কথায় হাসিয়া করণোড়ে উত্তর করিলেন "প্রভুহে! এ দীন হীন দরিক্ত আঙ্গণকে এরপভাবে পরীক্ষা করা কি তোগার উচিত ? তোমাকে একদিনও যিনি ভঙ্গনা করেন

(১) আপনি তুলিরা হাবে ভাত নাহি ধার।
পুত্রপ্রার করি অর নালিনী যোগার।।
নিভ্যানন্দ অসুভাব জানে পতিব্রভা।
দিক্ষানন্দ সেবা করে বেব পুত্র নাভা।।

(১) পণ্ডিছেরে পরীক্ষরে প্রজু বিষ্কর।
এই অবধুত কেনে রাথ নিরতর।।
কোন জাতি কোন কুল কিছুই না জানি।
পরম উবার জুবি বলিলাও আমি।।
আপলার জাতি কুল বদি রক্ষা চাও।
উবে বাট এই অবধুতেরে যুচাও।। তি: ভা:

তিনি আমার প্রাণ হইতেও প্রিয়তম। নিজানশপ্রস্থ এবং তুমি অভিয়াদেহ, তাহা আমি কি জানি না ?"

মদির। যবনী যদি নিত্যানন্দ ধরে। জাতি ধন প্রাণ যদি মোর নাশ করে॥ তথাপি আমার চিত্তে নহিব অক্সথা।

সভ্য সভ্য ভোমারে কহিলুঁ এই কথা ॥" চৈঃ ভাঃ
প্রভু আসনে বসিয়া ছিলেন। শ্রীবাসপণ্ডিভের কথা
ভানিয়া ভিনি আনন্দে আত্মহারা হইয়া প্রেমহঙ্কার গর্জন
করিতে করিতে লক্ষ্য দিয়া উঠিয়া তাঁহার বক্ষে বসিলেন।
শ্রীবাসপণ্ডিভ প্রভূপদরজস্পর্শে ক্রভক্তার্থ মনে করিলেন।
প্রেমানন্দে গদগদ হইয়া প্রভু সিংহনাদে শ্রীবাসকে
কহিলেন—-

নিত্যানন্দ প্রতি তোর এতেক বিশাস।
নিত্যানন্দ প্রতি তোর এতেক বিশাস।
নোর গোপ্য নিত্যানন্দ জানিলে সে তুমি।
তোমারে সম্ভষ্ট হয়্যা বর দিয়ে আমি।
যদি লক্ষ্মী ভিক্ষা করে নগরে নগরে।
তথাপি দারিক্র তোর নহিবেক ঘরে॥
বিড়াল কুলুর আদি তোমার বাড়ীর।
সভার আমাতে ভক্তি হইবেক হির॥
নিত্যানন্দ সমর্শিল আমি তোমা হানে।
সর্বমতে সংবরণ করিবা আপনে॥" চৈ: ভাঃ

প্রভাব কথা গুলি এখন একটু বিচার কর্মন। প্রস্থ বীবাসপণ্ডিতকে বলিলেন তাঁহার ক্ষরের গোপাবস্থ বীনিত্যানন্দপ্রভাব মর্মা তিনি অবগত হইয়াছেন বলিয়া তাঁহার
প্রতি তৃষ্ট হইয়া এই বর দান করিলেন। বীনিত্যানন্দতর্ম
বেদগোপা বস্তা। প্রভু স্বয়ং এ তত্ম না জানাইলে কেছ
ইহা জানিতে পারে না। বীবাসপণ্ডিতের ফ্লয়ে
প্রভু প্রবেশ করিয়া তাহার মুখ দিয়া বীনিত্যানন্দ্রোরাজ
যে অভেদতত্ব, তাহা বীবাসপণ্ডিত প্রভুর ফুপায়
ব্রিতে পারিয়াই তিনি সগোষ্ঠা বীনিত্যানন্দ্রেবায়
ব্রিতে পারিয়াই তিনি সগোষ্ঠা বীনিত্যানন্দ্রেবায়
ব্রিতে পারিয়াই তিনি সগোষ্ঠা বীনিত্যানন্দ্রেবায়
ব্রিতি

করাইলেন। ইহারও কিছু তাৎপর্যা আছে। শ্রীবাস-পৃত্তিত নারদের অবতার। নারদমূণি কোন কথাই মনে <u> বুকাইয়া রাখিতে পারেন না। তাঁহার মনে যখন যে</u> कथाि छेनग्र इहेछ, याहात्र मृत्थ यथन जिनि त्य कथाि ভনিতেন, তংকণাৎ ঢাক বাজাইয়া তাহা জগতে প্রকাশ করিতেন। এই যে খ্রীনিত্যানশপ্রভু সম্বন্ধে তাঁহার মন-ভাব, এবং প্রভুর শ্রীমুখে শ্রীনিত্যানন্দমহিমা প্রকাশ কথা, ইহ। এবাসপণ্ডিত জনে জনে নদীয়ার দর্ব্ব লোককে বলি-লেন। প্রভু তাঁহার গৃহ হইতে নিজমন্দিরে গমন করিবামাত্র শ্রীবাসপণ্ডিত বাটির বাহির হইলেন। ভক্তরন্দের ঘরে ঘরে গিয়া প্রস্কৃ কর্ত্বক শীনিত্যানন্দ-মহিমা-প্রকাশ বার্ত্তা সর্বব্র (घाषणा कत्रिलन। नमीयावामी ज्लुद्रम् निक्ट मर्स-প্রথমে ইহা প্রকাশ করিলেন। প্রভূ তথন নদীয়ায় আহা-প্রকাশ করিয়াছেন, নদীয়ার অধিকাংশ লোকই তাঁহাকে ঙগবানভাবে পূজা করিতে আরম্ভ করিয়াছেন। শ্রীবাস-প্রতিতের মুথে এই কথা ভ্রমিয়া তাঁহার। শ্রীনিত্যানশ-প্রভার প্রতি অধিকতর আরম্ভ ও ভক্তিমান হইলেন। প্রভূ এইরপে শ্রীবাসপণ্ডিতের পরীক্ষার ছল করিয়া তাঁহাকে দিয়া **শ্রীনিত্যানন্দ-মহিমা নদীয়ায় প্রচার করিলেন**। তিনি যথন শ্বয়ং আত্মপ্রকাশ করিতে বসিয়াছেন, তাঁহার অভিন-কলেবর শ্রীনিত্যানশপ্রভূকে প্রকাশ না করিয়া আর তিনি থাকিতে পারিলেন না।

ঠিক এই সময়ে আর একটি অভূত ঘটনা সংঘটিত হইল। শচীমাতা শ্রীনিত্যানন্দপ্রভূকে পুত্রবং স্থেই করেন। ভাঁহাকে দেখিলেই জগজ্জননী শচীমাতার মনে প্রভূর অগ্রন্ধ শ্রীশ্রীমিদিশ্বরূপপ্রভূর কথা মনে পড়ে। গৌর-নিতাই হুই জাতায় যখন এক সঙ্গে থাকেন, শচীমাতার মনে হয় যেন বিশ্বস্তর-বিশ্বরূপের একত্র মিলন হইয়াছে। নদীয়াবাসী গৌর-নিতাইকে দেখিলেই ব্রজ্বের রামক্রক্ষ বলিয়া মনে করিত। শচীমাতার মনেও এই ভাব মধ্যে মধ্যে উদয় হইত, কিন্তু বাৎস্বল্যপ্রেমাধিক্যে অধিকক্ষণ এই শ্রম্যভাব ভাঁহার মনে স্থান পাইত না।

এक मिन निर्माञा अकृषि जन्तं नन्न त्रिश्लन।

নিভূতে নিমাইটাদকে নিকটে ডাকিয়া আনন্দে গদগদ হইয়া তিনি সেই অভূত স্বপ্ন বৃত্তাস্থটি কহিলেন। শচীমাতা পুত্ৰকে বলিলেন—

> "নিশি অবশেষে মুক্রি দেখিলু স্থপন। তুমি আর নিত্যানশ এই ছুই জন॥ বৎসর পাঁচেক ছই ছাওয়াল হৈয়া। মারামারি করি দোঁতে বেড়াও ধাইয়া। इंटे करन माखाँदेन। शामािकत घरत। রামক্রফ লই দোহে লইলা বাহিরে॥ তাঁর হাথে রুষ্ণ তুমি লই বলরাম। চারি জনে মারামারি মোর বিভয়ান ॥ রামক্বঞ্চ ঠাকুর বোলয়ে জ্রন্ধ হৈয়া। কে তোরা ঢাঙ্গাতি ছই বাহিরাও গিয়া। এবাড়ী এঘর সব আমা দোঁহাকার। এ সন্দেশ দ্ধি তথ্য যত উপহার॥ নিতানিন্দ বোলয়ে সে কাল গেল ব্যা। त्य काटन थाइना प्रिथ नवनी नृष्ठिय! ॥ घृष्टिन शोयांना देशन विश्व अधिकात । আপনা চিনিঞা ছাড় স্ব উপহার। প্রীতে যদি না ছাড়িব। খাইবা মারণ। লুটিয়া থাইলে বা রাখিবে কোন জন॥ तामकृष्ण त्वाल चाकि त्यात त्माय नाकि। বান্ধিয়া এড়িমু হুই চন্দ এই ঠাঁঞি। দোহাই ক্ষের যদি করো আজি আন। নিত্যানন্দ প্রতি তর্জ্জ গর্জ্জ করে রাম। নিত্যানন্দ বোলে তোর কৃষ্ণেরে কি ডর গৌরচন্দ্র বিশ্বস্তর আমার ঈশ্বর॥ এইন্ট াং করহ চারি জন। কাড়াকাড়ি করি সব করহ ভোজন।

काशादा शायत (करश काफि नय यात्र।

কাহারে। মুথেতে কেহো মুথ দিয়া থার॥

জননী ৰলিয়া নিত্যানন্দ ভাকে মোরে।

আন দেহ মাতা মোরে বড় কুণা করে॥

এতেক বলিতে মূঞি চৈতত্ত পাইলুঁ।

কিছু না বুঝিলুঁ মূঞি তোমারে কহিলুঁ॥ চৈঃ ভাঃ

জননীর এই অপৃধ্য স্থাপুর ভাষা শুনিয়া প্র প্রাণ ভবিয়া উচৈচংবরে হাসিলেন। তিনি স্বাং শচীমাতার এই স্বপ্নো-পদেশ কর্জা। এই স্বপ্ন হারা তিনি জননীকে বৃষ্ণাইলেন তাঁহার গৃহ দেবতা রামকৃষ্ণ জাগ্রত মৃর্তি। তাঁহারা অচল জাবে গৃহে থাকেন বটে, কিন্তু সচলভাবে নদীয়ায় পরিভ্রমণ করেন। তাঁহার প্রিয়তম গৌরনিতাই-ই এই তৃইটি সচল শ্রিগ্রহমূর্ত্তি। অচল দেবতা ভক্তির বশে সচল হইডে পারেন। স্নেহবশে অচলমূর্ত্তি শ্রীভগবান সচল হইয়া ভক্তের মনবাহা পূর্ণ করেন। এই স্বপ্ন হারা প্রভ্রমনীকে শ্রীনিত্যানন্দপ্রভূর উক্তি হারা ব্রাইলেন, কলির জীবের একমাত্র উপান্ত তিনি। যুগাবতারদ্ধপে যুগধর্ম প্রবর্ত্তন করিতে তিনি শুদ্ধ বিপ্রকৃলে নদীয়ায় অবতীর্ণ হইয়াছেন,— বৃগান্নবর্ত্তী ভজন শ্রীগৌরাসভজন। তাই শ্রীনিত্যানন্দপ্রভূব বলিলেন—

''খুচিল গোয়ালা হৈল বিপ্র অধিকার।''

জীনিত্যানন্দপ্রভূ বলরামের অবতার। তিনি আপ-নাকে আপনি সম্বোধন করিয়া বলিলেন—

> নিত্যানন্দ বোলে "তোর ক্লফেরে কি ভর। গৌরচন্দ্র বিশ্বন্তর আমার ঈশর॥"

একথায় কেই যেন মনে না করেন শ্রীনিত্যানন্দপ্রভূ শ্রীক্ষণভদনের বিরোধী ছিলেন। তিনি নদীয়ার অব-তার শ্রীগোরাঙ্গপ্রত্বে ক্ষয় ভগবান শ্রীকৃষ্ণ বলিয়া জানি-তেন। নন্দনন্দন ও শচীনন্দন এক বস্তু বলিয়া তিনি জানিতেন বলিয়াই এই কথা বলিলেন। নদীয়ায় আসিয়া শ্রীনিজ্যানন্দপ্রভূবে দিন শ্রীগোরভগবানের সহিত মিলিত হইলেন, সেই দিন হইতেই ভিনি কলিপাবনাবভার শ্রীশ্রীগোরকৃষ্ণকে প্রকাশ করিতে আরম্ভ করিলেন। তিনি কি ক্ষিতেন শ্বন্ধন নিরবধি ঞ্রিক্লফটেতজ্ঞ সদীর্ত্তন। ত করায়েন করেন লৈয়া সর্কান্তন ॥ চৈ: ভা:

তাঁহার জীবনের একমাত্র কার্য্য ছিল শ্রীগৌরনাম প্রচার ও শ্রীগৌরাসমহিম কিরিন।

ভদ গৌরাক, কহ গৌরাক, লহ গৌরাকের নাম রে। যে জন গৌরাক ভজে সেই আমার প্রাণ রে॥

ইহা তাঁহার এমুপনি: হত বাক্য। এনিত্যানন্দপ্রভূ ক্লফভক্ত বৈষ্ণব-সন্ন্যাসী। শ্রীশ্রীগৌরক্লফ তিনি এক করিয়া लहेशाहितन, - পृथक करतन नाहे। এই जग्रहे जीतीत-ভগবান তাঁহার উপর প্রচারকার্য্যের সম্পূর্ণ ভারার্পন করিয়াছিলেন। শীশীগৌরকৃষ্ণ পুথক জ্ঞান করিলে ইঙ্কে একনিষ্ঠতার অভাব হয়। এই জন্মই কলিহত জীবের পক্ষে শ্রীগৌরাস্থৈকনিষ্ঠতার একান্ত প্রয়োজনবোধে শ্ৰীশীঅধৈতপ্ৰভু, শ্ৰীপাদ প্ৰবোধানন্দ সরস্বতীঠাকুর, সার্কভৌম ভট্টাচার্য্য, শ্রীবাস ও গদাধর পণ্ডিত শিবানন নেন, নরহরি সরকার প্রভৃতি প্রভৃর নিত্য পার্বদর্ক ধুগাঞ্-वर्जी औरशीराक्रडकन श्रेगाली क्या आहरिया कलित कीव-গণকে শিক্ষা দিয়া গিয়াছেন। এ সকল তত্ত্বপা যথাস্থানে বিস্তাবিত লিখিব।

শ্রীল বৃন্দাবনদাস ঠাকুর বর্ণিত জগজ্জননী শচীমাতার এই যে স্বপ্প দর্শন-কাহিনী ইহাতেও গৃঢ় রহস্ত নিহিত্ত রহিয়াছে। শ্রীগৌরাক্ষলীলার ব্যাসাবতারের লিথিত প্যার স্নোকেও ব্যাসকৃট দৃষ্ট হয়। অধিকারী গৌরভক্ত পাঠকর্ন্দের হৃদয়ে প্রভূর ইচ্ছায় এই গৃঢ়ার্থবাধক ব্যাসকৃট সকল সাধনবলে ক্রমে পরিক্ট হইতে দেখা যায়। শ্রীধাম বৃন্দাবনে কর্ষেক্টি গৌরভক্ত সাধক-বৈষ্ণবের মূথে জীবাধম গ্রন্থকার এই পকল ক্টার্থের ব্যাখ্যা কিছু কিছু যাহা শুনিয়াছে তাহাই এস্থলে বিবৃত্ত হইল।

বিচারের স্রোতে পড়িলে লীলারসের উৎস আবদ্ধ হয়, রসভন্ধ হয়। ইহা আমি উত্তম বৃথিতে পারিতেছি। কিন্তু এসকল নিগৃত ভজন-রহক্তকথা না বলিয়াও ত থাকা যায় না । বলাকে পাগল বিলিখে তাঁহাতে ক্তিবৃদ্ধি কিছুই নাই, বিশাস করিবে না, তাহাতেও বিদ্যাত্ত কোভ নাই। এ সকল কথা—

কহিবার যোগ্য নয়, তথাপি বাউলে কয়, কহিলে বা কে বা পাতিয়ায় ?

পূর্ব্বে বিনিয়াছি প্রভু তাঁহার স্বেহ্ময়ী জননীর মৃথে স্বপ্নকাহিনী ভানিয়া বড়ই হাসিলেন। তিনি হাসিতে হাসিতে কহিলেন "না! তুমি বড় স্বপ্ন দেখিয়াছ। অন্ত কাহারও নিকট এই স্বপ্নকথা প্রকাশ করিও না। আমার মনে হয় তোমার গৃহদেবতা প্রত্যক্ষ জাগ্রত শ্রীমৃষ্টি। আমিও বার বার দেখিয়াছি, ঠাকুরের নৈবেদ্য আধা আধি থাকে না,—কে থাইয়া যায়। তোমার বধ্র প্রতি আমার সন্দেহ হইত। আজ সে সন্দেহ দ্র হইল। এখন ব্ঝিলাম তোমার ঘরের ঠাকুর প্রত্যক্ষ ও জাগ্রত শ্রীমৃষ্টি। তিনিই তোমার সেবাওণে কুপাপরবশ হইয়া সচলভাবে ভোজনাদি সকল কর্ম করেন (১)। শ্রীমতি বিষ্প্রিয়াদেবী জন্তরালে দাড়াইয়া এই অপূর্ব্ব স্বপ্রকাহিনী ভানিতে ছিলেন। প্রভুর শ্রীমৃথে তাঁহার সম্বন্ধে জননীর নিকট এই কোতুকরহস্তকথা ভানিয়া তিনি হাদিয়া আকুল হইলেন।

হাদে লক্ষী জগন্মাতা স্বামীর বচনে। অন্তরে থাকিয়া সব স্বপ্রকথা স্তনে ॥ চৈঃ ভাঃ

প্রিয়াজির মনে প্রভুর এই কৌতুকর । ভানিয়া লক্ষাও হইল,—প্রাণবল্পভের উপর রাগও হইল। তাঁহার প্রতি তিনি একটি কুটল কটাক্ষপাত করিলেন। রসিকচ্ডামণি

(>) বড়ই হৰ্ষ ভূমি দেখিরাহ ৰাজা।

আর কারো ঠাকি পাছে কহ এই কথা।।
ভোষার ঘরের মূর্ত্তি পরজেথ বড়।
বোর চিত্ত ভোষার মরেতে হৈল দঢ়।।
মূকি দেখোঁ বারেবার নৈবেন্সের সাজে।
আধা আধি না থাকে না কহি কারে লাজে।।
ভোষার বধুরে বোর সজেহ আহিল।
ভালি সে আমার মনে সজেহ মুচিল।। হৈ ভাঃ

প্রভূ ঈষং হাসিয়া নয়নভন্ধী করিয়া তাহার উত্তর দিলেন।
শচীমাতা পুত্রকে এই কথার জ্বন্য মৃত্ ক্ষেহভর্মনা করিলেন। প্রিয়াজি ইহাতেই সম্ভুষ্ট হইলৈন।

শচীমাতাকে প্রভু যাহা বলিলেন, তাহার মধ্যে হুই একটি কথার বিচার করিব। প্রাভু বলিলেন ভাছার গৃহে সচল দেবতা আছেন, তাঁহারা ভোগের নৈবেছা ভোজন করেন এবং রহস্থ করিয়া বলিলেন প্রিয়াজির উপর তাঁহার मत्मर हिल । প্রভুর সন্দেহ যে অমূলক নহে, একণে ভাহাই বিচার্য্য। প্রভূ স্বয়ং সচল নারায়ণ মূর্ত্তি, তাঁহার অঞ্চলক্ষ্য এ বিফুপ্রিষা দেবী সচলা জীলম্মীমৃধি। শচীমাত। লম্মী-নারায়ণের পূজা করেন, ভোগ দেন। বাঁহাদের ভোগ দেন তাঁহারাই ডাঁহার গুহে অধিষ্ঠিত, ভাঁহারাই ভোজন করেন, প্রভু রহস্মছলে জননীকে ইহাই বুঝাইলেন। যুগল-দেবা-পরায়ণা শচীমাভার মনদাধ পূর্ণ করিয়া এঞ্জীগোর-বিষ্ণুপ্রিয়া যুগলবিগ্রহ তাঁহার গৃহে সচল হইয়া বিরাজ করিতেছেন। এগোরভগবান ইহাই জননীকে বুঝাইয়া দিলেন। তিনি প্রিয়াজির কথা তুলিলেন কেন ? ইহারও তাংপর্যা আছে। এবিষ্প্রিয়াতত্ব এবং ভক্তিতত্ব এক वञ्च। (गीववकविनामिनी वीमजी विक् श्रियादिनी माक्नार ভক্তিস্বরূপিনী। "মন্তকপুজাভ্যধিকা" প্রভূর 🕮 মুখনিংস্ত শ্রীমদ্ভাগবতীয় বাণী। তিনি স্বমূথে বলিয়াছেন—

''আমার ভজের পূজা আমা হৈতে বড়।''

এই জন্ম প্রভূ প্রিয়াজির নাম লইলেন। তগবতপূজার নৈবেদ্য, ভোগের সামগ্রী সর্বাগ্রে ভক্তভোগ্য। ভক্তের ম্থে শ্রীভগবান ভোজন করেন; ইহাও ভাগবতীয় কথা। তাই চতুর-চূড়ামণি শ্রীগৌরভগবান প্রিয়াজির নাম লইয়। জননীর সহিত এই পরমাশ্চর্য। কৌতুক-রহশ্য-লীলারক করিলেন।

শ্চীমাতা বথে দেখিয়াছেন শীনিজ্যানশপ্তাক তাঁহার নিকট অন্ন জিক্ষা করিতেছেন। সেই জন্ম প্রকৃ জননীকে কহিলেন "মা। জুমি স্বথে দেখিয়াছ ভোমার নিকট শীনিজ্যানশ সমু ভিকা করিতেছেন, স্বভ্যব সমু তাঁহাকে নিমন্ত্রণ করিয়া উত্তম করিয়া ভোজন করণও (১)। আমি তাঁহাকে নিমন্ত্রণ করিতে চলিলাম।" এই বলিয়া প্রভু গৃহের বাহির হইলেন। শচীমাতা পরমানন্দে ভোজন সামগ্রী প্রস্তুত করিতে লাগিলেন। এমতী বিষ্ণুপ্রিয়া দেবী পাক শালায় শচীমাতার প্রধান সহকারিণী। পুত্রবধৃ ও খাওড়ী তই জনে মিলিয়া পাককর্ম করিতে লাগিলেন।

শ্রীবাদ অন্ধনে গিয়া প্রভূ শ্রীনিত্যানন্দপ্রভূকে জননীর নিমন্ত্রণ দিয়া বলিলেন "শ্রীপাদ! আমার কুটারে আজ অপনার ভিক্ষা। দেখানে চঞ্চলতা করিবেন না। অবধৃত শ্রীনিত্যানন্দপ্রভূ কর্ণে হস্ত দিয়া হাদিয়া উত্তর দিলেন, "বিষ্ণু! বিষ্ণু! চঞ্চলতা পাগলে করে। তুমি আমাকে চঞ্চল পাগল মনে কর। কারণ তুমি আপনার মত সকলকে দেখ" (২)।

এইরপ হাস্তকৌতৃকরঙ্গে হই ভাতায় হাসিতে হাসিতে পরমানন্দে নদীয়ার পথে বাহির হইলেন। সঙ্গে গদাধর পণ্ডিত প্রভৃতি অস্তরঙ্গ ভক্তগণ আছেন। হই ভাতায় হাত ধরাধরি করিয়া লীলারঙ্গেভঙ্গে নদীয়াবাসীর মনপ্রাণ হরণ করিয়া শচী-আঙ্গিনায় আসিয়া পৌছিলেন। প্রাচীন ভূত্য ঈশান স্যতনে হই ভাতার শ্রীচরণ ধৌত করিয়া দিলেন। ভোগ প্রস্তুত ছিল। ঠাকুরের ভোগ প্রভু স্বয়' দিলেন। গৌর-নিভাই হই ভাতায় ভোজনে বসিলেন। সেহময়ী শচীমাতা পরিবেশন করিতে লাগিলেন। গৌর-নিভাই হই ভাতায় ভোজনে বসিয়াছেন, বোধ হইতেছে যেন কৌশলা। রাণীর গৃহে

- (১) বিষয়র বোলে মাতা গুনহ বচন। নিত্যানন্দে আনি ঝাট করাহ ভোজন।। চৈ: ভা
- (২) আমার বাড়ীতে আজি সোসাঞির ডিকা।
 চঞ্চতা না করিবা করাইল শিকা।।
 কর্ণধার নিত্যানক "বিঞ্ বিঞ্" বোলে।
 চঞ্চতা করে বত পাগত সকলে।।
 এব্ধিরে মোরে ভূসি বাসহ চঞ্চা। চৈঃ ভাঃ
 আগবাহ মক ভূমি বেশ্হ স্কল।। চৈঃ ভাঃ

ব্দীরাম লন্ধণ চুই ভাই একত্তে ভোজনে বসিয়াছেন (১)। এই সময়ে শচীমাতা একটি অলোকিক ঘটনা দেখিলেন। তিনি হুইজনের ভোজন সামগ্রী হুই পাত্রে সাজাইয়া দিয়া-ছিলেন, তিনি দেখিলেন তাহা তিন ভাগ হইয়া গেল। ছই জনের পরিবর্ণ্ডে তিন জনকে ভোজন গ্রহে দেখিলেন। গৌর-নিতাই শচীমাতাকে দেখিয়া হাসিতেছেন। শচী-মাতা বিশ্বিত ও স্তম্ভিত হইয়া ক্ষণকাল জডবং দাঁডাইয়া तिहालन । পরে দেখিলেন, ছুই জনেই ভোজন-বিলাসে রত। তিনি আরও দেখিলেন, পঞ্চ বর্ষ বয়স্ক একটি কৃষ্ণ-বর্ণ,—অপরটি শুক্লবর্ণ, তুইটি অপুর্ব্ধ সৌন্দর্য্যশালী শিশু সেই গৃহের মধ্যে বিরাজমান রহিয়াছে। ছই জনই চতুভুজ,--তুই জনই দিগমর। তাহাদিগের হতে শংখ, চক্র, গদা, পদ্ম, হল মৃষল, কর্ণে মকর কুস্তল, বক্ষে এবংস কৌস্তভ শোভা পাইতেছে। জগজ্জননী শচীমাতা আরও দেপি-লেন, তাঁহার পুত্রবধু তাঁহার পুত্রের হৃদয়োপরি অবস্থিত। চতু জু শংখচক্রগদাপ মধারী তাঁহার পুত্র এবং তাঁহার বক্ষে শ্রীবংস কৌস্তভ, তাহার উপর সাক্ষাৎ লক্ষ্মী-স্বরূপিণী শ্রীবিষ্ণপ্রিয়াদেবী শোভা পাইতেছেন। ইহা দেখিয়া শচীমাতা মৃচ্ছিতা হইয়া ভূমিতলে পতিত হইলেন। তাঁহার নয়নের প্রেমাশ্রধারায় পরিধানবন্ধ সিক্ত হইল (২)। এই সময় শচীমাতা দেখিতেছেন সমস্ত গৃহ

- (>) বসিলেন ছই প্রভুকরিতে ভোজন।
 কৌনল্যার ঘরে যেন জীরাম লক্ষা।।
 এই মড ছই প্রভুকরেরে ভোজন।
 সেই ভাবে সেই প্রেমে সেই ছই জন ॥ চৈঃ ভাঃ
- (২) আই পরিবেশন করে পরম সজোবে।

 ত্রিভাগ হইল ভিকা ছই জন হালে।।

 ভার বার আসি আই ছই জন দেখে।

 বংসর পাঁচের শিশু যেন পরভোগে।।

 কুফ শুকু বর্ণ দেখে ছুই মনোচর।

 ছই জন চতুভুজ ছই দিগঘর।।

 শংখ চক্র গলা পথ শ্রীহল মুবল।

 শ্রীবংস কৌভত দেখে মুকর কুওল।।

যেন অন্নময় হইল। গৃহের ভিতর অপুর্ব জ্যোতি বিকীর্ণ ভইল।

জননীর মৃষ্ঠা দেপিয়া প্রাস্থ তাঁহার ঐশর্যাভাব সম্বরণ করিলেন। তিনি তাঁহার স্বেহ্ময়ী জননীকে ভূমিতল হইতে ক্রোড়ে তুলিয়া সপ্রেম বচনে কহিলেন—

> উঠ উঠ মাতা তৃমি স্থির কর চিত। কেন বা পড়িলা পথিবীতে আচম্বিত॥ চৈ: ভা:

প্রভুর শ্রীকরন্দর্শে শচীমাতার বাহ্জান হইল। তিনি
শাবানে উঠিয়া বদন সধরণ করিয়া কেশ বান্ধিলেন।
উটার মূপে নাকা নাই, গৃহ মধ্যে বদিয়া অঝোর নয়নে
মূরিতেছেন। এক একবার মহা দীর্ঘাদ নিক্ষেপ করেন,
তাঁহার সন্ধান্ধ পর পর কাঁপিতেছে, প্রেমানন্দরসে তাঁহার
দায় পরিপূর্ণ, কোনদিকে তাঁহার লক্ষ্য নাই। তাঁহার
দৃষ্টি কেবল পুত্রের চক্রবদনের প্রতি। মূথে কোন কথা
নাই। তিনি পুত্রের চক্রবদনের প্রতি। মূথে কোন কথা
নাই। তিনি পুত্রের চক্রবদনের প্রতি চাহিয়া আছেন;
প্রভু জননীর সন্ধ্যে লক্ষ্যাবনতমূথে বদিয়া আছেন।
শ্রীনিত্যানন্দপ্রভু গৃহের এক পার্থে দাঁড়াইয়া মৃছ্ মৃছ্ হাল্য
করিতেছেন। তিনি প্রেমবিন্দ্রভাবে মাতা ও পুত্রের
লীলারন্ধ দেখিতেছেন। মাতাপুত্রে কোন কথাই
হুইল না।

প্রভার এই অপূর্ক এবং অলোকিক লীলারদ-কাহিনীটি
নিগৃঢ় রহস্তপূর্ণ। পূর্ব্বে প্রভু তাঁহার জননীকে বলিয়াছেন
যে তাঁহার বধু ঠাকুরের নৈবেছ ও ভোগের সামগ্রী চুরি
করিয়া থান, এরপ তাঁহার সন্দেহ ছিল। শচিমাতা গৌরনিভাই ভই লাভাকে একত্তে ভোজন করাইভেছেন। তুই
ভোজন পাত্তে থাল্য সামগ্রী সক্ষিত করিয়া দিয়াছেন।
তিনি দেখিলেন উহা ত্রিভাগ হইল। তাহার পর পুনরায়
দেখিলেন পুত্রের বক্ষঃস্থলে তাঁহার লক্ষী বধু বিরাজ করি-

আগনার বসু দেখে পুত্রের হৃদরে।
সকুৎ দেখিরা আর দেখিতে না পারে।।
পাড়িলা মুর্চ্ছিত হৈয়। পৃথিবীর তলে।
ভিত্তিল বসৰ সব সবংনার কুলে।। চৈঃ ভাঃ

তেছেন। এই যৈ "জিভাগ" কথাটি ব্যবন্ধত হইয়াছে ইহারও মর্ম আছে। শচীমাতা লন্দীর ভোগ বাডেন নাই। নারায়ণের ভোগ বাড়িয়াছেন সেই সঙ্গে অনস্তদেবের ভোগ বাড়িয়াছেন। প্রভু শচী-গৃহে লক্ষ্মীনারায়ণরূপে প্রভূ যুগলবিলাস করিতেছেন। শ্রীবিষ্ণুপ্রিয়া দেবী সাক্ষাৎ লন্মীদেবী। তাঁহার তত্ত্ব পূর্ব্বে বলিয়াছি। তিনি সাক্ষাৎ ভক্তিদেবী। শ্রীগৌরভগবানের তিনি পূর্ণ শক্তি। ভগ-বত-শক্তিই ভক্তিস্বরূপিনী। ভক্ত বা ভক্তিপূজা সর্বাগ্রে। অত্যে শ্রীরাধা, পরে শ্রীকৃষ্ণভগবান; অত্যে লক্ষ্মী, পরে নারা-য়ণ, এইভাবে চির্দিন শ্রীভগবান ভক্তের সম্মান বাডাইয়া আসিতেছেন। শচীমাতা বাৎসলা রসাম্রিতা প্রেমময়ী গৌরাক্সজননী। চতুরচূড়ামণি শ্রীগৌরভগবানের এখর্য্য ভাব তিনি স্বচক্ষে দেখিয়াও বিশাস করেন না। প্রভূ জননীকে তাঁহার ঐশ্বর্গ দেখাইলেন। ভোগের সামগ্রী ত্রিভাগ করিয়া জননীকে বুঝাইয়া দিলেন "মন্তক্রপুজাভ্য-**ধিকা''। মায়ামৃগ্ধ জননীর মায়ার ভ্রম সংশোধন করিয়া** দিলেন। শচীমাতা তাঁহার পুত্রের হৃদয় মধ্যে বধুকে **८मिथित्मन । हेशाल अज्ञ जननीत्क त्याहेत्मन शीत-**বক্ষবিলাদিনী ভক্তিশ্বরূপিনী শ্রীমতি বিষ্ণুপ্রিয়াদেবী তাঁহার সর্বশ্রেষ্ট ভক্ত,—তিনি ভক্তগোষ্ঠাশিরোমণি। অতএব তাঁহার স্থান প্রস্তুর হৃদয়ের উপরে,—তাঁহার পূজা অগ্রে। এবিষ্ণু-প্রিয়াতত ব্ঝাইবার জন্মই প্রভূ এই লীলারকটি করিলেন। এ সকল বেদগোপ্য কথা। অধিকারী গৌরভক্ত ভিন্ন এ সকল কথার মর্ম কেহ বৃঝিতে পারিবেন না। প্রভুর কুপাদৃষ্টি হইলে এই সকল নিগৃঢ় তত্ত্তান লাভ হয়। সাধ করিয়া কি পৃজাপাদ কবিরাজ গোস্বামী লিপিয়াছেন—

চৈতক্সচন্দ্রের লীলা অগাধ গন্ধীর। প্রবেশ করিতে নারি স্পর্লি রহি তীর।

ভাগ্যবান্ দশান প্রভুর বাড়ীর পুরাতন ভৃত্য। তিনি সর্বকাল প্রীগোরাকগোষ্টির দেবা করিয়া আদিতেছেন। প্রভুর সন্মাস গ্রহণের পর শোকসম্বপ্তা শচীমাতা ও বিরহ-বিধুরা শ্রীবিষ্ণৃপ্রিয়াদেবীর সেবাকার্যে পরম স্কৃতিবান্ দশান জীবন অভিবাহিত করেন। প্রভুক্তে তিনি ক্রোড়ে করিয়া মাছ্য করিয়াছিলেন। তাঁহার ভাগ্যের অবধি নাই। শ্রীল রন্দাবন দাস ঠাকুর লিখিয়াছেন—

সেবিলেন সর্বাকাল আইরে ঈশান।
চতুর্দশ লোকমধ্যে মহাভাগ্যবান॥

পূর্ব্বে বলিয়াছি, শচীমাতা দেখিলেন, ভোজন-গৃহ জয়য়য় হইল। শ্রীশ্রীগোরনিত্যানন্দ আচমন করিয়া বাহিরে
আদিলে ভাগ্যবান ঈশান গিয়া প্রভুর শেষ ভোজনলীলা
দর্শন করিলেন। তিনি দেখিলেন প্রকৃতই গৃহ জয়ময়
হইয়াছে। তিনি পরম ভক্তিভরে গৃহছারে প্রণাম করিয়া
সমস্ত প্রসালার খ্টিয়া প্রসাদ পাইলেন। তাহার পর গৃহ
পরিকৃত করিলেন(১)।

ঈশান! তোমার চরণে কোট কোট প্রণিপাত। তোমার তুল্য মহাভাগ্যবান পুরুষ চতুদ্ধশ ভূবনের মধ্যে আর কেহ নাই। তুমি আগার প্রভুর নিত্যদাস। তুমি রূপা করিলে, তবে প্রভু রূপা করিবেন, এ কথা নিশ্চিত। অন্তরন্ধ ভগবদাসামুগ্রহবলেই ভগবতকুপা লাভ হয়, 🕮ভগবানের সহিত পরিচিত হওয়া যায়। তুমি প্রভুর অতিশয় প্রিয়তম ও বিশ্বাসী পুরাতন ভূত্য; তুমি প্রভুর চিহ্নিত দাস, নিতা পরিকর ও পার্যদগণের মধ্যে তোমার স্থান। আমি অতি দীনহীন অকৃতী জীবাধম। আমি তোমার চরণে শরণ লইলাম। তোমার মত মহাজনই আমার মত হতভাগোর শ্রীগৌরাকভজনের প্রধান সহায় ও পথপ্রদর্শক। এই জীবাধমের প্রতি, তুমি একটিবার কপানয়নে চাও। তুমি প্রভুজ্জ,—তুমি প্রভুর বাড়ীর অন্দর মহলের সকল খবর রাখ; এীবিষ্ণুপ্রিয়াদেবীর তুমি ক্বপাপাত। তুমি ক্বপা করিলেই আমার মনোভীষ্ট পূর্ণ इहेरव, **आ**भात **औ**रगीत्राक्च अपन अधिकात हहेरव। ध জীবাধমকে তোমার রূপা করিতেই হইবে। তুমি নিশ্চয় জানিও সে তোমার চরণ ছাড়িবে না। ছুমি জীবিষ্ণু-প্রিয়া-দাস, ভোমার রূপায় কলিহত জীব 🔊 🕮 গৌর-বিষ্ণু-প্রিয়াযুগল উপাসনায় অধিকারী হয়। তুমি রূপা করিয়া

একটিবার কলিহত জীবের প্রতি শুভদৃষ্টিপাত কর। তোমার জয় হউক।

যথারাগ।

জয় জয় শ্রীদ্বশান শ্রীগোরাদদাস।
গোরাদমন্দিরে বাঁর চিরদিন বাস॥
জগদাথ শচীমাতা বাঁরে করেন জেহ।
গোরগোষ্টার পদে যিঁহো বিকাইল দেহ।
গোর-বিফুপ্রিয়ার শ্রীচরণ-রেণ্।
বাঁহার দেহের হয় অণুপ্রমাণ্॥
শ্রীগোরাদ্বপাদোদক বিহো পান নিতি।
তাঁহার চরণে মোর কোটি কোটি নাত॥
চতুর্দশ লোক মদ্যে মহা ভাগ্যবান।
দাস হরিদাসে তুমি কর পরিত্রাণ॥

যষ্ঠতিংশ অধ্যায়

--:**:---

আশ্বপ্রকাশের পর নদীয়ায় প্রভুর অলোকিক লীলার্ঙ্গ।

---*---

অলোকিক লীলায় যার না হয় বিশ্বাস। ইহলোক পরলোক তার হয় নাশ॥

শ্রীচৈতক্সচরিতামৃত।

সংকীর্ত্তন-যজ্জেশ্বর শ্রীগৌরাঙ্গপ্রস্থ ধ্রগর্ম হরিনামসমীর্ত্তনারক্তে নদীয়ায় আত্মপ্রকাশের পর করেকটি এলোকিক লীলারঙ্গ করিয়াছিলেন। এই অধ্যায়ে সেই সকল
অলৌকিক লীলাকাহিনী বণিত হইবে। শ্রীভগবাদের
অলৌকিক লীলারঙ্গ ভাঁহার ঐশ্বয়ের পরিচয়। যিদি
শ্রীভগবাদের অবতার বিশাস করেন, তিনি তাঁহার অলৌ
কিক লীলাকাহিনীও ভক্তিপূর্বক বিশাস করিবেন।
শ্রীভগবাদের অবতারে ঘাঁহার বিশাস নাই, তাঁহার মত
ত্তাগা জগতে আর কেহ নাই। এ সকল অলৌকিক
নিগৃত্ব লীলাকথায় শ্রীভগবাদের কুপা ব্যতীত সকলের

⁽১) ঈশাৰ কৰিল সৰ গৃহ উপৰায়। বত দ্বিদ্ধ বাৰ্ণেক সকল তাহাত্ত ৪ চৈঃ ভাঃ

বিশাস হয় না। তর্ক ও বিচারে ইহার মর্ম বুঝা যায় না।
তাই পূজ্যপাদ কবিরাজ গোস্বামী লিপিয়াছেন—
অলোকিক লীলা হয় পরম নিগৃত।
বিশাসে পাইবে তর্কে হয় বছদুর॥
প্রাত্ন একদিন শ্রীবাস্তাঙ্গনে ভক্তবৃন্দসহ হরিনাম-সংকীউন্যৱেশ উন্মত্ত হইয়া—

"হরেনীম হরেনীম হরেনীমৈব কেবলম্।
কলো নাস্থ্যেব নাস্থ্যেব গতিরক্তথা।"
এই পৌরাণিক শ্লোকের অর্থ করিয়া রুঝাইতেছেন (১)। ভক্তবৃন্দ ভক্তিগদগদ হইয়া শ্রীভুর শ্রীমুথে এই
শ্লোকের অপূর্ব ভক্তি-উদ্দীপক অর্থ শ্রবণ করিয়া বিশ্বিত
হইলেন। এই কয়টি কথায় যে এত নিগৃঢ় অর্থ হয়, তাহা
স্থপ্নেও তাঁহারা কেহ কথন ভাবেন নাই। প্রভু কহিলেন
ভুবনমন্দল হরিনাম নামরূপী স্বয়্মভগবান। নামব্রদ্ধের উপাদনা কলিহত জীবের ভবরোগের একমাত্র উথধ ও উপায়।
মামব্রদ্ধ বেদোক্ত আদিপুরুষ; সর্বকাল তিনি জগতে
উদয় হন না। কলিয়ুগে জীবের তুর্গতি দেখিয়া রুপাপরত্রস
হইয়া তিনি উদয় হইয়াছেন। নামব্রশ্ব হরিনাম ব্যতীত অত্ব

(১) অপবেছাঃ পণ্ডিতত জীবাসত পুরে বসন।

বাগাং চকার লোকত বক্ষানত ভচ্চু ।

হরেনীয় হরেনীয় হরেনীমৈৰ কেবলং।

কলে ভাল্ডোর নাজ্যের নাজ্যের গতিরভাগা।।

মা পুনানাদি পুরুষ: কুলাবজ্যের রূপবান।

নাম সরূপিণ তেও জানীহি স তু কেবলং।।

বার্ত্রেয় হরেনীয় দৃঢ়ার্থ: সর্ব্রেহিগাং।

এব কার্লচ জীবাবাং পাপানাং নাশ হেতবে।।

সর্ব্ব তত্ত ভালার্থ: কেবলং মন্ততে চ বি।

প্রার্ক্ত ক্রিনির্বাণ: কর্যুতে হৈতবাদিভিঃ।।

ভবেদিভি চ বোধার্থ: কেবলাং কেবলং শৃতং।

কৃষপ্রেম রুমার্যাদ প্রাণকং কর্যুণামরং।।

ভব্ম নাজ্যের মাজ্যের সভিরিভাবদং স্বরং।।

মুরারি ওপ্তের করচা।

বেন না। এই জন্মই "কেবল" শব্দ এই শ্লোকে ব্যবহৃত হইয়াছে। তিন বার "নান্ড্যেব" শব্দ প্রয়োগ করার অর্থ কলিহত জীবের হরিনাম ভিন্ন যে অন্ত গতি নাই, ইহা যে সর্ব্বশান্তের সার সিদ্ধান্ত তাহাই বৃঝাইলেন। হরিনাম-সংকীর্ত্তন যুগধর্ম। নামত্রন্ধের উপাসনা এবং হরিনাম-সন্ধীর্ত্তন কলিহত জীবের যুগামুবর্ত্তী ভদ্ধন। ক্রতেযদ্যায়তো বিষ্ণুং ত্রেতায়াং যজতো মথৈং দ্বাপরে পরিচর্য্যায়ং কলো ভদ্ধরিকীর্ত্তনাং। শ্রীমন্ত্রাগবত।

ষ্ঠাধর্মপালক শ্রীগোরভগবান নদীয়ার ভক্তবৃন্দকে হরিনামের মাহাত্ম্য বৃঝাইলেন। হরিনামের মাহাত্ম্য কীর্ত্তন
করিতে করিতে প্রভু স্বয়ং কীর্ত্তনরক্ষে মাতিলেন। তিনি
প্রেমাবেশে মধুর নৃত্য করিতে আরম্ভ করিলেন। প্রেমানন্দে ভূমিতলে গড়াগড়ি দিতে লাগিলেন। তাঁহার
কমল নয়নদ্বয়ে অবিরল প্রেমাশ্রণারা প্রবাহিত হইতে
লাগিল।

নিজনাম সঙ্গীন্তনে মাতল অন্তর।
ভূমিতে লোটাঞা কান্দে প্রেম পরবল॥ চৈঃ মঃ
আচ্বিতে প্রভূ উঠিয়া করতালি দিয়া ভক্তগণকে
কহিলেন—

"হের দেথ আদ্রবীজ আরোপিল আমি। আমার অর্জিত তক হইল আপনি॥" চৈঃ মঃ

ভক্তবৃদ্দ দেখিলেন প্রাভূ একটি আমবীক আন্ধিনার মাঝে রোপন করিবামাত্র, তংক্ষণাং সেই বীক্ষ আক্সরিত হইল, একটি নবীন বৃক্ষ উংপন্ন হইল। দেখিতে দেখিতে তাহাতে শাখা প্রশাখা নির্গত হইল, নবীন মৃকুল মঞ্কুরিত হইল, অদৃশ্য আম্রফল ধরিল, ফল স্থাক হইল (১)। ইহা দেখিয়া সকলে বিসায়রসে আপুত হইলেন। ক্ষণকাল মধ্যে

(১) তথৰ কহিল সৰ্কলোক আচ্ছিত।
এখনি কইল বীল ভেল কছুবিত।
দেখিতে দেখিতে ভেল জন মূল্পবিত।
হইল উভদ শাখা অতি স্পালিত।
দেখ দেখা সৰ্কলোক অপক্ষণ আৰু।
সূক্লিভ হৈল দেখা তক্ষি আনার।। চৈঃ সঃ

আত্রক অদৃশ্য হইল, কেবল তার ফলগুলি রহিল। এই আত্রকে প্রায় ছইলত পরিপক আত্রফল ধরিয়াছিল, ভক্ত-র্বের দারা প্রভু দেই ফলগুলি পাড়াইয়া দেদিন আত্রমহোৎসব করিলেন। প্রভু হাসিয়া ভক্তর্ককে ব্যাইয়া দিলেন"ভোগরা আমার মায়ার প্রভাব দেখিলে? যেপ্রকার আত্রককে ফল স্পষ্ট হইল, তাহা সকলি অদৃশ্য হইল, কেবল ফলগুলি রহিল। তোমরা ইহার অর্থ ব্ঝিলে? প্রেমধন ব্যতীত জগতে সকলি অনিত্য বস্তু। প্রেমধন শীভগবানদত্ত নিত্য বস্তু। এই অনিত্য সংসারের সকলি চলিয়া যায়, প্রেমধন থাকে। উহার দারা শীক্ষক্ষসেবা করিতে হয়"(১)। এই যে আত্র মহোৎসব প্রভু করিলেন, ইহাতে শীক্তক্ষের ভোগ হইল, বৈক্ষব সেবা হইল। ভক্তগণ প্রভুর উপদেশের তাৎপর্য অফুলব করিয়া আনন্দে গদগদ হইয়া, তাঁহার চরণতলে পতিত হইলেন। প্রভুর এই অলৌকিক লীলারক্ষ শ্রীপাদমুরারিগুপুও তাঁহার করচায় লিপিয়াছেন (২)।

প্রভাৱ এই আম্র-মহোৎসব লীলা অলোকানন্দাতীরবর্ত্তী গন্ধাবাস ও শ্রীহরিহর ক্ষেত্রের সন্ধিকট আম্রঘট্ট, আধুনিক আমঘটা গ্রামে প্রকটিত হয়, এইরপ কিম্বন্ধতী আছে। কীর্ত্তনাক্ষ ভক্তদিগকে তিনি এই স্থানে আম্র-মহোৎসবে অসময়ে পকাম্রকল ভোজন করাইয়া তাঁহাদিগের ক্ষ্বা ও শ্রম দূর করাইয়াছিলেন। এইজন্ম এই স্থানের নাম আম্বর্ঘটি। এই গ্রামে অদ্যাবধি বছ গোপজাতি বাস করে। কিন্তু ত্বের বিষয় শ্রীমন্মহাপ্রভুর এই শীলার শ্বভির

- (>) মোর মারা বলে সৃষ্টি সুকল সংসার ।
 না বৃদ্ধি সুকল লোক বোলে আপনার ।।
 মোর মারা দড়ি কেবা ছি ভিবারে পারে ।
 সবে এক পথ আছে ম'বা জিনিবারে ।।
 বন্ধ বন্ধ দেহ ধর্ম কর্ম করে লোকে ।
 স্বর্ম কর্ম আরোপন ধনি করে মোকে ।। চৈঃ বঃ
- (২) করতালৈঃদিশিং প্রোচে পশ্য শৈল্ব বেটিডম্।
 শৃত্য পশ্যাত্রবীক্ষং মে ক্ষেম সংরোগিতং নরা।।
 শৃত্য পশ্যাত্রবা জাতো নিমেনেশ ভরু পুনঃ।
 জাতঃ পঞ্চাত্র পুলৌনঃ পগ্র গশু ফলং পুনঃ।।

উদ্দেশে এস্থানে আন্ত্র-মহোৎসবের অন্তর্গান হয় না। এই পুণ্য স্থানটি গোদ্রুমন্বীপের অন্তর্গত, মায়াপুর ধামের নিকট। প্রভূর দিতীয় অলৌকিক লীলাকাহিনীটি নিমে বণিত হইল।

শুরাম্বর বাদারী প্রভ্র অন্তর্ম ভক্ত। তিনি ভিক্ষ্ক ব্রাম্বন। নবদীপে তাঁহার বাস। ব্রীবাসঅঙ্গনে একদিন প্রভু তাঁহার ভিক্ষার ঝুলি হইতে চাউল কাড়িয়া খাইয়া-ছিলেন। এই তভুলভোজন লীলারক্ষকাহিনীপরে বিস্তা-রিত বণিত হইবে। এই ভিক্ষ্ক ব্রাম্বণের প্রতি প্রভ্রে অতিশ্য রূপা ছিল। একদিন প্রভু তাঁহাকে নিকটে ডাকিয়া কহিলেন—

> "তোর অন্ন থাইতে আমার ইচ্ছা বড়। কিছু ভয় না করিহ বলিলাও দৃঢ়॥" চৈ: ভা:

ভিক্ষ্ক দরিজ ব্রহ্মচারী শুক্লাম্বর প্রভুর এই কথা শুনিয়।
আনেক কাকুতি মিনতি করিয়া দীনভাবে কর্ষোড়ে
নিবেদন করিলেন—

"ভিক্ক অনম মৃতি পাপিষ্ট গহিত।
তুমি ধর্ম সনাতন মৃতি দে পতিত ॥
মোরে কোথা দিবে প্রভু চরণের ছায়া।
কীট তুলা নহোঁ মোরে এত বড় মায়া॥ চৈঃ ভাঃ
এই কথা বলিজে বলিতে বাহ্মণ কান্দিয়া ফেলিলেন।
প্রভুর কুপার কথা মনে করিয়া ভাঁহার হৃদয়ে প্রেমানন্দের
আবেগ উঠিল। বক্তবংসল প্রভু ভক্তের মনভাব বৃঝিয়া
কহিলেন—

———"মায়া হেন বা বাসিহ মনে।
বড় ইচ্ছা বসে মোর ভোমার রন্ধনে।
সহরে নৈবেছ গিয়া করহ বাসায়।
আজি আমি মধ্যাহে যাইব সর্বাণায়॥" চৈঃ ভাঃ

শুকাষর বন্ধচারী বড়ই বিপদে পড়িলেন। প্রভু তথন নদীয়ায় আত্মপ্রকাশ করিয়াছেন। তাঁহার ভক্তবৃন্দ তাঁহাকে ভগবানভাবে পূজা করেন, তিনি দরিক্র ভিখারী ব্রাহ্মণের গৃহে গিয়া ভোজন করিবেন বলিলেন, ইহা তাঁহার বড়ই আশ্রুগা বলিয়া বোধ হইল। শুক্লামর অন্ধচারীর মনে বড় ভয় হইল। প্রভু চলিয়া গেলে তিনি এই বিষয়ে লইয়া ভক্তসন্দের সহিত পরামর্শ-যুক্তি করিলেন। তাঁহারা সকলে অন্ধচারী মহাশয়কে বুঝাইয়া বলিলেন—

শ্বাহি কেন কর ভয়।

সমার্থে ঈপরে কেহো কভু ভিয় নয়॥

বিশেবে যে জন তানে সর্কভাবে ভজে।

সর্ককাল তান অয় আপনেই গোঁজে॥

আপনে শ্রার পুত্র বিত্রের স্থানে।

অয় মাগি থাইলেন স্বভাব কারণে॥
ভক্ত স্থানে মাগি থায় প্রভ্র স্বভাব।

দেহ গিয়। তুমি বড় করি অয়রাগ॥
ভথাপিহ তুমি যদি ভয় বাদ মনে।

আলগ করিয়া তুমি করিহ রক্ষনে॥ চৈঃ ভাঃ

ভক্তবন্দের কথায় আখাদ পাইয়া শুক্লামর ব্রহ্মচারী গুহে গিয়া গঙ্গান্ধান করিয়া সদাচারে পাক চড়াইলেন। তাঁহার সমল ভিকার মোটা চাউল মাত্র,আর এক থানি গর্ভ থোড়। জল উত্তপ্ত হইলে তিনি পাকপাত্রে তণ্ডল ও গভ (थाफ्थानि पानरगारह ছाफ़िया निया "जय कृष्ण रंगातिन গোপাল বন্যালী' বলিয়া প্রভুর চরণ স্বারণ করিয়া কীর্ত্ত-নের হার ধরিলেন। অমনি সেই পাকপাত্রে লক্ষী হারপিণী শীবিষ্ণুপ্রিয়াদেবীর ভভদৃষ্টি পতিত হইল। পাকপাত্রস্থ আন্ন অমনি অমৃতে পরিণত হইল (১)। ইতিমধ্যে শচী-নন্দন গদাম্বান করিয়া শ্রীনিত্যানন্দ প্রভু এবং কয়েক জন অস্তরেক ভক্তসকে শুক্লাধর ব্রহ্মচারীর গৃহে আসিয়া উপিস্থিত হইলেন। আন্তবিদ্ধ পরিত্যাগ করিয়া প্রস্থ ইংস্তে অন্ন নামাইলেন। ভক্তের ভগবান ভক্তের মনবাঞ্চা পূর্ণ করিলেন, ইহা দেখিয়া শুক্লাম্বর ব্রহ্মচারী আনন্দে গদ गम इहेग्रा **अ**ज्ज निकटि क्तरपाएं माज़ाहेगा तहिलान। ণদার ত্রীরে শুরুষের অক্ষারীর গৃহ। প্রভু গদাদর্শন

(>) সেইকবে ভক্ত করে রমা লগরাতা।দৃষ্টপাত করিবেন মহা পভিত্রতা।। তৈঃ ভাঃ

করিতে করিতে পরমানন্দে ঠাকুরের ভোগ দিলেন। ভোগ শেষ হইলে ভক্তবংসল প্রভু ভোজনে বসিলেন। শুক্লাম্বর ব্রহ্মচারী করযোড়ে দাঁড়াইয়া আছেন। ভক্তবৃন্দ নয়ন ভরিয়া প্রভুর এই আনন্দ-ভোজন-বিলাস দর্শন করিতে লাগিলেন (২)।

ভোজন করিতে করিতে তিনি শুক্লাদর বন্ধচারীর প্রতি শুভ দৃষ্টিপাত করিয়া কহিলেন—

————"জন্ম যাবত আমার।

এমন অন্নের স্বাহ্ন নাহি পাই আর ॥

কিবা গর্ভ থোড় না পারি বলিতে।

আল্গোছে এমত বা রান্ধিলা কেমতে॥

তুমি হেন জন যে আমার বর্দুকুল।

তুমি সব লাগি দে আমার আদি মূল॥" চৈঃ ভাঃ

প্রভ্র শ্রীমৃণে তাঁহার অপার রুপার কথা শুনিয়া
শুরুলর ব্রহ্মচারী এবং উপস্থিত ভক্তবৃন্দ কান্দিয়া আকুল
হইলেন। প্রভু প্রেমানদে পুনঃ পুনঃ ঐকথা বলেন আর
মনের সাধে ভোজন করেন। ভক্তবৃন্দ নয়ন ভরিয়া প্রভুর
ভোজনবিলাদ দর্শন করিয়া রুতার্থ হইলেন। শুরুলর
বন্ধচারী স্বহস্তে প্রভুর তাঙ্গুলসেবা করিলেন। শচীনন্দন
কিছুক্ষণ ভক্তগণ সঙ্গে কুষ্ণকথা কহিয়া শুরুলর বন্ধচারীর
গৃহে সেদিন বিশ্রাম করিলেন। দরিজ ভিথারী বান্ধণ
ভক্তবৃন্দসহ প্রভুর পাত্রশেষ প্রসাদ পাইয়া জন্ম সার্থক
করিলেন। শ্রীক্রন্দাবনদাস ঠাকুর লিখিয়াছেন—

যে প্রসাদ পায়েন ভিক্ক শুক্লাম্বর।
দেখুক অভক্ত সব পাপী কোটীশ্বর॥
ধনে জনে পাণ্ডিত্যে চৈতক্ত নাহি পাই।
ভক্তিরদে বশ প্রভু চারিবেদে গাই॥

প্রভূ শয়ন করিলে ভজ্জন্ম ভাঁহার শ্রীচরণতলে দেখানে শয়ন করিলেন। তাহার মধ্যে কায়স্থ কুলতিলক বিজয় নামক প্রভূর একটা ভক্তও আছেন। বিজয়ের

⁽२) — ''হাসি বলিলেন প্রভু আনন্দ ভোজনে। নয়ন ভরিয়া হেথে সর্ব্ধ ভূভাগবে''।। চৈঃ ভাঃ

বাস নববীপে। তাঁহার মত আধরিয়া অর্থাৎ পুঁথি লেখক নদীয়ার মধ্যে বিতীয় ব্যক্তি ছিল না (১)। এই ভাগ্যবান বিজয় প্রভুর অনেক পুঁথি লিখিয়া দিয়াছিলেন। শ্রীগৌরভগবানের তিনি বড় প্রিয়পাত্ত ছিলেন। সকলে নিপ্রা ঘাইতেছেন, এমন সময়ে শ্রীগৌরভগবান তাঁহার শ্রীহন্ত বিজয়ের বক্ষের উপর দিলেন;—ভাগ্যবান বিজয় তৎক্ষণাৎ কি দেখিলেন ভুত্য—

হেম স্তম্ভ প্রায় হস্ত দীর্ঘ স্থবলন। পরিপূর্ণ দেখে উহি রত্ব আভরণ॥

শ্রীরত্ব মৃত্রিক। যত অঙ্গুলীর মৃলে।
না জানি কি কোটী স্থ্য চক্রমণি জলে।
আব্রহ্ম পর্যান্ত সব দেখে জ্যোতির্মায়।
হন্ত দেখি পরানন্দ হইল বিজয়। চৈ: ভা:
বিজয় প্রভূর এই অপূর্ব ঐশ্বয়ভাব দেখিয়া প্রেমানন্দে মগ্ন
ইইয়া যেমন উঠিয়া কাহাকেও ডাকিবার চেষ্টা করিলেন (২), প্রভূ অমনি তাঁহার মূখে শ্রীহন্ত দিয়া চাপিয়া
ধ্রিয়া মধুর স্বরে হাসিয়া বলিলেন—

----- "যত দিন মৃত্রি থাকোঁ এথা।

তাবং কাহারে পাছে কহ এই কথা ॥" ৈচঃ ভাঃ
বিজয় প্রেমানন্দে আত্মহারা। ভাঁহার বাহ্যজ্ঞান নাই।
প্রভুর শ্রীকরস্পর্শে তিনি চেতনা পাইলেন বটে, কিন্তু
কোন কথাই কহিতে পারিলেন না! তিনি প্রেমানন্দে
কেবল হন্বারগর্জন করিতেছেন। প্রভু ইহা দেখিয়া
কেবল হাসিতেছেন। বিজয়ের হন্বারগর্জন শব্দে ভক্তবৃন্দ জাগিয়া উঠিলেন। সকলেই বিজয়ের অবস্থা দেখিয়া
তাঁহাকে ধরিতে গেলেন, কিন্তু ধরিতে পারিলেন না।
বিজয় প্রেমানন্দে উন্মন্ত হইয়া হন্বারগর্জন ও উদ্ভ নৃত্য

করিতেছেন। ইহা দেখিয়া ভক্তবৃন্ধ বৃথিলেন প্রাক্তব্যু তাঁহাকে কুপা করিয়া কিছু বিভূতি দেখাইয়াছেন। বিজ্ঞার প্রতি প্রভূর কুপা দেখিয়া তাঁহারা প্রেমানন্দে কান্দিতে লাগিলেন। ভাগ্যবান বিজয় পরমানন্দলাভে উন্মন্ত হইয়াছেন, তিনি আনন্দস্বরূপ হইয়া মৃচ্ছিত হইয়া ভূমিতলে পতিত হইলেন (১)। চতুর চূড়ামণি প্রভূই তথন সকলকে জিজ্ঞাসা করিলেন "অক্মাৎ বিজয়ের এত হংকার গর্জন কেন? ইহার কি হইল ?" ভক্তবৃন্দ প্রভূর শ্রীম্থের প্রতি চাহিয়া অঝোর নয়নে ঝুরিতেছেন। তাঁহাদের মৃথে বাক্যকৃত্তি হইল না। বিশ্বয়া প্রভূত্তথন নিজেই বলিলেন—

> ——"জানিলাও গন্ধার প্রভাব। বিজয়ের বিশেষ গন্ধায় অন্তরাগ॥ নহে শুক্লাম্বর গৃহে দেব অধিষ্ঠান।

কিবা দেখিলেন ইহা কৃষ্ণ সে প্রমাণ ॥ চৈ: ভা:
এই কথা বলিয়া শ্রীগৌরভগবান বিজয়ের **অঙ্কে পুনরা**য়
শ্রীহন্ত স্পর্শ মাত্র তাঁহার চেতনা হইল। অতি কটে তিনি
উঠিলেন বটে, কিন্তু জড়প্রায় হইয়া রহিলেন।

"উঠিয়াও বিজয় হইলা জড়প্রায়।"

প্রভ্র কপায় তিনি ক্রমশং প্রকৃতিস্থ ইইলেন। আহার, নিজা, দেহ ধর্ম ত্যাগ করিয়া সাতদিন পর্যান্ত বিজয় সর্বাননীয়ায় উন্মাদের ক্যায় পরিভ্রমণ করিলেন। লোকে ইহাল কারণ কেহ কিছু ব্ঝিতে পারিল না। ভক্তবৃন্দ ব্ঝিলেন বিজয় প্রভূর কোনক্রপ ঐশ্বায় দর্শন করিয়া এইক্রপ প্রেমোরাজ হইয়াছেন। কিছুদিন পরে বিজয় প্রকৃতিস্থ হইলেন (২)। জ্যোতিশায় দিব্য তেজপূর্ণ শ্রীভগবানের

- (>) জন্ত সৰ বুৰিলেন বিভৰ পূৰ্ণন।
 সংবাগণ লাগিলেন করিতে ক্রন্দন।।
 কপোক্ষে উন্মাদ করিয়া মহাশয়।
 শেষে হৈলা প্রান্দ মুর্চিত্ত তব্যয়।। চৈ: ভা:
- (२) উঠিয়াও বিজয় হইলা জড় প্রার । সংগদিন অমিলেন সর্কা নদীয়ার !। না আহার না নিজা রহিত দেহধর্ম । অবেশ বিজয় কেহ নাহি জানে সর্কা। চৈঃ ভাঃ

⁽১) নৰবীপে তেন মডে নাহি আথরিয়া।
প্রভুরে অনেক পুঁৰি দিয়াছে সিধিয়া।
''আথরিয়া" বিদর করিয়া সভে।বোবে।
মর্বা নাহি জানে লোক ভডিহীন দোবে" ॥ চৈঃ ভাঃ

⁽২) বিজয় উদ্যোগ মাত্র করিলা ভাকিতে। শীৰ্জ দিলেৰ প্রভু ভাষার মূখেতে।। তৈঃ ভাঃ

ঐশ্ব্যস্তি দর্শনে ছর্বল জীব স্থির থাকিতে পারে না। লোকে বলে ধ্যান ধারণা ছারা শ্রীভগবানের বিভৃতিময় এী মৃঠির দর্শনলাভ হয়। ইহার অর্থ বুঝিবার শক্তি অধম গ্রন্থকারের নাই। বিজয়ের যে দশা হইল যোগীঋযিদিগেরও एव स्मिट्ट मा इटेरवक टेटाएक मस्मिट नारे। अहे नीना-রক্ষতনে প্রভু দেখাইলেন শ্রীভগবানের তেজ্বাদর্শন করা তুর্বল জীবের সাধ্য নহে। ভাঁহার এখর্যাময় লীলারক জীবের দর্শনীয় নহে; ওাঁহার মধুর নরলীলাই সর্কোত্তম **এবং এই नीनातम्ह जीरवत आश्वामनीय, अञ्चनीननीय अ** উপভোগ্য। ঐভিগ্রান যথন নরবপু ধারণ করিয়া ধরা-ধামে অবতীর্ণ হন, তাঁহার অপূর্ব্ব লীলারক জীব স্বচক্ষে मर्नेन करत,—डैं। हात्र मधुत्र कथा डैं। हात्रा चकर्ल खेवल करत, — তাঁহার ভূবনমোহন মধুর মৃর্টি প্রাক্ত চক্ষে দর্শন করিয়া তাহার। জ্ঞান বৃদ্ধিহার। হইয়া জড়প্রকৃতি প্রাপ্ত হয় না। শ্রীভগবানের সহিত তাঁহার মধুর ও সর্কোত্তম নরলীলা স্ত্রে আবদ্ধ হইয়া জীব তাঁহার সহিত প্রেম-সম্বন্ধ স্থাপন করিয়া নির্মাল আনন্দরস সম্ভোগ করে। এভিগ-বানের ঐশ্ব্যপূর্ণ শ্রীমৃত্তির সহিত, তাঁহার তেজময় জ্যোতিপূর্ণ শ্রীবিগ্রহের সহিত জীবের ঘনিষ্ট ও আত্মীয় नशक इहेट भारत ना विनयाहे, नर्समञ्जनमय जीववसू শ্রীভগবানের নরবপু গ্রহণ করিয়া ভূতলে অবতাররূপে অবতারতত্ত্বের এই মৃল কারণ যাঁহারা আবিৰ্ভাব। বুঝিয়াছেন, তাঁহারা খ্রীভগবানের ভাল করিয়া ঐশ্ব্যভাবে মৃথ নহেন। তাঁহারা শ্রীভগবানকে ঐশ্ব্য-कार्य छक्त करत्रन ना। औछ शवास्त्र साधुर्या नीना-রদে তাঁহারা চিরদিন মগ্ন থাকিয়া মাধুর্য্যভাবে তাঁহাকে ভদন করিয়া ভক্তোত্তম পদ প্রাপ্ত হন। প্রেম পঞ্চম পুরুষার্থ। শ্রীভগবানকে প্রেমচক্ষে দর্শন, প্রেমভাবে পুজন, প্রেমভক্তি দারা আবাহন, ভগবত-প্রেমিক রসিকভক্তের সাধনাল। তাঁহার ঐখর্য দর্শন, তাঁহার নিকট ঐখর্য ভিক্ষা, প্রেমভক্তিযাজক রসিকভক্তের লক্ষণ 🕮ভগবান চতুর শিরোমণি। প্রেমধন তাঁহার "নিজ গুপ্ত বিত্ত"। এ সম্পত্তি তিনি সহজে কাহাকেও দিতে চাহেন না। ঐশর্যার মোহ দেখাইয়া তিনি বছপ্রকারে তাঁহার ভক্তরন্দকে ভুলাইতে চেষ্টা করেন। শ্রীভগবানের ঐশ্বর্যা দর্শন তুর্বল জীবের পক্ষে হিতকর বলিয়া বোধ হয় না, কারণ তুর্বল জীব শ্রীভগবানের ঔশ্বর্য দেখিয়া বিমোহিত হইয়া মূল তত্ত্ব হারাইয়া ফেলে। চতুরচুড়ামণির চাতুরী জালে পতিত হইয়া অবোধ জীব তাঁহার নিকট ঐখগ্য প্রার্থনা করে। ঐশ্বর্যা পাইলেই তাহারা তাঁহাকে ভুলিয়া যায়। এভিগবান অতিশয় কুপাবান, প্রম দ্যালু। যে যাহা চায়, তিনি তাহাকে তাহাই দেন। তাঁহার প্রিয়তম অন্তর্ম্ব ভক্ত বিজয় তাঁহার এমর্ঘা দেখিয়া ভূলিলেন না, প্রভুর নিকট কিছু চাহিলেন না, কেবল মাত্র আনন্দে উন্মন্ত হইয়া দর্ব্ব নদীয়ায় নৃত্য করিয়া বেড়াইলেন। প্রভুর ঐশ্বর্যা দেখিলে দাসের মনে বড় আনন্দ হয়, কিন্তু সে ঐশ্বর্যোর ভাগ লইতে কথনও ইচ্ছা করে না। যে দাস প্রভর ঐশ্বর্যাের অংশ প্রার্থনা করে, সে উত্তম দাস নছে। প্রভুভক্ত দাস প্রভুর ঐশ্বর্যা দেখিয়া আপনাকে গৌরবান্বিত মনে করেন। সোভাগ্যবান বিজয় প্রভুয় ঐশ্বর্যা দেখিয়া আনন্দে উন্নত্ত হইলেন। প্রভুর এখর্য'-গৌরবে তিনি গৌরবাধিত মনে করিলেন। ইহাই প্রকৃত দাসের কার্য্য। **এই नीनातन-कारिनीिंग फनअं** ि श्रीन तुन्तारनताम ঠাকুর লিখিয়াছেন-

> বিজয়ের কুপা শুক্লাম্বরার ভোজন। ইহার শ্রবণে মাত্র মিলে প্রেমধন॥

প্রভূ বিজয়ের নাম রাখিলেন "রত্ববাহু বিজয়"। এই নামে তিনি গৌরাঙ্গলীলায় বিখ্যাত। তাঁহার চরণে কোটি নমস্কার। লীলারসবিগ্রহ শ্রীগৌরভগবানের আর একটি অলৌকিক লীলা কাহিনী শুমন—

শ্রীবাসপণ্ডিতের গৃহে এক যবন দরজী কাপড় সেলাই করিত। শ্রীবাসঅঙ্গনে প্রভু নিত্য গমন করিতেন। ভাগবোন যবন নিত্যই তাঁহার চরণ দর্শনলাভে ক্বতার্থ হইত। যবন দরজী ভক্ত প্রধান শ্রীবাসপণ্ডিতের বাড়ীর কাজ করে, মতএব সে প্রভুর প্রিয়। ভক্তের দাস প্রভূর

নিজ দাস অপেকাও প্রিয়। শ্রীভগবানের ইহা সম্থ নিংফত বাণী।

ম্ম ভক্তাহি গে পার্থ ন মে ভক্তাশ্চ তে জনং।

মৃত্যুকানাঞ্চ যে ভক্তা প্রেমেভক্তমাং মতাং॥ গাঁতা।

মুখ্য। শ্রীকৃষ্ণভগবান স্মাজনকে বলিতেছেন—থে
আমাকে ভজ্তনা করে অগচ আমার ভক্তকে ভজ্তনা করে
না, সে কথনই আমার ভক্তপদ বাচ্য নহে। কিন্তু যে
আমার ভক্তবৃদ্দের ভক্ত এবং তাঁহাদের সেবায় নিরত সেই
আমার প্রকৃত ও শ্রেষ্ট ভক্ত জানিবে।

যবন দরজী শ্রীবাসপণ্ডিতের গৃহে কার্য্য করিত,—এই ওপেই সে প্রভাৱ কপাপাত্র হইল। প্রভাৱ একদিন এই যবন দরজীকে তাঁহার কিছু বিভৃতি দেখাইলেন। ষড়ৈশ্ব্যপূর্ণ শীভগবানের স্বরূপ দেখাইলেন। কদাচারী মেচ্ছ শ্রীবাসপণ্ডিতের অন্থ্যহে প্রভাৱ ঐশ্ব্যারূপ দেখিয়া সর্ব্ব নদীয়ার পণেপথে"দেখিলাম দেখিলাম"বলিয়া উর্জবাহু হইয়া প্রেমাননদে বিভোর হইয়া নৃত্য করিতে লাগিল। কি দেখিল সে কাহাকেও কিছু বলিল না। কিন্তু তুই বাহু উর্দ্ধে উত্তোলন করিয়া প্রেমভরে উচ্চৈঃস্বরে হরিধানি করিতে লাগিল কদাচারী যবন পরম বৈক্ষব হইল, তাহার আর যবনম্ব রহিল না। প্রভার ক্রপায় সে মুসলমান ধর্ম পরিত্যাগ করিয়া বৈক্ষব হইয়া নবনীপে ভক্তমেবায় ব্রতী হইল।

শ্রীবাদের বস্ত্র দিয়ে দরজী যবন। প্রাভূ তারে করাইল নিজ রূপ দর্শন॥ "দেখিলুঁ দেখিলুঁ" বলি হইল পাগল। প্রেমে নৃত্য ক'রে হৈল বৈঞ্চব আগল॥ চৈঃ চঃ

এইরপ অপূর্ক অহৈতৃকী ভগবতরূপার কথা কেহ
কথন শুনিয়াছেন কি? এই লীলারকটি প্রকট করিয়।
ভক্তবৎসল প্রভু আমার ভক্তমহিমা জগতে প্রচার করিলেন। তিনি কলির জীবকে দেখাইলেন ভগবদ্ধকের
সক্ষ ও তাঁহার সেবা করিলে পরম দয়াল প্রভু আমার
তাঁহাকে শিববিরিঞ্চি-বাঞ্চিত উচ্চপদ দান করেন। এই
ভাগ্যবান যবন দর্জী ভক্তচ্ছামণি শ্রীবাসপণ্ডিতের দাস্
করিয়া যে পরম বস্তু লাভ করিল, পরমশুদ্ধাচারী গ্যান-

ধার্ণারত যোগী ঋষিগণ অনস্তকাল যোগ্যাপ ও ধান-ধারণা করিয়াও ভাগা প্রাপ্ত হন নাই।

প্রভার এবটি অংলীকিক লীলা কাহিনী বলিয়া এই গ্রায় শেষ করিব।

একদিন গ্রীম্মকালে স্ক্রার প্রাকালে ভক্তরুদ বীবাস-অখনে সংকীর্ত্তন-যজ্ঞের অমুষ্ঠান করিতেছেন, এমন সময়ে আকাশমাৰ্গ ঘনঘটাচ্ছন্ন হইয়া আসিল। ইহা দেখিয়া ভক্তবুদের মনে যুগপৎ ভয় ও ছু:খের উদ্রেক হইল। কারণ ইহাতে কীর্ত্তনের বিম্ন হইবে। ভক্তত্বংখ দর করিতে খ্রীগৌরভগবান সতত তৎপর। তিনি ভক্তবৃন্দকে निर्ভय श्रामान कविया अकरपाए। यनिता इटल वाहिटत वहि-র্গত হইলেন। মেঘাচ্ছন্ন আকাশের প্রতি শুভ উদ্ধৃদৃষ্টিপাত করিয়া প্রভু মন্দির। বাজাইয়া প্রেমানন্দে মধুর কীর্ত্তন আরম্ভ করিলেন। তৎক্ষণাৎ সেই মেঘজাল দূর হইয়। আকাশদেশ পরিষার হইল। ভক্তরন্দের আনন্দের আর অবধি রহিল না। শুভকীর্ত্তন আরম্ভ হইল (১)। প্রভুর এই অলোকিক नीनात्रत्र দেখিয়া নদীয়াবাসী ভক্তবুন্দ বিশ্বিত হইয়া তাঁহার বদনচন্দ্রের প্রতি চাহিমা রহিলেন। তাঁহার চরণকমলে শিরলুষ্ঠিত করিলেন। আত্মপ্রকাশের সময় किছ किছ अवश अनर्मन প্রয়োজনবোধে, প্রীগৌরভগবান এই সময়ে কাহাকেও চতু ছু জমৃতি কাহাকেও যড়ভূজমৃতি দর্শন করাইয়া তাঁহার ভগবতা প্রচার করিয়াছিলেন (২)।

(>) কণাচিদার্তে ব্যোগি খনৈর্গন্তীর নিবলৈ:।
বিজ্ঞোতিতে ভততাবং সাকং চ তানগ্নিপু ভি:।।
বৈক্ষবা ছ:থিভা: সর্কে বিজ্ঞোহরং সমুপথিতঃ।
মেঘা হয়ে: কীর্ত্তনকেহভবং-চিন্তাপরা ইভি।।
তদা তামিন্ সমারাতো গৃহীতা মন্দিরাং হরি:।
স্থান কুতার্থন কুকাং জ্গৌ স ব্জানেং সহা।।
ততো মক্তিনগোঘা: খণ্ডিভা তে দিগন্তরং।
ভেকু ব ভূব বিষলং নভক্তাশংশু রঞ্জিতং।।



মুরারির করচা।

(२) নিরন্তর সভার মন্দিরে প্রভু যার। চতুর্ভুল বড়ভুলাদি বিপ্রহ দেধার ॥ চৈ: ছা: থাহাকেই প্রভু রূপা করিয়া তাঁহার ঐশ্বর্য প্রদর্শন করা-ইয়াছিলেন, তাঁহাকেই উহা প্রকাশ করিতে নিষেধ করিয়াছিলেন। কারণ তিনি কলির প্রচ্ছন্ন অবতার।

প্রভাৱে অনেক অলৌকিক লীলা-কাহিনী আছে। তাহা
যথাস্থানে বর্ণিত হইবে। শীভগবানের অলৌকিক লীলার
নিগৃত্ তাৎপর্য্য আছে। তাঁহার ভক্তগণকেও কথন কথন
অলৌকিক কার্য্য করিতে দেখা যায়। প্রভুর রুপায়
তাঁহারাও ঐর্য্য প্রদর্শনে সম্পূর্ণ সক্ষম। গৌরভক্তবৃন্দ
কিন্তু সহজে ঐর্য্য প্রদর্শন করেন না। দীন হীন করঙ্গন
শ্বীগৌরাঙ্গপ্রভুর রুপাবলে জগত তারণের শক্তি ধারণ
করেন। এক একটা গৌরভক্ত এক একটা ধ্রুব প্রস্থলাদ।
গৌরভক্তবৃন্দের চরিতাত্মশীলন করিলে রুপাময় পাঠকবৃন্দের মনে গৌরভক্তের মহিমা ক্রমশঃ ফ্রি ইইবে।
গৌরভক্তের সঙ্গ করিলে, শীগৌরাঙ্গের চরণে রতিমতি লাভ
হইবে। কুপাময় পাঠকর্ন্দ! আহ্বন, সকলে মিলিয়া
প্রভু ও তাহার ভক্তবৃন্দের জয় গান করিয়া জীবন সার্থক
করি।

জয় জয়, জগমাণপুত্র বিপ্ররাজ। জয় হউ তোর যত শ্রীভক্ত-সমাজ॥

সপ্তত্রিংশ অধ্যায়

সংক্রীক্তন মহারাসলীলা। **শ্রীবাস-অঙ্গনে** প্রভুর কীর্ত্তন-বিলাস।

-°*:---

সারম্ভিলা মহাপ্রভু কীর্ত্তন বিলাস।
সর্ব্ব বৈষ্ণবের হৈল শুনিয়া উলাস।
শীচৈতগুভাগবত।

সন্ধীর্ত্তন রাস-রসিক শ্রীশ্রীগৌরগোবিন্দ যুগধর্ম হরিনাম-সন্ধীর্ত্তনারত্তে পুণ্যধাম নদীয়ায় আত্মপ্রকাশ করিলে, ভাঁহার নিত্যপার্বদর্ক যেখানে যিনি জন্ম পরিগ্রহ করিয়াছিলেন, দেখান হইতে শ্রীধাম নবদীপে **আসিয়া** প্রভুর সঙ্গে মিলিত হইলেন। একণে সকলেই জানিলেন প্রভু নদীয়ায় অবতার গ্রহণ করিয়াছেন (১)। শ্রীগৌরাকলীলার ব্যাসাবতার শ্রীল বৃন্ধাবনদাস ঠাকুর শ্রীবাস-অকনে সমবেত ভক্তমগুলীর মধ্যে প্রভুর কয়েকজন অস্তরক্ত ভক্তের নামোল্লেখ করিয়া লিথিয়াছেন—

"অনম্ভ চৈত্তভুত্য নাম জানি কত"।

শ্রীবাস-অঙ্গন নদীয়ার প্রেমাবতার শ্রীশ্রীগোরগোবিনেদর রাসলীলাস্থলী। শ্রীবৃন্দাবনস্থ শ্রীশ্রীরাধাক্কফের রাসলীলাস্থলী এবং শ্রীনবদ্বীপস্থ শ্রীশ্রীগোরগোবিন্দের সমীর্ত্তন
রাসলীলাস্থলী এক বস্তু,—এক তত্ত্ব। সমীর্ত্তন-লীলা
ও রাসলীলা এক বস্তু,—এক তত্ত্ব। তত্ত্ব ও তগ্রবানের অবাধ এবং নিঃসংলাচ মিলনস্থানের নাম রাসলীলাস্থলী,—আর এই অপূর্বর শুভমিলনের নাম মহারাস।
এই মহারাসই শ্রীগোরাঙ্গলীলার হরিনাম সমীর্ত্তন-লীলা।
এই হরিনাম সমীর্ত্তনে মহারাসলীলা কিরপ্রভাবে প্রকটিত
হইত তাহার বিশেষ বিবরণ শ্রীচৈতন্তভাগবতে লিখিত
আছে, যথা—

উঠিল পরমানন্দ ক্বফের কীর্ত্তন।
বিহবল হইয়া নৃত্যু করে ভক্তগণ॥
ক্ষণেকে শ্রীগোরচন্দ্র করিয়া হন্ধার।
উঠিয়া লাগিলা নৃত্যু করিতে অপার॥
নিত্যানন্দ স্বরূপ উঠিলা ততক্ষণে।
নৃত্যুকরে হুই প্রভূ বেড়ি ভক্তগণে॥
কার গায় কেবা পড়ে কেবা কারে ধরে।
কেবা কার চরণের ধূলি লয় শিরে॥
কেবা কার গলা ধরি করয়ে রোদন।
কেবা কোন্রূপ করে না যায় বর্ণন॥

(১) বত হত ছানে সব পার্থণ জ্ঞানিলা। অংক আলে সভে নব্বীপেতে আইলা। সভে জানিলেন্ট্রব্রের অবতার। আনক অরপ চিত্ত ইইল সভার।। চৈঃ ভাঃ প্রভু করিয়াও কারো কিছু ভয় নাঞি।
প্রভু ভূত্য সকলে নাচয়ে এক ঠাঞি॥
,প্র্লীলায় ব্রজগোপিনীবৃদ্দের সহিত শ্রীকৃষ্ণের যেরপ
অবাধ ও নিঃসন্ধাচ সংমিশ্রণ ও মিলন হইয়াছিল, এবং
সেই অপ্র্রমিলনে যেরপ প্রেমরসোল্টারের তরঙ্গ উঠিয়াছিল, ভক্ত ও ভগবানের মধ্যে যেরপ এক নৃতন অপর্রপ
প্রেমভাবের স্থাষ্ট হইয়াছিল, শ্রীগৌরাঙ্গলীলায় মহাসন্ধীর্তনলীলায় ঠিক তদ্রপ হইয়াছিল। তাই শ্রীর্ন্দাবনদাস
ঠাকর বলিলেন—

প্রভূ করিয়াও কারো কিছু ভয় নাঞি। প্রভূ ভূত্য সকলে নাচয়ে এক ঠাঁঞি।

শ্রীপ্রীরেগাবিন্দ রাধাশক্তি গদাধরপণ্ডিতের হস্ত ধারণ করিয়া, তাঁহার ব্রজ্পথি মধুমতী নরহরি সরকার ঠাকুরের স্বন্ধে প্রীভুজ বেষ্টন করিয়া শ্রীবাসঅঙ্গনে রাস্ত্রাত নদীয়া-নাগররূপে রিসিক ভক্তবুন্দের সহিত যথন ভ্রত্তক্তিন করিতেন, সেখানে ব্রজ্জন্দরী গোপিণীগণপরি-বেষ্টিত শ্রীপ্রীরাধাগোবিন্দের শ্রীর্ন্দাবনস্থ নিত্যরাসন্থলীর পূর্ণ প্রকাশ হইত। রাধাশক্তি গদাধরপণ্ডিত প্রেমবিহ্বলভাবে সহাত্তবদনে প্রভুর সমুথে গিয়া যথন স্থমধুর বচনে অমিয়ামাথা প্রেমকথা কহিতেন, তথন রাসবিহারী রিসিকশেথর শ্রীশ্রীগোরগোবিন্দের মনে কিরূপ ভাব হইত, তাহা ঠাকুর লোচনদাসের ভাষায় শুহ্ন—

তাঁহার অমিয়া বোল সিঞ্চিল অন্তর।
নাচিবারে যায় প্রভু ধরি তাঁর কর॥
নরহরি ভূজে আর ভূজ আরোপিয়া।
শীবাসের ঘরে নাচে রাস বিনোদিয়া।
গোরদেহে স্থামতক্ম দেখে ভক্তগণ।
গদাধর রাধারূপ হৈলা তথন॥
মধুমতি নরহরি হৈলা সেই কালে।
দেখিয়া বৈষ্ণব সব হরি হরি বোলে॥
বৃন্দাবন প্রকাশ হৈলা সেই স্থানে।
গো-গোপী গোপাল সঙ্গে শচীর নন্দনে॥

পূর্ব্বে সথা সথিগণ বেরপে আছিলা।
রস আস্বাদনে প্রভু সঞ্চে ভক্ত হৈলা।
অভিনব কামদেব শীরঘুনন্দন।
অপ্রাক্ত মদন বলিয়া যে গণন।
তারা সবে পূর্ব্বেদহ ধরি প্রভু কাছে।
আবরণক্রমে তারা প্রভু বেড়ি নাচে।
দেখি অন্ত অবতার সঙ্গী সবে কাঁদে।
নবদ্বীপে উদয় হইল ব্রজ্ঞানে।
ক্রণে তামলীলা গাদাধর করি সঙ্গে।
ক্রণে তামলীলা রাধা রাসরসরঙ্গে।
চমৎকার লীলা দেখি সব ভক্তগণ।
হরি হরি জয় জয় বোলে ঘনে ঘন॥

গদাধর ও নরহরি নদীয়ানাগর শ্রীগোরাক্সক্ষরের অতি প্রিয়তম অন্তরন্ধ র্ষিকভক্ত ছিলেন। পর্বের বলিয়াছি গদাধর রাধাশক্তি ও নরহরি ব্রজের মধুমতী। উভয়েরই ব্রজের মধুর ভাব। গদাধর প্রভুর বেশ রচনা করিতেন, তাঁহার তামুল সেবা করিতেন, রাত্রিদিন জাঁহার কাছে থাকিতেন; নরহরি ও গদাধরে বড়ই সম্প্রীতি ছিল, नत्रहति গদাধরের শ্রীগোরাস-সেবার প্রধান সহায় ছিলেন। তিনি প্রভুকে চামর ব্যঙ্গন করিতেন, উভয়ে মিলিয়া প্রেমদেবা করিতেন, ইহাতে প্রেমময় প্রভু তাঁহাদিগের উপর বিশেষ সম্ভষ্ট ছিলেন। নরহরি ও গদাধর উভয়েই আকুমার বন্ধচারী; শ্রীগৌরাক্সন্তুলরকে তাঁহারা পতি-ভাবে ভজন করিতেন। শ্রীগোরনাগরবর তাঁহাদের প্রাণনাথ, প্রাণবল্লভ, হদয়েশর। তাঁহাদিগের এই প্রেম ভজনে শ্রীগৌরগোবিন পর্ম প্রাত হইয়া তাঁহাদিগকে ছজনরাজ্যে উচ্চাধিকার এবং অতি উচ্চ আসন দিয়। গিয়াছেন। গদাধর অতি হৃদ্দর পুরুষ ছিলেন, তাঁহার বড়ই **লজ্জা ছিল, তিনি মুথ তুলিয়া প্রভুর সহিত ভাল করিয়া** কথা কহিতে পারিতেন না,—প্রভুর কথা কাহাকেও বলিতে পারিতেন না। তাঁহার শ্রীগৌরাঙ্গপ্রেম তাঁহার মনে মনেই থাকিত, গৌর-প্রেম-লহরী তাঁহার হাদি-সমুদ্রে রকে ভক্ষে নিরম্ভর থেলা করিত। প্রেমিক পৃক্ষ

গদাধরের হৃদয়সমূদ্র বড়ই গভীর, অগাধ এবং অতলম্পর্শ ছিল। তাঁহার স্বায়ের প্রেমভাব প্রভু ভিন্ন অপরে কেহ বুৰিতে পারিতেন না। গদাধরের প্রকৃতি লজাশীলা রদিকা স্ত্রীলোকের মত ছিল, কাজেই মধুর নাগরীভাব তাহাতে বিশেষরূপে পরিশুট হইয়াছিল। তিনি তাঁহার মনেরভাব কাহাকেও প্রকাশ করিয়া বলিতেন না। কাজেই তিনি কোন পদ বা শ্লোক লিথিয়া তাঁহার শ্রীগোরাকপ্রীতি প্রকাশ করিয়া যান নাই। তাঁহার প্রেম-চেষ্টা ও জিয়া দেখিয়া মনের ভাব বুঝিয়া শ্রীগোরাঙ্গস্থনর তাঁহার সহিত প্রেম-লীলারক করিতেন। গদাধরের যে বিশিষ্ট শ্রীগোরাক্ষপ্রীতি ছিল, প্রভর সহিত যে বিশিষ্ট প্রোমসমম ছিল, তাঁহার সঙ্গী ভক্তগণের তাহা আর বুঝিতে বাকি ছিল না। এই সকল স্থকবি ভক্তমহা-জনগণ বছ পদ রচনা করিয়া নানাভাবে শ্রীশ্রীগোরগদাধরের মধর ভাবের প্রেমলীলারক বর্ণনা করিয়া গিয়াছেন। এই সকল পদের নিগৃত মর্ম রসিকভক্তগণই বুঝিতে পারেন। অলাবধি গৌরভক্তগণ সমীর্তনের প্রারম্ভে শ্রীগৌরান্ধ-ধুন্দরকে আহ্বান করেন যথা প্রাচীন পদে---

> 'এস এস হে ! গদাধরের প্রাণনাথ শ্রীগৌরাঙ্গ হে ! নরহরির চিত-চোরা শ্রীগৌরাঙ্গ হে''।

এই সকল পদের সংখ্যা বহু এবং মধুর রসের বিভিন্ন বিভিন্ন ভাবোন্দীপক। গদাধরের (১) হৃদয়ে পৌরাঙ্গ প্রেম লহরীগুলি অস্তমূ্ বী হইয়া প্রেমরঙ্গে পেলা করিত, নরহরির হৃদয়-সমূদ্রে তাহারা উছ্লিয়া উঠিত, বহিন্দু বী হইতঃ তুকুল

(>) আমুমানিক ১৪০৮ শকে বৈশাধ মাদের অমাবস্তা ভিণিতে গদাধরপতিত বারেন্দ্র শ্রেণীর ব্রাহ্মণ বংশে নববীপে জন্ম গ্রহণ করেন। ইহার পূজ্যপাদ পিতার নাম মাধম মিশ্র: মাতার নাম রত্মাবতী। ইহারা শ্রিণীরান্দ্রগালীর স্বিশেষ পরিচিত। বালংকাল হইতেই গদাধর কৃষ্ণতক্ত ছিলেন। পদাধরের কনিও লাভার মাম বাণীনাথ। গদাধর বিবাহ করেন নাই, ভিনি পুতরীক বিভামিধির মন্ত্রশিষ্ঠ; তিমি শ্রিমাহাপ্রভু অপেন্দা ব্রুমে এক বংসরের মাত্র ছোট ছিলেন, আমুমানিক ১৪৫৫ শকে ৪৭ বংসর মাত্র ব্রুমে জ্যেন্ঠ মানে অমাবস্তা তিথিতে গণাধর পত্তিকে জিরোভাব হন।

বাহিয়া তাহাদের ধারা ছুটিত। সেই মধুর প্রেমধারার স্রোতে রিদকভক্তগণ প্রেমানন্দে ভাসিয়া যাইতেন। ঠাকুর নরহরি সরকার (১) রচিত গৌরাঙ্গবিষয়ক মধুর রসের পদাবলী ও তাঁহার লিখিত শ্রীগৌরাঙ্গ অষ্টকটি মধুর রসের অফুরস্ত উৎস। ব্রজরসিদ্ধি মন্তন করিয়াতিনি এই অপূর্ব উৎসটি স্কলন করিয়াতেন। পূর্বেব বলিয়াতি,—পূর্বলীলায় তিনি ব্রজের রাসরসিকা শ্রেষ্ঠা মধুমতী স্থি ভিলেন। শ্রীগৌরাঙ্গস্থাভাব এই ছুই ভাবের এক্ত সমাবেশ করিয়া তিনি যে অপূর্বে শ্রীগৌরাঙ্গাইকটি লিখিয়াতেন, তাহার প্রথম শ্লোকেই রসিকভক্ত কবি তাঁহার চিত-চোরা নাগরমণির কপট সয়্লাসের প্রকৃত পরিচয়্ব প্রদান করিয়াতেন, যথা—

গোপীনাং কুচকুঙ্গুমেন নিচিতং বাসঃ কিমক্সারুণং। নিন্দৎ কাঞ্চনকান্তি রাসর্মিকাঞ্জেষেণ গৌরং বপুঃ॥ তাসাং গাঢ়করাভিবন্ধনবশালোমোদ্যমো দৃশুতে। আশ্চর্যাং স্থি পশু লম্প্রতিরো সন্ন্যাসিবেশং কিতৌ॥

অর্থ। হে স্থি! এই লম্পটগুরু গৌর-নাগরের ধর
গীতে আশ্চণ্য সন্ন্যাসবেশ দর্শন কর। এই যে তাঁহার
পরিধানে অরুণ বসন দেখিতেছ, উহা ব্রজগোপিকার্ন্দের
কুচকুকুম দ্বারা খচিত হইয়া অরুণ বর্ণ ধারণ করিয়াছে,
আর ঐ যে ক্যিত কাঞ্চননিন্দিত গৌরবর্ণ কান্তি দেখিতেছ, উহা রাসর্রসিকা ব্রজ্ঞানরীগণের স্থবলিত বাহুবন্ধনজনিত গাঢ় আলিঙ্গনবশতঃ ইইয়াছে, ইহা নিশ্চিৎ জানিও;
আর ঐ যে গৌরাক্ষশরীরে পুলকানন্দজনিত লোমোদগ্য

(১) ঠাকুর নরছরি সরকার ১৪০০ শকে বৈত্যবংশে জন্ম পরিপ্রহ করেন। ইছার পিতার নাম নারামণদেব সরকার। বর্দ্ধনান জেলার প্রাথও থামে ঠাকুর নরছরির জন্ম ছর। ইনি প্রীমন্মহাশ্রভুর মন্ত্রশিষ্য। প্রীচৈতক্তমন্দল শ্রীপ্রছ প্রবেতা লোচনদাস ইহার মন্ত্রশিষ্য। নরছরি সরকার ঠাকুর "ভক্তি চল্রিকা পটল" "ভজামৃতাইক" "নামান্ত সমুদ্র" "ভজনান্ত" "প্রিকোরাস্থাইক" শুভুতি গ্রন্থ এবং কিছু কিছু পদাবলী রচনা করেন। ১৪৬০ শকে কার্ত্তিক মাসে কুলা ছাদ্দী তিখিতে ভিনি দেখিতেছ, উহাও ব্রজ্মুবতীরুন্দের গাঢ় প্রেমালিকন-স্থ-মূলক ; স্থি ! ইহাও নিশ্চিত জানিও। অষ্টাকের দ্বিতীয় স্লোকটি এই—

যং পূকাং ব্রজস্থনরী রতিরদৈকল্লাসিতঃ প্রভাগং।
কালিন্দীপুলিনে ননস্তরভদাং শ্রীরাসগোষ্ঠাং বিভূঃ ॥
সোহয়ং সম্প্রতি সর্বলোকনিহিত প্রেমান্তরাগং কলো।
প্রেমান নৃত্যতি নস্তয়ত্যপি জগদুদেব চূড়ামণিঃ ॥

অর্থ। হে দ্বি! যে রদিক চ্ডামণি প্রভু আমাদের পূর্বে শ্রীরুলাবনে ব্রজ্যুবতীরুদ্দের রতিরদাস্থাদনে উন্মন্ত হইয়া প্রতিদিন যমূনাতীরে এবং শ্রীরাদস্থলীমণ্ডলে প্রেমাননন্দে আবেগভরে নৃত্য করিতেন, তিনিই একণে কলিযুগে বিপ্রচ্ছামণিরূপে সর্বর্জীবের প্রতি সদ্য হইয়া প্রেমান অপণ করিয়া প্রেমানুরাগে স্বর্জ মধুর নৃত্য করিতেছেন এবং সমস্ত জগজ্জীবকেও প্রেমান নাচাইতেছেন।

প্রথম ও দিতীয় শ্লোকে ঠাকুর নরহরি তাঁহার শ্রীগোরাঙ্গনাগরের পূর্বলীলার পরিচয় দিলেন এবং তাঁহার প্রকৃততত্ব প্রকাশ করিলেন। তৃতীয় স্নোকে তিনি তাঁহার মহামহিমা-প্রকাশক তৃই একটি অতি সার কথা বলিরা ধ্যা দিতেছেন যথা—

বেদান্তাগম বেদশাস্থপটলী তুর্গন্যপাদাসূজঃ।
জীজীনন্দকিশোর লাক্সলহরী বিজ্যোতকালুগ্রহঃ।
তৎকালস্থতিমাত্র তৎক্ষণবলাৎ প্রেমপ্রবাহাস্থূরিঃ।
ভাদেবান্ধ্য সন্ধানে বিজয়তে জীজীশচীনন্দনঃ।

অর্থ। বেদাক, আগম এবং বেদশান্ত সকল ধাহার
চুর্গান্য পদাস্থলমহিমা ও তত্ত্ব বুরিতে অক্ষম, এবং বাহার
অন্কব্পান্থ শীশীনন্দকিশোরের লীলারপ তরঙ্গ-বিছা জীবস্কার্য প্রকাশ হয় ও বাহার নাম স্বরণমাত্তেই তৎক্ষণাৎ
জীবস্কান্য প্রেম-সমৃত্তের প্রবল প্রবাহ ছুটিতে পাকে,
সেই দিজকুল-চূড়ামণি শচীনন্দন নামে জগনাথমিশ্রের
প্রান্থণ চিরম্পলস্বরূপে বিরাজ করিতেচেন।

চতুর্থ লোকে ঠাকুর নরহরি নদীয়ার অবতার জাঁগোরাঙ্গ ফুন্দরের পূর্বলীলা শারণ করাইয়া, তিনি যে প্রকাবতার সার, তাহাই বলিতেছেন। য়থা— মোহোন্সাদরসেন গোপযুবার্তিদিক্তেন বুন্দাবনং।
য: পূর্বাং জগদেকমঙ্গলমলং চক্রে ঘনখামল: ॥
সোহয়ং গৌরহরি: সমস্ত জগতাং প্রেমা সম্লাসয়ন্।
কার্যব্যক নিকেতনো বিজয়তে গৌডাবলী মণ্ডলে॥

অর্থ। যিনি মেঘের স্থায় স্থানলবর্ণ এবং অপরূপ রূপ
পারণ করিয়া ব্রজের গোপষুবতীগণ কর্তৃক সিক্ত মোহরূপ
উন্নাদজনক রস ধারা শুরুন্দাবনকে এক মাত্র জগন্মদলের
আধার করিয়াছিলেন, সেই রুন্দাবনচন্দ্র এই কর্মণাসাগর
গৌরহরিরূপে কেবলমাত্র করুণার বশবর্তী হইয়া স্বপ্রেমমাধুরী ঘারা এক্ষণে সমস্ত জগতকে উন্নাসিত করিয়া গৌড়রূপ কৃমগুল মধ্যে বিরাজ করিতেছেন। অর্থাৎ পূর্বলীলাগ
তিনি শ্রীক্রনাবনকে ব্রজরসের আধার করিয়াছিলেন এক্ষণে
সমগ্র জগতে এই সর্বপ্রেম্নর আধার করিয়াছিলেন এক্ষণে
সমগ্র জগতে এই সর্বপ্রেম্নর আধার করিয়াছিলেন এবং
সমস্ত জগজ্জীব সেই অপূর্ব রস!স্বাদন করিয়া উন্মন্ত হইতেছে। এক্ষণে জগতে ব্রজরসের ছড়াছড়ি ইইতেছে।
অতএব সর্ব্বাবতারসার কর্মণাসিদ্ধ শ্রীশ্রীনবন্ধীপচন্দ্রের
জয় ইউক।

পঞ্চন স্নোকে শীরোরনাগরবরের দ্বপ বর্ণনা করিয়াছেন।
শীরাসমণ্ডলন্থ রসিকশেখর অজেজনন্দনের যে অপক্রপ ক্রপনাধুরী, সন্ধীর্ত্তন মধ্যবর্তী নদীয়ানাগর শচীনন্দনেরও তদ্ধপ
দ্বপাধুরী দর্শনে বিমৃশ্ধ হইয়া ঠাকুর নরহরি এই শ্লোকটি
লিখিয়াছেন; যথা—

নৃত্যাবেশ মহোল্লসং স্থমধুর প্রত্যঙ্গবেশোজ্জনং।
শ্রীপথাগুরুকুত্বমাদি নিচিতং শ্রীমদ্রহদক্ষনং॥
কপুরোদ্ধট প্রপুষ্ণবিদ্দাৎ প্রারক্তবিদ্যাধরং।
শ্রীচৈতক্স মহাপ্রভোবিজয়তে লাবণ্যসারং বপুঃ॥

অর্থ। নৃত্যাবেশজনিত অধিকতর উল্লাসযুক্ত হইয়া তাঁহার প্রতি অঙ্গের স্থমাধুয়ো উজ্জল বেশ দীপ্ত হইতেছে; তাঁহার পরম শোভাযুক্ত বৃহৎ বক্ষঃস্থলে মলয়জ্ব অঞ্জল কুন্ধম প্রভৃতি চিহ্নিত রহিয়াছে; তাঁহার কপুর্বস-যুক্ত ও পৃগদালীযুক্ত ভানুলরঞ্জিত বিভাধরের শোভায় ভক্তজনের মন হরণ করিতেছে। স্বাস্থান্দর্য্যের এক্যাত্র আবাত্রপ শরীর ধারণ করিয়া শ্রীগৌরাঙ্গ মহাপ্রভু সন্ধী-ভিনেত্র মন্ত্রে ভক্তমণ্ডলী লইয়া বিরাজ করিতেছেন।

গ্রাক্টি**তেও শ্রীশ্রীমন্মহাপ্রভূর অপরূপ রূপ বর্ণিত** ২০নাব্র । যথা—

া এপ্রকণক প্রভং বিমল পূর্ণচন্দ্রাননং।

বান্ধ্রনবারিভিঃ সপদিসিক্ত ভূমিতলং॥

বা গদ্গদ গিরা মূদা সকল দেবচূড়ামণিং।

শতাস্থত মহং ভজে কঞ্গাসাগরং নাগরং॥

বন। তাঁহার বর্ণ উত্তপ্ত কাঞ্চণের মত বিমল, তাঁহার বদন ন্যালের নিকট পূর্ণচন্দ্রও মলিন বোধ হয়; প্রেমান নন্দে ন্যাল তাঁহার নয়নাশ্রু বিগলিত হয়, তাহা সর্কশরীর সিঞ্জ কার্যা ভূমিতলে পতিত হয়, তাঁহার সদসদ বাক্য সক্ষা ভ্রতগণের হৃদয়োন্মাদকারী, তিনি সর্কদেব চূড়ামণি ক্রাবাসির এবং নাগরেন্দ্র, এমন্ত্র শচীনন্দনকে আমি

ব্রথম প্রোকেও এই নাগর চূড়ামণির অপূর্কর রূপমাধুরী বিশিক্ত ভিনাছে। গৌরাঙ্গরপম্থা নদীয়ানাগরী ভাবাপয় ঠাবুর নাইবি অজভাবাবেশে এই সকল শ্লোক লিখিয়া-ছেন। নহারাদলীলা তাঁহার হলয়ে ফুজি হইয়াছিল, এই সকল প্রেক্ত তিনি রাসর্সিক শ্রীশ্রীগৌরাঙ্গস্প্রের রাস্থিত গ্রহ্ম ভিনা মৃত্তির বর্ণনা করিয়াছেন। সপ্তম শ্লোকটি এই—

ক্ষমক্ষ্মোলসং পুলক-পুঞ্জ পুজোজলং।
বালবাবলদিতি খলন্তমনবারিভি-বারিভি: নিঝরিং॥
বাল দম-দ্মায়তে হাদিদরক্রন্মাধুরী।
মনুবাদ মহানটং কিমপি ধাম বন্দামহে॥

নাল। কদসকুস্থমের স্থায় বিকশিত পুঞ্-পুঞ্জ পুল-কাবলা ছারা সমুজ্জল ধাঁহার স্থলর শরীর, ঝলং ঝলং রূপে নিবারের বারিধারার স্থায় ধাঁহার নমনবারি খালিত হই-তেতে, প্রদরের ফুর্ভি বাহিরে প্রকাশিত হইয়া যাহার অঙ্ক কাহিনাররা সাতিশয় দৃগ্ডি পাইতেছে, সেই বসন্তকাল-মদোল ও নহানট স্বরূপ অপূর্ব তেজাময় শ্রীগৌরাকস্থলরকে আমি ভঙ্কনা করি। বসন্ত পূর্ণিমাই রাসপূর্ণিমা। ইহার পরম শোভাময়ী
রন্ধনীতে শ্রীকৃন্দারতাে শ্রীকৃষ্ণ গোপীজনবল্লভবেশে রাসলীলা করিয়াছিলেন। তাই সিদ্ধ মহাজন কবি লিখিলেন
"মধুয়দ মহানটং" শ্রীভগবানের রদরাজ মৃর্ত্তির পূর্ণবিকাশ
এই শ্রীরাসমণ্ডলে। শ্রীগোরনাগরের পরিপূর্ণ নাগরত্ব
এবং পূর্ণতম মাধুয়্য প্রকাশ তাঁহার শ্রীসংকীর্ত্তনযজ্ঞে।
এই সন্ধতিন যজ্ঞই মহারাস। শ্রীগোরাঙ্গলীলাসমূজ্যে
বাঁহারা ডুবিয়াছেন, তাঁহারাই এই অতি নিগৃঢ় ও স্ক্র
ভঙ্কন-তত্ব বুঝিয়াছেন।

ঠাকুর নরহরি তাঁহার এই অপূর্ক্র অষ্টকটির শেষ শ্লোকে মহারাদে শ্রীশ্রীনন্ধিত্যানন্দ প্রভুর সহিত শ্রীগৌর-নাগরের মিলন-গীতি গাহিয়াছেন। খথা—

উচ্চৈংলোল ভূজদ্বয়েন পরিতঃ স্বর্লোকমাহলাদয়ন্। প্রেমাপূরিতক্ষ্ঠ গদগদ হরিদ্ধনৈভূবিং মোহয়ন্॥ চঞ্চল পাদবিহার নূপুররবৈনগান্দা মীলয়ন্। নিত্যানন্দ মহাপ্রভূবিজয়তে শ্রীমন্লবেশোজ্জলঃ॥

অর্থ। চঞ্চল আজাফুলদিত স্থবলিত ভূজদম উদ্ধিতাণ উথিত করিয়া সর্ব্ধতোভাবে দেবলোককে আনন্দ প্রদান প্রবৃধ প্রেম পরিপ্রিত কণ্ঠ হইতে গদগদস্বরে জগন্মদল হরিক্ষনি উচ্চারণ পূর্বক জগত মাতাইয়া, চঞ্চল চারুপাদ বিক্ষেপ হেতু চরণ-ন্পরের স্থমধুর ধ্বনি দারা নাগলোককে হর্ষ প্রদান পূর্বক মহামল্লবেশে শোভনান শ্রীশ্রীনিত্যানন্দ-মহাপ্রভূজয় যুক্ত হইতেছেন।

এছলে প্রা হইতে পারে, মহারাদলীলায় রোহিনী
নন্দন বলরাদের প্রবেশ কেন ? এরপ স্থলে রসভঙ্গ দোষ
আসিতে পারে। ইহার উত্তরে প্রথমে শ্রীনিত্যানন্দত্ত
বুঝিতে হইবে। গোস্বামীশাস্ত্রমতে তিনি ব্রজের অনন্দমন্তরী দ্বী। পূজ্যপাদ সার্কভৌম ভট্টাচার্য্য মহাশ্য তাঁহার
নিত্যানন্দান্তকে লিথিয়াছেন—

অনন্ধ মঞ্জরী স্বরূপ রাধিকান্থজায়কং। প্রীয়ষবাক্য ক্লফেসেব্য রাগ-তাল গায়কং॥ গৌরাঙ্গদঙ্গে রাঢ়-বঙ্গে কীর্ত্তনপ্রকাশকং। নমামি নিত্য নিত্যানন্দ রোহিনী কুমারকং॥ (১)

শ্বনক্ষপ্রবী শ্রীরাধিকাজির প্রধানা স্থি। তিনি গীত-বাজে পরম নিপ্ণা, তাঁহার মধুর ভাষে শ্রীকৃক্তের মন হরণ করে। তিনি সর্বাদা শ্রীর্ষভাষ্ট্রনিধনীর সঙ্গে থাকেন। শ্বভএব মহারাস্লীলার তিনি প্রধান সহায়। এই জ্ঞার্ রাসকভক্ত নরহরি ঠাকুর শ্রীশ্রীনিত্যানন্দপ্রভূকে মহারাসে শ্রীগোরনাগরের সহিত প্রথমেই মিলন করাইলেন। শ্রীশংকীর্ত্তন মহাযক্তে শ্রীনিত্যানন্দপ্রভূই শ্রীশ্রীনবন্ধীপচক্তের প্রধান সহায় ভিলেন।

একণে প্রাপ্তক্ত শ্লোকাবলীবর্ণিত শ্রীগোরাক্স্কেরর রাসরসিকভাব এবং রসরাজ মৃত্তি হৃদয়নগো দৃঢ্ভাবে অন্ধিত করিয়া এবং তাঁখোর রসিক ভক্তবৃদ্দের সর্কাবিদ্ধবিদাশক চরণ বন্দনা করিয়া শ্রীশানবদ্বীপচক্তের সন্ধীর্ত্তন মহারাসলীলা বর্ণনে প্রবৃত্ত হইতে প্রয়াস পাইব। কুপাময় পাঠকবৃন্দ। কুপা করিয়া শুভাশীর্কাদ করুন।

গয়া হইতে অপিয়া শ্রীশীগোরাসফ্রন্থর নবদ্বীপে নিজ প্রেম প্রকাশ করেন। এই সময়ে তিনি স্বয়ং সর্কাদা কৃষ্ণপ্রেমার্মান্তভাবে ব্রজরস সন্তোগ করিতেন, এবং তাঁহার অস্তরঙ্গ সঙ্গীগণকেও পূর্ণ মাত্রায় ব্রজরসস্থা পান করাইতেন। পূর্ব্বে বলিয়াছি শ্রীগোরাঙ্গপ্রভুর সদ্বীর্ত্তন প্রকাশন এই রাসলীলা রসাম্বাদনে উন্মন্ত হইয়া যে সকল গৌরাঙ্গ-পার্যদর্গণ প্রভুর এই মধুর লীলা বর্ণনা করিয়া প্রাচীদ পদ লিখিয়া গিয়াছেন, তাঁহাদিগের মধ্যে বাহ্মদেব ঘোষ একজন প্রধান। শ্রীগৌরাঙ্গপ্রুর এই রাসলীলার তিনি সঙ্গী ছিলেন। তিনি একদিনের রাসলীলা বর্ণনা করিয়া যে স্থলর পদটি লিখিয়া গিয়াছেন,

(>) প্রভূর শীম্থের বার্গী—নিত্যানক প্রসাদে সে হয় বিঞ্ছকি।
কানিহ কৃঞ্বের নিত্যানক পূর্ণাক্তি।
কৃকের বিভীয় নিত্যানক বহি নাই।
স্পি স্থা শ্রন ভূবণ বন্ধ ভাই।। চৈঃ ভাঃ

তাহার ভনিতায় তিনি আভাস দিয়াছেন, এই লীলাগজ-হলে তিনি স্বয়ং উপস্থিত ছিলেন। পদটী এই---

বৃশ্বন লীলা গোরার মনেতে পড়িল।

যম্নার ভাব শ্বধুনীরে করিল।

ফুলবন দেখি বৃশ্বাবনের সমান।

সথাগণ করে গোপীগণ অন্তমান।

থোল করতাল গোরা স্থমেলি করিয়া।

তার মাঝে নাচে গোরা জয় জয় দিয়া।

চল চল গোরাতন্ত কাঞ্চন জিনিয়া।

আজান্তলন্তিত ভূজ নব কমনিয়া।

বাস্থদেব ঘোষ তাহে করয়ে বিলাম।

রাসরস গোরা পাঁচ করয়ে প্রকাশ। প্রক্রাব্রকা।

শ্রীগৌরনাগরের এই যে রাদ-বিলাদ ইখা অভি অন্তত বস্তু। প্রস্কৃটিত কুস্থমবন বিরাজিত, মৃত্মন্দ্রাভ প্রবাহিত, भक्कीकून ७ अनिकून भक्तायमान ख्राधुनि भूनिटन किए गोजाक-স্থানর তাঁহার প্রিয়তম স্থা রাধাশক্তি গদাধরের হল ধারণ করিয়া অপূর্ব্ব ভঙ্গীতে ঘুরিয়া ঘুরিয়া প্রেমানন্দে নগা নতা করিতে লাগিলেন। গদাধরের সলজ্জভাব,—ভিনি এজ-রসে উন্মত্ত হইয়া সম্পূর্ণভাবে আত্মবিশৃত। তাঁহার শরীরে সম্পূর্ণ রাধাভাব বিকাশ পাইয়াছে। তিনি ভাবিতেছেন তিনিই এর্ঘভামুননিনী,—আর তিনি বাঁহার সভিত নতা করিতেছেন,—তিনি অন্ত কেই নহেন,—তাঁহার জীবন-**गर्सच, প্রাণবন্ধভ এজেন্দ্রনন্দর এক্রফ,**—আর এই যে স্থব ধুনী, ইহা যমুনা। প্রভূরও ত এই ভাব। ভক্তগণ ও প্রেমা-विष्ठे रहेशा य व बक्जाद विजाविक रहेशा अर्थन श्लानश সমন্বিত সময়োচিত স্থললিত গীত গাহিতে লাগিলেন। তাঁহারই অজস্বন্দরীরন্দ, তাঁহারা প্রত্যেকেই ভানিতেছেন শ্ৰীশীরাধাগোবিন্দের এই রাসলীলায় তাঁহারা ক্রবেলে প্রবেশাধিকার পাইয়াছেন, আজ তাঁহাদিগের ভাগা বড ক্রপ্রময়। নিজ নিজ ভাবাত্বরূপ কার্য্য করিয়া ভাহার। मकरनरे এरे अपूर्व नीनाव महायुका कतिरक्षक्त । जुका कीर्जन व्यवार्थ চलिएउएइ; तम मधुत्र मृह्णान स्त्रीहे বাকি ! সে কীর্তনের মাধুর্যাই বা কত ! সে অমুত

মৃদন্দ করতালের ধ্বনিই বা কি মধুর ! কি প্রাণপশী ! পদক্তা নমনানন্দ, গদাধরের অতুপাত্ত এবং শিশু । তিনি একটি পদে এই ভাবটি অতি সম্মর বর্ণনা করিয়াছেন গ্রা—

নাচয়ে গোরাক মোর গদাণররসে। গদাধর নাচে পুন গোরাকবিলাদে॥ পুরুষ প্রকৃতি কিবা রতি দেব কাম। রাধাকাত্ব কেলি কিবা জানকী প্রীরোম॥ অনক অনক জিনি অক্টের বলনি।

উপমা মহিমা সীমা কি বলিতে জানি ॥ ইত্যাদি।
এই যে সহীর্ত্তন রাস-লীলা-রঙ্গ,ইহা প্রভু প্রকট করিলেন,
প্রথমে শ্রীবাসঅঙ্গনে,— তারপর গঙ্গাতীরস্থ উপবনের মধ্যে।
এই মনোরম স্থানটি অতি নির্জ্তন, লতাবৃক্ষমণ্ডিত শ্রামল
কুণাচ্ছাদিত কুস্থম কাননের মধ্যে। শ্রীগোরাঙ্গস্থানর কয়েকটি
অন্তর্বন্ধ পারিষদ সঙ্গে এই অত্যত্ত এবং অতি গোপনীয়
লীলাটি প্রকট করিলেন। কিন্তু সর্বাব্রক্ষ্যক্রীগণ এখনও এই
মধুর লীলাভিনমের সংবাদ পান নাই, কাজেই তাঁহারা
আসিয়া মিলিতে পারেন নাই। রশিকশেখর শ্রীগোরাঙ্গারার্ব্যান্থ তাঁহার রসিক ভক্তদিগের প্রতি বড়ই সদয়।
কাহাকেও তিনি তাঁহার এই অপূর্ব্ব লীলার্নে বঞ্চিত
করিবেন না, ইহাই তাঁহার প্রতিজ্ঞা। মহাসন্ধীর্ত্তন যজে
অপূর্ব্ব নৃত্য করিতে করিতে তিনি কি করিলেন মন দিয়া
ভালন—

সঙরি প্রব লীকা জিভক হইয়া।
মোহন মুরলি গোরা অধরে লইয়া॥
ম্রলীর রক্ষে ফুক দিলা গোরাটাদ।
অঙ্গুলি নাচাঞা করে স্বলিত গান॥ বাস্থ্যোয
এই হইল স্থামের বাঁশী। অপর পক্ষে মুদক করতাল
ধ্বনিই বংশীরব। সন্ধার্তনের থোল করতালের স্থমধুর
ধ্বনি বংশীরবের তুল্য মনপ্রাণ-হৃদযোন্মাদকারী। এই
স্মধুর ধ্বনি কর্ণে প্রবেশ করিলে কেই গৃহে থাকিতে
পারেন না, এমনি ইহার মাদক্তা শক্তি। প্রাচীন মহাক্ষন

ेश एक-

ভক্তকবি ন

"আপনা আপনি ধাইন্ব, ঘরের রাহির হৈন্ব,
ভনি খোল করতালের নাদ।
লক্ষ্মীকান্ত দাসে কয়, মরমে ধারে লাগ্য,
(তার) কি করিবে কুল পরিবাদ॥

এই যে বংশীরণ ইহা বড় ভ্যানক বস্ত্ব। শ্লামের বাশরী গানে মৃথ্য হইয়া ব্রহ্মলাগণ লজ্ঞা, ভ্যা,কুল-শীলমান দকলি ত্যাগ করিয়াছিলেন। এস্থলেও তাংগই হইল, কারণ বস্তু এক, স্থান এক, লীলা এক, ব্রজ্ঞেও যাহা হইয়াছিল, এখানেও তাংগই হইল ব্রহ্মগোপিনীবুন্দের যে অবস্থা হইয়াছিল, নদায়ার ভক্তবন্দেরও সেই অবস্থা হইল। উক্ত পদটির শেষ তুই চরণে এই মৃর লীলার প্রতিশেদক পদকর্ত্তা বাস্তুদেব গোষ ইহার আভাস নাত্র দিয়াছিল। যথা—

নগরের লোক যত শুনিয়া মোহিত।
স্বধুনী তীরে তঞ্জতা পুলকিত॥
ভূবন মোহন গোরা মুরলীর স্বরে।
বাস্ত্রেব গোষ ইথে কি বলিতে পারে॥ পদ-ক্ষতক।

শ্রীগৌরাঙ্গনাগরের এই সংগ্রুত বাঁশীর মধুর রব নদীয়ার ভক্তবৃদ্দের গৃহে গৃহে পৌছিল। নদীয়ানাগরী ভাবাপন্ন ভক্তবৃদ্দের কাণের ভিতর দিয়া এই হৃদয়-মন-প্রাণোন্মাদ-কারী বাঁশির রব মর্মে প্রবেশ করিল। ভাঁহারা আর গৃহে তিষ্ঠিতে পারিলেন না। সর্ব্ধ কর্ম পরিত্যাগ করিয়া গদাতীরাভিম্পে উদ্ধাদে ছুটিলেন। পাথ যাহাকে দেখিতেছেন, তাহাকেই হাতে ধরিয়া বলিতেছেন—

সজনি অপরপ দেথ গিয়া।
নাচয়ে গৌরাকটাদ হবিবোল বলিয়া॥
তথ্যি চন্দন সার, কুন্দ করবীর মাল,
গোরা অঙ্গে দোলে হিল্লোলিয়া।
পুরুষ পরোক্ষ ভাব, পরতেক দেথলাভ,
সেই এই গোরা বিনোদিয়া॥
বিভন্ন হইয়া রহে, মধুর মুরলি চাহে,
বান্দে চূড়া টাচর চিকুরে।

कृष्ण कृष्ण विन छाटक, भागमाउँ मादत नृदक, ক্ষণে বলে মৃঞি সেই ঠাকুরে॥ ' জাজৰী যমনা ভ্ৰম . তীরে ভ্রম বন্দানন भवनीत्र त्याक्त भवता । कडर्श नश्नानम्. (महें मथा मिनियन, কালা ভন্ন এবে ভৈল গোৱা ৫

ত্রীগোরাম্মনরের স্ক্রীর্ছন-রাস্নীলা ইহার। পচ্চুত্র দেশিয়াছেন, তাই সকলকে খারণ করাইয়া দিতেছেন: পর্ণিমার রাজিতে স্থরদনীতীরে কুস্তমিত উপবনে শ্রীগোরাঙ্ক এই অপর্ব্য রাসলীলা করিতেছেন, পদকর্ত্য বিদ্ধক্ৰি মহাজন নয়নানৰ ও ন্দীয়াবাসী ভক্তগণের সঙ্গে চলিয়াছেন : বিনি গ্ৰামীকে গ্ৰিয়া কি দেখিকেন ভাঁহাক ভাষার শুরুন---

> মধ ঋতু হ মিনা জ্রধ্নী তার ৷ উল্লোৱন **স্থাকর ম**ল্য স্মীর । महहत्र मदम ८ छोत् नहिताक । বিহর্যে নিক্পম কীক্ন মার ॥ থোঁল করতাল দানি নটন হিলোল। ভুজ তুলি ঘন ঘন হরি হরি বোল ন্রহরি গ্লাবর বিহরই স্থাঃ নাচত গাওত কতল বিভন্ন। কোকিল নধুকর প্রদাম ভাষ্ ন্যনান্দ পহু কর্য়ে বিলাস ॥ পদকল্পভর ।

নদীয়ার ভক্তরন্দ গঙ্গাতীরস্ত উপবনে গ্রিয়া তাঁহাদের গাবনস্ববন্ধ নদীলানাগর শচীনন্দনের স্থিত নিলিতে ভূট त्वन । इंश्वीमरशत भरता भूकन, त्यातिन, ध्वानामक अञ्चीक সকলেই আছেন। গোবিন্দাস্থ একজন পদক্তী। তিনিও একটা স্থন্দর পদে প্রভুর এই লীলাটি ব্রজনলি ভাষায় বর্ণনা করিয়া গিয়াছেন। সেই পদটি এই---

দেখত বেকত গৌরচন্দ্র বেডল ভকত নথত বৃদ্ধ অথিন ভুবন উজোরকারী, কুন্দকণক কাঁতিয়া॥ অগতি পতিত কুমুদ বন্ধু, হেরি উছল রসিক সিন্ধু, হৃদয় কুহর তিমিরহারী, উদিত দিনত বাতিয়া।

श्रद्ध छन्तत्रभुद (मर्, जानरम जानरम ना वास्म (प्रर, মত কৰিবৰ ভাছিয়া।

संपेत परित्र टेल्ट्यूल ट्लाल, मुकुम सम्म ट्यालिक ट्लाल, ্রাস্ত জন্ম ঘর্ষী প্রায় ্ৰাপ্তান পুলক গুলিয়া; মহিম মহিমা কো ফুর্ল ওর, নিজ গ্র গরি কর্ট জোল ুলম অনিয়া হর্পি বর্থি, দর্খিত মতি মুর্ণিত চ যো রুসে উত্তম অধ্য ভাস, বঞ্জির ওক্লি গোলিকদাম, কো স্থানে কি থেনে কোন গড়ল, কাঠ কটিন ভাতিয়া।

প্দক্রতিক !

প্রভার এই দ্বীর্ত্তন-রাদ্বিলাদের বছতের প্রাচীন পদ খাছে। আরও ছই একটি পদাবসলে উদ্ধৃত করিবার লাল্সা ত্যাগ করিতে পারিতেছি না। মহাজন কবি ট্রুসনাস লিখিয়াকেন---

ম্পুখ্ত বিহর্ট ছৌর বিশোর: গুদাধুর মুথ হেরি, সানন্দে নরহরি পুরুষ প্রেমে ভেল ভোর। নবান গঁতা নব, প্রাব ত্রুকুল, न अस नवदीश धार । ভ্যা প্রস্তুত্র হয়, 🕟 💮 বাস্ত্র মধুকর হুংগাদ্য ঋতু-পতি নাম। গৃহন অতি জ্লালিভ মুকুলিত চুত, কোকিল কাকলি রাব। প্রপুনী ভীর, সমীর হুগ্দিত भारत भारत सम्बन्ध भीत् ॥ माय लहे फित्र মন্ম্প-রাজ, तम कव कव भार (भारत)। नमीया शूतन्तर সুমুষ্ ব্সুত্র, উদ্ধব দাস মনো লোভা। প্ৰকল্পতক ।

প্রভুর রসিকভক্ত জগদানন বিথিয়াছেন-(प्रशासिक देशी का दिल्ली क श्रम्भत महत्र तस्य समें अविकास

বামে গদাধর দক্ষিণে নরহরি।
স্বর্গুনী তীরে ছুই নাচে ফিরি ফিরি॥
কিবা সে বিনোদ বেশ বিনোদ চাতুরি।
বিনোদ রূপের ছুটা বিনোদ মাধুরী॥
দেখিতে দেখিতে হিয়ায় সাধ লাগে হেন।
নয়নে অঞ্চন করি সদা রাখি যেন॥
কহিয়ে জগদানন্দ গোরা-প্রেমকথা।
সোঙ্গরিতে হদয় উথলি য়ায় তথা॥ পদকল্পত্রন।

প্রাচীন মহাজনকবি কবিশেখর লিখিয়াছেন—
তা তা থৈ থৈ, মৃদদ্ধ বাজহঁ, ঝনর ঝনর করতাল।
তন তন তপুর বীণা স্ন্মপূর, বাজত যন্ত্র রসাল।
ভমক থমক কত, ররাব বাজত, পদতল তাল স্থ্যেলি।
নাচত গৌর, সঙ্গে প্রিয় গদাধর, সোঙ্রিয়া প্রবক কেলি।
তীরে তীরে ফ্লবন, যেন বুন্নাবন, জাঙ্গ্রী যম্না ভালে।
কীর্ত্তন মণ্ডল, শোভা অতি ভেল, চৌদিকে ভকত করু গানে প্রবক লাল্দ, বিলাস রাদ-রস, সোই স্থিগণ সৃদ্ধ।
এ কবিশেশর, হোয়ল ফাঁফর, না বুনিয়া গৌরাক্ষ-রক্ষ।

নয়নানন্দ আর একটি পদে লিখিয়াছেন-দেখ দেখ গোৱা নট রঙ্গ। কীর্ত্তনমণ্ডল, মহারাস মণ্ডল, উপজিল পূর্ব প্রসন্ধ। ধ ঠাকুর অবৈতচক্র. নাচে পঁছ নিত্যানন্দ, वीनिवान मुक्क मुत्राति। রামানশ বক্রেশ্র, আর যত সহচর, প্রেমসিকু আনন্দ লহরী॥ ঠাকুর পণ্ডিত গায়, গোবিন্দ আনন্দে বায়, নাচে গোরা গদাধর সঙ্গে। जिमिकि जिमिकि देशमा, তारिशमा जारेशमा देशमा. বাজত মোহন মুদকে। যত যত অবতারে, স্থময় স্থপ সারে, এই মোর নবদ্বীপ নাথে। যীর থেই নিজ ভাব, পরতেখে দেখ সব, ন্যুনানন্দের রছ চিতে॥

শ্রীল বৃন্ধাবনদাস ঠাকুর শ্রীগৌরাঙ্গলীলার ব্যাসাবভার, ভিনি একটি পদে লিখিয়াছেন—

নাচে নাচে নিতাই গৌর দ্বিজমণিয়া। শ্রীবাদ অধৈতবর বামে প্রিয় গদাধর. পারিষদ তারাগণ জিনিয়া॥ মধুর সঙ্গীত ভাল ব'জে খোল করতাল, গগণ ভরিল হরি ধ্বনিয়া। চন্দন চর্চিত গায়. ফাগু বিন্দু বিন্দু তায় বন্মালা দোলে ভাল বনিয়া॥ গলে ভাল উপবীত রূপ কোটি কাম্বিত চরণে নৃপুর রণরণিয়া। তই ভাই নাচি যায় সহচরগণ গায় গদাধর অঙ্গে পড়ে চলিয়া॥ পূর্ব রভস্-লীলা এবে পহুঁ প্রকাশিলা সেই বৃন্দাবন এই নদীয়া। বিহরে গঙ্গার তীরে, সেই ধীর স্থীরে

বুন্দাবন্দাস কহে জানিয়া। পদকল্পতক। পদের ভণিতায় পদকর্তা শালবুন্দাবন্দাস ঠাকুর বলি তেছেন যে শ্রীগোরাক্ষ্মনরের এই সঙ্কীর্ত্তন-রাসলীল আপন হৃদয়ে অতি পরিষ্কৃতভাবে অহুভব করিয়া, এব মনে মনে নিশ্চিৎভাবে বুঝিয়া তবে তিনি সাধার লোকের নিকট ইহা প্রকাশ করিয়াছেন। পূর্বের বলিয়ার্ তিনি গৌরাক্ষলীলার ব্যাসাবতার। তাঁহার রচিত শ্রীচৈত্তভাগবত গৌড়ীয় বৈষ্ণবস্মাজে শ্রীমন্থাগবতের তুল্য আদৃং ও পৃজিত। তাঁহার কথা বৈষ্ণবগণ বেদবাক্য অপেক্ষাসমান করেন। শ্রীগোরাক্ষ্মনরের রাসলীলা সঙ্গদ্ধে তিরি যাহা লিখিয়াছেন, তাহাতে মতভেদ হইবার কোনই কার নাই।

এই যে রাসলীলা বা সংকীর্ত্তনলীলা, ইহা একদিনে নহে, বা এক রাজির নহে। ইহার বিচার শ্রীমন্তাগবতে পৃদ্যাপাদ টীকাকারগণ করিয়া গিয়াছেন; ভাগবতশাক্ত পাঠকরন্দ তাহা জ্ঞানেন। তাহার বিস্তারিত ব্যাখ্যা এখানে প্রয়োজন নাই। শারদীয়া পৌর্ণমাসী রজনী

রাসলীলা উপলক্ষণ মাত্র, অক্সান্ত রজনীতেও অক্সান্ত ঋতু-তেও এই লীলা এক্রিফভগবান প্রকট করিয়াছিলেন। দিবাভাগে, রাত্রিতে, জ্যোৎস্বাময়ী কিন্বা তামদী র্জনী-তেও এই অপূর্ব্ব লীলা প্রকট হইয়াছিল। বৈষ্ণবতোষিনী-কার এবং পূজাপাদ বিশ্বনাথ চক্রবর্ত্তী মহাশয় একথা টীকায় লিখিয়া গিয়াছেন।

শিগৌরাস্বস্থনের সংকীর্ত্তন-রাসলীলাও পূর্ব্বলীলার কাল ও ভাবাস্থায়ী এবং তদন্ত্রপ মাধুরী ও প্রভাববিশিষ্ট। রাসলীলার স্থান ও কালের প্রভাব অবিচিন্তা, ইহাও শাস্ত্র-বাকা। স্বতরাং মহাসংকীওন্যজ্ঞরপ রাস্লীলা শ্রিশিরোক প্রন্তর যেথানে যে সময়ে তাঁহার ইচ্ছা হইয়াছিল, সেই स्राप्तरे (परे प्राप्त अक्ट कतिया तामनीनात्रप-त्नानुप বসিক ভক্তবুনের মনোরঞ্চ করিয়াছিলেন।

ীভগবানের নরলীলা সর্কোত্তম লীলা। তিনি নরবপু বারণ করিয়া স্ক্রিণীক্ষ্যের আকর ইইয়া আসেন। সর্বোত্তম নরলীলার অন্ত্রপ সর্বোৎক্রন্ট রূপমাধুরী প্রকাশ প্রয়োজন। শ্রভগবান রসিকশেখর; সর্ব্বস্টেক্যা, সর্ব্বমাধুর্য্য, সর্বরসপরিপূর্ণ তাহার নরবপু। ইহা শ্রীগৌরাদপ্রত্ন স্বয়ং সনাতন গোস্বামীকে বলিয়াছিলেন। যথা উঠিচতত্ত-চরিতামতে---

ক্লংগ্র গতেক খেলা. সর্কোত্তম নরলীলা নরবপু তাঁহার স্বরূপ। ন্বকিশোর ন্ট্রর গোপবেশ বেণুকর নরলীলার হয় অনুরূপ। ডুবায় দব ত্রিরুবন, সে রূপের এক কণ, সৰ প্রাণী করে আকর্যণ। বিশুদ্ধ সত্ৰ পরিণতি, যোগমায়া চিচ্চক্তি তার শক্তি দোকে দেখাইতে। ভক্তগণের গৃঢ় ধন এইরপ রতন প্রকট কৈল নিত্যলীলা হৈতে ॥

এই যে নর্লীলা, ইহা কেবল শ্রীভগব'নের অপার কুপার পরিচয় মাত্র। তিনি যে আমাদের মত হইয়। আমাদের মধ্যে আসিয়া আমাদের সহিত সমন্ধ পাতাইয়।

नीनारथना करत्न, हेश छाशात मग्नात व्यविध वृत्थिए হইবে। তিনি সর্বভাবে সর্বজীবের মনোরঞ্জন করিতে নরলীলা প্রকট করেন। যিনি যাহা চান, তিনি তাঁহাকে তাহাই দেন। যেভাবে জীব তাঁহাকে ভজনা করে, তিনিও তাহাকে সেইভাবে ভজনা করেন। একথা তাঁহার শ্রীমুখবাক্য (১)। ব্রজগোপীবৃন্দ শ্রীক্ষের অপরপ রূপে মুগ্ন হইয়া তাঁহাকে উপপতিতে বরণ করিয়াছিলেন, ভক্ত-বাঞ্চা কল্পতক তাহাতেই স্বাঠিত হইলেন এবং সেই ভাবে তাহার আশ্রিতা ব্রজ-কামিনীগণের মনবাঞ্চা পূর্ণ করিলেন। শ্রীগোরাস অবতারে নিত্যসিদ্ধা ব্রঞ্চ-গোপীরন্দ ভক্তভাবে তাঁহাদিগের প্রাণবল্লভের সহিত নবদ্বীপে উদয় হইলেন। পূর্ব্ব লীলার ভাব তাঁহাদিগের স্কুদয়ে নিতা বন্ধ, সেই ভাবে বিভাবিত হইয়া অপরপরপদপদ শ্রীগৌরনাগরকে তাঁহারা দেই অপূর্ব রাসলীলা পুন: প্রকট করিতে **অ**মুরোধ করিলেন। শ্রীভগবান ভক্তের সম্পূর্ণ পরাধীন; ভক্তবাঞ্চা কল্পতক প্রীগৌরাক্স্কর তাঁহার ভক্তগণের মনোরম্বনের জ্যু মহা সন্ধীর্ত্তন-রাসলীলা নক্ষীপে প্রকট করিলেন। নিত্যসিদ্ধা ব্ৰজ্ফুন্দৱীগণ চির্নদিনই তাঁহাদিগের প্রাণবন্ধভ শ্রীনন্দনন্দনের রূপ-মুগ্ধা। নদীয়ার ভক্তরুন্দ ও শচীনন্দনের অপরপ রূপে একেবারে মুধ হইলেন। তাঁহাদিগের লজ্জা, মান,সম্বম জাতি,কুল শাল, কিছুরই বিচার রহিল না। তাহারা প্রাণ থুলিয়া স্ক্রিমক্ষে তাহাদিগের প্রাণবল্পতের **१८% जीवन (योवन, कुल मान, अपर প्रांग मकलरे ममर्शन** করিলেন, আর কর্যোড়ে অতি কাতরভাবে বলিলেন—

> গোরাঙ্গ তুমি মোরে দয়া না ছড়িহ। 😹 আপন। করিয়া রাঙ্গা-চরণে রাখিই ॥ ভোমার চরণ লাগি সব ভেয়াগিছ। শাতল চরণ পাঞা শরণ লইছ। একুলে ওকুলে মুঞি দিলাম তিলাঞ্চলি। রাথিহ চরণে মোরে আপনার বলি 🖟 বাস্থােষ

এইরপ আত্ম-সমর্পণ ভক্তির পরাকাটা। এইরপ

⁽১) যে বৰ্ণা মাং প্ৰপদ্ধতে স্বাং কথানি ভলামাহং। গীতা।

ার্থিনিকেদন বৈশ্বস্থান করিছে **জানেন** । **উপরিউক্ত** বিজ্ঞান কন্ত্রাপের একটি মতি স্বন্ধ কর এক এককে উদ্ভাৱনার ।

নির্বাধি গোলা ৩০০ সাম্ভ সাম্ভ সামন জন্ ্যর্থতে পাঁচ পেল ভোর ৷ का भाग संक्रिया स्थान क সঞ্জালা এই ক্ষা প্ৰেক্ষা , সংগ্ৰা । ाशिका निर्मादिक्शित । । । । । । १ १ छ छ छ छ । মদন লালসে মন তেলি ইকেপিড নয়নে, তেরছ এবলোকনে ব্যব্য কল্ম শ্র সাথে : िनहेट्स कान्द्रन अस्ट महिल्लाहर ह्वर अभी अभिति। মত অহৌধ্যি 34 3117 214 নাম লাগি করান উপাধ আক্রেণ্ডার করে। তার ওলার সাহি ্রাধির বাহির প্রার মোর ঘারত পদকল্পতক ংশন প্রকার মের রাদকভক্তগণ দিব্যদ্ষ্টিতে দেখিলেন্---ভান ভেল সেই অবিনর : ্গার তেক স্থিগ্য তেগার নির্ভাবন বাইকপে টোদিকে পাথার। রেটার ভেল শুক সারী। রগার ভ্রমর ভ্রমরী। 😘 সৌর পার্গী হেরি ভালে ভালে। গোর কোকিলগণ গোর ভেল কুনাবন গৌর তক গৌর ফলদূলে। র্গার যমুনার জল, স্থার ভেল গলচর, ্গতি সার্য চকুবাকু। গৌর আকাশ দেখি গৌর চাঁদ তার সাথী ্গার তারা বেড়ি লাথে লাথ 🖟 ্ৰাৰ ভাৰণী হৈল, ^{কি} পোৱ **ময় সহ ভেল**, ्रभागार्थः नामेनिक्ता जनसंत्रिक्तः ।

নরেভিন দাস কয়, অপরূপ রূপময় । তত তিহু একই নিলিভ ॥

নবখীপ্রসভাভার মহাজনগণ প্রিপুণ করিয়। রাণিয়া-ডেন । মধুররস সকটেই রস । শ্রীগৌরাঞ্চলীলার মধুর রসের র্মিক ভক্তর্নের সংখ্যাও অল্ল নহে। তাঁহাদের ব্রজভাব,---পার এই ব্রজভাবই ন্দীয়া-নাগ্রী-ভাব। ইহা প্রতি প্রকাশ এবং গোসামীশাস্ত্র সমত। তাহা না ५८८६ शिक्षोतास्था इत् लायमगर अहे भगमः नमीया-माग्रती-ভাবের পদ কোন স্বাস্টি করিলেন ? নদীয়া নাগ্রী-ভল্ন ত্র পোণীভত্তন প্রতন্ত্র। ন্দীয়ানাগরী-ভাবের রসিক-ভক্তৰ ভ্ৰান্দে বিভাৱ হইয়া বহু পদা লিপিয়া গিয়া-্দ্রা, - , সভাব ভারাদিলের অর্থ্ড বিষয়েদের ভল্পনের ধহাত হহ্যাতে - জীপোরাপপ্রক্রর ধ্রণ-ভর্ন ইশির प्रशिद्ध निर्मानस्य ने प्रश्नातिक विभावता শাগরে দেহ, মন-প্রাণ লালিয়া দিয়াছেন, কেহ বা শ্রীজ্ঞীনে বিষ্ণুপ্রিয়ার বুগল ভঙ্গনানন্দে বিভোর হইয়া পর্মান্দলাভ করিতেছেন। এক্ষণে এক জাতীয় আধুনিক किशिक व्यक्तिम्बद्धा अभन संबद्धाः असी विश्व**रङ्ग** । ভাষারা নদীবালাগরীভাবের বড়প্রবিরোধী ! আহারা নিব্রোধ নহেন, গৌরান্ধের শুদ্ধভক্ত বলিয়া পরিচয় দিয়া খাকেন, কিন্তু প্রচন্টা তাঁহাদের একটা ভল্নের অন্স হইয়া উঠিয়াছে। অশ্ব লোকের সাধন-ভঙ্গন লইয়া চর্চা করা কাহারও উচিত নহে। ভজনরাজ্যের অধিকার স্বয়ং ভগবানদভ, ইহা লইয়া বিবাদ বিদদাদ, সভা সমিতি করিয়া বা পত্রিকায় প্রবন্ধ লিখিয়া সমালোচনা করিবার অধিকার কাহারও নাই। যদি কেই ইহা করেন, তিনি ছঃসাহসিকভার কার্য্য করেন, এবং ভগবান ও ভাঁহার ভক্তবনের নিকট অপরাধ অর্জন করেন। ইনি ওম্ব, উনি অভদ্ধ, ইনি পতিত, উনি পাষত, এ সকল কথা বৈষ্ণবের মুখে শোভা পায় না। বৈক্ষব আপনাকে নীচ, প্রিত্ত ক শংলা স্কলি বনে কবিবেন। স্বরং শীনিকা।

নন্দপ্রভু আপনাকে পতিত বলিয়া পরিচয় দিয়া গিয়াছে। । ধ্যা শ্রীচৈত্রভাগবতে—-

পতিতের আশ বড় শুনি নদীয়ায়।
 শুনিয়া আইয় মুক্তি পাতকী এপায়॥

ইংরি উপর আর কথা নাই। আমি শুদ্ধভক্ত, তুমি অশুদ্ধ ভক্ত, এভাব যাহাদিগের মনে জাগকক, তাঁহারা কি করিয়া বৈক্ষর বলিয়া পরিচয় দেন, ইহা জীবাবম গ্রুকারের কুত্র-বৃদ্ধির অথ্যা।

অভ্যাব তে গৌরভজ্পণ! কেই কাহারও ভলনসাধনে বাধা দিবেন না। গোবদ্ধনবাদা দিদ্ধ ক্লফল্য বাবালী এবং নবদ্বীপবাদী দিদ্ধ চৈত্যুদাস বাবালী
উভ্যােরই নদীয়ানাগরীভাব ছিল। এবা গৌরাদ্ধপ্রত্ব
কং মনুর ভলনবলেই ভাহারা দিদ্ধ হইবাছিলেন। এই
ভূই মহাপুক্ষ শ্রীগৌরাদ্ধপাষদ ঠাকুর নবহরির গণ ছিলেন।
উহাদিগের ভলনপ্রালা নবলীপর্যসন্ত, আর এই
নব্দীপর্সই রজ্বসের নিয়াস স্কর্প। এই ভূই মহাপুক্ষ
যে ভলনপ্রে চলিয়াছিলেন, যে সাগনপ্র অবলম্বন
করিয়াছিলেন, ভাহার অস্থ্যমন করিতে বাহার আপত্তি
আতে, তাহার ভূইালা নেপিয়া মনে বড় জ্বাহার আপত্তি
আতে, তাহার ভূইালা নেপিয়া মনে বড় জ্বাহার আপত্তি
আতে, তাহার ভূইালা নেপিয়া মনে বড় জ্বাহার আপত্তি
সাচে, তাহার ভূইালা নিয়াম নির্বাহ্ন গ্রাইতে হয়, ভাহাও
সৌভাগ্য বলিয়া মনে করি।

শীলারদাঝানন বহু ভাগোর কথা। জাবাদম গ্রন্থ কারের তর্কনিষ্টমন শ্রীগোরাকপ্রভুর স্বর্কশ্রেই স্থান্তিন রাস-শালারদাঝানন করিতে করিতে শুক্তক বিচার পূরীমগর্তে আসিয়া পড়িয়াছে। রূপাম্য গোরভক্ত পাঠকরক্ষ। রূপা করিয়া কেশে ধরিয়া ভাহাকে উঠাইয়া লউন, আপনাদের কার্যাই ইহা; এই কাষ্যতেই আপনাদের গুণের ও মহত্বের পূর্ণ পরিচয় পাই। পতনোমুথ জীবকে কেশে ধরিয়া উদ্ধার করাই আপনাদের কার্যা। আর এই কার্যটিই আপনারা বড় ভালবাদেন। সেই জন্ম আপনা-দিগের চরণে জীবাধনের এই বিনীত নিবেদন। আপনা- নরোভ্য ঠাকুর যাহা লিখিয়া গিয়াছেন, তাহাই পুনকজি পুরুক আপনাদের চর্ণবন্দ্না করিয়া কুতাথ হই----

এই বার করণা কর বৈষ্ণ গোসাঞি।
পতিত্যাবন তোমা বিনে কেই নাই ।
বাহার নিকটে গেলে পাপ দুরে যায়।
এমন দয়াল প্রাভু কেবা কোপা পায়।
গঙ্গার পরশ হইলে পশ্চাতে পাবন।
দশনে পবিত্র কর এ তোমার গুণ।
হরি ঠামে অপরাধে নাই পরিজাণ।
তোমা ঠামে অপরাধে নাই পরিজাণ।
গোবিন্দ করেন মোর বৈষ্ণব পরাণ।
প্রতি ছয়ে করি খাশা চরণের প্রলি।
নরে তমে কর নয়া আপনার বলি।

নিগোরাক্সকারের মহাকীউন-রাস্থালা পরিপূর্ব রম-ভাঙার। এই ভাঙারের ভাঙারীগণ বং জন্মের সাদন্দিক ঝাযগণ, নিতাসিকা ব্রজগোপীগণ, শুভি চতুইয় ভক্তভাব অবলম্ব করিয়। নব্দীপে অবতীণ হইয়াছিলেন। তাঁহারাই শীভগরানের জ্লাদিনীশক্তি এবং মধুর রমের প্রকাশক এবং পরিব্রক্ত। এই জন্ম বৈক্ষ্বশাস্থ ব্রিক্তি।

শ্রন্থার ক্ষা সৌন্ধ্য নাধুর্যোর বৃধ্য। ব্রজনেবীর সঙ্গে তাঁর বাড়য়ে মাধুষা। চৈঃ ১ঃ

এই "শুদ্ধ প্রেম-রম-গুণে গোপীক। প্রবীণ" রাম-রমিকা ব্রন্ধনেরীগণই নদীয়ার কীর্ত্তন-রাম-রমিক ভক্তরুন্দ। এই রমিক ভক্তগণের সঙ্গে শ্রীগোরাকপ্রভুর যে সঙ্কীর্ত্তন রাম-লীলারক, তাহা পদক্রি। নিত্য পার্যদর্শ কলিহত পতিত জীবোদারের জয়্ম অতি বিস্তারিত এবং ক্ষমরভাবে বর্ণনা করিয়া জীবের মহৎ উপকার মাধন করিয়া গিয়াছেন। শ্রীমন্তাগবতে যে শ্রীক্ষের রামলীলা বণিত হইয়াছে, তাহা অসম্পূর্ণ এবং অতি গুপ্তভাবে সংক্ষেপে বির্ভ্ত হইয়াছে। শ্রীপাদ প্রকাশানক্ষ সরস্বতী ঠাকুর তাহার শ্রীক্ষকর্যকর্যক্র

শ্রীমন্তাগবতক পরমং তাৎপদ্য মুট্রকিতং শীবৈয়াসকিনা ত্রময়ত্যা রাসপ্রসঙ্গেপি বং। বজাধা-রতি-কেলি-নাগর-রসাস্থাদৈক; তন্তাজনং তদস্ত প্রথনায় গৌরবপুদা লোকেহবতীর্ণো হরিঃ॥

স্থাৎ শ্রীমন্তাগবতের পরম তাৎপর্য্য, যাহা শ্রীব্যাদনন্দন শুকদেব গোসামী কর্ত্ব রাসপ্রসঙ্গে উথাপিত
মাত্র হুইয়াছে, কিন্তু বিস্তারিতরূপে বর্ণিত হয় নাই, কারণ
শ্রিভগবানের এই অপূর্ব্ব মধুর রাসলীলা অস্থালন ও
আসাদন ব্যতিত, তাহাতে প্রবেশাধিকার লাভ একেবারেই তুর্গট, এবং এই সর্ব্বোত্তম লীলা তংকালে আসাদনের ও অস্থালনের পাত্রাভাব ছিল। শ্রীরাধার রতিকেলি-নাগর নন্দনন্দন শ্রীকৃষ্ণ, তাহার সেই অপূর্ব্ব রাসশ্রীলাসাদ-প্রেম-মাধুরী বিস্তার করিবার নিমিত্ত স্বয়ং
এই কলিযুগে ইহলোকে শ্রীগোর-বিগ্রহরূপে অবতীণ হইয়াছেন।

শিশুকদেব গোস্থামী যথন শ্রিক্ষের রাসলীলা মহারাজ পরীক্ষিতের নিকট বর্ণনা করেন, তথন শ্রীকৃষ্ণ অন্তর্জান হইয়াছেন, এজকাসীগণ এবং ব্রজ স্থান্দরীগণও গোলকবাসিনী ইইয়াছেন, এই জন্ম "ত্রপ্রতা" হেতু শ্রীমন্তাগবতে বাসনন্দন ভকদেব গোস্থানী এই অত্যন্ত এবং অপুর্বার রাসলীলাপ্রসঙ্গ "উট্টিজত" মাত্র করিয়াছেন; সম্পূর্ণরূপে এবং বিস্তারিতভাবে বর্ণনা করেন নাই। শ্রীকৃষ্ণের এই রাসলীলার প্রধান সহায় রুমভাঙ্গনন্দিনী শ্রীরাধিকার নাম পর্যন্ত শ্রীমন্তাগবতে উল্লেখ নাই।

নেবী কৃষ্ণমন্ত্ৰী প্ৰোক্তা রাধিকা প্রদেবতা। সর্ম্মলন্ত্ৰী মন্ত্ৰী সৰ্ম্মকান্তি সম্মোহিনী পরা ॥

এই দেবী রুক্ষময়ীকে লইয়াই শ্রীকুক্ষের রাসলীলা।
শাস্ত্রকার কুক্ষময়ীর অর্থ করিয়াছেন কিরপ শুসুন। যেমন
ক্বর্ণ মগ্রী প্রতিমা রলিলে প্রতিমার অস্তরে ও বাহিরে
শর্কারই ত্বর্ণ রূপ, তদ্রপ শ্রীরাধিকাজির অস্তর ও বাহিরে
শর্কারই কুক্ষরণ বিরাজিত, তক্ষ্য তিনি কুক্ষময়ী। এই

প্রেমময়ী এবং কৃষ্ণময়ীর নাম পর্যান্ত শ্রীমন্ত্রাগনতে লিথিত নাই।

শ্রীগোরাক অবতারে শ্রীভগবান শ্রীশ্রাধারক মিলিড বপু বারণ করিয়া নবদীপে শচীগর্ভে উদিত হইয়াছিলেন। তাঁহার অবতারের উদ্যেখ্য তিনটি: প্রথম শ্রীরাধিকার গভীর প্রেমের মহিমা কি প্রকার তাহা স্থা রাধা হইয়া দেখিবেন ও বুঝিবেন ; দিতীয় তাঁহার সম্মীয় প্রণয় দার। শ্রীক্লফের সে অন্তত মধুরিমা শ্রীরাধিকা আস্বাদন করেন, তাঁহার সেই মাধুর্যাই ব। কি প্রকার, তাহাও দেখিবেন, আর তৃতীয়, তাঁহাকে অভ্তব নিবন্ধন শ্রীরাধিকার যে স্থাতিশয় হয়, সেই স্থাই বা কির্পে, তাহাও দেখিবেন এবং স্বয়ং অন্তভ্তৰ করিবেন (:): এই জ্ঞাই তিনি শ্রীরাধিকার ভাব ও কান্তি লইয়া শ্রীগৌরাঙ্গরূপে ভুবনে অবতীর্ণ ইইলেন। অভাগে মহা রাস্লীলার প্রস্কৃত তাং-পর্যা ও উদ্দেশ্য কি ভাল জাবকে ব্যাইবার জন্মই শ্রীগোরাঞ্গ-অবতারের প্রাজন শ্রীমন্তাগবতে যে রাসলীল। গুপ্তভাবে বণিত, তাহা ব্যক্ত করিবার জ্ঞাই স্বয়ঃ ভগবান শ্রীগৌরাঙ্গরূপে নবদীপে উদয় তুইলেন। জনু মুখে মুখে বাজ বা লাখা। করিবেন,—তাহা নহে। সঞ্চ সেই মধুর রাসলীলা প্রকট করিয়া স্বয়া তাহার রসাস্বাদন করিবেন এবং সেই অপূর্ব্ব রসভাতার অবিচারে নিজজনকে দিয়া লুটাইবেন,— ইহাই তাঁহার ইচ্ছা; তিনি কার্গ্যেও তাহাই করিলেন। শ্রীগোরাক্সন্দর রাধাভাবে বিভাবিত হট্যা শ্রীরাধিকার রপসাগরে ঝাঁপ দিয়া শ্রীগৌরাঙ্গ সাজিলেন। তিনি একা-ধারে শক্তি ও শক্তিমান্রপে এবং অ্যাধারে রাধাশক্তি গদাধরের সাহায়্যে ললিতা স্থি (স্বরূপ দামোদর), বিশাথা স্থি (রায় রামানক) অক্তাক্ত স্থি ও উপস্থী গোস্বামী ও त्माश्रास्त्रण मान चयः जावित्रा मशामहीर्जनगरकत जात्या-

^{(&}gt;) জীরাধারাঃ প্রণয় মহিমা কীদৃশো বানবৈবা ঘাড়ো যেনাড়ুত মধুরিমা কীদৃশো বা মদীরঃ।
দৌধাং চান্তা মধুতুত্বতঃ কীদৃশং বেভি লোভা—
ক্ষাবাঢ়াঃ সমন্ত্রনি গাঁচী-গার্ভ-সিন্দৌ-ক্রীন্দুং।। চৈঃ চঃ

জন করিয়া রাসলীলার প্রকৃত তাৎপর্যা যে
বিন্দাবনের
মধুর ভজন, তাহা তাঁহার অন্তরদ ভক্তনৃদ্ধকে শিকা
দিসেন, এবং তাঁহাদিগের দ্বারা থাহাতে এই মধুর ভজন
প্রচার হয় তাঁহার উপদেশ ও আদেশ দিলেন। এই উপদেশের ফলে নদীয়া নাগরীভাবের পৃষ্টি, এই আদেশের
ফলে নদীয়ানাগর শ্রীগোরান্দের মধুর ভজনের স্করপাত।
ইহারই ফলে নদীয়া নাগরীভাবের অসংখ্য পদাবলীর সৃষ্টি,
যাহা অদিকারী গোরভক্তবুন্দের ভজনের অন্ধ। প্রস্থাদ
প্রকাশানন্দ সরস্বতী ঠাকুর এই জ্লুই লিখিয়া গিয়াছেন—
প্রমানামান্তার্গং শ্রবণপ্রগতং কল্পনায়াং মহিয়ং
কো বেতা কল্প সুন্দাবনবিধিন মহামাধুরীধু প্রবেশং।
কো বা জানাতি রাধাং প্রমর্স চমংকার মাধুগ্যসীমান
নেকলৈতভ্যচক্রং প্রম করণ্যা সর্ক্মাবিশ্চকার॥

অর্থ। প্রেমনামক যে প্রম পুরুষাথ, শাহা পুর্বেধ কাহার ও শ্রুতিমূলে প্রবেশ করে নাই, ভগবানের নাম ও মহিমা যাহা পূর্বের কেহই জানিতেন না, শ্রীরন্দাবিপিনের প্রমান্ট্র্যা মাধুরী যাহাতে কেহ প্রবেশ করিতে পারেন নাই, এবং প্রমন্থত মাধুর্যারমের প্রাকাষ্ঠা স্বরূপ। যে শ্রীশ্রীরাধিকা, যাহার নাম প্রান্ত পূর্বের কেহ অবগত ছিলেন না, কেবল এক শ্রীশ্রীগোরাস্কচন্দ্র প্রকৃতিত হইয়া এই সমস্থ ভাবিদার করিয়াভেন।

একণে গৌরভক রূপাময় পাঠকর্ন, ইহার দারা ব্রিতে পারিতেছেন যে, স্বধু শ্রীম্বাগবতের সাহায্যে বাসলীলার প্রকৃত তাৎপ্যা উদ্যাটিত হইতে পারে না। প্রসাপাদ শ্রীল কৃষ্ণদাস কবিরাজ গোস্বামী শ্রীশ্রীম্মহাপ্রভুর দিব্যোমাদ লিখিতে গিয়া এই কথার আভাস দিয়াছেন, স্থতরাং ইহা জীবাধম গ্রন্থকারের স্থকপোল-কল্লিত কথা নহে। কবিরাজ গোস্বামী বলিতেছেন—

পূর্ব্ধ বজবিলাসে, যেই তিন অভিলাসে
যত্নেই আস্বাদ নহিল।
শ্রীবাধার ভাব সার, আপনে করি অদীকার
সেই তিন বস্তু আস্বাদিল॥ চৈ চঃ
এই তিন বস্তু কি তাহা পূর্ব্বে লিধিয়াছি। আবারও

বলি শুমন। শ্রীরাধিকার প্রণয়মহিমা, স্বমাধ্র্য্য এবং তদাস্বাদনে শ্রীরাধিকার স্বপ। এই তিন বন্ধর সম্পীলন, বিচার ও আস্বাদন,—রাসলীলার মূলমন্ত্র; এই তিন বন্ধ হৃদয়ে পরিয়া শ্রীভগবানের নামগানে উন্মন্ত হৃদয় নৃত্যু গীত বাচ্চ সাহাযো প্রেমানন্দোংসবে দেহ, মন ও প্রাণ ঢালিয়া দেওয়ার নাম শ্রীগ্রোকালীলায় সম্বীর্ত্তন-রাসলীলা। সমস্ত বৈক্ষরগ্রন্থে, বৈক্ষর মহাজন পদাবলীতে এবং শ্রীশ্রীমন্মহাপ্রভুর সকল চরিতাবলীতে শ্রীদাগবতাকে "উট্ট্রিকত" রাসলীলা প্রসঙ্কের বিশ্বন ও বিক্ত বর্ণনা দেখিতে পাওয়া যায়। ইহার পঠন, পাঠন, শ্রবণ, অফ্লীলন ও আস্বাদন মধুর ভজনের অক এবং ইহার পরিপ্রিই ভজনের শেষ। সিন্ধ চৈত্রকাস বাবাজী বলিয়া গিয়াছেন—

গৌরের কান্ধা আমি, কান্ধ আমার গোরা,
আমার ভঙ্গন হলো সারা।
ইহা অতি সার কথা এবং ইহাই সর্বাশ্রেষ্ঠ ভঙ্গন। এই
ভঙ্গন করিতে—

''গধ্যে গশ্বক গুকুজন তাহে না ভরাই।
ছাড়ে ছাড়ুক নিজপতি আপদ এড়াই॥
বলে বলুক পাড়ার লোক তাহে নাহি ভর।
না বলুক না ভাকুক না যাব কার ঘর॥
ধরম করম যাউক তাহে না ভরাই।
মনের ভরমে পাছে বঁধুরে হারাই॥''

এক্ষণে শ্রীশ্রীগোরাকস্করের শ্রীবাস-অকনের সহীর্ত্তন রাসলীলারক বর্ণিত হইবে। নদীয়ানাগর শ্রীগোর-গোবিন্দ সর্ব্ব প্রথমে শ্রীবাস-অকনেই তাঁহার প্রথম সহীর্ত্তন রাসলীলা রক প্রকট করেন। এই অপূর্ব্ব লীলারক তাঁহার পূর্বকালার নিত্য পরিকরবৃন্দ লইয়া নিশাভাগে শ্রীবাস অকনের দার ক্ষম করিয়া অভিনীত কুইত। অকরক একান্ত রসিকভক্ত ভিন্ন অন্ত কেহ শ্রীবাসঅকনে প্রবেশ করিতে পারিতেন না। শ্রীবাসপণ্ডিতের প্রতি প্রভূর এসহত্বে বিশেষ আদেশ ছিল। নদীয়ায় এই অভূত সহীর্ত্তন রাসলীলারক প্রকটন করিবার পূর্বের রাসরসিক শ্রীশ্রীগোর-

গোবিন্দ একদিন ভক্তবৃদ্ধকে সম্বোধন করিয়া বলিলেন---

ভাই সব শুন মন্ত্র সার।
বারি কেন মিথা। হায় আমা সভাকার॥
আজি হৈতে নির্বাদিত করহ সকল।
নিশায় করিব সভে কীর্তন মঙ্গল॥
সঙ্গীর্ত্তন করিয়া সকল গণ সনে।
ভক্তি স্বরূপিণী সন্থা করিব মজ্জনে॥
জগত উদ্ধার হউ শুনি কৃষ্ণনাম।
পরার্থে সে যে ভিনার সভার ধনপ্রাণ॥ হৈঃ ভাঃ

পাতৃর এই অপূর্ব মধুমাথা উপদেশ-কথা ভানিয়া, ভক্ত রন্দের আনন্দের আর পরিসীমা রহিল না। সেই দিন ভভক্ষণে ও তত রাজিতেই ইচ্ছামর প্রভু শ্রীবাসঅকনে ভ্রন্মপ্রত সন্ধীর্তন রাস্গীলা প্রকট করিলেন। ভক্তবৃন্দ সকলেই ব্রভাবে বিভাবিত হইয়া ব্রজর্মানন্দ অফ্ভব করিলেন। প্রেণানন্দে প্রভুর শ্রীবদন-নিঃস্বত গন ঘন হুগার গর্জনাধানি এবং তংসকে ভক্তগণের কণ্ঠনিঃস্বত গগণভেদী উচ্চ হরিদানি মিলিত হইয়া নিশাভাগে প্রতিবেশীগণকে গগরিত করিল। তাহারা পরস্পারে বলাবলি করিতে লাগিল—

> নিশায় এওনা খায় মদিরা সানিয়া। রাত্রি করি মন্ত্র পজি পঞ্চ কল্যা আনে। . চারি প্রহর নিশি নিজা যাইতে না পাই। বোল বোল হস্কার শুনিয়া সদাই ॥ চৈঃ ভাঃ

কোন কোন দিন সমন্ত রাত্রি প্রভু তাঁহার অন্তর্গ ভক্তবৃশ্বসহ শ্রীবাস অঙ্গনে এইরূপ সন্ধীর্তন-লীলারক গভিনয় করেন। শুচীমাতা তাঁহার পুত্রবধ্যত পুত্রের এই অভিনব লীলারক দর্শন করিতে রাত্রিকালে শ্রীবাস-আন্ধিনার গমন করেন। বৈশ্বব-গৃহিণীগণও সেপানে থাকেন। প্রোমানন্দে প্রভু যখন আছাড় খাইয়া ভূমিতলে মৃচ্ছিত হইয়া পড়েন, বোধ হয় যেন পৃথিবী গও বিখও হইয়া গেল, কিন্তু প্রভুর কুত্রমকোমল শ্রীঅকে আঘাতের নামমাজও লাগে না। পৃথিবীদেবী তথন পুষ্পশ্র্যাবং কোমলাকস্থা প্রাপ্ত মন। স্বেহ্ময়ী আই পুত্রের এক্কপ্র অবস্থা দেখিয়া মনে বিষম ব্যথা পান, গোবিন্দ শারণ করিয়া তিনি ছটি চক্ষু মুক্তিত করেন। তিনি এ দৃশ্য চক্ষে দেখিতে পারেন না, তাঁহার বৃক ফাটিয়া গায়, তাঁহার নয়ন জলে বক্ষ ভাসিয়া বায়। তিনি কর্মোড়ে অভীপ দেবের নিকট বর প্রার্থনা করেন—

"কপা কর কৃষ্ণ মোরে দেহ এই বর।
বে সময় আছাড় থায়েন বিশ্বস্থর ।
মূঞি যেন তাহা নাহি জানো সে সময়।
হেন কপা কর মোরে কৃষ্ণ মহাশ্য ॥
যভপিহ পরানন্দে তাঁর নাহি জ্ংগ।
তথাপিহ না জানিতে মোর বড় স্থথ ॥ চৈঃ ভাঃ

দর্শ্ব অন্তর্থ্যানী ভক্তবংসল প্রভূ আমার জননীর চিত্তের ভাব জানিয়া তাঁহার ইচ্ছা পূর্ণ করিলেন। যতক্ষণ প্রভূ নৃত্য করেন, শুচীমাতার বাহাজান থাকে না (১)। ছগ্ন লাতা গৌরাঙ্গ-জননী প্রমানন্দে বিভোর হইয়া পুলের এই মপুর্শ্ব সংকীর্ত্তন রাসলীলা-রঙ্গ দুশ্ন করেন।

শ্রীএকাদশী হরিবাসর দিল একদিন উয়াকাল হইতে প্রভু শ্রীবাসআদিনায় কীর্ত্রনানন্দে মাতিলেন। দলে দলে ভক্তন্দ আসিয়া তাঁহার সহিত মহাসংকীর্ত্রন্যক্ষে যোগদান করিলেন। "গোপাল গোবিন্দ রাম শ্রীমধ্রুদ্ন" এই গগনভেদী কীর্ত্রন্দনিতে শ্রীবাস-অঙ্গন প্রকম্পিত হইল। স্থাপুর মগঙ্গ-করতাল ধ্বনিতে নদীয়াবাসীর প্রাণে এক অন্তুত ও অপূর্ব আনন্দরসের স্রোত প্রবাহিত করিল। শ্রীবাস-অঙ্গনে আনন্দের তরঙ্গ উঠিল। দল বান্ধিয়া এক এক সম্প্রদায় লইয়া এক একজন কীর্ত্রন করিতে লাগিলেন। শ্রীবাসপণ্ডিতের একদল, মুকুন্দদত্তের অত্য দল, গোবিন্দ ঘোষ আর এক দল লইয়া কান্ত্রন আরম্ভ করিলেন। প্রভু সকল দলেই আছেন। তিনি প্রেমাবেশে নয়নরঞ্জন অঙ্গভঙ্গী করিয়া মধুর মৃত্যু করিতেছেন॥ শ্রীনিত্যানন্দপ্রভু তাঁহাকে ধরিয়া কীর্ত্তনের মধ্যে মধ্যে লইয়া বেড়াইতেছেন। প্রভু নিত্যানন্দের বাহাজ্ঞান

^{(&}gt;) যতক্ষণ প্ৰভু করে হরি সংকীর্ত্তন । আইর না থাকে বাফ যাত্র ভতক্ষণ ॥ চৈ: ভা:

রহিত। শ্রীঅবৈতপ্রভু অলক্ষিতে প্রভুর পদধূলি লইতেছেন (১)। গদাধরপণ্ডিতের নয়নের প্রেম-প্রবাহ-ধারায়
বক্ষ ভাসিয়া যাইতেছে। প্রেমোয়ত প্রভুর নৃত্যবিলাস
ক্রমে পূর্ণতা প্রাপ্ত হইল। তাঁহার শ্রীঅক্ষে যুগবং অষ্ট
সান্তিক ভাবের উদয় হইল। অঞ্জ, কম্প, পুলক, কদম্মুচ্ছা,
ছংকার, গর্জন প্রভৃতি প্রভুর শ্রীঅকে একসঙ্গে দৃষ্ট হইল।
প্রভু যুগন করুণস্বরে ক্রন্দন করেন, এক প্রহর কাল ভূমিতে
পতিত হইয়া নয়নজলে ধরাতল সিক্ত করেন। তাঁহার
শ্রমরকৃষ্ণ স্কন্ব কেশদাম উন্মৃক্ত হইয়া ধূলায় ধূসরিত হয়।
তাহা দেখিয়া ভক্তগণের প্রাণ ফাটিয়া যায়।

যথন কান্দয়ে প্রভূ প্রহরেক কান্দে। লোটায় ভূমেতে কেশ তাহা নাহি বান্দে॥ চৈঃ ভা তাঁহার করুণ ক্রন্দনধ্বনি শ্রবণ করিয়া কান্ঠ-পাযাণও হয়। আবাৰ যথন কিনি অট্ডাট হাসিকে আবক্ত

তাঁহার করণ কলনধ্বনি শ্রবণ করিয়া কাষ্ঠ-পাষাণও দ্রব হয়। আবার যথন তিনি অটুএটু হাসিতে আরম্ভ করেন এক প্রহর কাল আনন্দবিলাসরসে নগ্ন থাকেন। কথন কথন ব্রহ্মাণ্ডভেদী হরিধ্বনি করিয়া পৃথিবী কম্পিত করেন। কথন শ্রীঅঙ্গে বিশ্ব ব্রহ্মাণ্ডের ভার গ্রহণ করিয়া তিনি এরপভাবে ভূতলশায়ী হন, কেহ তাঁহার একাঙ্গও উঠাইতে পারেন না। আবার কথন তুলা হইতেও লঘু হইয়া অহুগত ভক্তদিগের কান্ধে চড়েন (২)। তাঁহারা পরমানম্পে সংকীর্ত্তনের মধ্যে প্রভূকে লইয়া নৃত্য করেন। কথন তিনি প্রেমানন্দে মৃচ্ছিত হন। তাঁহার কর্ণমূলে "হরেক্বন্ধ" নাম উচ্চারণ করিলেই মৃচ্ছা ভঙ্গ হয়। কথন বা মহা শীতে তাঁহার সর্বশরীর কম্পবান হয়, দাঁতি লাগে। কথনও বা শরীরে এত ঘর্মা নির্গত হয়, বোধ হয় মৃর্ত্তিমতী গঙ্গাদেবী তাঁহার শরীরে উদিত হইয়াছেন। কথন প্রভূবে শ্রীঅঙ্গ

কথন প্রভ্ এমন প্রবলবেগে দীর্ঘশাস ভ্যাগ করেন, ভক্তনগণকে মহাভয়ে ভাঁহার সম্মুথ হইতে এক পাশ হইতে হয়। কথন তিনি অভি দীনহীনভাবে বৈষ্ণবগণের চরণ ধরিতে যান, আর বৈষ্ণবগণ ভয়ে পলায়ন করেন। কথন তিনি শীনিভ্যানন্পপ্রভ্র অকে শীঅক হেলাইয়া রাতৃল চরণ ত্ইথানি উর্দ্ধে উল্ভোলন করিয়া মধুর হাস্থ করেন। ভক্তরুদ্ধ প্রভ্র মনভাব ইক্তিতে বুরিয়া ভাঁহার পদধ্লি লুঠন করেন, আর আনন্দে হরিধ্বনি করেন। ইহার মধ্যে শীঅক্তিপ্রভূই প্রধান। তিনি প্রভূর প্রতি চাহিয়া হাসিয়া বলিলেন—

——"আরে আরে চোরা।

ভাঙ্গিল সকল তোর ভারি ভূরি মোরা ॥" চৈ: ভা: প্রভূইহা ভনিয়া প্রেমানন্দে ধুলায় গড়াগড়ি দিডে লাগিলেন। তাঁহাকে বেষ্টন করিয়া ভক্তবৃন্দ কীর্ত্তন করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে প্রভু উঠিয়া গদাধরপণ্ডিতের গলা ধরিয়া করুণ স্বরে রোদন করিতে লাগিলেন। পরে লন্দ দিয়া মুরারি গুপ্তের ক্ষমে আরোহন করিলেন। প্রেমানন্দে মত্ত হইয়া কথন প্রভু জাহুগতিতে চলেন, কথন চন্দ্রাকৃতি হইয়া প্রহরেক কাল পর্যান্ত ভূমিতলে ঘুরিয়া বেড়ান, ইহাতে নিজ চরণ নিজের মন্তকে স্পর্শ করে (১)। প্রভুর ধূলি ধূদরিত ঐঅঙ্গেরবর্ণ ক্ষণে ক্ষণে পরিবর্ত্তিত হয়। তাঁহার বিশাল কমল আঁথিদম অধিকতর বিশাল বলিমা বোধ হয়। সহজ অবস্থায় তিনি যাহাকে "প্রভু" বলিয়া সম্মান করি-তেন, এক্ষণে তাঁহাকে "এ বেটা আমার দাস" বলিয়া (कर्म धतिया होनिया निकर्ट चानिन। शृर्क रय रिक्थन দেখিলে প্রভু তাঁহার চরণে ভূমিষ্ট হইয়া পড়িতেন, একণে তাঁহার বক্ষে চরণ অর্পণ করিতেও কুন্তিত হন না (২)।

^{(&}gt;) ধরিয়া বুলেন নিভানিক মহাবলী। অলকিডে অধৈত লয়েন প্রস্থলি। চৈঃ ভাঃ

কণে কণে হয় অঙ্গ বহুগভের ভর।

ধরিতে সমর্থ কেহো নবে অসুচর।।

কণে হয় ভুলা হৈতে য়ভায় পাতল।

হরিবে করিয়ে কালে বুলয়ে সকল। হৈঃ ভাঃ

^{(&}gt;) চক্রাকৃতি হই কণে প্রহরেক ফিরে। আপন চরণ পিয়া লাগে নিজ শিরে।। চৈঃ ভাঃ

^{(&}gt;) পূর্ণের যে বৈক্ষব দেখি প্রান্তু করি বোলে। ^ক ন বেটা আমার দাস ধরে ভার চুলে ।। পূর্ণের যে বৈক্ষৰ দেখি ধররে চরণে। ভার ৰক্ষে উঠি করে চরণ অর্পণে।। চৈ ভাঃ

শ্রীলোরজ করিয়া ভক্তগণের মন আনন্দরসে মগ্ন করিতেছেন।
সকলেই প্রেমানন্দে আত্মহারা হইয়া ক্লফ্কীর্ত্তন করিতেছেন।
সকলেই প্রেমানন্দে আত্মহারা হইয়া ক্লফ্কীর্ত্তন করিতেছেন।
মৃদক্ষ নন্দিরা, শহ্ম ও করতাল-ধ্বনিতে শ্রীবাসঅঙ্গন ম্থরিত। উচ্চ হরিসংকীর্ত্তন-ধ্বনিতে চতুদ্দিকের
অমঙ্গল নাশ হইতেছে। ভ্রনমক্ষল হরিনামসংকীর্ত্তনে
সর্ববিদ্ধ নাশ হয়। সেই সর্বাপদ্বিনাশী, সর্ব্ব অমঙ্গলনাশী
ভ্রনমন্ধল হরিনামসংকীর্ত্তনের মধ্যে নদীয়ার প্রেমময়
অবতার শ্রীশ্রীগোরগোবিন্দ নিজনামগানে মত্ত হইয়া
অপুর্ব্ব নয়নরক্ষন নৃত্য করিতেছেন। এদৃশ্য বড়ই মধুর।
ভাগ্যবান নদীয়াবাসীর অদৃষ্ট স্থপ্রসন্ন, তাই তাঁহারা এই
শিববিরিঞ্চি-বাঞ্চিত অপুর্ব্ব আনন্দরস উপভোগের শুভ
স্থ্যোগ ও সৌভাগ্য পাইয়াছেন। বড় তৃঃগেই শ্রীল
ক্রন্দাবনদাস ঠাকুর লিথিয়াছেন—

হইল পাপিষ্ট, জন্ম তথনে না হৈল। হেন মহামহোংশব দেখিতে না পাইল॥

এই মহাসংকীর্ত্তন-লীলাযজে প্রেমের ঠাকুর প্রেমময় শ্রীগৌর-গোবিদ ভ্বনমোহনবেশে মধুর নৃত্য করিতেছেন। তাঁহার আবেশের অন্ত নাই,—ভাবের সীমা নাই। অষ্ট সাবিকভাবের উপরেও তিনি উঠিয়াছেন। তাঁহার অলৌকিক ভাববিকার দেখিয়া ভক্তরুদ মনে করিতেছেন—

যাহা নাহি দেখি শুনি শ্রীভাগবতে। হেন সব বিকার প্রকাশে শচীস্থতে। চৈঃ ভাঃ শ্রীগৌরাঙ্গলীলার ব্যাসাবতার প্রভুর এই অলৌকিক

ভাববিকারের কথা এইরূপ বর্ণনা করিয়াছেন।
কণে ক্ষণে সর্ব্ধ অক্ষ হয় স্বস্তাকৃতি।
তিলার্দ্ধেকো নোঙাইতে নাহিক শকতি॥
সেই অঙ্গ ক্ষণে ক্ষণে এই মত হয়।
অন্থি মাত্র নাহি যেন নবনীতম্য॥
কথনো দেখিয়ে অঙ্গ গুণ ঘৃই তিন।
কথনো স্বভাব হৈতে অতিশয় ক্ষীণ॥

কথনো বা মন্ত যেন চুলি চুলি যায়।

হাসিয়া দোলায় অঙ্গ আনন্দে সদায় ॥

ভাবাবেশে ভক্তবৃন্দকে প্রভূ পূর্ব্বলীলার নাম ধরিয়া ডাকিতেছেন। যিনি যে বস্তু, বাঁহার যে তত্ত্ব, এই স্থলে প্রভূ প্রকাশ করিয়া দিতেছেন। কিন্তু প্রভূর মায়ায় কেহ তাহা ব্ঝিতে পারিতেছেন না।

শ্রীবাসঅঙ্গণে এই মহাসংকীর্ত্তন রাসলীলার অন্তর্গান হইয়াছে। প্রভুর আদেশে বহিদ্বার বন্ধ আছে। পৃর্বেষ্
যিনি প্রবেশ করিয়াছেন, তিনিই প্রভুর এই অপৃর্ব্ব ও
অভিনব সংকীর্ত্তন-লীলারঙ্গ দর্শন করিয়া দক্ত হইলেন।
উচ্চ কীর্ত্তনধ্বনি শুনিয়া নদীয়ার লোক শ্রীবাসপণ্ডিতের দ্বারে একত্রিত হইয়াছে। সকলেরই ইচ্ছা বাড়ীর মধ্যে কি হইতেছে দেখিব। সকলেই মহা কলরব করিতেছে, আর বলিতেছে—

"কীর্ত্ন দেখিব ঝাট্ ঘূচাহ ত্যারে।"

বৈষ্ণবর্গণ আঙ্গিণার মধ্যে কীর্ত্তনরসে মগ্ন,—প্রেমানন্দে মাতোয়ারা, তাঁহাদিগের দেহধর্মজ্ঞান নাই। কোন কথাই তাহাদের কর্ণে প্রবেশ হইতেছে না। ইহাদিগের মধ্যে বহিম্থ পাষগুরি দলও আছে। তাহারা বাহিরে দাঁড়াইয়া নিন্দা ও কুৎসা করিতে আরম্ভ করিল। কারণ তাহারা দার খোলা পায় নাই। শ্রীল বুন্দাবনদাসঠাকুর এই সকল পাষগুদিগের নিন্দাবাদগুলি অতি স্থন্দরভাবে বর্ণনা করিয়াছেন। তাহা নিম্নে উদ্ধৃত হইল (১)।

(১) যতেক পাৰতী সৰ না পাইরে দার।
বাহিরে থাকিরে মন্দ বোলরে জপার।
কেহ বোলে এ গুলা সকল কি থায়।
চিনিলে পাইৰে লাজ দার না ঘুচার।।
কেহো বোলে সভা সভা এই সে উত্তর।
নহিলে কেমতে ভাকে এ জন্ত প্রথব।
কেহো বোলে আরে ভাই মদিরা আনিয়া।
সভে রাত্রি করি থার লোক লুকাইয়া।।
কেহো বোলে ভাল ছিল নিমাই পণ্ডিও।
ভার কেন নারায়ণ কৈল হেন চিড।।
কেহো বোলে হেন বুঝি পুর্কের সংক্রের।
কেহো বোলে সঙ্গ দোষ হইল ভাঁহার।।

প্রভুর ভক্তগণ প্রেমানন্দে বিভোর থাকেন। পাষণ্ডী-দিগের এ সকল কথা তাঁহাদিগের কর্ণে প্রবেশ করে না। তাঁহারা প্রভুর নিত্য দাস, শুদ্ধভক্ত সিদ্ধ পুরুষ, স্থাতিনিন্দা উভয়ই তাঁহাদের পক্ষে সমতুল্য। তাঁহাদের কার্য্য লোক-নিন্দার অতীত। তাঁহারা লোকাপেক্ষা করেন না।

চৈতত্তের গণ দব মত্ত ক্লফরেস।
বহিম্থ বাকা কিছু কর্ণে না প্রবেশে॥
জয় কৃষ্ণ ম্রারি মৃকুন্দ বনমালী।
অহর্নিশি গায় সভে হই কুতুহলী॥ চৈঃ ভাঃ

নিগামক বাপ নাই, তাতে আছে বাই। এত দিনে সঙ্গ দোৰে ঠেকিলা নিমাই।। কেছো বোলে পাসবিল সব অধারন। মালেক না চাহিলে হয় অবৈয়াকরণ।। কেংগ বোলে আত্ত্রে ভাই সব হেড পাইল। ষার দিয়া কীর্তনের সন্দর্ভ জানিল।। রাজি করি মন্ত্র পড়ি পঞ্চ কন্তা আনে। नानाविध खवा व्याहेटम छ। मछात मदन ॥ ভক্ষা, ভোজা, গন্ধ, মালা, বিবিধ বসন। খাইয়াতা সভা সঙ্গে বিবিধ রুমন ।। ভিন্ন লোক দেখিলে না চর ভার সক। এতেক ভয়ার দিয়া করে নানা রঙ্গ।। क्तरहा द्वारण काणि इड याईव स्मराहन । काँकालि वाक्षिश प्रश्व निव अपन अपन ।। যে না ছিল রাজা দেশে আনিঞা কীর্ত্তন। ছুর্ভিক হইল সব গেল চিন্নন্তন । দেৰে হরিলেক বৃষ্টি জানিল নিশ্চর। ধাক্ত মরি গেল কডি উৎপন্ন মা হয়।। খলিয়াতি খ্রীবাসের কালি করে। কার্য। कालि वा कि करते। तथ खरेड बाहार्या। কোথা হৈতে আসি নিভ্যানন্দ অবৰুত। শ্রীবাসের খরে ধাকি করে এভ রূপ।। (करहा दोटन डांकानंत्र नरह नुष्ठा धर्म। পডিগাও এগুলা করবে হেন কর্ম।। কেছো বোলে এগুলা দেখিতে না সুসাম। এখনার সভাবে সকল কীর্ত্তি বার ।।

কৃষ্ণপ্রেমরসে বিভার হইয়া তাঁহারা প্রভ্র সংশ কবাটবদ্ধ শ্রীবাসআদিনায় মধুর কীর্ত্তনানন্দে উন্মন্ত। উষাকালে কীর্ত্তনারস্ত হইয়াছে, নিশি শেষ হইতে এক প্রহর কাল মাত্র আছে, এখন পর্যান্ত কাহারও বিশ্রাম নাই, কেহই আহার করেন নাই, দেহধর্ম ভূলিয়া সকলেই কীর্ত্তনানন্দে বিভার। শ্রীবাস-আদিনায় প্রেমানন্দের স্রোত প্রবাহিত হইয়াছে, ভক্তবৃন্দ মধুর কীর্ত্তনানন্দতরঙ্গানিত্ত প্রভির্মা হার্ডুর থাইতেছেন। এক প্রহর নিশি থাকিতে প্রভ্রুর শ্রীভগবান আবেশ হইল। শ্রীবাসপত্তিতের বহির্বাটিতে বিষ্ণু-খটা সক্ষিত ছিল। তাহাতে শালগ্রাম-শিলা বিরাজ করিতেছিলেন। প্রেমান্মন্ত প্রভূ সেই সকল শালগ্রামশিলা ক্রোড়ে করিয়া বিষ্ণুখটার উপরে

> ्व नुडा कोईन यमि खान लाएक कार्य। সেলে। এই মত হয় দেখে পরতেখে।। পরম সুবৃদ্ধি ছিল নিমাঞি পণ্ডিত। এখলার সঙ্গে ভার ছেন হৈল চিত।। কেছো বোলে আলা বিমা সাক্ষাৎ করিয়া। छाकित्य कि कार्या वर्ष ना कानिया हैहा ॥ আপন শরীর মাথে আছে মিবঞ্জ। ঘরে হারাইয়া ধন চরে গিয়া বস ।। क्टा (बाल कोन कोवा भारत्व हिंछेबा। চল সভে ঘরে যাই कि कार्श দেখিয়া।। उ कीर्तन ना दर्शिया कि इहेर मना। জন শত বেডি করে খেন মহাৰম্ব।। কোন ভপ কোন তপ কোন ভছজান। याश ना प्रिथित कत्रि निक कर्त्र थान।। চাল কলা মুদ্ৰ দ্বি একত ক্রিয়া জাতি নাশ করি খার একত হইরা।। মহা মহা ভটোচার্যা সহত্র বথার। ट्न **डाकारेड छना देवरम महो**बाब ।। क्षीवाम चामन **এই समीहा टिइएफ**। ঘর ভাঙ্গি কালি লৈয়া ফেলাইব প্রোতে।। ও বাষন যুচাইতে প্রামের কুলল। क्रमुक्षा यवतन श्रीम क्रमित्व क्रमुमा है: छा:

ঐশর্যভাবে বসিলেন। শ্রীবিশ্বস্তরদেবের গুরুভারে বিফ্ পট্রা মড় মড় করিয়া উঠিল। অনস্ত-অবতার শ্রীনিত্যা-নন্দপ্রভু তাড়াতাড়ি গিয়া বিষ্ণুপট্রা স্পর্শ করিলেন, আর তৎক্ষণাৎ তাহাতে ধরণীধর শ্রীঅনস্তদেবের অধিষ্ঠান হইল। পট্রা আর ভাঙ্গিল না। শ্রীশ্রীগোরাঙ্গস্কর মদনমোহন রাসরসিক নাগরেক্তর্রূপে শ্রীবাসমন্দিরে বিষ্ণুপট্রায় উপবেশন করিলে উহা মন্দ মন্দ ত্লিতে লাগিল(১)। শ্রীবাস্ত্রস্কনের অপূর্ব শোভা হইল। প্রভুর আজ্ঞায় তথন সংকীর্ত্তন বন্ধ হইল (২)। প্রভু এক্ষণে হংকার গর্জন করিয়া ভগবানভাবাবেশে নিজ্তত্ব কহিতে লাগিলেন।

প্রভুর স্বম্থনিং হত বাণী যথা শ্রীচৈতক্সভাগবতে—

''কলিযুগে কৃষ্ণ আমি আমি নারায়ণ।
আমি সেই ভগবান দেবকী-নন্দন॥
অনস্ত ব্রহ্মাণ্ড কোটি মাঝে আমি নাথ।
যত গাও সেই আমি তোরা মোর দাস॥
তোমা সভা লাগিয়া আমার অবতার।
তোরা যেই দেহ, সেই আমার আহার॥'

প্রভাৱ সমুধে শ্রীবাসপণ্ডিত কর্থােড়ে দাড়াইয়া আছেন, শ্রীঅধৈতপ্রভূত সেইভাবে নিকটেই আছেন, শ্রীনিত্যানক্প্রভূত ধরিয়াছেন, ঠাকুর নরহরি চামর চুলাইতেছেন, গদাধরপণ্ডিত প্রভূর তামুলসেবা করিতে-ছেন। প্রভূর এক্ষণে পরিপূর্ণ ঐশ্বর্যভাব। প্রভূ যেমন বলিলেন—

- (১) এই মত নাচে মহাপ্রজু বিষক্তর।

 নিশি অবশেষে মাত্র দে এক প্রহর।

 শাল গ্রাম শিলা সব নিজ কোলে করি।

 উঠিলা চৈতক্ষচক্র ঘটার উপরি।।

 মড় মাড় করে ঘটা বিশ্বতর করে।

 আধে ব্যথে নিজ্যানন্দ ঘটা স্পর্ল করে।

 অনস্তের অধিঠান হইল ঘটার।

 না ভালিল ঘটা দোলে প্রীগোরাক রায়।। চৈ: ভাঃ
 - (২) চৈতপ্ত আজার দির হইণ কীর্তন। করে আপনার তম্ব করিয়া গর্জন।। চৈ: ভা:

"তোরা যেই দেহ, সেই আমার আহার।"
অমনি শ্রীবাসপণ্ডিত কান্দিতে কান্দিতে বলিলেন
"প্রভু হে! সকলি তোমারি ত; তুমি আনন্দে ভোজনকর। আমরা নয়ন ভরিয়া তোমার ভোজনবিলাস
দর্শন করিয়া কতকতার্থ হই।" প্রভু হাসিয়া উত্তর করিলেন "দাও, আমি সকলি থাইব"। শ্রীঅদৈতপ্রভু কান্দিতে
কান্দিতে উত্তর করিলেন "প্রভু! ইহা বড়ই আনন্দের
কথা, আমাদের পক্ষে ইহা পরম মঙ্গল"। এই বলিয়া
সকলে হাতে হাতে পূর্ণব্রহ্মসনাতন যড়ৈশ্র্যাপূর্ণ শ্রীক্রোরভগবানকে নানাবিধ ভোজনক্রব্য যোগাইতে লাগিলেন,
প্রভু আনন্দাবেশে হাসিতে হাসিতে সকলি ভোজন
করিতে লাগিলেন। প্রভুর এই ভোজনবিলাসরঙ্গ শ্রীরন্দাবনদাস ঠাকুর অতি স্কুলর বর্ণনা করিয়াছেন। যথা—

করে করে প্রভূরে যোগায় সর্ব্ব দাসে। আনন্দে ভোজন করে প্রভু নিজাবেশে॥ দিদি খায়, ছগ্ধ খায়, নবনীত খায়। আর কি আছয়ে আন বোলয়ে সদ্ম। বিবিধ সন্দেশ থায় সর্করা দ্রন্দিত। মুদা নারিকেল জল শস্তের সহিত॥ কদলক, চিপিটক ভৰ্জ্জিত তণ্ডুল। আরবার আন বোলে থাইয়া বছল। বাবহারে জন শত হুইর আহার। নিমেযে খাইয়া বোলে কি আছমে আর ॥ প্রভূ বোলে আন আন এখা কিছু নাঞি। ভক্রদব আস পাই স্মঙরে গোসাঞি॥ কর্যোড করি সভে কয় ভয়-বাণী। ''তোমার মহিমা প্রভু আমরা কি জানি॥ খনন্ত ত্রন্ধাও আছে যাহার উদরে। তাঁরে কি করিব এই কুন্ত উপহারে ॥"

ভক্তবংসল প্রেক্ এই কথা ভনিয়া মৃত্মধুর হাসিয়া উত্তর করিলেন—

> • ————"কুজ নহে ভক্ত উপহার। কাট**ুআন কাট**ুআন কি **আছরে আ**রি॥"

ভক্তের ভগবান এখনে ভক্তবাৎসল্যের পূর্ণ পরিচয় দিলেন। ভক্তের উপহার ভগবান ক্ষুত্র মনে করেন না।

> ভক্তের পদার্থ প্রভূ ছলে বলে থায়। কোটি হৈলে অভজ্যের উলটি না চায়॥ চৈঃ ভাঃ

প্রতৃতখন সমস্ত ভোজনসামগ্রী ক্রমে ক্রমে ভোজন করিলেন। সেখানে আর কিছুই নাই। সকলে করযোড়ে তখন প্রভূর নিকট নিবেদন করিলেন—

''কপূর তামুল আছে শুনহ গোঁসাঞি"।

প্রভূ হাসিয়া উত্তর করিলেন-

"তাই দেহ কিছু চিন্তা নাই"॥

हेश अनिया ज्ञानुत्मत्र भरत वर् जानम हहेन, তাঁহারা সকলে মিলিয়া প্রভুর তামুলসেবা করিতে লাগি-লেন। নদীয়ার নিমাই পণ্ডিত বড় তামুলপ্রিয় ছিলেন। গদাধর পণ্ডিত তাঁহাকে সর্বাদা তামূল যোগাইতেন। স্কলেই প্রভুকে তামুল ভোগ দিতে লাগিলেন, তিনি মধুর হাসি হাসিয়া হস্ত প্রসারণ করিয়া ভক্তরুন্দের হস্ত হইতে তাম্বল লইয়া আনন্দে গজ্জিয়া গজ্জিয়া তাহা সেবা করিতে-**८इन। इंशांट ज्ङ्रन्यस्य मान व्याप्त व्याप्त इं**र-তেছে। সকলে একণে নির্ভয়ে প্রভুর সহিত বাক্যালাপ করিতেছেন। ইহার মধ্যে হঠাৎ একবার যেন প্রভূ কিছু গন্তীর ভাব ধারণ করিলেন। তাঁহার বিশাল কমল লোচনন্ধ্য ঘূর্ণিত হইতে লাগিল। তিনি হুকার গর্জন ক্রিতে লাগিলেন। বার্যার "নাডা নাডা"বলিয়া চীৎকার করিতে লাগিলেন। ভক্তবৃন্দ প্রভুর উগ্র শ্রীমৃতি দেখিয়া ভীত হইলেন। সকলেই সভয়ে তাঁহার সন্মুথ হইতে দূরে দাড়াইলেন। জীনিত্যানন্দপ্রতু পুনরায় শ্রীগোরভগবানের শিরে ছত্র ধরিলেন। শ্রীঅধৈতপ্রভূ সমূপে আসিয়া যোড় হত্তে প্রভুর ন্ততি করিতে লাগিলেন। সর্ব্ব ভক্তগণ মন্তক অবনত করিয়া কর্যোড়ে প্রভুর চরণ-ক্মলের প্রতি চাহিয়া একস্থানে স্থির হইয়া দাঁড়াইয়া আছেন। যেখানে যিনি ছিলেন, দেখানেই তিনি শ্বিগতি হইয়া আছেন।

সকলেই প্রভুর আদেশ অপেকা করিভেছেন (১) প্রভূর একণে পরিপূর্ণ ভগবানভাব। তিনি প্রীথ্রবৈতপ্রভূর বননের প্রতি চাহিয়া গম্ভীর স্বরে বলিলেন "বর মাগ"। পরক্ষণেই মৃত মধ্র ঈবং হাক্ত করিয়া তিনি বলিলেন "তোমার জন্মই আমার এই নদীয়ায় অবতার গ্রহণ" (২)। সকল ভক্তরন্দের প্রতি ভঙ দৃষ্টিপাত করিয়া কর্মণাময় প্রভু একণে হাসিয়া সকলকেই বলিতেছেন "বর মাগ"। জক্তবৃন্দ প্রভূব ক্রণা দেখিয়া আনন্দসাগরে ভাসিলেন। ঘন ঘন প্রভুর শ্রীমূখের ভাব ও আকার পরিবর্ত্তন হইতে লাগিল। তিনি ঐশর্যাভাবে আবিষ্ট ছিলেন। একণে সে ভাবের পরিবর্ত্তন হইল। তিনি কান্দিতে কান্দিতে বিষ্ণুণট্টা হইতে অবতরণ করিতে অধীর ভাবে ভূমিতে পতিত হইয়া মূর্চ্চিত হইলেন। ভক্তবৃন্দ শসব্যতে তাঁহাকে বেষ্টন করিয়া হরিনাম সংকীর্ত্তন করিতে লাগিলেন: তাহাতে তাঁহার মূচ্ছাডক হইল। প্রভুর বাহ্যজ্ঞান হইবা মাত্র তিনি উঠিয়া সকল ভক্তগণের গলা ধরিয়া করুণস্বরে রোদন করিতে লাগিলেন। সকল বৈঞ্চবগণকে ভাই रक् विनया मधुत वहरन मखायेश कतिया छाँशासत প্রাণ শীতল করিলেন। প্রভুর পুনরায় মৃচ্ছা হইল।

অচিস্তা চৈতক্সরন্ধ ব্ধান না যায়।

কণেকে ঐশব্য করি কণে মৃহ্ছা পায়। চৈঃ ভাঃ
ভাঁহার এই মৃহ্ছা তথন অতীব ভয়ত্বর বলিয়া বোধ
হইল।

ধাতু মাত্র নাহি পড়িলেন পৃথিবীতে।
দেখি সব পারিষদ কান্দে চারিভিতে। চৈ: ভাঃ
ভক্তবৃদ্দের মধ্যে ককণ ক্রন্দানের রোল উঠিল, কারণ
এরপ মূর্চ্চা প্রভুর পূর্বেক কথনও হয় না। হরিনাম

- (>) সহাত্তরে বোড় হাথে সর্ব্ব তক্ষণণ।
 হেট মাথা করি চিত্তে চৈত্তভাৱন।।
 বেথানে যে আছে সে আছরে সেই থানে।
 তদুর্দ্ধ হইতে কেহো মারে আজা বিনে।। চৈ: ভা:
- (২) বর মাগ বোলে অবৈতের মূখে চাই। ভোর দাগি অবভার বোর এই টাই।। হৈঃ ভাঃ

Acc No. () () ত । () কি কি সংকীর্ত্তনে এবার ভাঁহার মৃচ্ছা ভঙ্গ হইল না। ইহা দেখিয়া ভক্তবৃদ্ধ বিশেষ ভীত হইলেন। তথন তাঁহারা সকলে মিলিয়া কি যুক্তি করিলেন ভয়ন—

দর্শ ভক্তগণ যুক্তি করিতে লাগিলা।
আমা সভা ছাড়িয়া বা ঠাকুর চলিলা।
যদি প্রভু এমত নিষ্ঠর ভাব করে।
আমরাও একণে ছাড়িব শরীরে। চৈ: ভাঃ

তথন ভক্তবংসল প্রভু আর দ্বির থাকিতে পারিলেন
না। ভক্তত্থে কাতর হইয়া তিনি আত্ম সম্বরণ করিলেন।
প্রভুর বাহাজ্ঞান হইল। তিনি উচ্চ হরিশ্বনি করিয়া
ভূতল হইতে উঠিয়া মৃদ্ব মধুর নৃত্যা করিতে আরম্ভ করিলেন। ভক্তর্বেশর আর আনন্দের অবধি রহিল না।
তাহারা প্রেমানন্দে বিহবল হইয়া একে অপরের গাত্রে
চলিয়া পড়িতে লাগিলেন। আনন্দ-কোলাহলে শ্রীবাসআন্দন পুনরায় পরিপূর্ণ হইল। হরিসংকীর্তনাম্থে
লেনিন শ্রীহরিবাসর ভঙ্গ হইল। দিবারাত্রি এইরূপ পরিশ্রম
করিয়াও ভক্তর্ক্ষকে কোনরূপ ক্লান্ত ও প্রান্থ বলিয়া বোধ
হইল না। তাহারা প্রানন্দ সন্ভোগ করিতেছিলেন,
শ্রীবাস অন্ধনে সেদিন যে আনন্দোচ্ছাস উঠিল, যে প্রেমভরক ছুটিল, তাহাতে সমগ্র নদীয়া ভূব ভূব হইল।

নদীয়ায় প্রান্তর ঐশর্যাভাবে সাত প্রহ্ রিয়া মহাপ্রকাশ লীলার এইটি পূর্বাভাস মাত্র। শ্রীহরিবাসর দিবসে প্রভ্ ভগবানভাবে প্রহ্রেক কাল শ্রীবাস আঙ্গিনায় বিষ্ণুখটার উপবেশন করিয়া ঐশ্বর্যা প্রকাশ করিলেন। তিনি ক্রমশঃ এইরপে নদীয়ায় আত্মপ্রকাশ করিতেছেন। এই যে শ্রীএকাদশী ও শ্রীহরিবাসর দিবসে প্রভ্ ভগবানভাবে ভোজনবিলাস-লীলারঙ্গ করিলেন, ইহার গৃঢ় মর্ম্ম আছে। প্রেজ্ ভগবানভাবে বিষ্ণুখটায় উপবেশন করিয়া ভক্তবৃদ্দের নিকট ভোজন সামগ্রী চাহিলেন। ভক্তবৃদ্দ আনন্দে উমান্ত হইয়া প্রভ্র শ্রীকরকমলে দিধি, ত্র্যা, নবনীত, মিষ্টার তাত্বল প্রভ্তি সকলি দিলেন। বিশ্ববন্ধাওপতি পূর্ণবন্ধ সনাতন ব্যাহ ভগবান হাত পাত্মা ভক্তের নিকট ভোজন সামগ্রী বাহা করিতেছেন,ভক্তবৃদ্দ নিঃশক্ত্রতিতিত্বে তাঁহাদের হৃদি-

স্থিত পুরাণ পুরুষের সন্মধে প্রত্যক্ষ দর্শন পাইয়া প্রাণ ভরিয়া প্রেমানন্দে তাঁহাকে স্বহস্তে ভোঞ্জ করাইতেছেন ইহা অপেক্ষা তাঁহাদের সৌভাগ্য আর কি হইতে পারে গ জগজ্জীবের পক্ষে 🖏 । শুভসংযোগ কদাচিৎ সংঘটিত হয়। শ্রীগোরভগবান সে দিন হুইশত জনের আহার্য্য দ্রব্য সম্ভার নিমেষ মধ্যে একাকী ভোজন করিলেন (১)। খ্রীভগবানের অসাধ্য কর্ম কিছুই নাই। অনন্ত ব্রহ্মাণ্ড যাঁহার উদরের মধ্যে বিরাজমান, ঠাহার পক্ষে একার্যা কিছু মাত্র অসম্ভব নহে। ভক্তবন্দের মনস্কৃষ্টির জন্ম ভক্তবংসল শ্রীগৌর-ভগবান অসাধা সাধন করিলেন। খ্রীগোরাঙ্গ ভগবানভাবে শ্রীএকাদশীতিথিতে ভোজনলীলারক করিলেন। ইহার দার। তিনি ভক্তবুন্দকে বুঝাইলেন শ্রীভগবানের কার্য্য বিধি নিষেধের অতীত,—শাস্ত্রযুক্তির বর্হিভত। ভগবান-ভাবে তিনি যে কার্য্য করিলেন,—ভক্তভাবে তাহা তিনি কখনই করিতে পারেন না। 🕮 একাদশী হরিবাসর ব্রতের উপাক্ত দেবতা স্বয়ং শ্রীহরি। নৈবেদ্যাদি শ্রীহরির উদ্দেশে নিবেদিত হয়। শ্রীগৌরাঙ্গ শ্রীহরি সেথানে স্বয়ং উপস্থিত, তিনি ভক্তবৃদ্দের নিবেদিত বিষ্ণুনৈবেদ্য ও উপচার সকল স্বহন্তে গ্রহণ করিয়া তাঁহাদিগের ব্রত সফল করিলেন। वानामीमाम जिनि नै अकामने इतिवामत्त नमीमात विश्व কুমার হিরণ্য ও জখদীশ পণ্ডিতের বিষ্ণুনৈবেদ্য ভোজন করিয়াছিলেন। প্রভুর এই ষ্মৃত লীলারকে আরও একটি গুপ্ত রহস্ত আছে। তিনি ভগবানভাবে শ্রীএকাদনী তিথিতে নিশাভাগে ভোজনদীলারদ প্রকট করিলেন, কিন্তু ङ्कुत्रम्यक लागाम वर्णेन क्रियान ना। धर्मार्श्वाभक প্রভু আমার শাস্ত্রমধ্যাদা চিরদিন রক্ষা করিয়াছেন। শ্ৰীএকাদশী দিবসে ভক্তবুন্দকে তিনি প্ৰসাদ দিলেন না। **छक्त्रत्मत्र मत्न त्मिन टाजूत रेष्ट्राप्त ध्यमान धर्टानत छावरे** फैनम इहेन ना,--- त्मकथा काशांत्र अत्मह फैनम इहेन ना, অক্স সময় হইলে প্রভুর প্রসাদ সকলে দুটিয়া খাইতেন '

⁽১) ব্যবহারে ছুই শত জনের আহার। নিসিবে শাইরা বোলে কি আহরে জার।। চৈঃ ডাঃ

নবদ্বীপ আদর্শ পাঠাপার

(পশ্চিমবঙ্গ সরকার পোষিত শহর গ্রন্থাগার) **তারিথ প**শ্

নিমাচিহিত শেষ ভারিষ হইতে ৭ দিনের মধে। পুতক ফেরৎ দিতে হইবে। অনাথায় বিলম্ব শুলক লাগিবে।

প্রদান তাং	সভা নং	প্রদান তাং	সভ্য নং
14/11/12	1839		· ·
14/11/12	7.3		
2/3/02	-6		
101-1			
			; (
	6. A		i
			; •
	0.00		
j			1